PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

18th March, 1966.

The house met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Friday, the 18th March, 1966.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker in the Chair. The Chief Minister, three Deputy Ministers, Deputy Speaker and 21 Members.

QUESTIONS

Mr. Speaker—I take up the First item of the Agenda— Questions.

Starred Questions—I would call Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—Starred Question No. 303.

Shri Binode B. Das—Hon'ble Speaker, Sir, Starred Question No. 303 asked by Shri Aghore Deb Barma.

QUESTION	ANSWER
a) Whether any survey has been made of Tribal indebtedness in Tripura.	A survey on Schedule Tribes indebtedness was made as part of the 18th Round of National Sample Survey Programme.
b) If so, whether the results have been published ?	The information has not yet been tabulated.
c) What is the per capita Tribal indebtedness ?	Dose not arise.
d) Steps taken to scale down the debts of the Tribals ?	

Mr, Speaker—No Supplementary. Then I would call Shri Gopesh Ranjan Deb.

Shri Gopesh Ranjan Deb –Starred Question No 516.

Shri M. L. Bhowmik—Hon'ble Speaker, Sir, Starred Question No. 516.

QUESTION	ANSWER
The reasons of non-completion of sanctioned Piggery Unit at Lalcherra Tribal Colony and possible date of completion.	The work relating to the construction of sanctioned Piggery Unit at Lal Cherra Tribal Colony under Kailasahar Sub-division was awarded to one Shri Manilal Dhar, Contractor. Due to negligible progress of the work, it is now under consideration to receive the contract and redirect the same to another agency for immediate completion. Under all circumstances it is not possible to complete the same after observing all the codal formalities by March, 1966.

Supplimentary

শ্রীগোপেশরঞ্জন দেব :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি কোন সনে এই কাজটা দেওয়া হয়েছিল ?

শ্রীএম, এল, ভৌমিক :— প্রায় দুই বছর আগে।

শ্রীগোপেশরঞ্জন দেব :— দুই বছর আগে দেওয়া হয়েছিল না আরও আগে দেওয়া হয়েছিল ?

শ্রী এম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, একজেক্ট ডেট এখন বলা সম্ভব নয়। তবে আমি স্মরণ থেকে বলছি যে দুই বছর আগে ।

শ্রীআতিকুল ইসলাম ঃ— এই যে পিগারী ইউনিট সেটা সেকেণ্ড প্ল্যানের স্কীম না থার্ড প্ল্যানের স্কীম ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ— স্কীমটা হচ্ছে সেকেণ্ড প্ল্যানের।

শ্রীআতিকুল ইসলাম ঃ— সেকেণ্ড প্ল্যানের স্কীমটা থার্ড প্ল্যানে আসল কেন ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ— তা অনেক সময়ে নানা কারণে বিলম্বিত হতে পারে।

শ্রীআতিকুল ইসলাম ঃ— বিলম্বের কারণটা একটু বলতে পারেন ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ— All the reasons can not be explained just now. আমাদের কম্যুনিকেশন ডিফিকালটীজ রয়েছে, এটা প্রধান প্রশ্ন, তারপর মেটেরিয়্যালসের প্রশ্ন এবং অন্যান্য প্রশ্নও আছে।

শ্রী সুধন্য দেববর্মা ঃ— এই পিগারী ইউনিটের স্কীমটা যখন করা হয় তখন কোন সনে এটা কমপ্লীট করতে হবে তার কি কোন টার্গেটেড ডেট ছিলনা ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটার কোন টার্গেটেড ডেট দেওয়া থাকেনা যে এই সময়ের ভিতর কাজটা শেষ করতে হবে।

শ্রীআতিকুল ইসলাম ঃ— প্ল্যান পিরিয়ডে একটা ফেজ করা থাকে যে প্ল্যানের ফাষ্টইয়ারে কোন কাজ হবে, সেকেণ্ডইয়ারে কোন কাজ করা হবে, কয়েকটি ইয়ারে ভাগ ভাগ করা থাকে। কোয়েশ্চনটা হচ্ছে এই যে স্কীমটা সেকেণ্ড প্ল্যানের কোন ইয়ারে করার কথা ছিল ?

Shri M. L. Bhowmik :— I demand notice in this matter,

Mr. Speaker :— Shri Sunil Ch. Dutta.

Shri Sunil Ch. Dutta :— 517

Shri M. L. Bhowmik :— Hon'ble, Speaker sir, Starred Question No. 517

QUESTION	ANSWER
a) Number of landless Jumia families in Tripura.	27,000 families.
b) Number of Jumia families rehabilitated upto 31st March. 1965 in Tripura Sub-Division-wise.	1. Dharmanagar —2,243 families. 2. Kailasahar —2,575 " 3. Kamalpur —1,817 " 4. Khowi —552 " 5. Sadar —1.975 " 6. Sunamura —518 " 7. Udaipur —879 " 8. Amarpur —2,539 " 9. Belonia —3,070 " 10. Sabroom —1.222 " Total 17,390 "

QUESTION	ANSWER
c) Number of Jumia families proposed to be rehabilitated this year ?	1,000 families.

শ্রীসুনীল দত্ত ঃ— সমগ্র ল্যাণ্ডলেস জুমিয়া ফ্যামিলিকে পুনর্বাসন দিতে আর কয় বৎসর সময় লাগবে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটার একজাক্ট টাইম বলা সম্ভব নয়। যত তাড়াতাড়ি শেষ করা যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে।

শ্রীসুনীল দত্ত ঃ— যে সব জুমিয়াদের গ্রান্ট দেন সেই গ্রান্টটা বাড়িয়ে দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নটা সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীঅঘোর দেববর্মা ঃ— কারেন্টইয়ারে কোন্ কোন্ বিভাগের কত জুমিয়া পরিবারকে পুনর্বাসন দেওয়া হবে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তর এক্ষুনি দেওয়া সম্ভব নয়। সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে উদয়পুরে যে ৮৭৯ জন রিহেবিলেটেড হয়েছে, আর কত রিহেবিলিটেশান এখনও বাকী আছে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— আই ডিমাণ্ড নোটিশ। এই মুহূর্তে এটার উত্তর দেওয়া সম্ভব নয়।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত ঃ— হায়েষ্ট নাম্বার অব ল্যাণ্ডলেস জুমিয়া কোন্ সাবডিভিশনে আছে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তর এক্ষুনি দেওয়া সম্ভব নয়। সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআব্দুল ওয়াজিদ ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই যে জমি দেওয়া হচ্ছে, প্রত্যেক ফ্যামিলিকে কত একর জমি দেওয়া হচ্ছে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, টু ষ্ট্যাণ্ডার্ড একরস্ নাল জমি দেওয়া হচ্ছে

শ্রীহ্লাত্রা আং মগ ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে জুমিয়া পুনর্বাসনের ব্যাপারে নূতনভাবে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নটাও সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ— ফোরটি সেভেন থাউজেন্ট ফ্যামিলিকে রিহেবিলিটেড করা হয়েছে বলা হয়েছে তার মধ্যে কতগুলি ফ্যামিলি এই কলোনীগুলিতে আছে এবং কতগুলি ফ্যামিলি কলোনী ছেড়ে

চলে গিয়েছে তা বলা সম্ভব হবে কি ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই মুহূর্ত্তে ফিগার দেওয়া সম্ভব নয়। সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীবুলু কুকী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ট্রাইবেল জুমিয়াদের ল্যাণ্ডলেস হিসাবে গণ্য করা হয় কিনা ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, জুমিয়াকে আমরা জুমিয়াই বলে থাকি আর ল্যাণ্ডলেসকে ল্যাণ্ডলেস বলে থাকি।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত ঃ—টোটেল নাম্বার অব জুমিয়া কলোনী কতটা আছে বলতে পারেন কি ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই প্রশ্নের উত্তর এখন দিতে পারছিনা। সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি উপজাতিদের মধ্যে কারা ল্যাণ্ডলেস ট্রাইবেল আর কারা জুমিয়া ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তর এখন দেওয়া সম্ভব নয়। কাজেই আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীবুলু কুকী ঃ— যারা ল্যাণ্ডলেস্ তাদের কত একর দেওয়া হয়, আর যারা জুমিয়া তাদের কত একর দেওয়া হয় ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— টু ষ্ট্যানডার্ড একরস্ নাল জমি প্রত্যেক জুমিয়া ফ্যামিলিকে দেওয়া হয়।

শ্রীবুলু কুকী ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি টাকার কথা জিজ্ঞাসা করেছি। কত টাকা দেওয়া হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— জুমিয়া যারা তাহাদিগকে দেওয়া হয় ৫০০ টাকা, আর ল্যাণ্ডলেস্ যারা তাহাদিগকে দেওয়া হয় ৩০০ টাকা।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে, এই যে ৫০০ (পাঁচ শ) টাকা দেওয়া হয় এটা এককালীন দেওয়া হয়, না তাদের ইনস্টলমেণ্টে দেওয়া হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আগে সেটা এককালীন দেওয়া হত, এখন বিভিন্ন ষ্টেজে দেওয়া হয়।

শ্রীনিশিকান্ত সরকার ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে উদয়পুরে যে ৮৭৯ জনকে জুমিয়া পুনর্বাসন দেওয়া হয়েছে, এর মধ্যে ফরেষ্ট ভিলেজার্স কতজন আর ফরেষ্ট ভিলেজার্স ছাড়া কতজন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—জুমিয়া বলতে কি ট্রাইবেল বুঝায় না নন্‌ট্রাইবেলও বুঝায় ? যদি কোন নন্‌ট্রাইবেল জুম করে সে কি জুমিয়া গ্র্যান্ট পাবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—ট্রাইবেলকেই আমরা এখন পর্যন্ত জুমিয়া গ্র্যান্ট দিয়ে থাকি, নন্-ট্রাইবেলকে এখন পর্যন্ত দেই নাই।

শ্রীনিশিকান্ত সরকার—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি টোটেল স্ট্যাণ্ডার্ড একর যে জমি জুমিয়াদের দেওয়ার কথা যদি কেউ সেই স্ট্যাণ্ডার্ড জমি না পায় তাহলে বাকী জমি তাকে দেওয়া হবে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—বাকী জমি যদি সেই জায়গাতে থাকে তাহলে এটা দেওয়া হয়েই থাকে, সেটার এখানে প্রশ্নই আসে না।

হ্লচ্ছা আং মগ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে জুমিয়া পুণর্বাসন কতদিনের মধ্যে শেষ করতে হবে এইরকম পরিকল্পনা সরকার নিয়েছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আমরা চেষ্টা করছি যাতে অতি দ্রুত করতে পারি। কিন্তু সেটা অনেক যে ফ্যাকটর্স এর উপর তাদের ডিপেণ্ড করে। অতএব এখনো সেই সংজ্ঞা নির্ধারিত হয়নি। সারকাম্‌স্‌টেন্স বা এনভেরনমেন্টের উপর নির্ভর করে আমাদের কাজ করতে হচ্ছে। অতএব যদি তাদের সাইকোলজিক্যাল চেঞ্জ যদি করতে পারি তাহলে অতি অল্প সময় লাগবে। আর সেটা যদি পরিবর্তন করতে না পারি তাহলে আমাদের দেরী হবে।

শ্রীনিশিকান্ত সরকার—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে তাদের যে গ্র্যান্টটা দেওয়া হয় তার থেকে ৩০ টাকা করে কেটে রাখা হয় কেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—সেটা আমি এখন বলতে পারব না। সো আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker—If the Hon'ble member knows this, he should not take some time of the Assembly in trying to elicit the answer from the minister.

I think the Jumias will be sufficiently satisfied because many thing have been asked in this Assembly to-day from all corners of the House. So they will be satisfied with this at least that the whole Assembly is anxious for their welfare and rapid development.

Shri Sudhanwa Deb Barma—Sir, only one more supplimentary. যারা জুমিয়া পুনর্বাসন প্রাপ্ত হয়েছে তাদের অনেকেই এখনও সেকেণ্ড ইনষ্টলমেন্ট এর টাকা পায় নাই এই রকম অনেক ঘটনা আছে। এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—সেকেণ্ড ইনষ্টলমেন্টের টাকা পেয়েছে কিনা আমি তা বলতে পারব না সঠিক। সো আই ডিমাণ্ড নোটিশ অন ইট।

শ্রীহ্লচ্ছা আং মগ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে জুমিয়া পুনর্বাসন দেওয়া হয়েছে—

Mr. Speaker—No, I won't allow any more supplimentary. I would call on Shri Monchur Ali. There must be limit.

শ্রীমনস্থুর আলী—প্রশ্ন নং ৫২৪।

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্ন নং ৫২৪।

QUESTIONS	ANSWERS
১) ত্রিপুরায় গেজেটেড কর্মচারীরা দীর্ঘদিন চাকুরী করা সত্বেও পেনসনে যাওয়ার কালীন কেন এত অল্প পেনসন মঞ্জুর হয়? তাহাদের স্থায়ীকরণের কার্য্য কবে হইবে?	১৯৫০ খৃষ্টাব্দের পেন্সন সম্পর্কিত উহার নিয়মাবলীর (Liberalised Pension Rilised 1350) অধীনে ত্রিপুরায় সরকারী কর্মচারীগণের পেন্সন মঞ্জুর হইয়া থাকে। প্রত্যেকের পেন্সনযোগ্য কার্য্যকালের পরিমাণের উপর নির্ভর করিয়া প্রাপ্য পেন্সনের তারতম্য ঘটে। অন্যান্য রাজ্যে যে হারে পেন্সন মঞ্জুর হয় তাহার তুলনায় ত্রিপুরায় পেন্সনের হার অপ্রচুর নহে। চাকুরীতে স্থায়ী করার যে সকল নিয়ম আছে তাহা পূরণ হইলে এবং স্থায়ীপদ সৃষ্টি হইলে অস্থায়ী গেজেটেড্ কর্মচারীদিগকে চাকুরীতে স্থায়ী করা হইয়া থাকে।
২) নন্ গেজেটেড্ চাকুরীয়াদের চাকুরী স্থায়ীকরণ কার্য্য কবে হইবে?	চাকুরীতে স্থায়ী করার যে সকল নিয়ম আছে তাহা পূরণ হইলে ও স্থায়ী পদসৃষ্টি হইলে অস্থায়ী নন্ গেজেটেড্ কর্ম্মচারীদিগকে চাকুরীতে স্থায়ী করা হইয়া থাকে।

শ্রীমনস্থুর আলী—মাননীয় মন্ত্রী মহোদয়, কয় বৎসর চাকুরী করলে পরে একটা কর্মচারীকে অর্ধস্থায়ী করা যায় এই রকম কোন নিয়ম আছে কিনা?

শ্রী মনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিন বৎসর চাকুরী করলে পরে কোয়াসী পার্মানেন্ট করা হয়। তারপর যে সমস্ত কারণ আমরা বললাম যে পদ থাকলে পরে এবং অন্যান্য কারণ পূর্ণ হলে পরে তাকে স্থায়ী করা হয়ে থাকে।

Mr. Speaker—The question of the Hon'ble Member is what is length of services that would entitle an employee to pension.

শ্রীমনস্থুর আলী—না, অর্ধ স্থায়ীত্ব।

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—তার উত্তর আমি দিয়েছি।

শ্রীমনস্থুর আলী—মাননীয় মন্ত্রী মহোদয়, তাহলে পূর্ণস্থায়ী কত বছর কাজ করলে হয় তার কোন বিধান আছে কিনা?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তরেই বলেছি যে চাকুরী স্থায়ী করার যে সকল নিয়ম আছে তা পূরণ হলে এবং স্থায়ী পদ সৃষ্টি হলে অস্থায়ী নন্-গেজেটেড কর্মচারীদিগকে চাকুরীতে স্থায়ী করা হয়।

শ্রীমুনছর আলী—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাহলে ত্রিপুরা সরকারের কর্মচারী নবদ্বীপ সিং যে চাকুরী করেছে তার স্থায়ীত্ব হয়েছিল কিনা ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি পার্টিকুলার একজন ব্যক্তির কথা বলছেন এটা আমাদের এই মুহূর্তে উত্তর দেওয়া সম্ভব নয়, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমুনছর আলী—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, তিনি এখন কত পেনশন পান ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা আমাদের পক্ষে এখন বলা সম্ভব নয়।

শ্রীমুনছর আলী—মাননীয় মন্ত্রী মহোদয়, এই রকম কত জন কর্মচারী ত্রিপুরা সরকারের চাকুরী করে স্থায়ীত্ব না হওয়ার দরুণ পেনশন কম পান, জানাবেন কি ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়. আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—একটা পোষ্ট ক'বছর কনটিনু৷ করলে পর তাকে পার্মানেন্ট করার নিয়ম।

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়. পোষ্ট সৃষ্টি হলে পরে তখন সেই পোষ্টে স্থায়ী করা হয়, পোষ্ট যদি স্থায়ী না থাকে তবে কি করে স্থায়ী করা যাবে আমি বুঝতে পারি না।

শ্রীআতিকুল ইসলাম—সেনট্রাল গভর্ণমেন্ট থেকে কি এই রকম ইনষ্ট্রাকশন একটা আসেনি যে যদি একটা টেম্পোরারী পোষ্ট তিন বছর কনটিনু৷ করে তখন সেই পোষ্টটাকে পার্মানেন্ট বলে ডিক্লেয়ার করতে হবে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিন বছর কনটিনু৷ করলে পরে কোয়াসী পার্মানেন্ট করা হয়ে থাকে।

শ্রীআতিকুল ইসলাম—সে হচ্ছে সার্ভিসের কথা, আমি সার্ভিসের কথা বলছিনা, আমি বলছি পোষ্টের কথা। তিন বছর চাকুরী করলে পর he is entitle to claim for quasi permanency— এই হচ্ছে সার্ভিসের কথা. আমি বলছি পোষ্টের কথাটা, ক'বছর একটা পোষ্ট কনটিনু৷ করলে পরে সে পোষ্টটা পার্মানেন্ট বলে ডিক্লেয়ার করা চলে ?

শ্রী এস, এল, সিংহ—আগেই বলা হয়েছে যে সেটা নির্ভর করে পোষ্ট ভেকেন্সীর উপর। যদি ভেকেন্ট পোষ্ট না থাকে তাহলে তাকে পার্মানেন্ট ডিক্লেয়ার করা সম্পূর্ণ অসম্ভব। অতএব আমার যে কটা লিমিটেড পার্মানেন্ট পোষ্ট, সে পোষ্ট যদি খালি থাকে, শূন্য থাকে তখন আমরা সেগুলি পূরণ করি একথা বারবার বলা হয়েছে। অতএব সে যদি বেশী দিনও কাজ করে আর পোষ্ট না থাকে. তাকে সেখানে দেওয়া সম্পূর্ণ অসম্ভব।

শ্রীআতিকুল ইসলাম—সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে কি ইনট্রাকশন দেওয়া হয়নি যে eighty percent of the posts permanent declare করতে হবে ? যে সমস্ত পোষ্টগুলি তিন বছরের বেশী হয়ে গেছে।

শ্রী এম, এল. ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেন্ট্রাল গভর্ণমেন্টের নির্দেশ হচ্ছে যারা টেম্পোরারী আছেন তাদেরকে কোয়াসী পার্মামেন্ট করার ব্যাপারে eighty Percent।

শ্রীবুলু কুকি—মাননীয় মন্ত্রী মহোদয়, যে বলছেন যে তিন বছর চাকুরী হয়ে গেলে তাদের

কোয়াসী পার্মানেন্ট করা হয়, এখন ত্রিপুরাতে যারা তিন বছরের উপর চাকুরী করছেন তাদের সকলকে কোয়াসী পার্মানেন্ট করা হয়েছে কিনা ?

শ্রীএম, এল, ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইণ্ডিয়া গভর্ণমেন্টের নির্দ্দেশ মতে কোয়াসী পার্মানেন্ট করার ব্যাপারে ইণ্ডিয়া গভর্ণমেন্টের সঙ্গে করেসপনডেন্স হচ্ছে এবং তার এ্যাপ্রুভেল আসলে পরে যারা থ্রী ইয়ার্সের উপর চাকুরী করেছেন তাদের পার্মানেন্ট করা, তাদের সার্ভিস রেগুলারাইজ করার চেষ্টা করা হবে।

Mr. Speaker—Shri Atiqul Islam.

Shri Atiqul Islam— 565.

Shri M. L. Bhowmik—Hon'ble Speaker, Sir, Starred Question No. 565.

QUESTION	ANSWER
1. When did the Gandhigram Poultry Farm Start ;	In November, 1959.
2. what was the target of the Scheme during the 3rd Plan period ;	500 to 1000 layers.
3. has the target been achieved ;	Yes.
4. if so, itemwise break up of the target ;	There is no itemwise break up.
5. if the answer to question 3 is negative what are reasons of failure ?	Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন, যে পোল্ট্রি ফার্ম্ম থেকে যে সমস্ত ডিম বিক্রী হয় তার ভাউচার দেওয়া হয়না, ক্যাশ মেমো দেওয়া হয়না যারা ক্রেতা তাদের ?

শ্রী এম, এল, ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই জাতীয় অভিযোগ সরকারের কাছে এখন পর্যন্ত পৌঁছায় নাই, মাননীয় সদস্যই এই বিষয়ে প্রথম হাউসে বললেন।

Mr. Speaker—Shri Monranjan Nath.

Shri Monoranjan Nath— 594.

Shri M. L. Bhowmik—Hon'ble Speaker Sir, Starred Question No. 594.

QUESTION	ANSWER
1. How many Zonal S. D. Os. and Addl. S.D. Ms. or Addl.S.D.Os. are in Tripura;	There were four Zonal S. D. Os. and 15 Addl. S. D. Os. in Tripura who have since been redesignate as Deputy Collectors and Sub-Deputy Collectors respectively.

QUESTIONS	ANSWERS
2. According to what provision of Law they are appointed.	The Sub-Divisional Magistrate are appointed under Section 6 of the Cr. P. C.
3. Is there any provision in the Cr. P. C. for such designation.	With regard to the designation of Sub Divisional Magistrates only there is provision in the Cr. P. C. But there is no provision in the Cr. P. C. regarding the designation of S.D.Os. or Addl. S. D. Os. now re-designated as Deputy Collectors and Sub-Deputy Collectors respectively.
4. Are all the S. D. Os. or Addl. S. D. Ms empowered to take cognizance and specially emopwered to take action under Section 144 Cr. P. C.	The Sub-Divisional Magistrates who are in-charge of Sub-Divisions are empowered to take cognizance of Criminal Cases and also to take action u/s. 144 Cr. P. C.

শ্রীমনোরঞ্জন নাথ--মাননীয় মন্ত্রী মহোদয়, জোনাল এস, ডি, ও এবং এ্যাডিশন্যাল এস, ডি, ও সি, আর, পি, সি তে এই জাতীয় ডেজিগনেশন কি আছে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তার উত্তরে আগেই বলেছি যে সি, আর. পি, সি-তে এই জাতীয় কোন প্রভিশন নাই।

শ্রীমনোরঞ্জন নাথ—সি, আর, পি, সি-তে যদি না থাকে, ত্রিপুরাতে এই জাতীয় ডেজিগনেশন করার মানে কি মন্ত্রী মহোদয় ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেজন্যই রি-ডেজিগনেশন করা হয়েছে।

শ্রীমনোরঞ্জন নাথ—ডেপুটি কালেক্টার এবং সাব-ডেপুটি কালেক্টার ডেজিগনেশনের প্রভিশন আছে কি সি, আর, পি, সি-তে, মন্ত্রী মহোদয় ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রভিশন আছে বলেই রি-ডেজিগনেশন করা হয়েছে।

শ্রীমনোরঞ্জন নাথ—মন্ত্রী মহোদয়, যে সমস্ত এ্যাডিশন্যাল এস. ডি, ও এবং এস, ডি, এম আছেন তাদের ১৪৪ সি, আর. পি, সি-তে কগনিজেন্স পাওয়ার আছে কি ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সকলের নাই।

শ্রীমনোরঞ্জন নাথ—মন্ত্রী মহোদয়, এ্যাডিশন্যাল এস. ডি, ও এবং এস, ডি, এম, এর কগনিজেন্স পাওয়ার না যদি থাকে, তাহলে সেখানে বিচার কি প্রকারে হচ্ছে।

শ্রী এম, এল, ভৌমিক—সেখানে ডেপুটি কালেক্টার'রা যেয়ে থাকেন যেমন নর্থে একজন ডিপুটি কালেক্টার আছেন তিনি তিনটি সাবডিভিশন— কমলপুর, ধর্ম্মনগর এবং কৈলাসহরে যান।

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেমন ধর্মনগরে অ্যাডিশন্যাল এস, ডি, ও আছে. এস, ডি, এম, নাই। সেই জায়গাতে কেস্ ফাইল করলে কি প্রকারে কগনিজেন্স নেওয়া হবে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Addl. S. D. O. of Dharmanagar is empowered to take congnizance of the case,

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয়, অ্যাডিশন্যাল এস. ডি, ও ধর্মনগরকে কগনিজেন্স পাওয়ারটা করে দেওয়া হয়েছে ?

Shri M. L Bhowmik—He is already empowered with the second class Magistrate's powers.

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয়, তাকে কি ১৪৪ ধারার পাওয়ার দেওয়া হয়েছে ?

Shri M. L. Bhowmik—He will be soon given this power,

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয়, যে সমস্ত সাব-ডিভিশনে অ্যাডিশন্যাল এস, ডি, আছে তাদেরকে কি এই পাওয়ার দেওয়া হবে ?

Mr. Speaker—I would draw the attention of the Hon'ble Member, he is to address only the Speaker and not the Minister.

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত অ্যাডিশন্যাল বা সাব-ডিভিশন্যাল অফিসার রয়েছেন তাদিগকে সি.আর,পি, সির, ১৪৪ ধারা অনুসারে একশান নেওয়ার অধিকার দেওয়া হবে।

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয়, তাদের কেস্ ট্র্যান্সফার করবার পাওয়ার দেওয়া হয়েছে ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়. আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীএরসাদ আলী চৌধুরী—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হইতে জানতে চাই যে আমাদের ত্রিপুরাতে কতগুলি সাবডিভিশন্যাল ম্যাজিষ্ট্রেট অথবা ফাষ্টক্লাশ ম্যাজিষ্ট্রেট আছে ?

Shri M.L. Bhowmik—All the Deputy Collectors are first Class Magistrates in Sub-Divisions,

শ্রীসুনীলচন্দ্র দত্ত—কমলপুর সাবডিভিশনের চার্জে এখন অ্যাডিশন্যাল এস, ডি, ও না সাব-ডেপুটি কালেক্টার, কে আছে ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীসুনীলচন্দ্র দত্ত—এখানে বিভিন্ন সাবডিভিশনে যারা চার্জে আছে তাদের অ্যাডিশন্যাল এস, ডি, ও, বলে অ্যাড্রেস করা হয়, একথা সত্যি কিনা ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি উত্তরে বলেছি যে অ্যাডিশন্যাল এস, ডি, ও. আর নাউ রিডেজিগনেটেড অ্যাজ সাব-ডেপুটি কালেক্টরস্।

শ্রীসুনীলচন্দ্র দত্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয় তিনি বলেছেন রিডেজিগনেটেড করা হয়েছে, আমি জানতে চাই এখনও ওদের অ্যাডিশন্যাল এস, ডি, ও, বলে অ্যাড্রেস করা হয় কিনা ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কেউ অ্যাডিশন্যাল এস, ডি, ও, অ্যাড্রেস করুক তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আসলতঃ তারা সাব-ডেপুটি কালেক্টর।

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে রিডেজিগনেশন করা হয়েছে তা কি গেজেটে নোটিফিকেশন করা হবে ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা গেজেটে নোটিফিকেশান অলরেডি করা হয়েছে।

শ্রীনিশিকান্ত সরকার—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি উদয়পুরে কতমাস ধরে অ্যাডিশন্যাল এস. ডি, ও, নাই ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীএরসাদআলী চৌধুরী—মাননীয় মন্ত্রী মহোদয়, বলবেন কি উদয়পুরে যিনি আছেন তিনি এখন অ্যাডিশন্যাল এস, ডি, ও. হিসাবে আছেন, তাকে কি কগনিজেন্স নেওয়ার কোন ক্ষমতা দেওয়া হয়েছে ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker—I see Shri Birchandra Deb Barma is absent. I would again call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—Starred Question No. 317.

Shri M. L. Bhowmik—Hon'ble Speaker, Sir, Starred Question No. 317.

QUESTIONS	ANSWERS
(1) Whether there is a Tribal Advisory Committee in Tripura ?	Yes,
(2) if so, how many times the Committee met since its formation to discuss tribal welfare measures ?	14 meetings held,
(3) whether the Committee has made any recommendation on tribal welfare measures for consideration of the Govt.	Yes.

শ্রীঅঘোর দেববর্মা—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি এই যে ট্রাইবেল ওয়েলফেয়ার অ্যাডভাইসরী বোর্ডটা গঠন করা হল, কারা কারা এই বোর্ডের মধ্যে আছেন ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—ট্রাইবেল ওয়েলফেয়ারের জন্য এই কমিটি গঠন করা হয়েছে এবং

নিম্নলিখিত :— I am giving the names of the gentlemen who are on the Committee,

(1) Shri T. M. Das Gupta, M. P.
(2) Shri K. M. Nath Choudhury, M. L. A.
(3) Shri N. K. Sarkar, M. L. A.
(4) Shri Dashami Reang, M. L. A.
(5) Shri Padma Rankhal,
(6) Shri Tuia Roy Reang Choudhury.
(7) Rani Kamalprova Debi.
(8) Chief Forest Officer,
(9) Registrar. Co-operative Society.
(10) Principal Engineer.
(11) Director of Education.
(12) Director of Industries.
(13) Deputy Development Commissioner.
(14) District Magistrate and Collector.
(15) Asstt. Commissioner for Scheduled Caste & Scheduled Tribes. Assam. Shillong.

শ্রীঅঘোর দেববর্ম্মা— এই অ্যাডভাইসরি বোর্ড গঠনে ব্যাপারে কিসের ভিত্তিতে এই লোকগুলিকে নেওয়া হয়েছে।

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—যারা ট্রাইবেলদের উন্নতিকামী তাদের নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম—অপোজিশনের কোন এম, এল, এ, কে কেন নেওয়া হয় নাই জানতে পারি কি ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—যাদেরকে উন্নতিকামী বলে মনে হয়েছে তাদেরকে নেওয়া হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম—আপনারা কি মনে করেন যে অপোজিশনের এম, এল, এ,রা ট্রাইবেলের উন্নতি চায় না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—তাঁহারা উন্নতিকামী বলে আমি বিশ্বাস করি।

শ্রীঅঘোর দেববর্মা—ট্রাইবেল অ্যাডভাইসরি বোর্ড সম্পর্কে ধেবর কমিশনের যে সুপারিশ আছে সেই সুপারিশ গ্রহণ করা হল না কেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—কমিটি গঠন যখন হয় তখন দেখা হয়েছে যে এটা যাতে অ্যাডভাইসরি নেচারের হয়। এই জায়গাতে আমরা আমাদের পরিবেশে যা ভাল বলে মনে করেছি সেই অনুসারেই আমরা সেটা করেছি।

শ্রীঅঘোর দেববর্মা—ধেবর কমিশনের সুপারিশের মধ্যে সমস্ত বিধানসভার অপোজিশন মেম্বার এবং এম, পি, তাদের নিয়ে এই ট্রাইবেল এ্যাডভাইসরী বোর্ড গঠন করার কথা সেখানে উল্লেখ আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ—আমি আগেই বলেছি যে ধেবর কমিশনের যে রিপোর্ট, ধেবর কমিশনের সাজেশন-these are all in advisory nature-তার মধ্যে যাই থাকুক না কেন, আমরা আমাদের পরিবেশ চিন্তা করে সেভাবে কমিটি গঠন করেছি।

শ্রীঅঘোর দেববর্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি মনে করেন কংগ্রেস ছাড়া ত্রিপুরা রাজ্যের মধ্যে কোন ট্রাইবেলই ট্রাইবেলদের উন্নতি কামনা করেন না ?

শ্রীএস, এল, সিংহ—এখানে কংগ্রেস হিসাবে কাহাকেও নেওয়া হয়নি, তাদেরকে সেই উন্নতি-কামী হিসাবেই নেওয়া হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম—এখানে বলা হয়েছে যে, রিকম্যানডেশন করা হয়েছে ফর ট্রাইবেল ওয়েলফেয়ার, এই ট্রাইবেল এ্যাডভাইসরী কমিটি ফর ট্রাইবেল ওয়েলফেয়ার কি রিকম্যাণ্ডেশন করেছেন তা জানতে পারি কি ?

শ্রী এস, এল, সিংহ—আই ডিম্যাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—স্যার, এই কথা আসেনা স্যার, কোয়েশ্চান হচ্ছে—'whether the Committee has made any recommendation. তিনি বলেছেন—yes, the Committee has made recommendations. কাজেই রিকম্যানডেশনগুলি না জানার কোন কারণ নাই।

শ্রীএস, এল, সিংহ—কি কি রিকম্যাণ্ডেশন করেছে তা জানা আছে।

শ্রীআতিকুল ইসলাম :— রিকম্যানডেশন যদি করে থাকে, রিকম্যাণ্ডেশনটা কি তাও জানার কথা, না জানার কথা নয়।

Mr. Speaker :— He may know it, but the materials are not now with him.

শ্রীবি, দাস :— এখানে প্রশ্নটা ছিল—if so, how many times the Committee met since its formation to discuss tribal welfare measures : তাতে বলা হয়েছে ১৪টি মিটিং হয়েছে। সেই ১৪টি মিটিং'এ এ্যাডভাইসারী কমিটি রিকম্যানডেশন দিয়েছে। তাহলে ১৪টি মিটিংএর এতসব রিকম্যাণ্ডেশন এই মুহূর্তে বলা সম্ভব নয়, সেই জন্যই আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন—আই ডিমাণ্ড নোটিস।

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি একথা স্বীকার করবেন যে ট্রাইবেলদের ইকনমিক কণ্ডিশন দিনের পর দিন ডেটরিয়েট করছে ?

শ্রীএস, এল, সিংহ :— ইকনমিক কণ্ডিশন অব দি ট্রাইবেলস্ ডেটরিয়েট করছে সেটা মানতে নারাজ। তবে অভাব বোধ তাদের জেগেছে অতএব ট্রাইবেলদের ইকনমিক কণ্ডিশন খারাপ হয়ে গেছে সেটা আমি বলতে পারিনা, চিন্তাও করতে পারিনা।

শ্রীলুড়া আং মগ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, কমিশন বসিয়ে এটা তদন্ত করতে রাজী

আছেন কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— যখনই এই 'সম্বন্ধে বিভিন্ন কমিশন রিপোর্ট' দিয়েছেন ভারতের ট্রাইবেল সম্পর্কে ত্রিপুরার ট্রাইবেলও তার থেকে বাদ যায়নি । অতএব তাদের উন্নতিকল্পে যে সমস্ত প্ল্যান প্রোগ্রাম রয়েছে সেটাকে সাকসেস্ফুলী আমরা করে যাচ্ছি টু ইমপ্রুভ দি ইকনমিক কণ্ডিশন অব দি ট্রাইবেল অব ত্রিপুরা। তারপর যদি মনে হয়, মনে করেন ট্রাইবেলরা যে তাদের এটা হওয়া উচিত নিশ্চয়ই পরিবেশ অনুসারে চিন্তা করে সেটা করতে আপত্তি থাকবেনা অতএব আপাততঃ সেই প্রশ্ন আমরা আনতে পারছিনা।

Mr. Speaker :— Shir Gopesh Ranjan Deb,

Shri Gopesh Ranjan Deb :— 515

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 515.

QUESTION	REPLY
1. Whether it is a fact that the peasantry of Ratacherra and its neighbouring villages have no facility for treatment and taking precautionary measure to save their live-stock in times of epidemic ;	Within 3 (three) miles of Ratacherra, there is an Artificial Insemination Sub-Centre at Fatikory wherefrom the Veterinary aids to the Villagers of Ratacherra and its neighbouring villages are being rendered. Moreover, Veterinary aids are also rendered there from the Kailasahar Vety. Dispensary whenever necessary.
2. if so, whether Govt. think it necessary to start a veterinary dispensary there ?	There is provision in the IV Plan to establish more Rural Veterinary Dispensaries and Stockman Centres in the suitable rural areas when the question of opening a Stockman Centre at Ratacherra may be considered.

Mr. Speaker :— Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— 618

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 618.

QUESTIONS	ANSWERS
1. Total number of forest roads constructed uptil now ;	41 (fortyone) numbers
2. total amount of expenditure incurred for the construction of the said roads ;	The materials are under collection.
3. total amount of expenditure incurred for the maintenance of the said roads ?	

Shri Aghore Deb Barma—সিপাইজলা থেকে ওয়াবংবাড়ী পর্যান্ত যে ফরেষ্ট রোড করা হয়েছিল, সে রাস্তাটা মেন্টেনেন্স করা হয় কিনা ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সমস্ত প্রশ্নগুলির উত্তরেই আমি বলেছি যে মেটেরিয়্যালস আর আণ্ডার কালেক্শন। ফরেষ্টের যে রোডগুলি সেগুলি ১২ থেকে ১৫ বছর যাবত সেখানে আরম্ভ হয়েছে এবং কাজ হচ্ছে। কাজেই এই ১২/১৫ বছরের পার্টিকুলার্স এনে সমস্ত কিছু রেকর্ড ঘেঁটে সমস্ত কিছু বের করতে সময় লেগে। সেইজন্যই আমি বলেছি যে মেটেরিয়্যালস আর আণ্ডার কালেক্শন এবং যখনই পাওয়া যাবে তখনই আমরা দিতে পারব ?

মিঃ স্পীকার—যখনই না, I would let the Hon'ble Members know, when the answer is that the matarials are under collection, it is a commitment that the Minister will supply the information just on the completion of fifteen days. After that no other supplimentary is allowed on that,

শ্রীআতিকুল ইসলাম—এই ঘটনাটি কি তিনি জানাবেন পনের দিন পরে, আমাকে আর কোয়েশ্চান করতে হবেনা।

Mr. Speaker—The Rule is you need not ask. They are to supply, you must certainly provoke them to answer.

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত কোয়েশ্চান আমরা এখানে দিই সেগুলি সাধারণতঃ একমাস বা তারও আগে—অর্থাৎ যথাসময়ে, প্রপার টাইমে এইগুলি দাখিল করি। এখন হাউসে এসে উনারা প্রায়ই বলে থাকেন যে মেটেরিয়্যালস্ আর বিয়িং কালেকটেড্। যদি এই অবস্থা হয় তাহলে আমাদের প্রশ্ন করার কি যুক্তি থাকতে পারে ?

Mr. Speaker :— I would explain the difficulty of the Administration. Hon'ble Member should see that this number is 618. Hon'ble Members should know that the number have exceeded eight hundreds. You know that the Department is not entitled to collect materials before admission. The Speaker may admit the question say 15 days ago, so it may not be possible. No doubt the previous intimation is sent to the respective Department before admission, but you can not compel them.

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কতদিন পরে এই মেটেরিয়্যালস সাপলাই করবেন ?

মিঃ স্পীকার :— নিয়ম হ'ল যখন নাকি মেটেরিয়্যালস্ আণ্ডার কালেকশন বলা হবে, তার অর্থই হ'ল I should supply it at the end of fifteen days. কাজেই তারপর এই সম্বন্ধে সাপ্লিমেন্টারী চলবেনা। Then I would pass on to the next question. Shri Aghore Deb Barma again.

Mr. **Speaker**—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma— Question No. 598.

Shri M. L. Bhowmik—Hon'ble Speaker, Sir, Starred Question No. 598.

QUESTIONS	ANSWERS
1. Whether it is a fact that Jhumias belonging to the hill tribes are entitled to enjoy certain facilities in using forest produce according to forest rules ;	Yes.

QUESTION	ANSWER
2, If so, what are these facilities ?	Bonafide Jhumias belonging to hill tribes may fell, cut convert, collect or remove, for the purpose of sale or barter without pre-payment of royalty on any tree, timber or other forest produce and manufacture dhari, baskets etc. and remove them for the purpose of sale or barter subject to transit rules and the following restrictions :— Trees of Rrserved species (except Korai, Rangi, Sonal. Kanak, Kawathuti, and Kajikara which may be cut for their own private use only without permission and without payment of royalty) shall not be felled. cut, injured, converted, collected or removed, or any tree, reserved or not, sawn, and removed except with the permission of the Divisional Forest Officer concerned and on payment of royalty.

শ্রীঅঘোর দেববর্ম্মা—যারা রিজার্ভের অন্তর্ভুক্ত জুমিয়া তারাও এই ফ্যাসিলিটি ভোগ করে কিনা ?

Shri M. L. Bhowmik—Those who work on tangia system under reserved forest are entitled to have those facilities.

Shri Atiqul Islam—So far as the answer is concerned these facilities are given to all jumias whether they observe tangia system or not.

Shri M. L. Bhowmik—I have given my reply "all bonfide jumias".

শ্রীঅঘোর দেববর্ম্মা—যে সমস্ত স্থায়ী বস্তী রিজার্ভ বাউণ্ডারীর ভিতরে পড়ে গেছে এই সমস্ত উপজাতিরাও কি এই সমস্ত সুযোগ সুবিধা পাওয়ার যোগ্য ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—জুমিয়া হলে পাবে, জুমিয়া না হলে পাবেনা ।

Mr. Speaker—No other supplementary ? Then I would call on Shir Atiqul Islam,

Shri Atiqul Islam— 579.

Shri M. L Bhowmik—Hon'ble Speaker, Sir, Question No. 579.

QUESTIONS		ANSWERS
1. Total amount of expenditure incurred in connection with Vanamahotsava during this year ;		Rs. 344/-
2. How much of this amount was spent on :		
i) purchase of plants	...	Nil
ii) enclouser (Jhupri)	...	73/-
iii) ceremony and	...	271/-
iv) T, A. etc.	...	Nil
	Total—	344

শ্রীআতিকুল ইসলাম ঃ— এটা কি অল ত্রিপুরার হিসাব না আগরতলার হিসাব।

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—অল ওভার ত্রিপুরার বনমহোৎসবের হিসাব এখানে দেওয়া হয়েছে। ৩৪৪ টাকা অনলী।

শ্রীএরসাদ আলী চৌধুরী—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চাই যে, চারা বিক্রী করে কোন অ্যামাউন্ট পাওয়া গেছে কিনা ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তর এখন দেওয়া সম্ভব নয়।

শ্রীআতিকুল ইসলাম—এই বন মহোৎসবটা প্রতি বৎসর চলবে, না একটা লিমিট আছে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বনমহোৎসবটা প্রত্যেক বৎসর চলবে।

মিঃ স্পীকার—যে পর্যান্ত না সমস্ত ত্রিপুরা বনে পরিপূর্ণ হয়।

শ্রীআতিকুল ইসলাম— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে বনমহোৎসবের সময় যে সমস্ত চারাগুলি লাগান হয় সেগুলি বাঁচেনা কেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ—না বাঁচার অনেকগুলি কারণ থাকতে পারে। বাঁচানোর সর্বপ্রকার প্রচেষ্টা নেওয়া হয়। সবগুলি মরে না। একটা পার্সেনটেজ মরে। গাছ লাগালে পরে সবগুলি গাছ বাঁচে না। কারণ গাছের শত্রু আছে, তার হাত থেকে রক্ষা করতে হয়, চোরের হাত থেকে রক্ষা করতে হয়. বর্ষার হাত থেকে রক্ষা করতে হয়, গ্রীষ্মের হাত থেকে রক্ষা করতে হয়, ছাগলের হাত থেকে রক্ষা করতে হয়, নানা রকমের শত্রু আছে।

শ্রীঅঘোর দেববর্মা—রক্ষাই যদি না করতে পারেন তাহলে এই প্রহসন করে লাভ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আমরা বলেছি যে এই সমস্ত উৎপাত থেকে রক্ষা করে আমরা স্যাটিসফ্যাক্টরী রেজাল্ট পেয়েছি।

শ্রীআতিকুল ইসলাম :— চিলড্রেণ পার্কে যে সমস্ত চারাগাছ লাগানো হয়েছিল তার তো একটাও বাঁচেনি, কেন বাঁচেনা জানতে পারি কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— তার তথ্য অনুসন্ধান করে আমি হাউসকে জানাতে পারব। অল অন এ সাডেন বলা যাবে না কি কি কারণে, কেন মরল। অতএব সেটা বিচার্যের ব্যাপার। না জেনে বলা যাবেনা।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতবার ঠিক এইরকম ধরণের একটা প্রশ্ন আমার ছিল এই চিলড্রেণ পার্ক সম্পর্কে। তখনও বলা হয়েছিল পরে জানানো হবে। এখনো উনি বলছেন যে পরে আবার জানানো হবে।

শ্রীএস, এল, সিংহ— মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফতে আমি মাননীয় সদস্যকে জানাতে চাই যে তারা বলেছিলেন যে সবগুলি গাছ মারা গেছে। আমি এখনও আপত্তি দিচ্ছি যে সবগুলি মরে নাই। তারমধ্যে যদি কোন কোন গাছ মরে থাকে তাহলে কি কি কারণে মরল সেজন্য যে যে তথ্য আমার পরিবেশন করা দরকার সেটা না জেনে হাউসকে আমি জানাতে পারবনা।

শ্রীআতিকুল ইসলাম— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে তিনি যে গাছটা লাগিয়েছিলেন বনমহোৎসবের সময়ে তা কেন বাঁচে নাই ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— আমি আগেই বললাম যে আমার এমন হাত হতে পারে যে সেটা মরা স্বাভাবিক। আবার কোন কোন ক্ষেত্রে বাঁচেও, কোন কোন ক্ষেত্রে মরে। অতএব আমি লাগালেই সবগুলি গাছ বাঁচবে এইরকম শক্তি নিয়ে আমি আসি নাই। তবে মাননীয় সদস্যরা এইরকম শক্তি নিয়ে আসতেও পারেন। সেজন্য আমি তাহাদিগকে ধন্যবাদ জানাই।

শ্রীমুনছর আলী— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে যারা প্রশ্ন করছেন তারা যে গাছগুলি লাগিয়েছিল সেইগুলি আছে কিনা ?

শ্রীআতিকুল ইসলাম—আছে, সবগুলি আছে।

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয়. বনমহোৎসব উপলক্ষে রাস্তার ধারে যে গাছ লাগানো হয় সেই গাছ বড় হয়ে চাষের যে জমি নষ্ট করে সেটা রক্ষার কোন ব্যবস্থা আছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আমরা রাস্তার পাশে গাছ লাগাই এবং সেটা হল জমির উর্ব্বরতা বৃদ্ধির জন্যই। ত্রিপুরায় ভূমির উন্নতিকল্পে। কারণ গাছ লাগানোটা কোন সৌন্দর্য নয়. তার সায়েন্টিফিক কারণ আছে। ইহা ইরোসানকে বন্ধ করে এবং সাথে সাথে জল সংরক্ষণের শক্তি থাকে আর বৃষ্টিপাতকে সাহায্য করে। অতএব নষ্ট তো করেই না বরং এইসব কারণের জন্যই সেটা লাগানো হচ্ছে। অতএব আমি মাননীয় সদস্যকে সেই দিক দিয়ে চিন্তা করতে বলব।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে, রাস্তার কত দূরে দূরে এই সমস্ত গাছগুলি লাগানো হয় ? কারণ যদি পি. ডব্লিউ, ডি থেকে রাস্তা একষ্টেনশান করা হয় তা হলে এই চারাগুলি ভবিষ্যতে কাটা যাওয়ার কোন সম্ভাবনা আছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— এটা সত্য কথা যে ত্রিপুরা রাজ্যে যে রাস্তাগুলি করা হয়েছিল তার কোনটা হয়ত ভিলেজ রোড, আবার ভিলেজ রোডকে ডিষ্ট্রিক্ট রোড করা হয়েছে ডিষ্ট্রিক্ট রোডকে

হয়ত ন্যাশন্যাল হাইওয়ে করতে হবে। অতএব ন্যাশন্যাল হাইওয়ে যদি করে, তার যে প্রসার হবে কেবল জমি নয় ঘরবাড়ীও পড়তে পারে। অতএব সেটা এখনই বলতে পারবনা। ন্যাশন্যাল হাইওয়ে ডিক্লেয়ার হলে পরে কত হাত প্রশস্ত হবে কত বৃক্ষ পড়বে সেটা জেনে আমি মাননীয় সদস্যকে এবং হাউসকে জানাব ?

Mr. Speaker—The question hour is over. I would now pass on to the Next item—Government Business—Financial-Voting on Demands for Grants for Supplementary Estimates for 1965-66.

To-day in the List of Business 8 Demands viz. Demand No. 2 Land Revenue, No. 1 Taxes on Income other than Corporation Tax—Agricultural Income Tax, 3—State Excise Duties 4—Taxes on Vehicles, 7—Registration Fees. 33—Other Miscellaneous Compensation and Assignments, 41—Capital Outlay on Schemes of Government Trading and 43—Loans and Advances by the State/Union Territory Governments are to be disposed of.

Members have received the List of Business along with the Appendix showing Demands to be moved by the Chief Minister and the Cut Motions to be moved by the Members concerned. Now the Chief Minister will move his demands standing in his name one by one when I call a particular demand and as soon as the Chief Minister has moved his demands I shall take all the Cut Motions to be moved and there will be discussion on the demands and the Cut Motions. Thereafter when the debate is closed I shall dispose of them one after another by voice vote.

I may also inform the Hon'ble Members that I have decided to request the Chief Minister to move the Demand Nos. 1—Taxes on Income other than Corporation Tax-Agricultural Income Tax, 3—State Excise Duties, 4—Taxes on Vehicles and 7—Registration Fees together in one Group, and Demand Nos. 33 Other Miscellaneous Compansation and Assignments, 41—Capital Outlay on Schemes of Government Trading and 43—Loans and Advances by the State/Union Territory Government together (2nd Group), and I shall have one general debates on these four and three demands as they are of allied nature; of course I shall dispose of the demands separately.

Now, I call on Hon'ble Chief Minister to move his motion on Demand No, 2—Land Revenue.

Chief Minister—Hon'ble Speaker, Sir, Demand No. 2, Major Head —9— Land Revenue.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 4,97,600/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 2— Land Revenue.

Mr. Speaker— There is one Cut motion tabled by Shri Bulu Kuki. The Motion is that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for jumia settlement etc. I would call on Shri Bulu Kuki to start discussion.

Shri Bulu Kuki— মাননীয় স্পীকার, স্যার আমি সাপ্লিমেণ্টারী ডিমাণ্ড নং ২, এর উপর কাট মোশন দিয়েছি। আমার কাট মোশন দেওয়ার কারণ হল ইনএডিকোয়েসী অব প্রভিশন ফর জুমিয়া সেটেলমেণ্ট। এখনই আমাদের কোয়েশ্চান আওয়ার'এ অনেক প্রকার এবং বিভিন্ন বিষয়ে জুমিয়াদের সেটেলমেণ্ট ব্যাপারে প্রশ্ন করা হয়েছে এবং এই প্রশ্নের সঠিক উত্তর মাননীয় মুখ্যমন্ত্রী ভাল করে দিতে পারেন নি। কারণ আমরা জানি উপজাতীয়দের সেটেলমেণ্ট দেওয়া হয়েছে, হাজার হাজার পরিবারকে সেটেলমেণ্ট দেওয়া হয়েছে কিন্তু সেই সেটেলমেণ্ট দ্বারা প্রকৃতপক্ষে সেই উপজাতী উপকৃত হয়েছে কিনা সেটার উত্তর তারা আজও দিতে পারেন নাই। কিন্তু প্রকৃতপক্ষে আমরা দেখি যেখানে উপজাতীয়দের পুনর্বাসন দেওয়া হয়েছে সেখান থেকে অনেক উপজাতী উচ্ছেদ হয়ে যায়। আমি অনেক ইনষ্টেন্স তার দেখাতে পারি। যেমন অমরপুর বাঁংখুরাই কলোনী সেই বাংখুরাই কলোনীর অবস্থা কি? বাঁংখুরাই কলোনীতে যে পুনর্বাসন দেওয়া হয়েছিল সেখানে সাতটি পরিবারের বেশী আছে বলে আমার মনে হয় না, এবং অনেক জায়গায় পুনর্বাসন দেওয়া হয়েছে এবং টাকা খরচ করা হয়েছে, হাজার হাজার টাকা, লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে কিন্তু এমন লোক আছে যারা পুনর্বাসনের টাকা পেয়েছে কিন্তু জমির সঙ্গে কোন সংশ্রব থাকেনা। কারণ তারা জমি পায় না। তদুপরি সরকার থেকে তাদের যখন নাকি পুনর্বাসন দেওয়া হয়, সেই পুনর্বাসন দেওয়ার সময় তাদের উপর যে দুর্নীতি চলে এবং কি ভাবে তাদের থেকে টাকা আদায় করে, কিভাবে ঘুষ আদায় করে সেটা আমরা হাউসের কাছে বারবার উত্থাপন করেছি। কিন্তু সেটা সম্পর্কে তদন্ত করার আমাদের এই গভর্ণমেণ্ট আজও প্রয়োজন মনে করেন নাই এবং যেহেতু উপজাতীরা হল অশিক্ষিত এবং তারা সাধারণতঃ ভাল আইন বুঝেনা যার ফলে যারা চালাক, সেই চালাকের খপ্পরে পরে যথেষ্ট পরিমাণ টাকা তাদের খরচ করতে হয়। আমরা জানি যখন উপজাতীদের পুনর্বাসন দেওয়া হয়, ৫০০ টাকা তাদের দেওয়া হয় ইনষ্টলমেণ্টে। প্রথম কিস্তিতে ৩০০ টাকা তারা পায়। এই ৩০০ টাকার মধ্যে কিছু তাদের খরচ করতে হয়

অফিসে যাওয়া আসা করতে। তারপর কেরাণীবাবুকে টাকা দিয়ে. উকিলকে টাকা দিয়ে এবং ইনস্পেক্টারকে কিছু কিছু টাকা দিয়ে শেষ পর্যন্ত তাদের হাতে কত টাকা থাকে ? মাত্র ১৫০ টাকা। এইভাবে প্রকৃতপক্ষে পুনর্বাসনের যে টাকা পায় সেই টাকা ঠিক ঠিক ভাবে তাদের হাতে তারা পাচ্ছেনা। দ্বিতীয় কথা হচ্ছে টাকাত তারা পায়ই না তদুপরি জমির ব্যাপারেও তাদের ভাল জমি দেওয়া হয়না. আমরা জানি পুনর্বাসনের নাম করে টিলার উপর পুনর্বাসন দেওয়া হয় যেখানে নাকি ফসল হওয়া সম্ভব নয়। আমি দেখাতে পারি, অনারেবল স্পীকার, স্যার, যদি উনারা আমার এলাকায় যান কতজনকে সেই টিলার ভূমির উপর পুনর্বাসন দেওয়া হয়েছে, ফলে ল্যাণ্ডের সঙ্গে তাদের কোন সম্পর্ক নাই। হাওয়াইবাড়ীর মাঠে আপনি যদি যান ২০ মাইল টিলার উপর একজন উপজাতীকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে সেই টিলার উপর যে পুনর্বাসন পেয়েছে সে শেষ পর্যন্ত সেই টিলার জমির উপর কোন ফসল করতে পারে নাই। যেহেতু উপজাতী হল কৃষির দিকে অনভ্যস্ত, ২য় কথা সার প্রয়োগ করতেও তারা অনভ্যস্ত এবং সমস্ত দিক থেকে তারা অনভিজ্ঞ, কাজেই শেষ পর্যন্ত তাদের সেখান থেকে উচ্ছেদ হয়ে যেতে হয়। এইভাবে সরকারী টাকা হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা উপজাতীর নাম নিয়ে খরচ করা হয়েছে। প্রকৃতপক্ষে তাদের সেই টাকা উপকারে আসে নাই যার ফলে আমরা দেখতে পাই উপজাতীদের মধ্যে যারা পুনর্বাসন পেয়েছে হাজার হাজার মানুষ অন্য জায়গায় তারা চলে যায় জমির আশায়। অনারেবল স্পীকার স্যার, সেজন্য আজকে আমি এখানে কাট মোশন দিয়েছি। আজকে উপজাতিদিগকে আমাদের রক্ষা করতে হবে। সার্ভে সেটেলমেণ্টের জন্য এখানে টাকা রাখা হয়েছে, এটা ভাল কথা। কারণ উপজাতিদের জমি যাতে সেফ হয় এবং যে পুনর্বাসন তারা পেয়েছে সেই পুনর্বাসন যাতে তাদের ঠিক ঠিক মত হতে পারে এবং তাদের নামে যাতে রেকর্ড হতে পারে সেটা প্রয়োজন। কিন্তু কার্যতঃ সেখানে আমরা কি দেখতে পাই ? কয়েকদিন আগে হাওয়াইবাড়ীর উত্তরে কয়েকজন কংগ্রেস লীডার ল্যাণ্ডলেসদের একটা কলোনী খোলার জন্য চেষ্টা করেছে এবং সেই জায়গায় সেটেলমেণ্ট অফিসারদের নেওয়া হয়েছে, ভাগ বিভাগ করা হয়েছে। কিন্তু দেখা যায় যে প্রকৃতপক্ষে সেখানে উপজাতিরা জমি পায় না, তার একটা কারণ হল এমন কতগুলি গণ্ডগোল সৃষ্টি হয়েছে যার জন্য নাকি তারা সেই জায়গা আবাদ করতে পারেনা। উপজাতি এবং নন্-ট্রাইবেলদের একসঙ্গে রাখা হয়েছে। সেখানে দেখা যায় যার শক্তি বেশী আছে, যার আইন ভাল জানা আছে সে ভাল জমিগুলি দখল করে নিয়েছে। আর উপজাতিরা এখনও জমি পেলনা। তারা সেটেলমেণ্ট অফিসারের কাছে যায়, পঞ্চায়েত প্রধানের কাছে যায়, কিন্তু তারা কিছুই করেনা। শেষ পর্যন্ত তারা সেই জমি থেকে চলে আসে।

Mr. Speaker—I would draw the attention of the Hon'ble Member. He is to dwell on the 'inadequacy of provision'. That is main point on which the Hon'ble Member should speak, that this money is not sufficient,] more money is justified. That is to be established by arguments and reasonings. Policy is

not to be discussed in the discussion of the Supplimentary Estimates. That is to be discussed in the General Budget discussion.

শ্রীবুলু কুকী—যেখানে নাকি ১৭ হাজার পরিবার উপজাতিকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে সেই জায়গায় আছে তাদের শুধু জোতী। কিন্তু জমির সংগে তাদের কোন সংশ্রব নাই। অতএব তাদিগকে প্রকৃতপক্ষে জমি দিতে হলে পরে সেটেলমেন্ট সার্ভের প্রয়োজন আছে এবং সেই সার্ভে যাতে হতে পারে এবং উপজাতিরা যাতে জমি পেতে পারে এবং তাদের জমিতে যাতে কৃষিকাজও করতে পারে তার ব্যবস্থা যাতে হয় সেটা আমরা চাই। প্রথম থেকে জমি ঠিক ঠিক ভাবে তাদের না দেওয়ার ফলে তারা যখন তাদের জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে তখন এই সার্ভের ব্যবস্থা করা হয়েছে। তবে এটার প্রয়োজন আছে। এটা করতে হবে যাতে উপজাতিরা সেখানে সুপ্রতিষ্ঠিত হতে পারে এবং তার জন্য যতদূর সম্ভব আরও বেশী টাকা যাতে দেওয়া যায় তার জন্য আমি হাউসকে স্পীকারের মাধ্যমে অনুরোধ রাখছি।

Mr. Speaker—I would now call on Shri Monchur Ali.

শ্রীমনসুর আলী—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এখানে যে মূল প্রস্তাব এসেছে সেটাকে আমি সমর্থন করি আর যে কাট মোশন এসেছে তার উপরে-তাকে আমি সমর্থন করি না। কারণ তাদের যে কি বক্তব্য, তাদের বক্তব্য থেকে কিছুই পাওয়া যায়নি। এক জায়গায় তারা বলেছেন যে উপজাতীয়দের পুনর্ব্বাসনের জন্য হাজার হাজার টাকা দেওয়া হয়েছে কিন্তু তাদের কাজে আসে নাই। এইকথা তিনি কি করে বলতে পারেন জানিনা। যারা আজকে হাজার হাজার টাকা নিয়েছেন তারা নিশ্চয়ই পুনর্বাসন পেয়েছেন। তবে কোন কোন পরিবারের হয়ত পুনর্বাসন নাও হতে পারে। তাদের পুনর্বাসন দেবার জন্য চেষ্টা করা হয়েছে। যদি পুনর্বাসন না হয়ে থাকে তাহলে সেই দায়িত্ব কার সেকথা তিনি বলেন নাই। যা দেওয়া হয়েছে তার চেয়ে আরও কিছু বেশী লাগবে তাও তার বক্তব্যের মধ্যে নাই। যদি তারা বলতেন যে, যে টাকা দিয়েছেন তাতে ঠিক ঠিক ভাবে পুনর্বাসন হয় নাই আরও টাকা দেন তাহলে মনে হত যে তারা একটা কংক্রীট প্রস্তাব নিয়ে এখানে এসেছেন। তাদের বক্তব্য শুধু এই যে কাটমোশন আনা এবং বক্তৃতা দেওয়া আর জুমিয়া ভাইদের বিভ্রান্ত করা ছাড়া তার এই বক্তব্যের মধ্যে আমি কিছুই খুঁজে পাইনা। আর একটা কথা বলেছেন যে পূর্বে ৫০০ টাকা করে দিত আর বর্ত্তমানে যে টাকা দেয় তাতে ৫০০ টাকা একবারে দেন না। সেজন্য তাদের কাজ করার অসুবিধা হয় এই কথাও তিনি বলেন নি। তথাপি তার মনের থেকে যা বুঝেছি তাতে বুঝা গেছে ৫০০ টাকা একসংগে না দেওয়ার ফলে পুনর্বাসন হয় নাই। আমি মাননীয় সদস্যদিগকে জিজ্ঞাসা করছি কেন এ টাকা একসঙ্গে দেওয়া হয় নাই সেই জিনিষটা কারো কাছে বুঝতে চেয়েছেন কিনা আমার জানা নাই। তবে আমার বিশ্বাস সরকার এই যে ৫০০ টাকা একসঙ্গে প্রথম দিতেন এবং পরে দেন না তার নিশ্চয় কারণ আছে। প্রথম যখন এই টাকা একসঙ্গে দেওয়া হত তখন দেখা গেছে উপজাতিরা সেই টাকাটা নিয়ে তার যে কাজ করার জন্য নিত সেই কাজে টাকাটা ঠিক ঠিক ভাবে না লাগিয়ে আর অন্যত্র চলে যেতেন। শুধু টাকাটা মূলধন মনে করতেন। তার

টাকার প্রবিপ্রেক্ষিতে যে জমি আবাদ করার জন্য দেওয়া হত সেটা তারা বুঝতে পারতেন না। তারজন্য আজকে সরকার এই টাকাটা কোনক্ষেত্রে কার কত লাগবে, বাড়ী করতে, ঘর করতে কত লাগবে, তার বীজ কত লাগবে। সময় সময় সেই ৫০০ টাকা দেওয়া হয় তার চেয়ে এক টাকাও কম দেওয়া হয়না। হয়ত আগে একসাথে দিতেন, এখন ইনষ্টলমেন্টে দেন। কিন্তু সময় মত এই টাকা দেওয়া হয়। তাতে সরকার কোন ভুল করেছে বা অন্যায় করেছে বলে আমার মনে হয় না। সেজন্য আমি মনে করি এই কাটমোশন তিনি কি উদ্দেশ্যে এনেছেন তার বক্তব্যের মধ্যে তিনি কোন কনক্রীট সাজেসান দিতে পারেন নাই। তার জন্য তার এই বক্তব্যকে আমি সমর্থন করতে পারিনা। আর এক জায়গায় তিনি বলেছেন যে সেটেলমেন্টের জন্য এই টাকা রাখবার কোন সার্থকতা নাই। আমি বুঝলাম না, যে দল আজকে জুমিয়া পুনর্বাসনের জন্য চিৎকার করে যখন দেখছে বাজেটে একটা সেটেলমেন্ট দেওয়ার জন্য একটা বিরাট অঙ্ক ধরেছে তখন আবার উনারা বলেন যে এই টাকার কোন সার্থকতা নাই, এই টাকা রাখার কোন যৌক্তিকতা নাই। আমি বুঝলাম না যে তারা এই কথা কি করে বলেন। পুনর্বাসন দিতে হবে জুমিয়াদের, তারজন্য বাজেটে টাকা রাখা হয়েছে। সেই টাকাটা তারা রাখতে নিষেধ করেন। সেইজন্যই আমি বলি তার বক্তব্যের মধ্যে সারাংশ নাই। গতকাল বলেছেন পুনর্বাসন দিতে হবে আর আজকে বলেছেন পুনর্বাসন এর জন্য, সেটেলমেন্টের জন্য যে টাকা রাখা হয়েছে সেই টাকার কোন সার্থকতা নাই। এই কথাই বলছেন তিনি যিনি কাটমোশন এনেছেন। কিন্তু তার কথাতেই তার কাটমোশনের কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করিনা। সেজন্যই আমি তার কাটমোশনকে সমর্থন করতে পারলাম না।

Mr. Speaker—Shri Aghore Deb Barma.

শ্রীঅঘোর দেববর্মা—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমাণ্ড নং ২— ল্যাণ্ড রেভিন্যু এই খাতে বা এই ডিমাণ্ডে জুমিয়া এবং ট্রাইবেল ল্যাণ্ডলেসদের সেটেলমেন্ট করার ব্যাপারে যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের টাকা চাওয়া হয়েছে সে সম্পর্কে এখানে একটা কাটমোশন আনা হয়েছে। রুলিং পার্টির সদস্য যদি বুঝেও না বুঝে থাকেন তাহলে বলার কিছুই নাই। মূল বক্তব্য হচ্ছে কাট মোশনের যে, এখানে ত্রিপুরা রাজ্যের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত আজকে জুমিয়া, ল্যাণ্ডলেস ট্রাইবেলস, সিডুল্ড কাষ্ট যারা আছে তাদের পুনর্বাসন দেওয়া জরুরী প্রয়োজন। এই সম্পর্কে রুলিং পার্টি অবশ্য অস্বীকার করবেন না, অবশ্য এই বাজেটের মধ্যে যে ব্যয়বরাদ্দ ধরা হয়েছে সেটা হয়ত কমিটেড নয়ত খরচ হয়ে গেছে। কিন্তু বাস্তব অবস্থার সঙ্গে যদি আমরা মিলাইয়া দেখি তাহলে দেখব আজকে কল্যাণপুর বা বিভিন্ন বিভাগে সদরের বিভিন্ন অংশের মধ্যে বা সাব্রুম, বেলোনীয়া, অমরপুর তথা ত্রিপুরা রাজ্যের প্রায় প্রত্যেক বিভাগের মধ্যে জুমিয়া এবং ল্যাণ্ডলেস ট্রাইবেলরা জমি পাওয়ার জন্য উদ্গ্রীব হয়ে আছে। সেটেলমেন্টের মাধ্যমে বাড়তি জায়গাগুলি তাদের বন্দোবস্ত পাওয়ার কথা বা দরকার। কিন্তু সেগুলি এখন পর্যন্ত পাচ্ছেন না। কাজেই এই কাট মোশন-এর মাধ্যমে এই কথাই বলতে চাওয়া

হচ্ছে যে, যে টাকা এখানে ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে তাদের জন্য, সেই টাকাটা আজকে তাদের সামগ্রিক প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। কারণ জুমিয়া এবং ল্যাণ্ডলেস ট্রাইবেল এবং সিড্যুল কাষ্টদের পুনর্ব্বাসন'এর উপর সমগ্র ত্রিপুরা রাজ্যের অগ্রগতি, উন্নতি নির্ভর করছে। এটার উপর আমাদের রুলিং পার্টি খুব কম গুরুত্ব দিচ্ছেন। সেজন্য এই কাট মোশন'এর মাধ্যমে আমরা একথা বলতে চাই যে এই জিনিষটা যাতে বাজেটের মধ্যে গুরুত্ব পায় এবং গভর্ণমেন্ট অর্থাৎ সরকার দৃষ্টি দেন। তার জন্য আমরা এই কাট মোশন রাখছি।

Mr. Speaker—I would now call on Hon'ble Chief Minister.

শ্রী এস, এল, সিংহ—অনারেবল স্পীকার স্যার, প্যাণ্ড রেভিন্যু ডিম্যাণ্ড নং ২ হল আমাদের অতিরিক্ত ব্যয় বরাদ্দের ডিম্যাণ্ড। ওরিজিন্যাল ডিম্যাণ্ড থেকে ৪,৯১,৬০০ টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে এবং সেটা এখানে রাখা হয়েছে। রাখা হয়েছে জুমিয়াদের এবং সিড্যুল কাষ্ট, লেণ্ডলেস ট্রাইবেলস যারা আছে তাদের উন্নতির জন্য। অতএব ব্যয়বরাদ্দের মঞ্জুরী এখানে চাওয়া হয়েছে। আমাদের ওরিজিন্যাল যে বাজেট ছিল সেই বাজেটের টাকায় সংকুলান হয়নি বলেই এই বাড়তি বরাদ্দ ধরা হয়েছে: যাতে তাদের উন্নতি হতে পারে। এখানে ওরিজিন্যল বাজেটে ২১,৮১,৮০০ টাকা ব্যয় করেছি তারপর অতিরিক্ত ৪,৯১,৬০০ টাকা চাওয়া হয়েছে। কি করে যে উনারা এই কনক্লুশানে পৌছাতে পারেন আমি সেটা কল্পনা করতে পারিনা। যদি আমরা ব্যয় করতে না পারতাম তাহলে তাদের বক্তব্য গ্রহণ করতে পারতাম। কারণ একটা জুমিয়াকে সেটেল্ড করতে গেলে আমাদের ল্যাণ্ড এলট করতে হয়, সার্ভে করতে হয়, অতএব সে সমস্ত কারণে আমাদের অর্থ ব্যয় করতে হবে। তবে তারা যদি সেটা মনে করে থাকেন যে না, সার্ভে করার দরকার নাই, প্লটিং অব ল্যাণ্ড দরকার নাই, খুশি মত যেখানে পার বসিয়ে দাও। অতি দ্রুত কাজ করতে হবে। তার জন্য অপারেশন চালাতে গেলে পরে সার্ভে সেটেলমেন্ট রেকর্ড অপারেশন ইত্যাদি সমস্ত কিছু করতে হবে। তার জন্য আমাদের খরচ করতে হবে। কারণ সমস্ত কিছুর রেকর্ড আমাদের সংগ্রহ করতে হবে। তারা যদি মনে করে থাকেন যে এই সমস্ত দরকার লাগবে না, যেভাবে খুশি বসিয়ে দাও তাহলেই সরকার খেয়াল খুশিমত বসাতে পারেনা। তার একটা সুনির্দিষ্ট পথ আছে যে পথ ধরে আমাদের অগ্রসর হতে হবে। আমরা যদি সার্ভে না করি, প্লটিং অব ল্যাণ্ড ইনডিভিজুয়েলের নামে না দেই তাহলে রেকর্ডটা গণ্ডগোল হবে এবং পরে মামলা মোকর্দ্দমার সৃষ্টি হবে। অতএব তারা যদি সেই দিকে লক্ষ্য রাখেন তাহলে একটু চিন্তা করলেই বুঝতে পারবেন সরকার কেন তা করছেন না। তবে যদি এনাকিষ্ট ওয়েতে বসিয়ে দেওয়া হয় তাহলে পরে সেই মামলা মোকর্দ্দমা আসবে, তারা সর্বস্বান্ত হবে। আমরা তাদেরকে সর্ব্বস্বান্ত করার জন্য করি নাই তাদের উন্নতির জন্য করছি। আমরা আমাদের কাজে অগ্রসর হব।

বলা হয়েছে যে তাদেরকে সেই টীলা ল্যাণ্ড দেওয়া হচ্ছে। টীলা ল্যাণ্ড দেওয়া হচ্ছে এবং সাথে সাথে নাল জমিও দেওয়া হচ্ছে। যদি নাল জমি ত্রিপুরা রাজ্যে না থাকেন, তাদের চিন্তা অনুসারে কথা হচ্ছে যে তাদের বসিও না, টীলা ল্যাণ্ড'এ ধান হতে পারে, ধান হচ্ছে। তারা যখন জুম করে তখন সেখানে ধানের ফসল হয়। অতএব বুঝা যায় যে সেখানে ধান করা চলে। তবে পরিকল্পিত ভাবে করতে হবে এবং সেই পরিকল্পনা অনুসারে কাজ আরম্ভ হয়েছে। তারা ধান করতে পারে, পিগারী রাখা চলে, পলটি রাখা চলে, ফিসারী করা চলে। যদি আমাদের নাল জমি থাকে এবং মার্শি ল্যাণ্ড থাকে সেই অনুসারে সেই পরিকল্পনা নিয়ে করা হচ্ছে। অতএব তারা হয়ত মনে করে থাকেন যে. কেবল জুমিয়াকে জমিতে বসালে তার কাজ হয়ে যাবে। কিন্তু আমরা তা মনে করিনা, আমরা মনে করি যে জমিতে বসাবার সাথে সাথে তাকে জমি দেওয়ার সাথে সাথে আমাদের চিন্তা হবে যে এই ল্যাণ্ড পেলেই তাদের চলবে না। এই ল্যাণ্ডকে ডেভলাপ করতে হবে, ডেভলাপ করে সাইনটিফিক ওয়েতে কনসার্ভেশন সব সয়েল থেকে সুরু করে মেন্যুরিং পর্যন্ত কিভাবে করা চলে তার ব্যবস্থার কথা চিন্তা করতে হচ্ছে এবং সেভাবে পরিকল্পনা নিয়ে আমরা অগ্রসর হচ্ছি। মেন্যুরিং দিলাম. ইনস্ট্রুমেণ্ট দিলাম তাতেও হবেনা। কিন্তু তার সাথে সাথে আমরা জানি যে তাদের পিগারী করতে হবে, পোল্ট্রি করতে হবে। কারণ যেই বিস্থায় তারা পারদর্শী সেই বিস্থায় তাদেরকে অভ্যস্ত করতে হবে। তারা তাঁত চালাতে জানে এবং সূতা কাটতে জানে। অতএব এমন ব্যবস্থা করতে হবে যাতে তারা সে সমস্ত কুটিরশিল্প শিখতে পারে। তার জন্য সেখানে একস্টেনশন অফিসার প্রত্যেক ব্লকে রাখা হয়েছে টু এডুকেট দেম আপ। সেই অনুসারে এই কাজ সুরু হয়েছে। অতএব আমরা জানি ল্যাণ্ড দিলেই সেটেলমেণ্ট হবেনা এই সমস্ত কাজ করতে তাদের এডুকেশন চাই, সেনিটেশন চাই, মেডিক্যাল এড চাই, রাস্তা চাই। অতএব সে সমস্ত পরিকল্পনা সামনে রেখে জুমিয়া পুনর্বাসন করা হয়েছে এবং সে সমস্ত কারণে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ করা হয়েছে তার মঞ্জুরী এখানে চাওয়া হয়েছে আশা করি হাউস এই মঞ্জুরী সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

Mr. Speaker — I would now put the motion to vote. First I would put the Cut motion tabled by Shri Bulu Kuki. The Question is that the Demand be reduced by Rs. 100 to discuss on 'Inadequacy of provision for jumia settlement etc'.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voices : 'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'.

(Voices : 'NOES')

'NOES' have it, 'NOES' have it. So the motion is lost.

I would now put the main motion to vote. The question is that a further sum not exceeding Rs. 4,97,600/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 2— Land Revenue.

As many as are of that opinion will please say 'AYES'

(Voices : 'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'

(No Voice)

'AYES' have it, 'AYES' have it. So the motion is carried.

Next I would call on the Hon'ble Chief Minister, Shri Sachindra Lal Singh to move the demands No. 1, 3, 4 and 7 together.

Shri S. L. Singh— Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs.500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from Ist April, 1965 to 31st Mach, 1966 in respect of Demand No. 1 Taxes on Income Other than Corporation Tax-Agricultural Income Tax.

DemandNo. 3. Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 500/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from Ist April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 3 —State Excise Duties.

Hon'ble speaker, Sir, Demand No. 4. On the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 6,000/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 4 — Taxes on Vehicles.

Hon'ble Speaker, Sir. Demand for Grant No. 7. On the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 1,300/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 7— Registration Fees. আশা ক'র হাউস এই ডিমাণ্ডগুলি সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

Mr. Speaker :— There is one Cut Motion against the Demand No. 1 tabled by Shri Hemanta Deb that the demand be reduced by Rs. 100/- 'to vantilate grievance for delay in giving effect of revision of pay scale'. I would call on Shri Deb to start discussion.

শ্রীহেমন্ত দেব—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাট মোশনটা খুবই বাস্তব। কারণ আমাদের এই হাউসে কর্মচারীদের বেতন সম্পর্কে এবং তাদের পে স্কেল নিয়ে আলোচনা করা হয়েছে আমাদের মন্ত্রী মণ্ডলী জানেন রিভিশন অব পে স্কেল এর মধ্যে গলদ রয়ে গেছে। কিন্তু এই গলদ থাকা সত্বেও আজ পর্যন্ত নিম্ন কর্মচারীদের জন্য যে পে স্কেল ১৯৬১ সালে এফেক্ট হয়েছিল তা সংশোধন হয়নি। আজ পর্যন্ত অনেক কর্মচারী তাদের যা পাওয়া উচিত তা পাচ্ছে না। অথচ উপর দিকে আরও আগেই মন্ত্রীদের বেতন বেড়ে গেল। কিন্তু কেরাণী এবং অন্যান্য ষ্টাফ যেমন এ্যাসেম্বলী ডিপার্টমেন্ট এবং এমন অনেক ডিপার্টমেন্ট আছে তারা এখনও পায় নাই। তারা কি অপরাধ করেছে? অথচ আজকে এই দুর্মূল্যের বাজারে যে টাকা তারা বেতন পায় তাদের পোষায় না। অথচ বড় কর্তাদের, উপর ওয়ালাদের যাদের টাকার প্রয়োজন নাই তাদের বেতন বেড়ে চলেছে। তেলা মাথায় তেল তাকেই বলে। কাজে কাজেই আমার মনে হয় শুধু আজকাল মফঃস্বল বা অ্যাসেম্বলীর ধারে কাছে যে সমস্ত ডিপার্টমেন্ট আছে সেখানে বোধ হয় অনেক কর্মচারী আছে তাদের সেই পাওনা টাকাটা পায় না। তাদের বেতন বৃদ্ধি হওয়ার যে কথা তা তারা পায় না। না পাওয়ার ফলে কর্মচারীদের মনে বিক্ষোভ দেখা দিচ্ছে এবং কোন কোন ক্ষেত্রে এই রকম অ্যাফেক্টেড ব্যক্তিরা বলে যে অ্যাসেম্বলী করে তো আমাদের ১২টা বাজিয়ে দিলেন। আমাদের বেতন সম্পর্কে কোন খোঁজ খবর নেওয়া হয় না। আমরা কি পাব, না পাব না? কিন্তু সত্যি দুঃখের বিষয় ত্রিপুরা রাজ্যে একটা বিধানসভা হল। তা হওয়ার ফলে মন্ত্রীদের ইচ্ছা হলেই হল, না হলে হল না। কিন্তু অফিস-ওয়াইজ যে সমস্ত কাগজপত্র আলাপ আলোচনা দ্বারা হওয়া দরকার তার কোন হদিশ নাই। না হওয়ার ফলে আজকে বিরাট সংখ্যক কর্মচারী সেই বর্দ্ধিত বেতন থেকে বঞ্চিত। অথচ এই সাপ্লিমেন্টারী বাজেটে টাকা চাওয়া হয়েছে। কোন্ মুখে আমরা চাইছি? কার স্বার্থে আমরা ক্ষমতা ভোগ করছি? অথচ টাকা চায়, টাকা দেই। কার জন্য? টাকা তো দিচ্ছি আপনাদের। তাহলে আপনারা তাদের বেতন বাড়িয়ে দিতে পারেন না কেন?

কাজে কাজেই আমি আশা করি মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে এই যে বাজেটে, সাপ্লিমেন্টারী বাজেটে যে টাকা চাওয়া হয়েছে এটা আমার মনে হয় যে যদি দিতে হয় আমি রাজী আছি এই টাকা বাড়িয়ে দিতে। কিন্তু যদি না পারেন তাহলে ক্ষমতা ছেড়ে দেন। কর্মচারীদের বিপদে ফেলে রাখবেন না। এই জন্য আমি আমার এই কাট মোশনের মাধ্যমে মাননীয় অধ্যক্ষের মারফত এটা রাখছি। আশা করি আমার এই কাট মোশন অতি প্রয়োজনীয় এবং অতি বাস্তব। এই বিষয় কোন

মন্ত্রী মহোদয় এবং আমাদের হাউসের যারা মেম্বার আছেন তারা কেউ অস্বীকার করতে পারবেন না।

Mr. Speaker—I would now call on Shri Gopesh Ranjan Deb,

শ্রীগোপেশ রঞ্জন দেব—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে হাউসের কাছে এ্যাগ্রিকালচারেল ইনকাম টেক্স—ডিমান্ড নং ১ এই ডিমান্ডটা এসেছে তাতে মাননীয় বিরোধী দলের সদস্য শ্রীহেমন্ত দেব যে কাট মোশন রেখেছেন সেই কাট মোশনের বিরোধীতা করে আমি আমার কথা রাখছি। তিনি নির্দিষ্ট যে ডিমান্ডের উপর কাট মোশন রেখেছেন সেটা হল এ্যাগ্রিকালচারেল ইনকাম টেক্স. তার উপর কাট মোশন রাখতে যেয়ে বলেছেন to ventilate the grievances for delay in giving effect of revision of pay scale. কিন্তু আমরা এই ডিমান্ডটা দেখলে পরে দেখতে পাই যে তার পাশে পরিষ্কার লেখা আছে যে এই পে-স্কেল রিভিশনের দরুণ এই ডিমান্ড রাখা হয়েছে। তিনি ক্ষোভ দেখিয়েছেন যে মন্ত্রীদের পে বাড়ছে ক্লার্কদের বেতন বাড়ছেনা কিন্তু এখানে পরিষ্কার লেখা আছে যে এটা মন্ত্রীদের বেতন নয়, বড় কর্তাদের বেতনও নয়, এটা ক্লার্কদের জন্য এই ডিমান্ডটা চাওয়া হয়েছে। তারা হয়ত বাজেট দেখেন নি কাজেই তিনি বাজেট না দেখেই এখানে কাট মোশন দিয়েছেন। মন্ত্রীদের বেতন যেমন বেড়েছে সঙ্গে সঙ্গে মেম্বারদের বেতনও বেড়েছে, তাঁর বেতনও বেড়েছে কিন্তু সেটা তিনি বলেন নি, সেটা বল্লে নিজের উপর যেহেতু পড়বে। কাজেই এটা দেখা গেল এই যে বক্তৃতা এটা বিরোধিতা করার জনই বক্তৃতা, এটা বাজেট বক্তৃতা নয়, কাজেই এইযে ছাঁটাই প্রস্তাব এসেছে তার আমি বিরোধিতা করে মূল ডিমান্ডের প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি।

Mr. Speaker— I would call on Shri M. L. Bhowmik.

শ্রীএম, এল, ভৌমিক— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমান্ড নং ১ এর উপর যে ছাঁটাই প্রস্তাব এসেছে তা আমি সমর্থন করিনা এবং কি কারণে করিনা সেটা আমাদের দলের মাননীয় সদস্য শ্রীগোপেশ রঞ্জন দেব তার বক্তব্যে বলেছেন। যদি আমি নূতন করে কিছু বলি তাহলে পুনরুক্তি করা হবে। মাননীয় বিরোধী দলের সদস্য তিনি একটা কথা বলেছেন, শুনে খুবই আশ্চর্য বোধ করছি। তিনি বলেছেন যে কোন কোন সরকারী কর্মচারী নাকি বলেছেন যে বিধানসভা হয়ে তাদের বারটা বেজে গেছে। বিধানসভা কথাটা হয়ত উনার মনগড়া নিজের কথা। কারণ তারা পরস্পর বিরোধী কথা বলে থাকেন। এই বিধানসভার জন্য তারাই উঠিয়াছিলেন এবং সেইজন্য বিধানসভা হয়েছে, আবার তিনি বলছেন বিধানসভা হওয়ার জন্য বারটা বেজে গেছে। আমি বলতে চাই এই বিধান সভার জন্য আমাদের সরকারী কর্মচারীদের সুবিধা হয়েছে, শুধু সরকারী কর্মচারীদের নয়, ত্রিপুরার জনসাধারণের সুবিধা হয়েছে। কারণ তাদের প্রতিনিধিত্ব আমরা করছি, তাদের সুখ সুবিধার কথা আমরা বিবেচনা করছি এবং তার প্রতিকারের চেষ্টা আমরা করছি। এইযে

ওরিজিন্যাল প্রস্তাবের উপর যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তাতে তিনি বলেছেন যে রিভিশন অব পে স্কেলের কোন ব্যবস্থা আমরা করিনা। তিনি যদি বাজেট লক্ষ্য করতেন. কষ্ট করে পড়তেন তাহলে দেখতে পেতেন কি কারণে এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী করা হয়েছে তার কারণ সুনির্দিষ্টভাবে এখানে লিপিবদ্ধ আছে।

Mr. Speaker— Hon'ble Member's grievance is delay in giving effect of revision of pay scale.

শ্রীএম, এল, ভৌমিক— ডিলের যদি কোন কারণ ঘটে থাকে, টেকনিক্যাল যদি কোন কারণ থেকে থাকে—There may be some technical difficulties for which some delay might have caused. মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ইচ্ছা থাকা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে টেকনিক্যাল ডিফিকালটীজ থাকার জন্য আমরা হয়ত ঠিকমত দিতে নাও পারি। কারণ টেকনিক্যাল ডিফিকালটীজ যাতে সহজে দূর করা যায় তার জন্য চেষ্টা হচ্ছে এবং আমরা সরকারী কর্মচারীর প্রতি সহানুভূতিশীল তারা যাতে তাড়াতাড়ি রিভিশন অব পে-স্কেল'এর এফেক্ট পান, যাতে কোন ডিলে না হয় তার জন্য আমরা সতর্ক দৃষ্টি রাখছি। কাজেই আমাদের উদ্দেশ্য যে আমরা সরকারী কর্মচারীদের রিভিশন অব পে-স্কেল'এর এফেক্ট দিতে চাই, সেকথা সুস্পষ্ট এবং সেজন্যই আমরা এাডিশন্যাল ডিমাণ্ড ফর গ্রান্ট এনেছি অতএব মাননীয় সদস্যের যে উক্তি বা তার যে বক্তব্য তা আমরা স্বীকার করিনা সকল কর্মচারীরই তাদের যে ডিউ পে-স্কেল তার রিভিশন হউক এবং সেটা তারা তাড়তাড়ি পান সেটা আমরা চাই অতএব তার যে বক্তব্য এটা আমরা স্বীকার করিনা, কাজেই আমি এই ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker— I would request the Hon'ble Members to let the other Members to speak, otherwise he may, in his time disturb him.

I would now call on Hon'ble Chief Minister to participate in debate.

শ্রীএস, এল, সিংহ— ডিলে হয়েছে, সেটা স্বীকার্য্য এবং ডিলে হওয়ার কারণ কি সেটাও মাননীয় সদস্যরা অবগত যে নন তা নয়। কারণ আমাদের এই যে কর্মচারীদের বেতন তা বৃদ্ধি করতে গেলে আমাদের এমন কোন সক্রিয় এক্সচেকার নেই যে আমরা বললাম আর তাড়াতাড়ি সেটা করে দিলাম। আমাদের প্রায় সমস্ত কিছুই অনুদানের উপর আছে, আমাদের বাজেট হচ্ছে অনুদানের উপর। অতএব অনুদান কর্ত্তার অনুমোদন যখন পাওয়া যায় তখনই সেটা করা হয়। আর বিধানসভায় এটা বলতে যেয়ে কতগুলি কথা বলা হয়েছে যে বিধানসভা হওয়াতে বারটা বেজেছে। যাদের বারটা বিধানসভাতে হয় তাদের পক্ষে স্বাভাবিক এটা অস্বাভাবিক নয়। কারণ আমাদের দাবী ছিল ত্রিপুরার জনসাধারণের দাবী, বিধানসভা চাই যাতে আমরা আমাদের স্বাধীন

মত প্রকাশ করতে পারি, আমরা স্বাধীন কার্য্যের দায়িত্ব বহন করতে পারি। অতএব এতে যাদের ভয় আছে তাদের বারটা বেজেছে এবং বারটা বাজবে। কারণ এই বিধানসভা তাদের, যারা বিধানসভার বিরোধী, জনসাধারণের রাজত্বের বিরোধী, তাদের বারটা বাজাবে এবং তাদের কবর খোড়ার কাজ এই বিধানসভা করবে। ত্রিপুরার জনসাধারণের যে দাবী ঘোষিত হয়েছে; এবং সেজন্য এই জায়গাতে তাদের একথা বলতে গিয়ে আতঙ্ক উপস্থিত হয়েছে। তবে ডেমক্রেসী হলে পরে যে এক দলের লোকই সুপ্রীম থাকবে আজীবন তা নয়, যে দল নিয়মতান্ত্রিক পদ্ধতিতে জনসাধারণের বিশ্বাস অর্জ্জন করতে পারবে তাদের হাতে ক্ষমতা আসবে। ক্ষমতা না আসলে পরে তাদের এই কল্পনার এই চিন্তার বারটা বাজাবে। তারা সেটা চিন্তা করতে পারেন কিন্তু বিধানসভা ভারতবর্ষে চলবে, পার্লামেন্ট ভারতবর্ষে চলবে, জনসাধারণের মত নিয়ে, প্রতিনিধিত্ব নিয়ে তা করা হবে। অতএব জনসাধারণের প্রতিনিধিত্বে যাদের ভয় তাদের পক্ষে বারটা বাজা অস্বাভাবিক নয়। তবে এখানে একটি মাত্র ক্লার্কের রিভিশন অব পে-স্কেল, হউ, ডি ক্লার্ক তার জন্য এটা করা হয়েছে। এবং ডিলের যে কারণ সেটা তারা জানেন। অনুদানের উপর আমরা নির্ভরশীল এটা সোজা কথা। অতএব অনুদান যারা দেন তাদের এ্যাপ্রুভেল নিতে হয় and without their approval আমাদের এমন কোন সক্রিয় বাজেট নাই যার দ্বারা সেই ব্যবস্থা হতে পারে। অতএব এখানে একটি ক্লার্কের রিভিশন অব পে-স্কেল'এর ডিলে হয়েছে এটা সত্যিই। নিজেদের তহবিল থাকলে পরে, অনুদানের উপর নির্ভর না করলে পরে ডিলে হতনা। তার জন্য যে ব্যবস্থা করেছি তার ফলেই এখন তা এসেছে। আমরা জানি এটা তাদের ন্যায়সঙ্গত দাবী, অতএব বিধানসভা তাদের ন্যায়সঙ্গত দাবী নিয়েই লড়েছেন তার ফলে সেটা মঞ্জুর হয়ে এসেছে। অতএব এটাতে আর কিছু বলার নেই। তবে কাট মোশন যেটা এনেছেন সেটার আমি বিরোধিতা করছি, আশা করি আমার যে ডিমাণ্ড সেটা সর্বসম্মতিক্রমে হাউস গ্রহণ করবেন।

Mr. Speaker—I would now put the motion to vote. First I would put to vote the cut motion tabled by Shri Hemanta Deb that the demand be reduced by Rs. 100/- to ventilate grievence for delay in giving effect of revision of pay scales.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voices : 'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'.

(Voices : 'NOES')

'NOES' have it, 'NOES' have it.

I would now to put vote the main motion. The question is that a further sum not exceeding Rs 500/- be granted to defray the additional charges which

will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 1, Taxes on Income other than Corporation Tax-Agricultural Income Tax.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voices : 'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'

(No voice)

'AYES' have it, 'AYES' have it.

Now I put to vote the motion for Demand for Grant No. 3. The question is that a further sum not exceeding Rs. 500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March. 1966 in respect of Demand No. 3- State Excise Duties,

As many as are of that opinion will please say 'AYES',

(Voices : 'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No voice)

'AYES' have it, 'AYES' have it. So the motion is carried.

Mr. Speaker—

I would now put to vote the demand for Grant No. 4. The question is that a further sum not exceeding Rs. 6000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April. 1965 to 31st March, 1966 in respect of Demand No. 4-Taxes on Vehicles.

As many as are of that opinion will please say will say 'AYES'.

(Voices : 'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No voice)

'AYES' have it, 'AYES' have it. The motion is carried.

I would now put to vote the demand for grant No. 7.

The question is that a further sum not exceeding Rs, 1,300/- be granted

to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 7—Registration Fees.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voices : Ayes)

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No voice)

'AYES' have it, 'AYES' have it. The motion is carried. I would now call on the Hon'ble Chief Minister to move his demand for Grant No. 33, 41 & 43 together.

Shri S. L. Singh :—Hon'ble Speaker Sir, On the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 2,65,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 33. Other Miscellaneous Compansations and Assignments.

Then Demand for Grant No. 41. Major Head-124-Capital Outlay on Schemes of Government Trading.

Hon'ble Speaker. Sir, On the recommendation of the Administration I beg to move that a further sum not exceeding Rs, 98,44,600/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 41 Capital Outlay on Schemes of Government Trading.

Demand for Grant No. 43—Loans and advances by the State/Union Territory Governments.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 3,32,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 43 Loans and advances by the state/Union Territory Govenments.

এই তিনটা ডিমাণ্ড আমি হাউসের সামনে রাখছি। আশা করি হাউস সর্বসম্মতিক্রমে এই ডিমাণ্ডগুলি মঞ্জুর করবেন।

Mr. Speaker :—Against the Demand No. 33 there is no cut motion and against the Demand No, 43 there is no cut motion. Against Demand No. 41 there are 4 cut motions. I would now call on Shri Bulu Kuki to move his cut motion that demand be rediced by Rs. 100/- to discuss on 'inadequacy of provision for distribution of improved seeds at subsidy'.

শ্রীবুলু কুকী :—অনারেবল স্পীকার, স্যার, এই ডিমাণ্ডের উপর কাট মোশন রেখেছি। কাট মোশন দেওয়ার কারণ হল এখন ত্রিপুরাতে বীজের প্রয়োজন। কারণ খাদ্য ফলানোর যে প্রোগ্রাম, গ্রো মোর ফুডের যে স্কীম সেটাকে যদি আমাদের কার্যকরী করতে হয়, যদি দেশের মধ্যে খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে হয় তাহলে ভাল বীজ আমাদের আনতে হবে। ভাল বীজ না থাকলে সেখানে খাদ্য ভাল হবেনা এটা সর্ব্বজন স্বীকৃত। কিন্তু এখানে শুধু সাবসিডির জন্য Schemes for distribution of improved seeds at subsidy মাত্র ৪,০০০ টাকা রাখা হয়েছে। সারা ত্রিপুরা রাজ্যের ভিত্তিতে যদি আমরা চিন্তা করি তাহলে ত্রিপুরায় অন্তত ৮৫ পারসেন্ট কি ৯০ পারসেন্ট হবে কৃষক। তাদের সাবসিডি রেটে যদি বীজ দিতে হয় তাহলে আরও বেশী রাখার প্রয়োজন। কিন্তু দেখা গেছে যদিও রুলিং পার্টি এই কথা বলেন যে গ্রো মোর ফুড আমাদের করতে হবে কিন্তু প্রকৃত পক্ষে দেখা যায় যে সেখানে কিছুই করা হয় নাই। অনেক রঙ ফলিয়ে প্রচার করা হয় যে আমরা উৎপাদন বৃদ্ধি করব। কিন্তু উৎপাদন বৃদ্ধি করতে হলে আমাকে কিসের উপর জোর দিতে হবে এবং কি জিনিষ আমাকে দিতে হবে যে জিনিষ দিলে পরে কৃষকরা আরও বেশী ফসল উৎপাদন করতে পারে? কিন্তু দেখা যায় এই জায়গাতে যে সাবসিডির জন্য ব্যবস্থা করা হয়েছে সেটা সামান্য।

Mr. Speaker—I would draw the attention of the Hon'ble Member to the point that 'additional charges'. This amount has been demanded in addition to the amount already passed in the original budget and I would also request the Hon'ble Member to confine his comments on this.

শ্রীবুলু কুকী :—তদুপরি যেভাবে বীজ দেওয়া হয় সেগুলির দাম বাজারের বীজের চেয়ে বেশী।

Mr. Speaker—To have an idea of that I would draw the attention of the Hon'ble Member to bring together of the original budget plus this 4,000/- and would go on commenting on the proviison,

শ্রীবুলু কুকী :—অরিজিন্যাল বাজেটের সময়েও আমরা কম বলেছিলাম এবং এখন যে

টাকাটা এখানে দেওয়া হয়েছে সাবসিডির জন্য সেটা কি রেটে সাবসিডি দেওয়া হয়েছে সেটা এখানে জানা যায় না এবং মন্ত্রীদের তরফ থেকে এই কথা কেউ বলেন নাই। আমরা জানি যে বীজগুলি দেওয়া হয় সেটা বাজারে যে বীজ বিক্রি হয় তার চেয়ে আরও বেশী রেটে। কারণ বোরো ধানের বীজ যেখানে বাজারে ১৬।১৭ টাকায় পাওয়া যায় সেখানে সরকার দেন ১৯।২০ টাকা করে। কাজেই বাজারের চেয়ে বেশী দাম নেওয়া হয়।

Mr. Speaker—The House stands adjourned till 2 P. M.

Mr. Speaker—The discussion on cut motion and Demand No. 2 to continue. Shri Bulu Kuki to continue.

Shri Bulu Kuki—মাননীয় স্পীকার স্যার যখন মূল বাজেট আলোচনা হয়, তখন আমি বলেছিলাম যে এই subsidy-র জন্য যে টাকা মঞ্জুর করা হয়েছে তাহা কম হবে এবং আজ দেখা যায় যে এই headর জন্য supplementary Demand আনতে হয়েছে কারণ এটা প্রয়োজন। কৃষকদের বীজ ধানের জন্য এই subsidy একান্ত প্রয়োজন। সহজ উপায়ে এই subsidy দেওয়ার ব্যবস্থা করা উচিৎ। প্রকৃতপক্ষে যে subsidy দেওয়া হয়, সে সম্বন্ধেও আমার সন্দেহ আছে কারণ অনেক সময় বীজ বাবদ যে subsidy দেওয়া হয় তার মূল্য বাজারের বীজের মূল্য অপেক্ষা অনেক বেশী। অতএব এই হাউসের মাধ্যমে আমি মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব যাতে সহজ উপায়ে এবং ন্যায্য দামে কৃষকরা বীজ পাইতে পারে সে দিকে যেন তাঁরা দৃষ্টি দেন। এবং আমি মনে করি এই দিকে চিন্তা করে আরো বেশী টাকা রাখা উচিত ছিল। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I would now call on Shri Hemanta Deb to move his Cut Motion that the Demand be reduced by Rs. 100/-, to discuss on inadequacy of provision for procurement essential commodities (Buffer Stock).

Shri Hemanta Deb M.L.A.—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এই Cut Motion-টা রেখেছি এই জন্য যে এটা অত্যন্ত জরুরী ও ন্যায় সঙ্গত। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা সকলেরই স্বীকার করতে হবে যে আজকে ত্রিপুরা রাজ্যে বৎসরে দুই তিনবার খাদ্যাভাব হয় এবং এবারও খাদ্যাভাব দেখা দেবে সেই সম্বন্ধে কোন সন্দেহ নাই। ত্রিপুরা রাজ্যে যে খাদ্য আমদানী করা হয় সেটা ঘাটতি পূরণের পক্ষে যথেষ্ট নয় এবং খাদ্যাভাব দূর করতে গেলে পরে এই বাজেটে আরও টাকা রাখার প্রয়োজন আছে। কাজেই আমি আমার এই cut motion মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে এই House-এ রেখেছি, যে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিষ পত্র অগ্নি মূল্যে কিনতে হয়, সে সব জিনিষপত্রের দামও যাতে কমে এবং মানুষ যাতে তার নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র কম দামে

কিনতে পারে তার ব্যবস্থাও করা সরকারের কর্তব্য। জিনিষপত্রের যে অগ্নিমূল্য তাতে সাধারণ মানুষ আজ দুর্দ্দশাগ্রস্ত। আমি আমার cut motion এর সমর্থনে সেই বক্তব্য এই সভাতে রেখেছি। আশা করি এই সভা তা যুক্তিযুক্ত মনে করে আমার cut motion সমর্থন করবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker— I now call on Shri Sunil Kr. Choudhury, to move his cut motion.

Shri Sunil Kr. Choudhury — মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এখানে যে cut motion রেখেছি তার প্রয়োজনীয়তা সম্পর্কে বিশদভাবে বলার দরকার আছে বলে আমি মনে করিনা। তার কারণ হচ্ছে এই যে, আজকে ত্রিপুরা রাজ্য যে খাদ্য সংকটের সম্মুখীন এটা সত্য কথা এবং আমাদের মুখ্যমন্ত্রীও এটা স্বীকার করেছেন। তারপরে ওনার যে বিবৃতি তার ভিতর আমরা অনেক কিছু দেখতে পাই। কথা হ'চ্ছে যখন গত বছর বাজেট পেশ করা হয়েছিল তখনই আমরা বলেছিলাম যে ত্রিপুরা রাজ্যের যে চাহিদা সেই চাহিদা অনুসারে আমাদের সরকারের মাধ্যমে কিছুটা কিনে stock করে রাখা দরকার। কাজেই যে amount-টা তখন ধরা হয়েছিল, তখনই বলা হয়েছিল যে এই amount-টা inadequate. কাজেই আমাদের বক্তব্য অনুযায়ী আমাদের দাবীটা আজ এখানে আংশিক স্বীকৃত। তা হলেও আমি বলছি যে আজ খাদ্য ঘাটতির যে অবস্থাটা সেটা যদি আজ সুসম বণ্টনের ব্যবস্থা করা হত. সেদিকে যদি আজ সরকারের দৃষ্টি থাকত, তাহ'লে দেখা যেত যে এখানে যে টাকা রাখা হয়েছে তার চাইতে অনেক বেশী টাকার প্রয়োজন। কেন এই কথা বলছি? তার কারণ আমরা দেখতে পাই যে, সরকার এবারেও বহু গড়িমসী করে শেষ পর্যন্ত কোন রকমে কিছু ধান purchase করেছেন। Purchase করেছেন কি ভাবে? বিভিন্ন agent নিয়োগ করে। কেন, সরকার কি নিজে খরিদ করতে পারেন না? Co-operative এর মাধ্যমেও purchase করতে পারতেন। কিন্তু তাতো করেন নি কেন করেন নি? ফলে দেখতে পাই কৃষক তার ধানের মূল্য ৯৲ টাকা ১০৲ টাকার বেশী পায় নি। অথচ রেইট যেটা সরকার থেকে declare করা হয়েছিল সেটা ১৩৲ টাকা। যখন কৃষক অর্থ সংকটে পড়েছে. তার অর্থের বিশেষ প্রয়োজন, সে সময়ে কতগুলি agent-এর মারফত তাদের সেই ধান ৯৲/১০৲ টাকা করে কিনে পরবর্তী সময়ে সরকারের কাছে ১৩৲ টাকা করে বিক্রয় করলো। এতে যে সব দুষ্ট ব্যবসায়ী আছে বা যে সব agent-রা দুষ্টবুদ্ধি পরায়ণ তাদের encourage করা হয়েছে বলেই আমার মনে হয় এবং এখানেই আমার আপত্তি। কারণ সরকার নিজেই খরিদ করতে পারেন আর food Inspector ও অন্যান্য staff যারা division-এ আছে তাদের দিয়ে ১৩৲ টাকা করে এবং সেইসব ধান খরিদ করে তার গুদামগুলোতে সংরক্ষণ করতে পারতেন। কিন্তু তা করা হয়নি। তা করলে কিছু লোককে পোষা যাবে না। কাজেই কৃষক মরুক বা বাঁচুক সে দিকে লক্ষ্য রাখার দরকার নেই। এই যে স্বজন পোষণের দৃষ্টিট এটা খুব শুভবুদ্ধি পরায়ণ বলে মনে হয়না।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, essential commodities সম্বন্ধে আমি কয়েকটি কথা বলছি। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বলেছেন যে, essential commodities এর জন্য ৪৫টি মোকদ্দমা করা হয়েছে। কিন্তু সেসব মোকদ্দমার কি হয়েছে সে সম্পর্কে কোন বিবৃতি নেই। আমাদের যতটুকু জানা আছে তাতে মনে হয় যে এই ৪৫টি মোকদ্দমার কোন শাস্তিই হবেনা। কারণ যারা তাদের নিজেদের লোক তাদের বিরুদ্ধে এই মোকদ্দমা এবং এই মোকদ্দমা করতে গেলেই তারা শাস্তি পেয়ে যাবে। সেই case গুলোকে withdraw করার চেষ্টা চলছে। ভেতরে ভেতরে কিছু withdrawal হয়েও গেছে। তাই আমি জানতে চাই সেই ৪৫টি মোকদ্দমার কি হয়েছে?

মুখ্যমন্ত্রী মহোদয় তার বক্তৃতায় স্বীকার করেছেন যে, এক শ্রেণীর মধ্যবিত্ত ব্যবসায়ী লোকের খোলা বাজারে চাউলের মূল্য বৃদ্ধি করবার ঝোঁক দেখা যায়। কিন্তু সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন সে সম্পর্কে কিছু নেই। কঠোর ব্যবস্থাটি যে কি সেকথ বললে তো ফাঁস হয়ে যাবে। কাজেই কথার মার পেচে যদি ঢেকে রাখা যায় তাই ভাল। তারপরে বিভিন্ন দিকে grow more food campaign করতে দেখা যায়। আমরা এই campaignটি সম্পূর্ণ সমর্থন করি। আমরা অস্বীকার করছি না যে grow more food campaign করা হচ্ছেনা। কি রকম করা হচ্ছে তোমরা কৃষি কর, বিভিন্ন জায়গায় চাষ কর, বোরো ধান করো। আজ যে বোরো ধান চাষ করবে সে কোথায় পাবে বীজ ধানটা। বীজের কোন ব্যবস্থা নেই। সময় মত বীজ আসবেনা। তার পরে আলু গতবার আমরা দেখেছি আলুর চাষ করতে বলা হল বীজ আলু দেওয়া হবে সরকারের তরফ থেকে এবং শেষ পর্যন্ত আলু বীজ ও দেওয়া হল, ৬০।৭০ পয়সা করে কেজি নেওয়া হল। সেও আবার নগদ মূল্যে বিক্রীত হবে বাকী দাও কয়েক দিন পরে পয়সা দেওয়া হবে সেসব নয়। কথা হচ্ছে আমরা grow more food campaign কে যদি সফল করতে চাই তাহলে কৃষককে তার প্রয়োজনের সময় সেই বীজটা ধারে হলেও দিতে হবে। আমার কথা হচ্ছে যে সেখানে ধারে দেওয়া হয়নি অনেক এবং কৃষক সেই জন্য আলুর বীজ চাষ করতে পারেননি, তার ইচ্ছা থাকা স্বত্ত্বেও। তারপর আর একটা কথা হচ্ছে যে বীজ দেওয়া হয়েছে তার প্রায় 40% germinate করেছে এবং বাকীটা করেনি পচে গেছে, তার কারণ কি? যদি সরকার বাজার থেকে ভাল বীজ না দেয় তাহলে কৃষক তার চেষ্টা কি করে সফল করবে? তারপর এখানকার আলাপ আলোচনায় দেখা গেল যে বিভিন্ন জায়গায় বোরো ধান করেছে তা জলের অভাবে সব শুকিয়ে গেছে। কৃষকদের পরিশ্রম যেটা সেটা যদি শুকিয়ে যায় তাতে মন্ত্রী মহাশয়রা সুখী হতে পারেন কিন্তু আমরা সুখী হতে পারিনা। কাজেই সমস্ত দিকগুলি বিবেচনা করে বাজেটে অন্তর্ভুক্ত হবে, এটাই অন্ততঃ আমাদের আশা কিন্তু এখানে আমরা কি দেখতে পাই যে কিছু টাকা অন্ততঃ খরচ করতে হবে, তারজন্য কিছু টাকা খরচ কর এবং স্বজন পোষণ করা কাজেই আমি এখানে বলছি যে টাকাটা নাকি শেষ পর্যন্ত রাখা হয়েছে supplimentary বাজেটে সেটাও ঠিক আশানুরূপ নয়। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would call on Shri Monchor Ali.

Shri Monchor Ali, M.L.A.—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand এর সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তৃতা রেখেছেন তা আমি সমর্থন করি কিন্তু cutmotion আমি সমর্থন করতে পারি না। কারণ যে cutmotion তিনি এনেছেন এবং তার সমর্থনে যে বক্তৃতা দিয়েছেন তা ঠিক নয়, সেই হিসেবে তাকে আমি সমর্থন করতে পারি না। তার যদি যুক্তি থাকত তবে নিশ্চয়ই করতাম। আমার একটি কথা হল এই যে ওনারা বক্তব্যে সব সময়ই স্বজন পোষণ ইত্যাদির কথা বলেছেন।

Mr. Speaker—এইগুলি ঠিক এর মধ্যে আসে না। স্বজন পোষণ এখানে আসেনা।

Shri Munchor Ali—তারা যে বক্তব্য বলেছেন তাই আমি বলছি। এই যে কথাটা সেটা ঠিক নয় কারণ আজকে ত্রিপুরা রাজ্যে কংগ্রেস সরকার যখন দায়িত্ব নিয়েছেন তখন প্রত্যেকটি মানুষই আজকে ত্রিপুরা সরকারের স্বজন, একথা কংগ্রেস দলও অস্বীকার করতে পারে না। আর এক জায়গায় বলেছেন যে বীজ ভাল না হলে জমিতে ধান, আলু ইত্যাদি হয়না এবং বীজ যদি ভাল হয় তাহলে ফসল ভাল হয়। তারা এও বলেছেন যে সরকার যে বীজ দেয় তার দর অত্যন্ত বেশী। আমি মাননীয় অধ্যক্ষের মারফতে মাননীয় সদস্যদের বলতে চাই যে ভাল বীজ যদি আনতে হয়, তাহলে দর বেশী হবে, তাতে কোন সন্দেহ নাই। কারণ আমরা যদি ভাল বীজ আনি তাহ'লে দাম বেশী দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় সদস্যদের বলব যে, বাজারে আলুর বীজের দাম যখন ১ টাকা সের ছিল তখন সরকার তার কেজি বার আনা করে দিয়েছেন। এখানে দেখা যায় সরকার যে বীজ দিয়েছেন তার দাম কেজিতে চার আনা কম। কিন্তু কোন কোন যায়গায় সরকারের বীজের দাম বেশী সেটা আমি স্বীকার করি। কিন্তু তাতে সরকার যে জনসাধারণকে ফাঁকি দিতে চাইছেন বলে মাননীয় সদস্যরা যে অভিযোগ করেছেন সেটা সত্য নয়। তারা আরও বলেছেন যে বীজ শতকরা ১০ ভাগ খারাপ সেটা সত্য নয়। কারণ আমি বলব—

(inturruption)

মাননীয় সদস্যকে আমি বলব যে, আমার গায়ের পোষাক দেখলে বুঝা যায় যে আমি গ্রামের সাধারণ গৃহস্থ আর আপনার পোষাক দেখলেই বুঝা যায় যে আপনি ভদ্রলোক। আমি জানি এবং জানি বলেই বলি যে সোনামুড়াতে আমরা দেখেছি যে শতকরা দশ ভাগ বীজ নষ্ট হতে পারে। শুধু সরকারী বীজই নয়, বাজারের যে কোন বীজের মধ্যেও এমন শতকরা দশভাগ নষ্ট হয়। কাজেই এই cut motion এখানে রাখার কোন যৌক্তিকতা আছে আমার মনে হয় না। বীজের কথা যা বলেছেন তা সম্পূর্ণ ভিত্তিহীন।

আর একটি কথা বলেছেন যে কালবাজার একশ্রেণী লোক করে বলে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। কিন্তু যারা কালবাজার করে তাদের কি শাস্তি হয়েছে একথা মুখ্যমন্ত্রী বলেননি। আমি মাননীয় সদস্যকে বলব যে, কালবাজার করে সত্য, কিন্তু ভারতের শাসন ব্যবস্থা ও আইন অনুযায়ী তাদের ধরতে হবে এবং দোষী সাব্যস্ত হলে আইন অনুযায়ী শাস্তি পাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—There is a cut motion tabled by Shri Ramcharan Deb Barma, but he is absent. I would now call on Shrimati Renu Chakraborty.

Shrimati Renu Chakraborty—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 33, 41 এবং 43—এই যে তিনটা Demand এখানে পেশ করা হয়েছে আমি তা সমর্থন করছি। Demand No. 41 এর against এ যে cut motion আনা হয়েছে আমি তার বিরোধীতা করছি। আমি দেখতে পাচ্ছি যে বিরোধীদলের মাননীয় সদস্যরা Demand No. 33 এবং 43 মেনে নিয়েছেন। এখানে যে cut motion আনা হয়েছে তা আমার মতে অযৌক্তিক, কারণ বিরোধীদলের আলোচনা শুনে মনে হয় যে, আমাদের যে একটা Original Budget ছিল তা তারা একেবারেই ভুলে গেছেন। বর্তমানে যে খাদ্যসমস্যা তা আজ সর্বভারতীয় সমস্যা। এই সমস্যা সমগ্র ভারতের অন্যান্য স্থানে যে রূপ ধারণ করেছে সেই তুলনায় আমাদের ত্রিপুরার অবস্থা অনেক সন্তোষজনক। এবং সেই জন্য আমরা এখানকার সরকারকে অভিনন্দন জানাতে পারি। এখানে seeds এর subsidy র কথা বলা হয়েছে। বছরের পর বছর সরকার seedsএর উপর subsidy দিয়ে যাবেন তাতো চলতে পারে না। কারণ subsidy তখনই দেওয়া হয় যখনই একটা programmeকে implement করতে হয়। কারণ মানুষ যাতে ineterested হয়. concious হয়, সেই জন্য subsidy আর্থিক সাহায্য হিসাবে দেওয়া হয়ে থাকে এবং subsidy দেওয়া হচ্ছে। এবং এটা original budget এও ছিল। এখন এই যে supplimentary budget এই বাজেটে প্রয়োজনানুযায়ী যতটুকু অতিরিক্ত দরকার ততটুকুই ধরা হয়েছে। প্রয়োজনানুযায়ী যতটুকু খরচ করা হয়েছে এইজন্য ততটুকুই এই বাজেটে ধরা হয়েছে। সুতরাং মাননীয় সদস্য বুলু কুকী যে cut motion এনেছেন আমি তার বিরোধীতা করছি।

তারপর শ্রীহেমন্ত দেব যে cut motion এনেছেন essential commodities এর Buffer stock সম্বন্ধে, সেটারও আমি বিরোধীতা করছি। কারণ যখন India Government আমাদের Buffer stock এর scheme-টা sanction করেছেন তখন September মাসের মাঝামাঝি। Emergency meet করার জন্যে বা price level-কে minimise করার জন্য সেই scheme টা নেওয়া হয়েছিল। সেই sanction অনুযায়ী ২ মাসের খাদ্য যাতে আমাদের হাতে থাকে তদনুযায়ী একটা account-ও ধর হয়েছিল। সেই account অনুযায়ী আমাদের rice রাখা হয়েছিল ৬ হাজার মেট্রিক টন। Wheat রাখা হয়েছিল ৪০০ Matric Ton, Salt রাখা হয়েছিল ১৩০০ মেট্রিক টন। Sugar 650 Matric ton, Oil রাখা হয়েছিল ৪০০ মেট্রিক টন সেই অনুযায়ী private sector থেকে চাউল, গম চিনি, তেল প্রভৃতি তারা নিজেদের account-এ এই stock রেখেছে। Government-কে কিনতে হয়নি। কিনতে হয়েছে শুধু spices, চাউল এবং Mustard Oil. সে জন্যই যে বাড়তি খরচটুকু হয়েছে, সেইটুকুই মাত্র এই বাজেটে রাখা হয়েছে। আমি তার জন্যই এই বাজেট সমর্থন করি এবং cut motion এর বিরোধীতা করি।

তারপর inadequacy of provision of expenditure for locally procured food grains সম্বন্ধে যে cut motion রাখা হয়েছে তারও আমি বিরোধীতা করছি। কারণ এখানে

Levy system-এ যে procurement করার কথা ছিল সেটা valuntary system-এ করার কথা ছিল। সেইজন্য একটা estimate ও করা হয়েছিল যে কত পরিমাণ procurement করা হবে। কিন্তু Levy system drop হয়ে যাওয়াতে তা করা হয়নি। স্বেচ্ছাপ্রণোদিত হয়ে যারা দিচ্ছে তাদের থেকে এখন আমাদের procurement চলেছে এবং তা সন্তোষজনক ভাবেই চলেছে।

তারপর grow more food সম্পর্কে যে cut motion আনা হয়েছে, সে বিষয়েও আমরা দেখতে পাই যে, ঘরে ঘরে আজ grow more food scheme মানুষের মনে প্রেরণা এনেছে এবং সকলে তা গ্রহণ করে উৎপাদন বৃদ্ধি করছে। Chemical fertilisers, equipments ইত্যাদিতে subsidy দেওয়া হয়েছে এবং সেগুলি দেওয়াতে উৎপাদনও অনেক বেড়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করছি এবং cut motion এর বিরোধীতা করছি। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker— I would now call on the Hon'ble Chief Minister to wind up the debate.

Shri S. L. Singh (Chief Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয় cut motion এই Supplimentary Budget এ আনা হয়েছে। মাননীয় সদস্যরা ভালভাবেই জানেন যে, Supplementary Budget এ যে টাকার অংক ধরা হয়েছে তা committed expenditure. আমাদের Budget এ যে টাকা ধরা হয়েছিল তার অতিরিক্ত যে ব্যয় তা এখানে ধরা হয়েছে। Inadequate ছিল বলেই সেই committed expense সে ক্ষেত্রে পরিবেশ পরিবর্তনের সাথে সাথে হয়েছে, সেইজন্যই সেটা করা হয়েছে। যেমন improved seeds subsidy. উন্নত ধরণের বীজ আনলে তার উপর সাহায্য দিয়ে আমরা কৃষককে সাহায্য করতে পারি। এবং তার সাথে সাথে grow more foodকে জয়যুক্ত করার জন্যে তা করা হয়েছে। কারণ প্রত্যেকটা block এ যারা Head থাকে তারা সেখানকার কৃষকের চাহিদা কি, কত পরিবার, block কমিটির মারফতে তা জানা হয় এবং Agriculture Department এ তা পাঠানো হয় এবং সেই অনুসারেই আমরা ধার্য করে থাকি। অতএব তারা বলতে গিয়ে যা বলেছেন সেটা হ'ল বলতে হবে তাই বলা। কোন যুক্তি তার মধ্যে আছে বলে আমি মনে করিনা।

Inadequate provision of procurement of essential commodities (Buffer stock) Buffer stock সম্বন্ধে inadequate কি করে বলতে পারেন তা আমার ধারণার বাইরে। আমরা মনে করেছি, পাকিস্তানের সাথে যখন গণ্ডগোল সুরু হয় তখন Buffer stock করতে হবে, সেই অনুসারে buffer stock করা হয়েছে, দ্রব্য মূল্যকে সুনিয়ন্ত্রিত করার জন্য এবং communication কি অবস্থা ছিল তাও যে মাননীয় সদস্যরা অবগত নন তা নয়। এই অবস্থায় আমরা জনসাধারণের সাহায্য ও সহানুভূতিতে এই buffer stock করতে পেরেছি এবং মূল্যকে নিয়ন্ত্রিত করতে পেরেছি।

সে জন্য জনসাধারণ যে সাহায্য ও সহানুভূতি দেখিয়েছেন—সে জন্য তাদের ধন্যবাদ জানাই। মাননীয় সদস্যবৃন্দ যারা আছেন তাদেরও একটা বিরাট সহানুভূতি ছিল এবং এখনও সেইভাবে এই সহযোগিতা করবেন যাতে মূল্যমানকে নিয়ন্ত্রিত করে রাখা যায়। আমি তাদিগকে ধন্যবাদ জানাই।

তারপর Inadequacy of provision of expenditure for locally procured food grains. এ জায়গাতে আমি জানাই যে আপনারা জানেন ত্রিপুরা রাজ্য একটা deficit state এবং deficit state থেকে যদি procurement করতে হয় তাহলে সেটা যে sufficient হবেনা তা জানা কথা। অতএব আমরা locally যা procure করেছি তা volutary basis এ করেছি। সেটা বলতে গিয়ে বলা হয়েছে ৯ টাকায় procure করা হয়েছে। এই বিষয়ে যখন আমার সঙ্গে মাননীয় সদস্যদের আলাপ হয় তখন আমি বলেছি যে ঐ টাকায় কে বিক্রী করল এবং কার নিকট বিক্রী করিল এই সব তথ্য যদি ওনারা আমাকে দেন তাহলে দুর্নীতিকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে সাহায্য হবে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কে বিক্রী করিল, কোথায় এবং কাহার নিকট বিক্রী করিল এরকম কোন তথ্য আমার হাতে পৌঁছায় নাই। যাহোক আগামী সোমবার দিন আমি এই বিষয়ে মাননীয় সদস্যদের সঙ্গে এক আলোচনায় বসতে চাই এবং এসম্বন্ধে বিষদভাবে আলোচনা করব যাতে কোন কৃষককে কোন লোক ঠকাতে না পারে। অতএব সেই দিক দিয়ে আমি আশা করব প্রত্যেকটি মানুষ দুর্নীতিকে দমন করার জন্য বদ্ধপরিকর হবে এবং তাহলে ঐসব দুস্কার্য আমরা বন্ধ করতে পারব এবং আমি আশা করি এ বিষয়ে বিরোধীপক্ষের সম্পূর্ণ সহানুভূতি আমরা পাব। এখানে বলা হয়েছে যে Procurementএর যে rate দেওয়া হয়েছে ১০ টাকা ১২ আনা, অতএব সেই জায়গায় যদি কোন লোক ৮ টাকা বা ৯ টাকা দিয়ে থাকে তাহলে সেইটা বেআইনী কাজ করেছেন। মাননীয় সদস্য যদি, কোন agent এই কাজ করেছে, কোথায় করেছেন এই তথ্য দিতে পারেন তা হলে দুর্নীতিদমনের পক্ষে এ কাজ খুব সহায়ক হবে। তারপর বলা হয়েছে ৪৫টি case করা হল, তার কি হল। মোকদ্দমা আমরা Courtএ দিয়েছি, Court কি করবেন না করবেন তা Court এর উপর নির্ভর করবে। অতএব Courtকে হুকুমজারী করার ক্ষমতা আমাদের নেই। আমরা তত্ত্বাবধান করতে পারি। অতএব সেইদিক দিয়ে আমি মাননীয় সদস্যবৃন্দকে দৃষ্টি দিতে বলব। তারপর আর একটা বক্তব্য আমার বাজেটে এ ছিল। সেটা আমি প্রকাশ্যেই বলছি যে সেখানে তাদের একটা ঝুঁক দেখা যায়। ঝুঁক দেখেছ বলেই আমি সেটা করে গেছি এবং আমি আশা করি এই ঝুঁক সম্বন্ধে মাননীয় সদস্যরাও অবগত আছেন। অতএব সেই ঝুকটাকে কি করে কাজের করা যায়. তার পন্থা কি, কি করে সেটা রোধ করতে পারব তারই জন্য এই ইঙ্গিত করা হয়েছে। অতএব সেই দিক দিয়ে আমি অনুরোধ করবো যাতে আমরা এই ঝুঁকটাকে দমন করে ঠিক ঠিক ভাবে এই খাদ্যকে সুনিয়ন্ত্রিত করে জনসাধারণের জীবন যাত্রার মানকে সুস্থ ও সবল রাখতে পারি সেই চেষ্টা যেন করি। তাই আমি এই cut motion এর বিরোধীতা করে আমার যে Demand সেটা House এর সামনে রাখছি। আশা করি House সেটা সর্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr. Speaker—The discussion is over. I would now put the motions to vote. I would put to vote the motion for Demand for Grant No. 33. The question is that a further sum not exceeding Rs. 2,65,200/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 33- Other Miscellaneous compensations and Assignments.

As many as are of that opinion will please say "Ayes".

Voices— 'Ayes"

As many as are of contrary opinion will please say ' Noes".

"Ayes have it. Ayes have it."

The motion is carried. Now I pass on the Demand for Grant No. 41. First I would put to vote the cut motions, First, the cut motion by Shri Bulu Kuki. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on Inadequacy of Provision for distribution of improved seeds at subsidy.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voices—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voices—"Noes"

Noes have it. Noes have it.

Now I would put to vote the cut motion of Shri Hemanta Deb. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on Inadequacy of provision of procurement of essential commodities (Buffer stock).

As many as are of that opinion will please say 'Ayes'.

Voices —'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'

Voices—Noes

'Noes ' have it, 'Noes' have it.

Then I put to vote the cut motion by Shri Sunil Kumar Choudhury. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on Inadequacy of provision of expenditure for locally procured food grains.

As many as are of that opinion will please say 'Ayes',

Voices—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voices—Noes

'Noes' have it, 'Noes' have it.

The motion is lost. Now I put to the main Motion to vote. The question is that a further sum not exceeding Rs, 98,44,600/-. be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No,41—Capital outlay on schemes of Govt. Trading.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voices—'Ayes.'

As many as are of contrary opinion will please say 'Noes'.

'Ayes' have it, 'Ayes' have it.

The Motion is carried. Then I put to vote the Demand for Grant No. 43. The question is that a further sum not exceeding Rs. 3,82,200/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 43—Loans and Advances by the State/Union Territory Governments.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voices—"Ayes"

As many as are of contrary opinion will please say 'Noes'.

Ayes have it. Ayes have it.

The motion is carried. This item of business is finished. Then I take up the next item of business—'Private Members' Business (Resolution). I would call on Shri Birchandra Deb Barma, M. L. A. to move his resolution that this Assembly request the Central Government to apply the Hindu Succession Act, 1956. Hindu Marriage Act, 1955 to the members of Scheduled tribe of Tripura, by proper notification in the official Gazette.

I would now call on Shri Birchandra Deb Barma to start his discussion,

Shri Birchandra Deb Barma, **M. L. A.**— মাননীয় Speaker Sir, এই যে Resolution নিয়ে আসা হয়েছে সেটা Purely legal question. কিন্তু তা সত্বেও আমাদের যথেষ্ট অসুবিধা ফিল করার জন্যই এই Resolutionটা House এর সামনে নিয়ে এসেছি। In Order to

draw the attention of the House and also the Central Government, so that the necessary arrangement may be done in this respect. ব্যাপারটা হয়েছে কি ? Hindu succession Act 1956, চালু হয়েছে perheps from June 1956. Hindu Marriage Act হয়েছে 18th May, 1955 এবং Hindu succession Act 17th June, 1956 এবং দুইটি আইনেরই Section 2 sub-section 2 তে আছে Not with standing anything contained in Sub-section 1. Sub-section 1 বলে যে it will extend to the whole of India except the State of Jammu and Kashmir. এটা whole of Indiaতে apply করবে, Except Jammu and Kashmir. আবার Sub-section 2 বলছে Not with standing anything contained in Sub-section 1 nothing contents in this Act shall apply to the members of scheduled tribes within the meaning of clause 25 article 366 of the Constitution of India unless the Central Govt by notification in the official Gazette otherwise direct, এটা Hindu marriage Actএ ও আছে এবং Hindu Succession Act এর মধ্যেও আছে Section 2 Sub-section 2 not with standing anything contents in the Sub-section 1 nothing contents in this Act shall apply to the members of Scheduled tribes within the meaning of Clause 25 of article 366 of the Constitution unless the Central Govt. by notification in the official Gazette otherwise direct. ফলে দাঁড়াচ্ছে এই যে Scheduled tribes যারা রয়ে গেছে, Constitution এ যাদের define করেছে তাদের উপর এই Hindu Marriage Act, Hindu Succession Act apply করবেনা। Particularly ত্রিপুরা সম্পর্কে আমরা বলি। কেননা আমরা জানি যে, ত্রিপুরাতে Scheduled tribes যারা আছে they are guided by Hindu laws. অবশ্য অন্যান্য স্থানেও Schedule tribes আছে but they are mostly Christians. যারা Christians তাদের কোন difficulty arise করেনা কারণ they are guided by their personal laws. কিন্তু যারা Hindu laws দ্বারা guided হচ্ছেন, আজকে Hindu Marriage Act এবং Hindu Succession আসার ফলেতে একটি anomally দেখা যাচ্ছে যে, বর্ত্তমান যে Hindu Succession Act, Hindu Marriage Act এটা তাদের উপর প্রযোয্য হচ্ছেনা because of Section 2 Sub-section (2). কিন্তু তারা পূর্বে Hindu Act দ্বারা guided হত এবং এখনও হচ্ছে। তবে কি করে হচ্ছে ? না, বর্ত্তমান আইন দ্বারা guided হচ্ছেনা, তবে পুরোণো যে আইন সেই আইনের দ্বারা guided হচ্ছে। Actually that Act is repealed. পুরাণো আইনের যে ক্ষমতা সে ক্ষমতা নেই। কিন্তু vacuum থাকতে পারে না। বর্ত্তমানে যারা scheduled tribes রয়েছে তারাও পূর্ব্বে Hindu law দ্বারা guided হত। বর্ত্তমান আইনের দ্বারা guided হচ্ছে না। কেননা এখানে একটা bar আছে। বলেছে যারা scheduled tribe, unless the Central Government by notification in official gazette otherwise directs তাদের উপর এটা apply করবেনা। কাজেই they

are not guided at present by Hindu Succession Act 1956 and Hindu Marriage Act 1955. কিন্তু তারা হিন্দু। কাজেই how they will be guided? এখন আমরা বলি যে, we are now guided by the old Hindu Law. এর দ্বারা anomally দেখা দিয়েছে। Hindu Succession Act, Hindu Marriage Act সম্বন্ধে অনেক কিছু বলা হয়েছে। তার পক্ষেও অনেক সুবিধা আছে আর বিপক্ষেও অসুবিধা আছে। Because they are Hindus, কাজেই তাদের উপর Hindu Succession Act এবং Hindu Marriage Act প্রযোজ্য হওয়া উচিত। যদি না হয় তাহলে একটা anomally-র সৃষ্টি হয়। যার ফলে আমরা দেখতে পাই যে যদি court এ আমরা একটা case করতে চাই তাহলে সেটা Hindu Succession Act বা Hindu Marriage Act অনুযায়ী হয়না, কেননা this Act is not applicable to the Scheduled Tribes as defined in the Constitution of India. সেই anomally-র জন্য আমি মনে করি যে, আমাদের Central Government এর দৃষ্টি আকর্ষণ করা দরকার যে, তোমরা এই anomally-টা দূর কর যাতে Hindu Succession Act, Hindu Marriage Act Particularly in Tripura Scheduled Tribes-দের উপর apply করে। কাজেই আমার মনে হয় এই যে আইন সংক্রান্ত প্রশ্ন সেটা খুব জটিল প্রশ্ন নয়। এবং এ সম্পর্কে বিশেষভাবে বক্তৃতা দেওয়ার প্রয়োজন পড়েনা। It is only a difficulty সেটা আমরা feel করছি যে, we are Hindus. we were guided by Hindu Laws. বর্তমানেও আমরা guided হচ্ছি হবে এই Hindu Laws দ্বারা guided হচ্ছি না।

এখন পুরাণো Hindu Laws দ্বারা guided হচ্ছি। কাজেই এই anomally দূর করার জন্যই আমি House এর কাছে এই প্রস্তাব রাখছি এবং আমার মনে হয় এই প্রস্তাব সম্পর্কে কোন বিরুদ্ধ মত থাকতে পারেনা। কারণ এই প্রস্তাবে আমরা Central Government-কে request করছি যাতে এই Act গুলো এখানকার Scheduled Tribes-দের বেলাতেও applicable করা হয়। এই বলেই আমি House এর সামনে আমার এই Resolution রাখছি, আশা করি House তা সর্বসম্মতি-ক্রমে সমর্থন করবে।

Mr. Speaker—I now call on the Hon'ble Member Shri Sunil Chandra Datta.

Shri Sunil Chandra Datta— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীবীরচন্দ্র দেববর্মা যে প্রস্তাব এই House এর সামনে রেখেছেন আমি তার বিরোধীতা করি। বিরোধীতা করার প্রথম কারণ এই যে, তিনি যে প্রস্তাবটি House এর সামনে এনেছেন তা আমাদের যা আইন আছে প্রস্তাব আনা সম্পর্কে, সে আইন সম্পূর্ণরূপে মেনে এই প্রস্তাব আনেননি। যদিও এই প্রস্তাব মাননীয় স্পীকার মহোদয় admit করেছেন। আমি মাননীয় স্পীকার মহোদয়কে বলব ......

Shri Atiqul Islam— একটি Point of order আছে স্যার। যে Resolutionটি মাননীয় স্পীকার মহোদয় admit করেছেন সে সম্পর্কে তিনি question করতে পারেন না যে এটা valid নয়।

Mr Speaker.— Yes, it has been admitted by the Speaker.

Shri Sunil Chandra Datta— আমি Clarify করছি। আমাদের Rules of Procedure and Conduct of Businessএ যা আমরা গ্রহণ করেছি তার ১২ নং ধারায় আছে যে, Resolutionএ কি কি জিনিষ থাকবে।

(Interruption)

১নং It shall be Clearly & precisely expressed ;

২ নং It shall not contain arguments and inferences, এই যে প্রস্তাবটি, এটা clearly expressed বলে আমার মনে হয়না, কারণ উনি বলেছেন "This Assembly requests the Central Government to apply Hindu Succession Act, 1956, Hindu Marriage Act, 1955 to the members of the Scheduled Tribes of Tripura". ত্রিপুরার Scheduled Tribes প্রত্যেকে হিন্দু নয়, christian ও Budhist আছেন। তাদের উপর আমরা চাপাতে পারিনা। কাজেই আমার মনে হয়—

(interruption)

What about the Christians ? কাজেই এখানে প্রস্তাবটি থাকা উচিত ছিল Hindu Scheduled Tribes of Tripura. ওটা মাননীয় বীরচন্দ্র দেববর্মা মহাশয় প্রস্তাবে রাখেননি। আর অসুবিধার মধ্যে উনি একটি Pointএর উল্লেখ করেছেন যে এই Act দুটি চালু না হওয়াতে মামলা করতে অসুবিধা হচ্ছে। Inheritence করতে অসুবিধা হয় না। ত্রিপুরাতে বর্ত্তমানে যে Survey Settlement হচ্ছে, তাতে Hindu Tribals যারা তাদের সম্পত্তির record যেভাবে হচ্ছে, মাননীয় সদস্য নিশ্চয় জানেন, যে সেটা Hindu Succession Act অনুযায়ী record করা হচ্ছে। পরিবারের প্রত্যেকেই পিতৃসম্পত্তির অধিকারী যেমন বিধবা স্ত্রী ও কন্যারা সবাই হয়েছেন। কাজেই মামলা করার সুবিধা হয় নাই, আর এজন্য যদি কোন আইন চালু করতে হয় সেটা অন্তত ত্রিপুরার ট্রাইবেলদের পক্ষে মঙ্গলজনক হবে বলে আমিও মনে করিনা।

(Interruption)

মাননীয় সদস্য advocate. কাজেই মামলার কথাটাই উনি চিন্তা করেছেন। Primarily যে কাজটা কেন্দ্রীয় সরকারের সেই সম্পর্কে আমাদের এভাবে একটা প্রস্তাব গ্রহণ করার যৌক্তিকতা আছে বলে আমি স্বীকার করিনা। তাছাড়া ত্রিপুরাতে যেসব ট্রাইবেল আছেন—ত্রিপুরী, রিয়াং, কুকী, চাকমা ইত্যাদি সম্প্রদায়ের লোক ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও আছেন, যেমন আসাম, মনিপুর ও নাগাল্যাণ্ড। কাজেই উক্ত উপজাতী সম্পর্কে কোন প্রস্তাব গ্রহণ করতে হ'লে কেন্দ্রীয় সরকার তা বিবেচনা করবেন। আমাদের এই সম্পর্কে কিছু বলার কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করিনা। কাজেই যে প্রস্তাব ত্রিপুরার সামান্য কিছু সংখ্যক আদিবাসী সম্পর্কে এখানে আনা হয়েছে তা আমি সমর্থন করতে পারিনা এবং এই প্রস্তাবে যেসব বিধি ও আইনের কথা বলা হয়েছে —Hindu Marriage Act, Hindu Succession Act এই দুইটি বর্ত্তমানে আমরা একইভাবে মেনে

চলছি—সদস্য তা বলছেন। অতএব কেন্দ্রীয় সরকার সমান প্রয়োজন অনুভব করবেন এই আইনগুলি সর্বভারতীয় ভিত্তিতে প্রয়োগ করার তখনই এগুলি প্রচলন করা হবে। এজন্য এখানে এইরকম কোন প্রস্ন গ্রহণ করার প্রয়োজন আছে বলে আমি মনে করিনা।

Mr. Speaker :—I would now call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য. শ্রীবীরচন্দ্র দেববর্মা যে প্রস্তাব এখানে এনেছেন সে প্রস্তাবটি সুস্থ যুক্তি সঙ্গত। বিরোধীতা করতে যেয়ে মাননীয় সদস্য সুনীল চন্দ্র দত্ত যে সমস্ত কথাবার্ত্তা এখানে বলেছেন সেগুলি অত্যন্ত আবোল তাবোল, কোন সামঞ্জস্য নাই।

Mr. Speaker—আবোল তাবোল is unparliamentary,

Shri Aghore Deb Barma—Alright. I withdraw it. ব্যাপারটা হচ্ছে এখানে অসুবিধাটা কোথায়। এখন Hindu code Bill. বিশেষ করে ত্রিপুরায় যারা Schedule Tribe তারা এই আইনের আওতায় পড়ে না। এটা হইল আইনের কথা। আর অভিজ্ঞতার মধ্য দিয়ে আমরা দেখি বিবাহের ক্ষেত্রেও দেখি. Hindu code Bill এর মধ্যে একটা নিয়মকানুন, শৃঙ্খলা ইত্যাদি করে দেওয়া হয়েছে। কিন্তু আমাদের পূর্বাপর রাজার আমলের যে সমস্ত আইনকানুন এখানে ছিল তার দ্বারা আমরা সাধারণতঃ এখানে guided হয়ে এসেছি। সেই আইনকানুনগুলি আজকে এখানে বাতিল। একটা কিছুর উপর ভিত্তি করেত আমাদের থাকতে হবে? এগুলি বাতিল, Hindu code Bill এর আওতায় পড়েনা। তাহলে কি করতে হবে। বাস্তব অভিজ্ঞতা দ্বারা আমি বলছি যে আগেও Tribal-দের মধ্যে বহু বিবাহের প্রথা প্রচলিত ছিল, এখনও চলেছে। এটা যে কত খারাপ সেটা আমরা বাস্তব জীবনের অভিজ্ঞতা দ্বারা বুঝতে পারি। কাজেই এই সমস্ত ক্ষেত্রে যখন আইনকানুনের আশ্রয় নেওয়া হয় তখন Hindu code Bill এর আওতায় পড়েনা, কাজেই সেখানে আইনের অক্ষমতা থেকে যায়। এই সমস্ত ক্ষেত্রে আজকে এই আইনটা প্রযোজ্য হওয়া খুবই দরকার। তদুপরি সম্পত্তি সম্পর্কে যে সমস্ত formality যেহেতু আগে চলে এসেছে সেই হেতু এখনও চলবে তার কোন কারণ নেই। কাজেই আজকে যদি সমাজকে সুস্থভাবে গড়ে তুলতে হয় তবে তার নিয়মকানুন শৃঙ্খলা থাকা দরকার। আগে রাজার আমলে যে সমস্ত আইনকানুন ছিল এখন ত্রিপুরায় Assembly হওয়ার পরেই হউক বা যেভাবেই হউক ভারতবর্ষ স্বাধীনতা হওয়ার পরে এগুলি সব repeal হয়ে গেছে। এখন নূতন যে সমস্ত আইনকানুন হয়েছে তার আওতার মধ্যেও পড়বেনা। স্বভাবতই অসুবিধাগুলি দেখা দিচ্ছে। কাজেই এইভাবে বিরোধীতা করার কি অর্থ হয় সেটা আমরা বুঝি না। কারণ এখানে Assemblyতে কোন আইন করার কথাও আমরা বলছিনা, আমরা শুধু একটা অসুবিধার বিষয়ে কেন্দ্রীয় Govt. এর দৃষ্টি আকর্ষণ করতে চাই: এই অসুবিধা হচ্ছে বাস্তব জীবনের মধ্যে। এগুলি বিচার বিবেচনা

করে proper way-তে Gazette Notification করে যাতে এগুলি আওতার মধ্যে আনা যায় তার ব্যবস্থা করার জন্য এখানে শুধু request রাখা হয়েছে। এই request আমরা রাখতে পারি। কারণ এটা আমরা বুঝি আজকে বিরোধী দল যদি একটি ভাল কথাও বলে তবে কোমর বেঁধে ruling party-র বিরোধীতা করতেই হবে। এই গতানুগতিক যে নীতি এই মনোভাব থেকে যদি করে থাকেন তাহলে বলার কিছুই থাকেনা। কাজেই এই resolution যুক্তি সঙ্গত। অতএব আমি মনে করি এই resolution-টি সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করা উচিত।

Mr. Speaker—I would now call on Hon'ble Member Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় নীরচন্দ্র বাবু যে বিলটি এনেছেন সত্যিই এই বিলটি খুবই যুক্তিযুক্ত এবং সৎ উদ্দেশ্য প্রণোদিত। কিন্তু দুঃখের বিষয় আমার মনে হয় অনগ্রসর tribal-দের পক্ষে সময়োপযোগী এবং তার সমাজের পরিবেশের পরিপন্থী, তাই এটাকে আমি সমর্থন করতে পারছিনা। কারণ ভারতের নারী সমাজের যে রাজনৈতিক এবং সামাজিক প্রতিকূলতা এসেছিল এবং তার মূলে আমার মনে হয় আমাদের মাননীয় সদস্য স্বীকার করবেন যে বোম্বেতে, মাদ্রাজে যে নানা রকম আইন হয়েছিল সমস্ত আইনগুলিকে তার vagueness থেকে দূর করে একত্র qualify করে একটা uniform Law করবার উদ্দেশ্য এই Marriage Act এবং Succession Act করা হয়। এই যে Marriage Act এবং Succession Act এর মূল উদ্দেশ্য হচ্ছে যে সচেতন ভারতীয় নারী সমাজের মনে একটা দাগ কাটা। এখন কথা হচ্ছে যে আমরা Hindu Marriage Act যেটা তাতে কি পাই। Tribal is allowed on certain condition Intercaste marriage and সগোত্র বিবাহ। কিন্তু কথা হচ্ছে এই যে, যেখানে সারা ভারতে ২ কোটি ৯৮ লক্ষ ৮৩ হাজার ৪ শত ২৪ জন tribals তাতে আমাদের Central Govt. যখন Parliament-এ এই জিনিষটা pass করলেন তখন এইসব society-র tradition, তার সামাজিক অবস্থা তার sentiment সমস্ত দিকে লক্ষ্য রেখে Sub-schim 2 of Hindu Marriage Act 1955 সামনে রেখে তাঁরা বলেছিলেন যে সময় হলে তার notification করা হবে। এখনও আমাদের এখানে যে আড়াই লক্ষ ট্রাইবেল আছে, তার মধ্যে ত্রিপুরা আছে, হালাম আছে, চাকমা আছে আবার তার মধ্যে ঠাকুর আছেন যারা যে কোন উন্নত শ্রেণীর লোক হ'তেও উন্নত। আমাদের যে কোন উন্নত সমাজের সঙ্গে তাদের তুলনা হ'তে পারে—। আমি এটা স্বীকার করি যে Hindu Marriage Act, Hindu Succession Act তাদের উপরও প্রয়োগ হওয়া উচিত। কিন্তু এখানে এমন লোক আছেন তাদের মধ্যে, যেমন লুসাই রিয়াং আছে, তাদের অনেকে এখনও অগ্নি পূজা করে, পাথর পূজা করে। এই যাদের সমাজের পরিবেশ সেখানে Dhebar Commission স্পষ্ট বলে গেছেন, তাদের যে tradition সেই traditionকে protection দিতে হবে, তাদের own wayতে

3) What are facilities forest villagers are entitled to got ?	i) The Forest Villagers are normally allowed homestead land at the rate of one Kani each and 5 (five) Kanis of lunga land each for wet cultivation.

QUESTIONS REPLIES

ii) Forest villagers and their dependants are allowed to cut, collect and remove sufficient quantity of forest produce for their own use viz—to erect and maintain their houses, for agricultural implements etc. and 10 cart loads of fuel annually free of royalty if they elect to render 5 (five) days free labour annually in lieu of paying royalty.

iii) The Forest Villagers can graze their cattle in the adjacent Reserve Forests free of charge to a limited number.

iv) Each Forest Villager is given a grant of Rs 500/- (Rupees five hundred) only in 2 instalments for reclamation of the land, purchase of bullocks. agricultural implements etc. from Tribal Welfare funds. Other amenities are also provided as detailed below :—

1. Drinking water.
2. Medicine.
3. Radio.
4. Club House, furniture etc.
5. School (by Education Department).

PROCEEDINGS OF THETRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVENRMENT OF UNION TERRITORIES ACT, 1963

MARCH, 21, 1966.

The Assembly met in the Assembly Chamber, Agartala on Monday, the 21st March, 1966 at 11 A. M

PRESENT

The Hon'ble Upendra Kumar Roy, Speaker in the Chair, the Deputy Speaker, the Chief Minister, three Deputy Ministers and twenty one Members.

Mr. Speaker :—First item in the agenda, questions The starred questions. I would call on Shri Atiqul Islam. There is one question bracketed with Shri Sudhanwa Deb Barma.

Shri Atiqul Islam :—247.

The Hon'ble S. L. Singh :—Hon'ble Speaker, Sir, Question No. 247.

Question	Answer
1. Whether Sree Biren Dutta, M. P. and other detenus of Tripura now detained at Hazaribagh Central Jail, Bihar have sent a telegram to the Chief Minister, Tripura to release them to participate in the Civil Defence measures of the Country ;	Yes,
2. If so, whether the Government has taken any decision on the matter ?	Yes.

Shri Atiqul Islam :—May I know Sir what is the decision ?

The Hon'ble S. L. Singh :—On 8th March, 1965 Shri Biren Dutta, M. P. detenue and other detenus detained at Hazaribagh Central Jail sent a telegram to the Chief Minister for their release in view of the impending danger on Tripura due to hostility of Pakistan. Government after carefuly considering the matter have informed that the public moral was high and security means have already been organised.

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন যে বর্তমানে সরকার এইসব বন্দীদের ছাড়বার চিন্তা করছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সিভিল ডিফেন্সসম্বন্ধে এইকথা বলা হয়েছিল যে সিক্স মান্থস পরপর স্ক্রুটিনাইজ করা হয়। তখন সিক্স মান্থস্ পরপর কাকে রিলিজ করা হবে না হবে সরকার সেটা ঠিক করেন।

শ্রীসুধন্ব দেববর্মা :—মাননীয় মন্ত্রীমহোদয়, কি মনে করেন না যে ওদের ছেড়ে দিলে সিভিল ডিফেন্সটা আরও শক্তিশালী হবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি যে সিভিল ডিফেন্স হ্যাজ অলরেডি বিন অর্গানাইজড।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রীমহোদয় কি বলবেন যে তাদের বিরুদ্ধে নির্দিষ্ট কোন অভিযোগ আছে কিনা।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমাদের যে ডিফেন্স অব ইণ্ডিয়া রুল, সেই রুলেই আমরা তাদের রেখেছি।

শ্রীআতিকুল ইসলাম :—বিভিন্ন রাজ্য বিশেষ করে পশ্চিমবংগে যখন নাকি সমস্ত সদস্যকে ছেড়ে দেওয়া হয়েছে তখন এখনও কি মাননীয় মন্ত্রীমহোদয় মনে করেন না যে তাহাদিগকে ছেড়ে দেওয়া উচিত ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি প্রতি ছয়মাস পরপর আমরা কেসগুলি রিভিউ করি। আফটার দ্যাট যাহাদিগকে ছাড়ার দরকার আমরা তাহাদিগকে ছাড়ি।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন যে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বা হোম মিনিস্ট্রি থেকে এমন কোন নির্দেশ এসেছে কিনা যে তারা রিভিউগুলি ৩ মাস পরপর করবেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সেন্ট্রাল গভর্ণমেণ্ট থেকে যখনি নির্দেশ আসে তখনি আমরা তা পালন করি।

শ্রীআতিকুল ইসলাম :—আমি বলছি যে এখন হোম মিনিষ্ট্রি থেকে বলা হয়েছে যে ৩ মাস অন্তর অন্তর সেগুলি রিভিউ করতে হবে। সেই রকম কোন ইনসট্রাকশন এসেছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এটার মধ্যেই নিহিত আছে। নির্দেশ আসলে পরে সেই নির্দেশ অনুসারে কাজ করতে বাধ্য। যতক্ষণ পর্য্যন্ত ইনস্ট্রাকশন না পাই ততক্ষণ পর্য্যন্ত আমরা তা করতে পারি না।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রীমহোদয় কি মনে করেন না যে এইভাবে মেম্বারদের আটকিয়ে রাখার ফলে পার্লামেন্টারী ডেমোক্রেসী সাফার করছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কতগুলি ইমারজেন্সী ব্যাপারে সেটা করা হয়েছে। সর্বনাশে সমুৎপন্নে অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma. The question has been bracketed with questions of Shri Sunil Kumar Choudhury and Shri Dinesh Deb Barma.

Shri Aghore Deb Barma :—248.

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 248.

Questions	Reply
(a) Whether it is a fact that Shri Dasarath Deb, M. P., Shri Nripendra Chakraborty, M. L. A. and Shri Saroj Chanda who are detained under D. I. R are seriously ill and sent to the Medical College at Ranchi for treatment.	No, not seriously ill. For specialised treatment they were sent to Rajendra Medical College Hospital Ranchi and have been returned to Dumka Jail after release from Hospital
(b) If so, whether the Government proposes to release them at least on parole ?	Does not arise.

শ্রীসুশীলকুমার চৌধুরী :—মাননীয় মন্ত্রীমহোদয় জানাবেন কি তাদের কি রোগ হয়েছিল ?

শ্রীবি. দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীদেবের হয়েছিল সাইটিক নার্ভ সিম্পটম সেটা একটা পেইন হত ওয়েস্ট থেকে রাইট লোয়ার লিম্ব পর্য্যন্ত, আর শ্রীচক্রবর্ত্তী ডান কানে একটু কম শুনতেন। was suffering from partial deafness of the right ear. আর ছিল—chronic dysentery, errors of refraction—চোখে দেখতে পেতেন না। আর Shri Shoroj Chanda was suffering from toothache due to dental carrage. উনাদের এই অসুখ হয়েছিল সেজন্য স্পেশ্যালিষ্ট ট্রিটমেণ্ট'এর যে দরকার ছিল এবং উনাদের পাঠান হয়েছিল ; সেখানে ট্রিটমেণ্ট হওয়ার পর উনারা এখন ভাল আছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রীমহোদয় জানাবেন কি যে শ্রীদেবের কোন টি. বি. হয়েছিল কিনা ?

শ্রীবি. দাস :—শ্রীদেবের কোন টি বি হয়নি, সাইটিক নার্ভ সিম্পটম হয়েছিল।

শ্রীআতিকুল ইসলাম :—শ্রীসরোজ চন্দের কি সামনের দাঁত ছয়টি তুলে ফেলে দিতে হয়েছিল ?

শ্রীবি. দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, টুথেক হয়েছিল এবং সেখানে ট্রিটমেণ্ট হয়েছে, দাঁত কয়টা ফেলে দিতে হয়েছে কিনা, এই মুহূর্ত্তে আমার কাছে এই তথ্য নাই।

শ্রীআতিকুল ইসলাম :—তাঁর দাঁত কি আদৌ ফেলতে হয়নি ?

শ্রীবি দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই তথ্য আমার কাছে নাই।

শ্রীআতিকুল ইসলাম :—শ্রীসরোজ চন্দের কি পাইলসের জন্য অপারেশন করতে হয়েছিল ?

শ্রীবি. দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই তথ্য আমার কাছে নেই, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে এই সেশনে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে শ্রীদশরথ দেবের কোন টি. বি. হয়েছিল, আর এখন বলেন হয়নি, কোন কথাটা সত্য মন্ত্রীমহোদয় জানাবেন কি ?

শ্রীবি. দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই হাউসে এই ধরণের কথা বলা হয়নি।

শ্রীআতিকুল ইসলাম :—শ্রীসরোজ চন্দের বাড়ী থেকে ভাতা পাওয়ার কোন পিটিশন করা হয়েছে কিনা ?

শ্রীএস. এল. সিংহ :—শ্রীসরোজ চন্দের মা দরখাস্ত করেছিলেন এবং আমার সাথে দেখা করেছেন এবং আমার সাথে এ-বিষয়ে আলাপ হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—শ্রীসরোজ চন্দকে হায়ার ক্লাসিফিকেশন দেওয়ার জন্য কি গভর্ণমেণ্ট বিবেচনা করেছেন ?

শ্রীএস. এল. সিংহ :—মাননীয় সদস্যদের সঙ্গে আমার আলাপ আলোচনা হয়েছিল, তার ভাতাটা বৃদ্ধি করা চলে কিনা, সেই সম্বন্ধে আলাপ আলোচনা করেছি, এবং মাননীয় সদস্যদের বলেছি যে ইনকাম বেসিসে সেটা দেওয়া হয়, হায়ার ক্লাসিফিকেশন ব্যাপারে যখন বলা হয়েছিল আমি বলেছি সেটা আমি দেখব।

শ্রীসুনীলকুমার চৌধুরী :—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন তারা এখন কোথায় আছেন ?

শ্রীএস এল সিংহ :—আগেই বলা হয়েছে যে তারা এখন ডুমকা জেল'এ আছেন ?

শ্রীআতিকুল ইসলাম :—শ্রীসরোজ চন্দ একটা পত্রিকার সম্পাদক ছিলেন 'ত্রিপুরার কথা' সে হিসাবে কি তিনি হায়ার ক্লাসিফিকেশন পাওয়ার যোগ্য নন ?

Mr. Speaker :—This supplementary is not relevant to this question It is only about the illness of the detenues. This classification question may be taken in another connection

শ্রীসুনীলকুমার চৌধুরী :—মাননীয় মন্ত্রীমহোদয় জানাবেন কি উনাদের স্বাস্থ্য যখন রাঁচি জেলে টিকছেনা তখন উনাদের হাজারিবাগে পাঠানোর কথা চিন্তা করছেন কিনা ?

শ্রীএস. এল সিংহ :—স্বাস্থ্য টিকছেনা ডুমকা জেলে—ডুমকায় টিকবেনা সে রকম কোন কথা নাই। আমরা দেখছি শ্রীদেবের প্রথমে ওয়েট ছিল ১৪৯ পাউণ্ড এখন তার ওযেট হয়েছে ১৫৩ পাউণ্ড, শ্রীচক্রবর্ত্তীর ওযেট ছিল প্রথমে ১০০ পাউণ্ড এখন তার ওয়েট হয়েছে ১২৫ পাউণ্ড, শ্রীসরোজ চন্দর ওয়েট ছিল ৯৯ পাউণ্ড এখন তাঁর ওয়েট হচ্ছে ১১৫ পাউণ্ড, কাজেই ডুমকা জেলে তাঁদের স্বাস্থ্য টিকছেনা তা আমি মানতে পারছিনা।

শ্রীসুধন্ব দেব :—মাননীয় মুখ্যমন্ত্রী কি এই সংবাদ পান নি যে তাঁদের ডুমকা জেলে পাঠিয়ে দেওয়ার পর শ্রীনৃপেন চক্রবর্ত্তী আমাশয় রোগে ভুগছেন এবং দশরথ দেব এম. পি.র ব্যথা এখনও কমেনি ?

শ্রীএস. এল. সিংহ :—এখন বলা হচ্ছে ডুমকা জেলে আমাশয় হয়েছে। আগেই বলা হয়েছে

তার ক্রনিক ডিসেন্ট্রী। অতএব ক্রনিক ডিসেন্ট্রী অনবরত থাকে এবং সেটা বিলাপস করতে পারে—ইট ইজ নট ইন ত্রমকা জেল, সেটা আগরতলায়ও হতে পারে, কলিকাতায়ও হতে পারে। আর শ্রীসরোজ চন্দ তাঁর দাঁত ব্যথা সুতরাং তার ট্রিটমেণ্ট করান হয় এবং সেই অনুসারে ট্রিটমেণ্ট করান হচ্ছে, সেখানে যাওয়ার জন্য এই ডিসীজ হচ্ছে এটা ঠিক নয়।

শ্রীসুনীলকুমার চৌধুরী :—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন ওজন বাড়াটা কি স্বাস্থ্যের লক্ষণ ?

শ্রীএস. এল. সিংহ :—আমরা সাধারণতঃ ওজন বাড়াটাকে স্বাস্থ্যের লক্ষণ বলে মনে করি।

Mr. Speaker :---Shri Sunil Kr. Choudhury.

Shri Sunil Kr. Choudhury :—Starred Question No 296.

Shri B. Das :—Hon'ble Speaker Sir, Question No. 296.

Question	Reply.
1) How many times the Pakistani soldiers have fired in the Belonia and Sonamura sub-divisions during the current year upto October ;	1) During the period from January to October, 1965 Pakistani forces fired towards places within our Belonia and Sonamura sub-divisions on 30 occasions. In 10 cases our forces did not return fire since the firing by Pakistani forces was stray and in small number of round on these occasions. In other cases our forces returned effective fire.
2) If any casualty occured due to firings ?	2) During the firing by Pakistani forces towards our Belonia town on 24. 6 65 one of our sepoys received slight bullet injury. During fire on 14 10. 65 towards Dhanpur area in Sonamura Sub-division one cow of our side was killed by pak bullet.

শ্রীসুনীলকুমার চৌধুরী :—মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে বিলোনীয়া এবং সোনামুড়াতে যে পাকিস্তানী গুলি হয়েছিল তার ফলে ক্ষতির পরিমাণটা কি আমাদের ?

শ্রীবি দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তরে ক্যাজুয়েলটি যা হয়েছে সেটা আমি বলেছি।

শ্রীসুনীলকুমার চৌধুরী :—এছাড়া আর কোন ক্ষতি হয় নাই ?

শ্রীবি. দাস :—আর কোন ক্ষতি হয়েছে কিনা সেই তথ্য আমাদের জানা নেই। নো, আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন যে পাকিস্তানীরা কি ইস্যু নিয়ে এই ফায়ারিং করেছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আশাকরি সকলেই অবগত আছেন কি ইস্যু নিয়ে। মাননীয় সদস্য প্রত্যেকেই জানেন যে চীনের সাথে তাদের প্যাক্ট হয়েছে। অতএব চাইনিজ অ্যাগ্রেশন উত্তর দিকে আছে অতএব তারা যে কোন মুহূর্তে একটা জায়গাতে গণ্ডগোল সৃষ্টি করে সেটাকে যুদ্ধে রূপান্তরিত করার একটা প্রচেষ্টা করেছিল। তা আমরা দেখতে পাই পাকিস্তানের কাশ্মীর, পাঞ্জাব, রাজস্থান, বাংলা, আসাম এবং ত্রিপুরা বর্ডারের মধ্য দিয়ে। অতএব সেটা হল ওয়ান পারপাস।

শ্রীআতিকুল ইসলাম :—তাসখন্দ চুক্তি হওয়ার পর আমাদের বর্ডারে কি পাকিস্তানীরা কোন ফায়ারিং করেছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এই ব্যাপারে আমাদের জানা নেই।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—337.

Shri M L Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No 337.

Question

1. Is it a fac that the building which is now being used for holding the office of the Inspector of Schools, Dharmanagar was constructed for the Jr Basic Schools (Dharmanagar Town Pathasala).

2. If it be so, should the office of the Inspector of Schools be removed somewhere else within Dharmanagar Town to provide proper facilities of education to the children ?

The office of the Inspector of Schools, Dharmanagar will be shifted when suitable building on rent basis or some land for acquisition for construction of building for the office of the Inspector of Schools, Dharmanagar is made available.

The facilities of education to the children of Dharmanagar Town Pathsala have not been curtailed as the classes of the same are being held in the morning in the premises of the Dharmanagar Girls' High School.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রীমহোদয় কি বলবেন যে ইনস্পেক্টরেট অব স্কুলসের অফিস রিমোভ করার জন্য কোন চেষ্টা করা হয়েছে কিনা ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দুই নম্বর প্রশ্নের উত্তরে বলা হয়েছে যে যখনি আমরা কোন বিল্ডিং অন রেণ্ট বেসিসে পাব অথবা কোন জমি অ্যাকুইজিশান করতে পারবো তখ'ন আমরা এটা সরিয়ে নেব এবং তার জন্য চেষ্টা করা হচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রীমহোদয় কি বলবেন যে কোথায় কোথায় চেষ্টা করা হচ্ছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানেন যে টাউনে অনেক বাসা আছে যেগুলি ইনস্পেক্টরেট অব স্কুলসের অফিসে জন্য ভাড়া দিতে প্রস্তুত আছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—Hon'ble Speaker, Sir, Government of Tripura. Education Department may not consider those buildings suitable for the office of the Inspector of schools

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রীমহোদয় বলবেন কি যখন স্কুল ঘরটা হয়েছিল তখন কি প্রয়োজনীয়তা বোধ করেছিলেন ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—প্রয়োজনীয়তা বোধ করেছিলাম বলেই এই স্কুলটা করা হয়েছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রীমহোদয় বলবেন কি এই স্কুল ঘরের যখন প্রয়োজনীয়তা বোধ করেছিলেন তখন এই ছাত্রদের কোথায় পড়ানো হত ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এখন কথা হল যে, ইনসপেক্টরেট আছে যে স্কুলটাতে সেই স্কুলটাও বর্তমানে যদি স্কুলে রূপান্তরিত হয় তা হলেও যে ছাত্র আছে সেটা সংকুলান মোটেই হবে না। অতএব সেটার এক্সটেনশান করতে হবে। সেই এক্সটেনশান না করা পর্যান্ত আমরা যদি মিয়ার শিফটিং করি দেন ইট উইল কার্টেল দি এডুকেশন ফেসিলিটিজ হুইচ দে আর নাউ গেটিং ইন ধর্মনগর। অতএব সেই দিকে লক্ষ্য রেখে আমরা চিন্তা করছি যে কি করে সেটা বৃদ্ধি করা চলে এবং যদি কোন জায়গার সন্ধান মাননীয় সদস্যরা বলে দিতে পারেন যে এই জায়গাতে কোন খালি জায়গা আছে এবং খাসের ল্যাণ্ড আছে, তাহলে আমরা সেটা দেখতে পারব। তবে আমাদের দৃষ্টি রাখতে হবে যে ইনস্পেক্টরেট করতে হলে মানি ট্রেন্সফেক্শান হবে। এটা যদি ফার অফ ফ্রম দি ট্রেজারী হয় তাহলে আমাদের ডিফিকালটি নানা দিক দিয়ে হবে। অতএব সেই দিক দিয়ে লক্ষ্য রেখে আমরা মাননীয় সদস্যবৃন্দকে অনুরোধ করব যদি এইরকম সুইটেবল্ প্লেস পান এবং আমাদিগকে জানান তাহলে ইমিডিয়েটলী সেই সমস্ত জায়গাতে আমরা বিল্ডিং তৈরী করার জন্য চেষ্টা করব। আর এইরকম যদি কোন বিল্ডিং থাকে সুইটেবল্ ফর অফিস অব দি ইনসপেক্টরেট তাহলেও আমাদের সেটা থেকে ক্ষান্ত থাকার কোন কারণ নাই। তবে একটা মাত্র ডিফিকালটি অ্যারাইজ করে সেটা হল পারসেন্টেজ যেটা আছে। সেটা কস্ট অব বিল্ডিং এর উপর নির্ধারিত করেই করা হয়। অতএব যতক্ষণ পর্য্যন্ত এ' আইনটা আছে এবং রুলস আছে ততক্ষণ পর্যান্ত করতে গেলে পরে একটা ডিফিকালটি আমাদের ফেস করতে হয় এবং সেজন্য হয়ত সেই সমস্ত কারণ হতে পারে যার জন্য আমরা সেটা করতে পারিনি।

শ্রীমনোরঞ্জন নাথ :—ছেলেমেয়েরা গার্লস হাইস্কুলে মর্নিং সেকশনে লেখাপড়ার অসুবিধা বোধ করছে কিনা মাননীয় মন্ত্রীমহোদয় ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, অসুবিধা বোধ করছে বলে আমরা মনে করি না।

শ্রীমনোরঞ্জন নাথ :—আমি বলছি মর্নিং সেসন হওয়ার পরে এই ছেলেমেয়েদের পড়াশুনার অসুবিধা হচ্ছে কিনা ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় মর্নিংই পড়াশুনার উপযুক্ত সময়।

শ্রীমনোরঞ্জন নাথ :—তাহলে মাননীয় মন্ত্রীমহোদয় কি সমস্ত ত্রিপুরার স্কুলে মর্নিং সেসন করে দেবেন ?

Mr. Speaker :—It is not necessary. Shri Sunil Ch. Dutta.

Shri Sunil Ch. Dutta :—504.

Shri M.L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 504

Question	Reply
1. What is the number of Christians in Tripura Sub-Division-wise showing tribals and non-tribals seperatly ;	(see table below)

Name of Sub-dvn.	Number		
	Tribals	Non-tribals	Total
Sadar	755	388	1143
Khowai	233	1	234
Kamalpur	812	8	820
Kailasahar	2079	1	2080
Dharmanagar	4170	28	418
Sonamura	4	9	13
Udaipur	809	3	812
Amarpur	555	6	561
Belonia	161	17	178
Sabroom	nil	nil	nil
Total :	9,578	461	10,039

Question	Reply
2. Whether some missioneries having link in foreign countries are working among the Christians for creating separatist movement in them similar to that of Nagaland.	No such information is available
3. if so, whether such anti-Indian activities of the foreign missioneries will be stopped ?	Does not arise.

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রীমহোদয় যে সংখ্যা এখানে বললেন খৃষ্টানদের সেটা কি ১৯৬১ সালের ফিগার ?

Shri M. L. Bhowmik :—Yes, according to census of 1961

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—বর্তমানের সংখ্যাটা বলার কোন সুযোগ আছে কিনা, বলা সম্ভব কিনা ?

শ্রীএম. এল. ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই মুহূর্তে এ্যাক্যুরেট নাম্বারটা বলা সম্ভব নয় ।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—খৃষ্টানদের সংখ্যা ত্রিপুরাতে দ্রুত বেড়ে যাচ্ছে এই খবরটা মাননীয় মন্ত্রীমহোদয়'এর জানা আছে কিনা ?

শ্রীএম এল. ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই খবরও এক্ষণে আমাদের দেওয়া সম্ভব নয় ।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—১৯৫১ সেন্সাসে খৃষ্টানদের সংখ্যা কত ছিল ?

শ্রীএম. এল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কম্পেরেটিভ ফিগার আমাদের কাছে নেই এখন, আমরা পরে হাউসকে এটা দেব ।

শ্রীএর্সাদ আলি চৌধুরী :—মাননীয় মন্ত্রীমহোদয় উদয়পুরে যে ৮০৯ জন ট্রাইবেলস আছে এদের মধ্যে কোন সম্প্রদায় বেশী, রিয়াং না গারো ?

শ্রীএস. এল সিংহ :—কম্যুনিটি ওয়াইজ বলা খুব শক্ত, সেটা আমরা বলতে পারবনা, খৃষ্টানস ট্রাইবেলস এবং ননট্রাইবেলস সেই অনুসারে সেটা করা হয়েছে অতএব সেটার যে সংখ্যা ছিল সেটা এখানে বলা হয়েছে ।

শ্রীআতিকুল ইসলাম :—মিশনারীজরা যে খৃষ্টান ধর্ম প্রচার করছেন সেটা কি সংবিধান বিরোধী ?

শ্রীএস. এল সিংহ :—কোন ধর্ম প্রচার করাই সংবিধান বিরোধী নয় ।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—১৯৬১ সেনসাস ফিগারে টোট্যাল নামবার অব খৃষ্টান'এর ফিগার দেওয়া সম্ভব কিনা ?

শ্রী এম. এল. ভৌমিক :—কোন ফিগার বর্ত্তমানে দেওয়া এখানে সম্ভব নয় ।

শ্রীপ্রমোদ রঞ্জন দাস গুপ্ত :—মিশনারীজরা খৃষ্টান ধর্ম প্রচারে সঙ্গে সঙ্গে পলিটিক্যাল এ্যাকটি-ভিটিজ যদি করে তাহলে সেটা কি সংবিধান বিরোধী নয় ?

শ্রীএম এল. ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মিশনারীজরা ধর্ম প্রচার করেছে বলেই আমাদের ইনফর্মেশন, তবে কোন পলিটিক্যাল এক্যাটিভিটীজের ঝুঁকি যদি নেয়, সেই সম্বন্ধে আমরা লক্ষ্য রাখছি ?

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— মিশনারীজরা এইসব আদিবাসীদের বুঝবার চেষ্টা করেছে যে তারা ভারতীয় নয়, এই খবর মন্ত্রীমহোদয় রাখেন কিনা ?

শ্রীএস. এল. সিংহ ঃ— আমরা আগেই বলেছি যে no such information is available, অতএব সেই জায়গায় আমরা এটা বলতে পারবনা। তবে এটা ঠিক যে যেকোন ধর্মাবলম্বী লোক পলিটিকস করতে পারে, তাতে কোন বাধা নাই। খৃষ্টান পলিটিকস করতে পারে, হিন্দু পলিটিকস করতে পারে, মুসলিম পলিটিকস করতে পারে, জৈন করতে পারে। পলিটিকস করলে পরে সেটা বে-আইনি হবে এই রকম কোন কথা ভারতীয় সংবিধানে নেই। অতএব ধর্মগত ভিত্তিতে, সমাজগত ভিত্তিতে, যে কোন ভিত্তি নিয়ে পলিটিকস তারা করতে পারে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— ত্রিপুরাতে ফরেন মিশনারীজ কতজন আছে এবং ন্যাশনালিটি কি ?

শ্রীএস. এল সিংহ ঃ— এখানে নিউজিল্যাণ্ডের মিশনারীজ আছেন ২৩ জন, তারা অকল্যান্ডনগর আছেন, আর ক্যাথলিক আছেন ৩ জন।

Mr. Speaker :— Shri Gopesh Ranjan Deb.

Shri Gopesh Ranjan Deb :— Starred Question No. 509

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No 509

Question :	Reply :
1. The reason of non-fixation of pay scale of untrained Graduate teachers and under-graduate classical teachers.	Scales of pay in respect of the untrained graduate teachers and under graduate classical teachers have not yet been sanctioned by the Govt. of India. The matter has, however, been taken up with the Govt. of India through the finance Dept. of Tripura Govt.

শ্রীগোপেশরঞ্জন দেব ঃ— মাননীয় মন্ত্রীমহোদয় কি বলবেন যে এই ব্যাপারে ভারত সরকারের কাছে কবে লেখা হয়েছে ?

শ্রীএম. এল. ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই মুহূর্ত্তে ডেটটা বলা সম্ভব নয়, তবে যখন পে-স্কেল রিভিশন হয়েছিল তখন থেকেই এটার চেষ্টা করা হচ্ছে।

শ্রীগোপেশ রঞ্জন দেব ঃ—মাননীয় মন্ত্রীমহোদয়, কি জানেন যে একজন মেট্রিক পাশ প্রাইমারী টিচার যে বেতন পান, একজন মেট্রিক পাশ কাব্যতীর্থ উপাধিপ্রাপ্ত পণ্ডিত তার চেয়ে অনেক কম বেতন পান ?

শ্রীএম. এল. ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের সঙ্গে এটার কোন লিংক আছে বলে আমার মনে হয় না, তবে মেট্রিক পাশ একজন প্রাইমারী টিচার থেকে একজন মেট্রিক পাশ সংস্কৃত টাইটল প্রাপ্ত পণ্ডিত কম বেতন পান সেটা হতে পারে কারণ তাদের পে ফিক্সেশন এখনও হয়নি এবং সেটা পরে হবে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আনট্রেণ্ড গ্রেজুয়েটদের ট্রেনিং দেবার দায়িত্বকার, সেটা কি গভর্ণমেণ্টের না তার নিজের ?

শ্রীএম. এল. ভৌমিক ঃ—সেটা গভর্ণমেণ্টের দায়িত্ব, মাননীয় অধ্যক্ষ মহোদয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ—ট্রেণ্ড করে দেওয়ার দায়িত্ব যদি গভর্ণমেণ্টের হয়ে থাকে তাহলে গভর্ণমেণ্টের ফল্টসের জন্য তারা সাফার করবে কেন ?

শ্রীএম. এল. ভৌমিক ঃ—গভর্ণমেণ্ট ক্রমে ক্রমে আনট্রেণ্ড গ্রেজুয়েটদের ট্রেনিং এর ব্যবস্থা করছেন, যারা যারা ট্রেনিং পাচ্ছেন তাদের সেই পে-স্কেল দেওয়া হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রীমহোদয় কি জানেন যে ট্রেনিং সেণ্টারে আমাদের সীট সংখ্যা কম বলে তারা ট্রেনিং দিতে পারছেনা এবং যে হারে ট্রেনিং দেওয়া হচ্ছে তাতে কয়েক যুগ পরেও সব টিচারসকে ট্রেনিং দেওয়া শেষ হবেনা ?

শ্রীএস. এল. সিংহ ঃ—এই জায়গাতে যখন ট্রেনিং দেওয়া হয় তখন টিচার্সদের তরফ থেকে অসুস্থতা সম্পর্কে নানারকম পিটিশন আমরা পাই যার ফলে আমাদের সে সমস্ত গ্রাউণ্ড দেখতে হয়। সে সমস্ত গ্রাউণ্ড দেখে তাদেরকে ট্রেনিং থেকে বাদ দিতে হয়। অতএব আমরা ট্রেনিংএ দিলে পরেই তারা সকলে যাবে এই রকম কোন কথা নেই। তবে যারা যায়, তারা গেলে পরে আমরা সেটাকে সুচারু ভাবে সম্পন্ন করি। এখানে বেসিক ট্রেনিং কলেজ আছে, গ্রেজুয়েট ট্রেনিংএর জন্য ব্যাবস্থা করা হয়েছে, সেটা আমরা চালিয়ে আসছি তবে ডিফারেণ্ট কজ হতে পারে যার ফলে হয়ত টিচার্সরা যান না, এই অবস্থা হতে পারে। সীট আমাদের সংকুলান হচ্ছেনা এইরকম কোন তথ্য আমাদের কাছে নেই। আমাদের সীট আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রীমহোদয় জানাবেন কি যে বি. টি কলেজে সীট নাম্বার কত ?

শ্রীএস. এল. সিংহ ঃ—I Demand notice of it Just now I can not say the acurate number.

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রীমহোদয় কি বলতে পারেন ত্রিপুরাতে আমাদের আনট্রেণ্ড গ্রেজুয়েটদের নাম্বার কত ?

Shri S. L. Singh :—I demand notice.

মিঃ স্পীকার ঃ— শ্রীমুনছর আলী।

শ্রীমুনছর আলী ঃ—প্রশ্ন নাম্বার ৫২৩।

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্ন নং ৫২৩।

প্রশ্ন	উত্তর
ত্রিপুরা রাজ্যে কতগুলি সিংগল টীচার স্কুল আছে ?	৩১/৩/৭৫ ইং তারিখ পর্য্যন্ত ত্রিপুরা রাজ্যে সিংগল টীচার স্কুলের সংখ্যা ৫৮২

শ্রীমুনছর আলী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই সমস্ত স্কুলে টীচার আরও পড়ানোর চিন্তা তাঁদের আছে কিনা ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, নাম্বার অব স্টুডেণ্ট জাস্টিফাই করলেই সে জায়গায় টিচারের সংখ্যা বাড়িয়ে দেওয়া হবে।

শ্রীমুনছর আলী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে সমস্ত স্কুলে সিংগল টীচার আছে সে সমস্ত স্কুলের ছাত্রদের লেখাপড়া ঠিক ভাবে হচ্ছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সিংগল টীচারস্ স্কুল যেখানে শিক্ষা দপ্তর দিয়েছেন সেখানে ছাত্রসংখ্যা অনুপাতে দেওয়া হয়েছে এবং সেখানে লেখাপড়া হয় বলেই তার ব্যবস্থা করা হয়েছে ।

শ্রীমুনছর আলী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করছি ছাত্রসংখ্যা অনুপাতে সেটা রদবদলের কোন চিন্তা তাঁদের আছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের যে রেশিও সেই রেশিও অনুসারে কোন চেষ্টা করা হয়নি। যদি প্রয়োজন হয় তাহলে ভবিষ্যতে আমরা করব।

শ্রীমুনছুর আলী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় মনে করেন কিনা যে, যে সমস্ত স্কুলে একজন করে শিক্ষক আছেন তাদের দিয়ে ছাত্রদের লেখা পড়া ঠিকভাবে হচ্ছেনা এবং অনেক সময় অসুখ বিসুখ বা তাদের ছুটির দরুণ স্কুল এমনিতেই বন্ধ থাকে। আবার কোন কোন সময় এই রকম দেখা যায় যে স্কুল সেক্রেটারীর সংগে যোগাযোগ করে শিক্ষক মহাশয় মাসে ১৫ দিন স্কুল করেনা এই রকম কোন খবর রাখেন কিনা ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যদি এই রকম খবর দেন যে, কোন স্কুল সেক্রেটারীর সংগে যোগাযোগ করে কোন শিক্ষক স্কুলে থাকে না তবে নিশ্চয়ই আমরা ব্যবস্থা গ্রহণ করব। তবে কোন শিক্ষক অসুস্থ হতে পারেন এবং অসুস্থ হলে পরে পার্শ্ববর্তী স্কুল থেকে টীচার ডিপুট করা হয়।

শ্রীআব্দুল ওয়াজিদ ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সিংগল টীচার স্কুলে কতটা ক্লাসের ছাত্রদের পড়ানো হয় ?

Mr Speaker :—It is a known fact. It is not the subject matter of question.

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে হোয়াট ইজ দি রেশিও অব টিচার্স ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ—৪০ : ১ রেশিও।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ত্রিপুরা রাজ্যে যত প্রাইমারী স্কুল আছে সমস্ত স্কুলে কি এই হারেই মাস্টার দেওয়া হচ্ছে ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয় মোটামুটি আমরা এই রেশিও ফলো করছি।

Mr. Speaker:—Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta :— **664.**

Shri S. L. Singh :— Hon'ble Speaker Sir, Question No **664.**

Question	Answer
1. Whether any proposal has been submitted to the Government of Tripura by the Apex Marketing Co-operative Society to purchase paddy from the different areas through Marketing Societies during 1965-66 ; 2. if so, the date of the proposal made by the Apex and the permission given by the Govt. of Tripura ; 3. whether any area has been allotted to the Apex for purchsing the paddy ?	এইরকম কোন প্রোপোজাল তারা আমাদের কাছে দেয়নি। আমরা তাদের কাছে চেয়েছিলাম অ্যাপেক্স এবং অন্যান্য সোসাইটির প্রত্যেকের কাছে আমরা চেয়েছি যে তারা চাউল এবং ধান ক্যারী করতে পারবে কিনা, প্রকিউর করতে পারবে কিনা ? তারা তাদের ইনএবিলিটি জানিয়েছে ওয়িং টু দি ফান্ডস্ ডেফিসিট্। অতএব এই হল কথা এবং তারপর আর কোন কিছু এই সম্বন্ধে হয় নি।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশ গুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ৩-১২-৬৫ তারিখে ফুড সেক্রেটারীর নিকট থ্রু এ, ডি, এম, ফুড অ্যাপেক্স মার্কেটিং কোঅপারেটিভ থেকে স্কীম সহ প্রপোজাল প্যঠানো হয়েছিল কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সেটা তাঁরা করেছিলেন। ডিরেক্টার অব কো-অপারেটিভের সাথে তাদের যখন আলোচনা হল তারা ইন-এবিলিটি জানালেন যে তারা পারবেন না।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশ গুপ্ত :—মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় জানাবেন কি যে তাদের প্রস্তাবে এই রকম কোন কিছু ছিল কিনা যে তাদের নিজের টাকা দিয়ে যদি তাদের প্রকিউর করতে হয় ২৫ লক্ষ টাকা পর্য্যন্ত তারা ইনভেস্ট করতে পারে। তবে ব্যাঙ্ক ইনটারেস্ট সাড়ে সাত টাকা প্লাশ পার মনড ২ টাকা কমিশন গভর্ণমেণ্ট বীয়ার করবেন। এই রকম রিকোয়েস্ট করে কোন প্রস্তাব দিয়েছিল কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমরা এই রকম কোন কিছু দিতে পারব না। কারণ ইট ইজ এ সেণ্ট্রাল ব্যাঙ্ক পলিসি। অতএব সে জন্য এই রকম কোন গ্যারাণ্টী আমরা তাদের দিতে পারি না এবং দেওয়া সম্ভব নয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—তাদের দরখাস্ত মূলে ফেব্রুয়ারী মাসে তাদের লাইসেন্স ইস্যুকরা হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আমার সেটা জানা নেই। তবে আমি জেনে সেটা বলতে পারব।

শ্রীপ্রমোদরঞ্জন দাস গুপ্ত :—মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি লাইসেন্স ইস্যু করার পর তাদের পারমিটদেওয়া হয়েছে কিনা সদর, ধর্মনগর, কৈলাসহর, কমলপুরে প্যাডি প্রকিউর করবার জন্য ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—সেটা আমি জানি। তারা রিসেণ্টলী বলেছিলেন যে আমরা প্যাডি প্রকিউর করতে চাই ফ্রম বিলোনীয়া। তখন আমি বলেছি যে বিলোনীয়াতে তারা গভর্ণমেণ্ট প্রকিউর করছে সেজন্য সেখানে দিতে পারিনা। তার কারণ তারা আগেই ডিনাই করেছেন যে তারা করবেন না। অথচ এই মুহূর্তে সেটা বলার কি কারণ থাকতে পারে আমি বুঝতে পারি না।

শ্রীপ্রমোদরঞ্জন দাস গুপ্ত :—এটা সত্যি কিনা যে প্রথম যে লাইসেন্স ইস্যু করা হয়েছিল তখন অল ওভার ত্রিপুরা কোন রেষ্ট্রিকশান ছিল না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—রেস্ট্রিকশন তখনি এল যখন আমরা লেভি করার জন্য প্রস্তুত হলাম। তখন আমরা অন্য কাউকেই পারমিট দিতে পারিনা। গভের্ণমেণ্ট সেখানে যখন লেভি করছেন, ক্যারিং এর জন্য এজেণ্ট নিযুক্ত করছেন, সেই অনুসারে টেণ্ডার চেয়েছেন, যারা যারা টেণ্ডার দিয়েছেন তাহাদিগকে আমরা দিয়েছি।

Mr. Speaker :—Shri Sudhanwa Deb Barma.

Shri Sudhanwa Deb Barma :—679.

Shri S.L. Singh:—Hon'ble Speaker, Sir, Question No. 679.

Question	Answer.
(a) Whether it is a fact that the tribal girls boarding house at Khowai town has been shifted to the Tripura State Congress president's House ;	No.
(b) if so, what amount does the State Congress president receive rent of his house ?	Does not arise.

শ্রীসুধন্ব দেববর্ম্মা :—এখন যে গার্লস বোর্ডিং আছে তার কোন ঘর আছে কিনা ?

শ্রীএস. এল. সিংহ ঃ—তারা ঘরেই আছে, বাইরে নয়।

শ্রীসুধন্ব দেববর্ম্মা ঃ—কোন ঘরে আছে, সরকারী ঘরে না রেনটেড হাউসে ?

শ্রীএস. এল সিংহ ঃ—রেনটেড হাউসে আছে।

শ্রীসুধন্ব দেববর্ম্মা ঃ—রেণ্ট কত দেওয়া হয় ?

শ্রীএস. এল. সিংহ ঃ—১৫০ টাকা।

শ্রীসুধন্ব দেববর্ম্মা ঃ—সেই ঘরের মালিক কে ?

শ্রীএস. এল. সিংহ ঃ—যদুপ্রসন্ন ভট্টাচার্য্য, খোয়াই ।

Mr. Speaker :—Next Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :—246

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 246

Question	Reply
1) Whether there is a citizen Council in Tripura ;	Yes.
2) if so how the said Council has been formed ?	The Citizens Council has been formed with Prominent citizens from all walks of life .

শ্রীআতিকুল ইসলাম :—সিটিজেন কাউন্সিলে অপজিশন এম. এল. এ'সদের নেওয়া হয়েছি কিনা বলবেন কি ?

শ্রীএস এল. সিংহ :—এই কাউন্সিলে আছে—শ্রীএস. এল. সিংহ, শ্রীসেন গুপ্ত, শ্রীইউ. কে রায়, শ্রীভৌমিক, ডাক্তার বি. দাস, শ্রীআর. পি. চৌধুরী, শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য, শ্রীসুনীল চন্দ্র দত্ত, শ্রীপ্রফুল্ল কুমার দাস, শ্রীমনোরঞ্জন নাথ, এম. এল, এ, শ্রীগোপেশ রঞ্জন দেব, শ্রীকরুনাময় নাথ চৌধুরী, শ্রীরাজকুমার কমলজিত সিং, শ্রীনিশিকান্ত সরকার, শ্রীমতী রেনু চক্রবর্ত্তী, শ্রীআবদুল ওয়াজিদ, শ্রীমনসর আলি, শ্রীদশমী রিয়াং, শ্রীপ্রমোদরঞ্জন দাসগুপ্ত, শ্রীযদুপ্রসন্ন ভট্টাচার্য্য, শ্রীপ্রিয়দাস চক্রবর্ত্তী, শ্রীবীরচন্দ্র দেববর্মা ইত্যাদি ।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এই সিটিজেন কাউন্সিলে কংগ্রেস এম এল. এ'সদের সকলকেই নেওয়া হয়েছে আর ওপজিশন থেকে শুধু বীরচন্দ্র দেববর্ম্মাকে নেওয়া হয়েছে, তার কারণ জানতে পারি কি ?

শ্রীএস. এল. সিংহ :—কারণ কিছুইনা,প্রমিনেণ্ট সিটিজেন যারা ছিল তাদের আমরা নিয়েছি ।

শ্রীআতিকুল ইসলাম :—স্যার কংগ্রেস মেম্বাররা সকলেই প্রমিনেণ্ট ? আর ওপজিশন'এর মধ্যে.............

শ্রীএস এল সিংহ :—আমরা কংগ্রেস এম. এল. এ হিসাবে নেইনি, কংগ্রেস, এম এল. এ হলেই নিতে হবে, কম্যুনিষ্ট হলে নেবনা তার কোন কথা নেই ।

শ্রীআতিকুল ইসলাম :—কংগ্রেস এম. এল. এ সকলকেই নেওয়া হয়েছে সিটিজেন কাউন্সিলে কিন্তু ওপজিশন থেকে একমাত্র বীরচন্দ্র দেববর্মাকে ছাড়া আর কাউকেই নেওয়া হয়নি । মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন সিটিজেন কাউন্সিল করার উদ্দেশ্য কি ?

শ্রীবি. দাস :—সিটিজেন কাউন্সিল করার উদ্দেশ্য ছিল —

1) Raising contribution towards National Defence Fund and National Defence Loans.

2) Encouraging the people to join the Homeguards and the National Volunteer Force.

3) Encouraging people in the rural areas to form Defence parties.

4) Encouraging the people to join in all measures of civil defence under taken by the Government.

5) Keeping up the public morales and countering mischievous rumours

6) Volunteery price control and antigrouping and anti-profiteer-ing measures.

7) Organising amenities for troops.

শ্রীআতিকুল ইসলাম :—সেণ্ট্রাল সিটিজেন কাউন্সিল কি এই ই-স্ট্রাকশন দেননি যে প্রত্যেক স্টেট'এ সিটিজেন কাউনসিল করার সময়ে সকল দলের লোককে নিয়ে সেটা করা উচিৎ ?

শ্রীএস. এল. সিংহ :—দলমত নির্বিশেষে সমস্তকে নিয়েই করা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—জনসংঘের প্রেসিডেণ্টকে নেওয়া হয়েছে, কম্যুনিষ্ট পার্টির সেক্রেটারীকে নেওয়া হয়নি কেন ?

শ্রীএস এল. সিংহ :—আমরা দলমত নির্বিশেষে সকল দল থেকেই নিয়েছি, কম্যুনিষ্ট মেম্বারও সেখানে আছেন।

শ্রীআতিকুল ইসলাম :—আমার প্রশ্ন হচ্ছে সেখানে যদি জনসংঘের প্রেসিডেণ্টকে নেওয়া হয়ে থাকে তাহলে কম্যানিষ্ট পার্টির সেক্রেটারীকে সেখানে নেওয়া হয়নি কেন ? মাননীয় মুখ্যমন্ত্রী কি মনে করেন যে জনসংঘের তারা ন্যাশন্যাল ডিফেন্স চায় আর কম্যুনিষ্ট পার্টি ন্যাশন্যাল ডিফেন্স চায়না ?

শ্রীএস এল. সিংহ :—আমি বলেছি যে প্রমিনেণ্ট সিটিজেন যাদের মনে করেছি দলমত নির্বিশেষে তাদের নিয়েছি। অমুক সংঘের প্রেসিডেণ্ট অমুক সংঘের ভাইস প্রেসিডেণ্ট এই ভাবে কাউকে নেওয়া হয়নি।

শ্রীআতিকুল ইসলাম :—সেণ্ট্রাল সিটিজেন কাউনসিল এইরকম ইনষ্ট্রাকশন দিয়েছে কিনা যে সব দলের সব এম. এল. এসদের নিয়ে সিটিজেন কাউনসিল করতে হবে, এইরকম স্পেসিফিক্ ইনস্ট্রাকশন আছে কিনা ?

শ্রীএস. এল. সিংহ :—প্রমিনেণ্ট এবং ইনফ্লুয়েনশ্যাল সিটিজেনদের নিয়ে করতে হবে এবং সেই অনুসারে আমরা করেছি।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রীমহোদয় কি বলবেন বেবী গুপ্তা কি কারণে প্রমিনেণ্ট ?

শ্রীএস. এল. সিংহ :—প্রমিনেণ্ট বলেই নেওয়া হয়েছে।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Starred Question No. 288

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 288

Question	Reply
1. Whether construction work of the Kanchanbari Higher Secondary School has been starred ;	No

Question	Reply
2. If not, what is the reason and when the construction work will be started ;	Administrative approval for construction of the building has been issued for taking up the construction work by the State P. W. D. during 1966-67 .
3. Whether it is a fact that the construction of Teachers' quaters of Kanchanbari Higher Secondary School has been abandoned ;	No
4. If so, the reasons there of ?	Does not arise.

Mr. Speaker :—Shri Birchandra Deb Barma.

Shri Birchandra Deb Barma :—604

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 604

Question	Reply
(1) Whether the law books published by the Government namely Tripura Motor Vehicle Rules, Tripura Forest Rules, Izara Bandobasta Samparkita Ain etc. are not available for purchase for long time.	Copies of the first two are available. The third is not in stock.
(2) If so, what are reasons ?	

শ্রীবীরচন্দ্র দেববর্মা :—মাননীয় মন্ত্রীমহোদয় জানেন কি, যে দুইটি এভেলেব্‌ল বল্‌লেন, দুইচার দিন পূর্বে এই মটর ভিহিকল্‌স রুলস, ত্রিপুরা ফরেস্ট রুলস কিনতে গিয়ে এভেলেব্‌ল হয়নি ? এই সম্পর্কে খোঁজ নিয়ে জানাবেন কি ?

শ্রীবি. দাস :—আমরা জানি এভেইলএবল, সেখানে পাওয়া যাবে।

শ্রীবীরচন্দ্র দেববর্মা :—মাননীয় মন্ত্রীমহোদয় এই এস্যুরেন্স দিতে পারেন কি যে আজকে যদি কেউ যায় সেই দুইটি পাবেন কিনা ?

শ্রীএম. এল. ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, পাওয়া যাবে।

শ্রীআতিকুল ইসলাম :—আর যদি না পাওয়া যায় তাহলে কোন এ্যাকশন নেওয়া হবে কিনা ?

শ্রীএম. এল. ভৌমিক :—আমরা বলছি পাওয়া যাবে।

Mr. Speaker :—Hypothetical question will not be allowed.

শ্রীবীরচন্দ্র দেববর্মা :—তারা বলছেন পাওয়া যাবে, কিন্তু আমি জানি দুই চারদিন পূর্বে প্রিন্টিং এণ্ড স্টেশনারী ডিপার্টমেন্ট যেয়ে—কিনতে যেয়ে আমি পাইনি।

Shri M L. Bhowmik : – Hon'ble Speaker, Sir, the stock may be exhausted.

Mr. Speaker :—The question hour is over. The replies to the remaining Starred questions and also to the unstarred questions are to be placed on the Table of the House.

Next item is Calling Attention. There is one Calling Attention given notice of by Shri Aghore Deb Barma, M. L. A., on 16th March, 1966, to which Minister concerned agreed to make a statement to day, the 21st March, 1966.

I would now call on the Hon'ble Sachindra Lal Singh, Minister in-charge of the Relief Department to make a statement on—

"Incident of fire at Kanchanpur Bazar under Kamalpur division on 17-2-66 and relief and benefit given."

The Hon'ble Sachindra Lal Singh :—On the 18th February, 1966—at about 3-55 A. M. an accidental fire broke out at Kanchanpur Bazar under Kamalpur Sub-division. As a result 46 huts, 10 of which were made of G. C. I. sheets and the remaining 36 huts were made of chhan grass, bamboo etc. were completely gutted. Total loss involved is estimated at 2,02,780 rupees including the huts and mercandise gutted. 40 families were affected by this fire out of which 2 families have been provided gratutious cash grants of Rs. 100/-each to tight over the situation as per arrangement made by the Sub-divisional Officer. Besides this, no other family has been recommended for gratutious relief. Their cases may be considered for sanction of loan on receipt of application from the individual victims' after investigation. I have gone there and told them that we would supply them G. C. I. sheets according to measurement and availability.

Shri Aghore Deb Barma : —Hon'ble Speaker, Sir, for clarification, মাননীয় মন্ত্রীমহোদয় কি জানেন, কি কারণে আগুনটা লেগেছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কারণটা অনুসন্ধান করা হচ্ছে।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মুখ্যমন্ত্রী জানেন কিনা বাজারের কতগুলি দোকানের ইন্স্যুর করা ছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—তা আমি বলতে পারব না। কাঁচ্চা গো-ডাউন কি করে ইনস্যুরড্ হয় তা আমি জানি না।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মুখ্যমন্ত্রী কি বলতে চান যে এ' বাজারে কোন ইনস্যুরড ঘর ছিল না ?

Mr. Speaker :—The Hon'ble Minister has already told that he is not in a position to supply the facts.

I pass on to the next item. Next item is Government Buisiness Financial. Voting on Demands for Grants for Supplementary Estamates for 1965-66.

To day in the List of Business 13 Demands viz. Demand Nos -19- Co-operation, 20-Industries, 23-Miscellaneous. Social & Developmental Organisation, 37-Capital Outlay on Industrial and Economic Development, 24-Irrigation, Navigation, Embankment & Drainage Works (Non-commercial), 38-Capital Outlay on Irrigation, Navigation, Embankment & Drainage (Non-Commercial) 25- Eectricity Schemes, 39- Capital outlay on Electricity Schemes, 27- Famine Relief, 28- Pension & Other Retirement benefits, 40A - Payments of Commuted Value of Pensions, 31- Forest & 34- Expenditure connected with the National Emergency are to be disposed of.

Members have received the list of business along with the Appendix showing Demands to be moved by the Chief Minister and the Cut Motions to be moved by the Members concerned. Now the Chief Minister will move his demands standing in his name one by one when called a particular demand by me and as soon as the Chief Minister has moved his demand I shall take all the Cut Motions to be moved and there will be discussion on the demands and the Cut Motions. Thereafter when the debate is closed I shall dispose of them one after another by voice vote

I may also inform the Hon'ble Members that I have decided to request the Cheif Minister to move the demand Nos. 20- Industries, 23-Miscellaneous, Social & Developmental Organisation and 37- Capital Outlay on Industrial and Economic Development together, Demand Nos -24- Irrigation, Navigation, Embankment & Drainage works (Non-Commercial) and 38- Capital Outlay on Irrigation, Navigation, Embankment & Drainge Works (Non-commercial) together, Demand Nos. 25- Eelectricity Schemes and 39- Capital Outlay on Electricity Schemes together and Demand Nos.

-28- Pension & Other Retiremet benefits and 40A- Payments of Commuted Value of Pensions together respectively and I shall have one general debate on these three and two demands as they are of allied nature; of course I shall dispose of the demands separately

Now, I call on Hon'ble Chief Minister to move his Demand No. 19- Co-operation.

The Hon'ble S. L. Signgh :—Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 16,100/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No 19- Co-Operation.

অতএব সেই সমবায়ের জন্য আমরা যে অ্যাডিশন্যাল অর্থ বরাদ্দ ধরেছি সেটা মঞ্জুর করার জন্য আমি হাউসের কাছে ডিমাণ্ডগুলি উপস্থিত করেছি। আশা করি হাউস সর্বসম্মতিক্রমে তা মঞ্জুর করবে।

Mr. Speaker :—Against this motion there is no cut motion I would call on Dr B Das, Deputy Minister.

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী হাউসের সামনে ১৯ কো-অপারেশন, সেই ডিম্যাণ্ডটা রেখেছেন তার সমর্থনে আমি বলছি যে আমাদের, এই যে সাপ্লীমেণ্টারী বাজেট ফর দি ইয়ার ১৯৬৫-৬৬ এবং তার মধ্যে ওরিজিন্যাল যে গ্র্যাণ্ট ছিল সেখানে ৭,২৫,৭০০/-এবং ভোটেড ছিল ৮,১০০ টাকা। এখন সেখানে আমাদের কমিটেড একপেন্সেস হয়েছে এবং এনহ্যান্সড রেট অব দি ডিয়ারনেস এ্যালাউন্সেস স্যাংশাণ্ড বাইদি গভর্ণমেণ্ট সেখানে বিশেষ করে এবং ফর দি হাউস রেণ্ট মিলিয়ে সবশুদ্ধ আমাদের দরকার হচ্ছে ১৬,১০০ টাকা। সেটা আমাদের দরকার কারণ কো-অপারেটিভ মুভমেণ্ট যেভাবে এগিয়ে যাচ্ছে এবং সারা ত্রিপুরা রাজ্যের উন্নতিকল্পে এবং বিশেষ করে জনসাধারণের মধ্যে একটা উৎসাহ এবং উদ্দীপনা আনবার জন্য সমাজতন্ত্র বাদ প্রতিষ্ঠা কল্পে কো-অপারেটিভ মুভমেণ্টের, সমবায় আন্দোলনের একান্ত দরকার এবং সেই দিকে আমরা এগুচ্ছি। সেই মুভমেণ্টকে সাক্সেসফুল করার জন্য এবং ডি. এ. অফিসারদের দিতে হয়েছে বলে সেখানে সেই টাকাটা আমাদের দরকার হচ্ছে সেজন্য আমি এই ডিম্যাণ্ডটাকে সমর্থন করছি।

Mr. Speaker :—I would call on Hon'ble Chief Minister to give reply.

শ্রীএস এস সিংহ :—১৬,১০০ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরীর জন্য হাউসের সামনে এই ডিম্যাণ্ড উত্থাপন করা হয়েছে এবং হাউস জানেন যে ভারতবর্ষে কো-অপারেটিভ আন্দোলনকে জয়যুক্ত করার জন্য যে পলিসি গ্রহণ করা হয়েছে সেই পলিসির মধ্যে থেকে আমরাও সেই আন্দোলনকে জোরদার করার জন্য কো অপারেটিভ করে যাচ্ছি। অতএব আমাদের যেটন হেডে যে

অর্থের বরাদ্দ ছিল তখন আমরা তা বিশদ ভাবে আলোচনা করেছি এবং অর্থের বরাদ্দ যা সেখানে করেছিলাম তার অতিরিক্ত আমাদের এই ব্যয় বরাদ্দ করতে হয়েছে ১৬,১০০ টাকা এ্যালাউন্স প্রভৃতির জন্য। অতএব এটা আমাদের কমিটেড এক্সপেনসেস। অতএব আশা করব কো-অপারেটিভকে শক্তিশালী করার জন্য এই হাউস এই কমিটেড এক্সপেন্সেসের ১৬,১০০ টাকা ব্যয় মঞ্জুর করে আমাদের এই কো-অপারেটিভ আন্দোলনকে শক্তিশালী করবেন।

Mr. Speaker :—I would now put the Motion to Vote.

The question is that a further sum not exceeding Rs. 16, 100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 19-Co-operation.

As many as are of that opinion will please say Ayes.

Voices—Ayes,

As many as are of contrary opinion will please say Noes.

No Voice

Mr. Speaker :— Ayes have it, Ayes have it So the Motion is carried

I would now call on Hon'ble Chief Minister Shri S. L. Singh to move his demand for Grant Nos. 20- Industries. 23- Miscellaneous, Social and Developmental Organisation and 37-Capital Outlay on Industrial and Economic Development together.

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 96,800/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 20- Industries.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 2, 38, 500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 23-Miscellaneous, Social and Developmental Organisation.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 2, 55, 500, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 37-Capital Outlay on Industrial and Economic Development.

ইনডাষ্ট্রি ডেভলাপমেন্টের জন্য, সোশ্যাল ডেভলাপমেন্টের জন্য এবং ইনডাষ্ট্রির জন্য যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী হাউসের সামনে চাওয়া হয়েছে আমাদের এই মেইন যে ডিমাণ্ড ছিল সেই ডিমাণ্ডকে আরও শক্তিশালী করার জন্য যে অতিরিক্ত ব্যয় হয়েছে সেটা আশা করি হাউস সর্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr Speaker :—I would now call on Hon'ble Members who have tabled cut Motions first. I would first call on Shri Sunil Kr. Choudhury to start discussion

শ্রীসুনীলকুমার চৌধুরী :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে কাট মোশন রেখেছি তার একটা কারণ হচ্ছে গুটি পোকার চাষ করা সম্পর্কে ত্রিপুরা সরকার থেকে যথেষ্ট পরীক্ষা নিরীক্ষা হয়ে গেছে কিন্তু কথা হচ্ছে যে পরীক্ষা নিরীক্ষার যে ফলাফল সেটা আমার মনে হয় খুব সন্তোষজনক নয়, কারণ হচ্ছে যে যদি সন্তোষজনক হত তাহলে এটাকে আরও যাতে নাকি জনসাধারণের ভিতর ছড়িয়ে দেওয়ার যে চেষ্টা সেই চেষ্টাটা আমরা দেখতে পেতাম। কিন্তু সেই চেষ্টাটা আমরা দেখতে পাচ্ছিনা। একটা কথা হচ্ছে ত্রিপুরা রাজ্যের যে বেকার সমস্যা সেটাকে সমাধান করার জন্য আমাদের বিভিন্ন রকমের কটেজ ইণ্ডাষ্ট্রি গ্রো করা উচিত এটা ঠিক। সেজন্য আমি এখানে কাটমোশন রেখে আমি আমার বক্তব্য রাখছি যে বেকার সমস্যাকে সমাধান করবার জন্য, এটা যাতে নাকি লাভজনক্ এবং প্রফিটএবল হয় তার জন্য চেষ্টা সরকার'এর করা উচিৎ। কিন্তু আমরা কি দেখতে পাই? আমরা দেখতে পাই এই যে গুটি পোকাকে পোষে যে সূতা পাওয়া যায় তার দাম মাত্র পার কে, জি, পাঁচ টাকা অথচ এক কে, জি, সূতা উৎপাদন করার জন্য একজন লোককে এক মাসের উপর খাটতে হয়, এক মাস খেটে যদি এক কে, জি, সূতা পাওয়া যায় তাহলে সেই সূতা যার দাম হচ্ছে মাত্র ৫ টাকা সেই পাঁচ টাকায় কি করে যে বেকার সমস্যার সমাধান হবে আমি ঠিক বুঝতে পারছিনা। কাজেই আমার মনে হয় যে মন্ত্রী মণ্ডলীর যদি বেকার সমস্যা সমাধান করার দৃষ্টিভংগী থাকে, তাহলে সেটাকে কি করে আরও ইম্প্রুভ করা যায় তার চেষ্টা করবেন।

Mr Speaker :—I would call on Shri Aghore Deb Barma. He has three cut motions. One is to discuss for not giving T. A. etc to the employees of cottage Industries, another to discuss on inadequacy of provision for implementation of scheme, Building up buffer stock of essential commodities of food stuff. The third one is to discuss on Mismanagement in small scale industry corporation. I would request him to discuss all these motions together.

শ্রীঅঘোর দেববর্মা ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে নাম্বার টুয়েনটি ডিমাণ্ডের ইণ্ডাষ্ট্রির মধ্যে যে কাট মোশনটা আমি রেখেছি তাতে আমার বক্তব্য হচ্ছে খাদি এবং ভিলেজ ইণ্ডাষ্টির মধ্যে গুড় খান্দেশবরীতে যে একটা স্টাফ আছে তাদিগকে গাইড বলা হয়। তারা বিভিন্ন গ্রামের মধ্যে ঘুরে ঘুরে গুড় ইত্যাদি তৈরী করার ব্যাপারে সাহায্য বা প্রসেস ইত্যাদি শিখায়। এইজন্য তাদের নাম হচ্ছে গাইড। এই গাইডদের ৬৫ টাকা ফিক্সড পে করে দেওয়া হয়েছে। তাদের কোন টি, এ, ইত্যাদি দেওয়া হয় না। এইসব ব্যাপারে তাদের বিভিন্ন গ্রামের মধ্যে যেতে হয়। কিন্তু যখন তারা যায় তাদিগকে টি, এ, টা দেওয়া হয় না। আর এই ইণ্ডাস্ট্রির মধ্যে- যে সমস্ত কর্মচারী বিভিন্ন সুযোগ সুবিধা পায় বা পে-স্কেল রিভিশন হয় বা ইনক্রিমেণ্ট হয় এই সমস্ত কোন সুযোগ সুবিধা পায় না। তারা শুধু ফিক্সড্ ৬৫ টাকা পায়। তার উপর এক পয়সাও পায় না। বিভিন্ন গ্রামের মধ্যে যেতে হয়, রিক্সা ভাড়া লাগে বা আনুসংগিক অনেক টাকা পয়সা লাগে। এই ব্যাপারে তাদিগকে এক পয়সাও টি, এ, পাওয়ার কোন ব্যবস্থা করা হয় না। কাজেই আমার বক্তব্য হচ্ছে যারা এই এস্টাব্লিশমেণ্টের লোক তাদের টি, এ, দেওয়া হোক।

আর একটা কথা হচ্ছে মৌমাছি পালন কেন্দ্রের মধ্যে এইরকম একটা শ্রেণী আছে। সেই স্টাফের নাম হচ্ছে ফিল্ড ম্যান। সেই ফিল্ড ম্যানদের একই অবস্থা। তাদের গ্রামের মধ্যে বিভিন্ন জায়গায় যেতে হয় এবং যেখানে যেখানে মৌমাছি কেন্দ্র আছে সেগুলি তত্ত্বাবধানের জন্য তাদের অনেক জায়গায় যেতে হয়। যাওয়ার সময় তাদেরও কোন টি, এ, দেওয়া হয় না। কাজেই এই গাইড এবং ফিল্ডম্যানদের বেলায় অত্যন্ত injustice করা হচ্ছে।অতএব আমার বক্তব্য হচ্ছে এই দুটো শ্রেণীর টি, এ, এবং অন্যান্য শ্রেণীর কর্মচারীরা যে সমস্ত সুযোগ সুবিধা পায় তাদেরও এই সুযোগ সুবিধা পাওয়ার প্রয়োজন। আর সেরিকালচার সম্পর্কে মাননীয় সদস্য শ্রীসুনীল কুমার চৌধুরী যে কাট মোশন এখানে রেখেছেন তার সমর্থনে আমি বক্তব্য রাখতে চাই। কারণ এই সেরিকালচার ত্রিপুরাতে একটা নূতন জিনিষ। আমরা লোকের আয় বাড়াবার জন্য এই প্রকল্পটি গ্রহণ করেছি। কিন্তু কার্যতঃ দেখা যায় শুধু গুটি পোকার চাষ করলেই হয় না। তার সূতা প্রসেসিং এর যে ব্যবস্থা সেই ব্যবস্থা নাই। কাজেই জনসাধারণকে আজকে ইকনমিক্যালী যদি প্রভাইডেড করতে যাই তাহলে বাস্তব সম্মত উপায়ে এইগুলি গ্রহণ করা দরকার। আর চম্পকনগরে যেখানে সেরিকালচার চাষ করার ব্যবস্থা করা হয়েছে একটা জায়গায় সেখানে কতগুলি অভিযোগ আমি রাখছি। পূর্ব দেবেন্দ্রনগরে চম্পকনগরে একটা জায়গা করা হয়েছে সেই জায়গা গুলির মধ্যে শ্রীকৃষ্ণ কুমার দেব বর্মা তার হল ৪ কানি, শ্রীসুখুরাম দেববর্মা, তার ১৫ কানি, প্রণব চন্দ্র দেব বর্মার ৪ কানি, আর বিশুকুমার দেববর্মার ৪ কানি এইভাবে অনেকগুলি লোকের জমির যে সীমানা নির্ধারণ করা হয়েছে তা সেই সীমানার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। তারা ২০ | ২৫ বৎসর এর উর্দ্ধে সেখানে আবাদ করছে এবং যে জমি গুলির কথা আমি উল্লেখ করেছি সেগুলি জোতের জায়গা। আর কোন কোন ক্ষেত্রে খাস, লুংগা আবাদ জায়গাও আছে, টিলা আবাদ জায়গাও আছে। এই সমস্ত জায়গাগুলি তাদের ভিতরে পড়ে যায়। এখন প্রশ্ন হচ্ছে আমরা জনসাধারণের উন্নতি, অগ্রগতি বা অর্থনৈতিক সাহায্য সহায়তা বা তাদের আয় বাড়ানোর জন্য এই স্কীমটা নিয়েছি। কিন্তু সেক্ষেত্রে আমরা দেখতে পাই যে সমস্ত

গরীব লোক এই অ্যারিয়ার ভিতরে দীর্ঘদিন ধরে চাষাবাদ করছে বা এই রকম কষ্ট করে জীবন যাপন করছে সেখান থেকে আজকে তাদের উঠিয়ে দেওয়ার প্রশ্ন উঠেছে। কাজেই এই সমস্ত জায়গায় যে সমস্ত লোক আছে তাদের যদি উঠিয়ে দিতে হয় তাহলে অন্ততঃ যাতে তারা অন্যত্র গিয়ে বসবাস করতে পারে বা এস্টাব্লিশড হতে পারে সেই দিক দিয়ে নজর রেখে অন্ততঃ ক্ষতি পূরণের ব্যবস্থা করা দরকার। আজ পর্য্যন্ত সেখানে কোন ক্ষতি পূরণের ব্যবস্থা হচ্ছে না। শুধু জোর জবর-দস্তি করে তাদিগকে উঠিয়ে দেওয়ার চেষ্টা চলছে। কাজেই এই সমস্ত ব্যাপার-গুলিতে নজর দেওয়া দরকার।

আর একটা কাটমোশন আমার এখানে আছে, Demand No. 23- Miscellaneous, Social and Development Organisation, এর উপরে—"Inadequacy of provision for implementation of scheme, building up buffer stock of essential commodities of food stuff" সেখানে আজকে আমরা এই কথা নিশ্চয়ই স্বীকার করব যে ত্রিপুরা রাজ্যে সরকারীভাবে যে বাফার স্টকের ব্যবস্থা করা হয়েছে তা আমাদের ত্রিপুরা রাজ্যের প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। কমের মধ্যেও যদি আমরা দেখি বাফার স্টকের জন্য মাত্র রাখা হয়েছে লবন, তারপর চিনি ছিল, ডাল ছিল আর সরষের তেল ছিল। কিন্তু সেখানেও আজকে আমরা কি দেখি? লবন যদি আমরা বাজারে কিনতে যাই তখন সাধারণতঃ দেখতে পাই, যে সমস্ত সরকারী বাফার স্টক থেকে, মহাজনেরা লবণ আনে সেই লবনগুলি খুব মোটা ধরণের লবন আর আমাদের ত্রিপুরা রাজ্যের মহাজনেরা যে সমস্ত লবণ আনে এটা অত্যন্ত চিকন লবন। তুলনা মূলকভাবে মহাজনেরা যে সমস্ত লবণ আমদানী করে সেটার কোয়ালিটি ভাল। কিন্তু দামের ক্ষেত্রে দেখা যায় সরকারী গোদাম থেকে যে লবণ আনা হয় মোটা ধরণের লবণ এটার দাম ভাল লবণের দামের সমান। যাতে নিত্য ব্যবহার্য জিনিষ পত্রগুলির দর উর্দ্ধে না উঠতে পারে তার জন্য আমাদের এই বাফার স্টক করা দরকার। কিন্তু দেখা যায় এখানে মহাজনেরা যে সমস্ত নিত্য ব্যবহার্য জিনিষ এনে বিক্রি করছে সেগুলির দর সরকারী গোদাম থেকে যে জিনিষপত্র বিক্রি হয় তার চেয়ে কম। যেমন সরিষার তেল, সরিষার তেল বাজারের মধ্যে সাধারণতঃ পৌনে চার টাকা লিটার বিক্রি হয় কিন্তু সরকারী গোদাম থেকে কিনতে গেলে ৪ টাকা দরে কিনতে হয়। এই হল অবস্থা। আমাদের উদ্দেশ্য খুবই ভাল। আমরা নিত্য ব্যবহার্য জিনিষ পত্রের দাম কমাতে চাই যাতে লোভী ব্যবসায়ীরা এই সমস্ত জিনিষের মধ্যে বেশী মুনাফা না করতে পারে। তার জন্য এই ব্যবস্থা দরকার। কিন্তু দেখা যায় আজকে যে সমস্ত জিনিষ সরকারী গোদাম থেকে দেওয়া হয় এইগুলির দাম সব সময় বেশী থাকে। তদুপরি যে উদ্দেশ্য নিয়ে আমরা করি, উদ্দেশ্যগুলি যদি ভালও হয়ে থাকে- এখন অনেক ক্ষেত্রে দেখা যায়, যেমন চোরাইবাড়ীতে যে একটা গোদাম আছে সেই গোদাম থেকে নাকি ৫০ টিন সরিষার তেল লিকেজে নষ্ট হয়ে গেছে। অর্থাৎ ক্ষতি। কাজেই ৫০ টি টিনের দাম যদি আমরা হিসাব করি, তাহলে দেখবেন কয়েক হাজার টাকা লস। এইভাবে ভাল করতে গিয়ে যদি আমরা খারাপ করি তাহলে নিশ্চয় সরকার যত ভাল প্রকল্পই করুক তাতে আমাদের বাজেটের ব্যয় বরাদ্দের কোন মূল্য থাকে না। কাজেই যদি করতে হয় তাহলে যাতে সাধারণ মানুষ নায্য দরে জিনিষপত্র

পায় সেই ব্যবস্থা করতে হবে এবং মহাজনেরা যে সমস্ত জিনিষ বিক্রি করে তার থেকে সরকারী গোদামের জিনিষের দাম কম হওয়া উচিত। কিন্তু এই ক্ষেত্রে দেখা যায় সাধারণতঃ ব্যবসায়ীদের জিনিষপত্রের দাম কম থাকে আর সরকারী গোদামের জিনিষ পত্রের দাম বেশী থাকে। কাজেই যে ব্যয় বরাদ্দ এখানে চাওয়া চাওয়া হয়েছে বা যে উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছে এই উদ্দেশ্যের কোন যুক্তি থাকে না। ডিম্যাণ্ড নং ৩৭'এর উপর আমার একটা কাট মোশন আছে 'mismanagement in small scale industries corporation'. অর্থাৎ ত্রিপুরার আয় বাড়াবার জন্য সরকারি তরফ থেকে অনেক ইনডাস্ট্রির মাধ্যমে অনেক কিছু ছোটখাট পরিকল্পনা করা হয়েছে। আমরা সাধারণতঃ কি দেখছি? অরুন্ধতিনগরে যে ইনডাস্ট্রি আমরা দেখছি সেখানে ১৯৫৭ সনে উৎপাদিত জিনিষগুলি ৪০ পারসেন্ট লেস দিয়ে সেখানে বিক্রী করা হয়েছে। সেখানে সরকারী ব্যবস্থাপনায় যে ইণ্ডাস্ট্রি করা হয়েছিল ১৯৫৭ সনে সেটার উৎপাদিত জিনিষ ৪০ পারসেন্ট লেস দিয়ে বিক্রি করার পর এই ইনডাস্ট্রিকে কি করা হল? এই ইনডাস্ট্রিকে কো—অপারেটিভ করা হল ১৯৬১সনে। ১৯৬১ সনে কো—অপারেটিভ করার পর প্রতিটি ইউনিটকে ১০ হাজার টাকা করে গভর্নমেণ্ট সেখানে সাহায্য দিল। তারপর বেশ কিছুদিন চলার পর দেখা গেল কো—অপারেটিভ সেখানে পটল উঠল, অর্থাৎ লিক্যুডেশানে যেতে বাধ্য হল। লিক্যুডেশানের পর ১৯৬৩ তে আর. আই. সিকে সেটা হস্তান্তরিত করে দেওয়া হল। তারপর দেখা গেল সাবান ফ্যাক্টরী বাদে আর সমস্ত ইউনিটগুলি আর. আই. সি'তে দেওয়া হল। দেওয়ার পর আর. আই. সি সেখানে করল কি ফ্রুট ক্যানিংটাকে রেখে বাদবাকী সব ইউনিটগুলি ছেড়ে দিল ছেড়ে দেওয়ার পর আবার সেগুলির দায়িত্ব ইনডাস্ট্রি ডিপার্টমেণ্ট গ্রহণ করল, গ্রহণ করার পর সেখানে আমরা দেখতে পাই সমস্ত ইউনিটগুলির কাজ অচল—অর্থাৎ আগে যে সমস্ত কর্মী সেখানে ছিল সে সমস্ত কর্মীগণ আস্তে আস্তে সব ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হল। কারণ আগে যে ওয়েজ তারা সেখানে পেত সেই ওয়েজ তারা এখন পায় না। কাজেই সেখানে প্রায় অচল অবস্থার সৃষ্টি হতে চলেছে। এই হচ্ছে অবস্থা। কাজেই এই ইণ্ডাস্ট্রিগুলির মাধ্যমে আমাদের অর্থনৈতিক আয় বাড়াবার জন্য যে সমস্ত প্রকল্প গ্রহণ করি তার মাধ্যমে যদি ঠিক ঠিক ব্যবস্থাপনা করতাম বা সরকার যদি করত তাহলে আজকে এই অবস্থার সৃষ্টি হত না। শুধু তাইনা উদয়পুরে আরেকটা ইণ্ডাস্ট্রি কর্পোরেশন সেণ্টার আছে। সেখানে কিছুদিন আগে সমস্ত কাজকর্ম নাকি বন্ধ ছিল কাজেই এই অবস্থার মধ্যে আজকে ইণ্ডাস্ট্রির মাধ্যমে যেখানে আর্থিক উন্নতি করার কথা সেখানে তা হচ্ছে না, দিনের পর দিন আজকে সেগুলি স্তিমিত হয়ে আসছে অর্থাৎ লিক্যুডেশন-এর পথে। সমস্ত অচল অবস্থার মধ্যে অগ্রসর হচ্ছে। এই অবস্থার মধ্যে আমরা যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ রাখছি বাজেটের মধ্যে, যদি আমরা সমস্ত দিকে বিবেচনা করি, তাহলে দেখতে পাই, যে ব্যয়বরাদ্দ আমরা রাখছি সেই বরাদ্দ অর্থ দিয়ে সমগ্রভাবে ইণ্ডাস্ট্রির যে উন্নতি করা দরকার তা আমরা করতে পারব না; কাজেই এই ব্যবস্থাপনা সম্পর্কে বর্তমানে

যে অবস্থা এই অবস্থা যদি চলতে থাকে, আরও বেশী ব্যয় বরাদ্দ করলেও এই ইণ্ডাস্ট্রিগুলির যে উন্নতি হবে তার কোন লক্ষণ অন্তত: আমি দেখছি না।

Mr. Speaker :—I would now call on Hon'ble Chief Minister to give reply.

শ্রীএস্‌ এল. সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাটমোশন দিতে গিয়ে সেরিকালচার এবং কটেজ ইনডাস্ট্রি সম্বন্ধে যে কথা বলা হয়েছে সেটার বাস্তব অবস্থাটা ভাবতে হবে। সেরিকালচার ইনডাস্ট্রি রাতারাতি হয়ে যাবে সে কল্পনা আমরা কখনও করিনা। কারণ তার অনেকগুলি প্রসেস আছে, সে প্রসেসে লোককে অভিজ্ঞ করে গড়ে তুলতে হবে। ৭৫০টি ফেমিলি সেটাকে গ্রহণ করেছেন এবং সেটাকে আমরা পরিচালনা করে যাচ্ছি। সেই ৭৫০টি ফেমিলির সাথে সাথে যাতে আরও ফেমিলি সেটাকে গ্রহণ করতে পারে, রেয়ারিং সম্বন্ধে তাদের জ্ঞান দেওয়া যায় সেই সম্বন্ধে তাদেরকে ওয়েল ট্রেনিং দিয়ে ৭৫০টি ফেমিলির মধ্যে আমরা তা চালু করেছি। তারপর বলা হয়েছে যে টি. এ. কটেজ ইণ্ডাস্ট্রিস এম্পপ্লয়ীজকে দেওয়া হয় না। একটা অবাস্তব চিত্র তুলে ধরেছেন এমন ভাবে যে আমরা জানি ডি. এ, এণ্ড আদার এ্যালাউন্স ইত্যাদি প্রত্যেককে দেওয়া হয়। টি. এ কর্মচারীরা বিল দিলেই উইদআউট স্ক্রুটনি দেওয়া হয় না। স্ক্রুটিনি করতে বিলম্ব হতে পারে। রংলি যদি টি. এ. হয়ে থাকে সেটাকে কার্টেল করা হয় এবং সেটা আইনসম্মত। অতএব এখানে বলা হচ্ছে তারা পাচ্ছে না a sum of Rs. 26,400 has been provided in the supplementary Budget in the year এবং সেই অনুসারে তা করা হচ্ছে। আমাদের টোট্যাল সাম ছিল ১,৩৩,৮০০ টাকা সেটা আরও বেড়েছে। সেইজন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে টি. এ. এবং আদার এলাউন্সের জন্য। অতএব যেটা বলা হচ্ছে যে টি. এ. দেওয়া হয় না সেটা যে কি রকম সত্য এই বইটার নোট পড়লেই তা বুঝতে পারবেন। যাহউক উনারা বলেছেন, বলার ক্ষমতা আছে, তবে সত্যকে প্রতিভাত করাই হচ্ছে হাউসের প্রতিপাদ্য বিষয় এবং সেই অনুসারে বললে পরেই আমাদের মংগল হবে। কার্য্যের মধ্যে যদি কোন ত্রুটি বিচ্যুতি থাকে সেটা দেখিয়ে দিলে পরে আমরা সংশোধন করে নিতে পারতাম।

তারপর বলা হয়েছে বাফার স্টক সম্বন্ধে এবং প্রকিউরমেণ্ট সম্বন্ধে। বাফার স্টক সম্বন্ধে বলা হয়েছে যে সরকার যে লবণ রাখেন সে সব লবণ বড় বড় দানার। সেটা হতে পারে কারণ এখন যেটা আছে সেটা হচ্ছে কর্কস লবণ এবং সেটা আমরা এনেছিলাম। বাফার স্টক করার প্রধানতম উদ্দেশ্য হল হায়ার টেণ্ডেন্সী অব দি price of the কমোডিটিজ সেটাকে স্টপ করা এবং সেটাই আমরা দেখব। তাদের বক্তৃতার মধ্যে দিয়ে সেটা প্রমাণিত হচ্ছে। আমাদের তৈল যেটা আমরা বিক্রি করছি চার টাকা, ব্যবসায়ী বিক্রী করছে পৌনে চার টাকা, তাতে বুঝা যাচ্ছে এই হায়ার টেনডেন্সী সেখানে থাকছেনা, অনবরত লোয়ার হয়ে আসছে। তাদের বক্তব্যের মধ্যে দিয়ে তা প্রকাশ হচ্ছে। লবণ সম্পর্কে বলতে যেয়ে বলেছেন বড় দানা, সেটা হতে পারে। কারণ আমরা এখানে কর্কস এনেছি। আমার মনে হয় না ব্যবসায়ীরা কর্কস এখানে এনেছেন। অতএব সে জায়গাতে কর্কস রাখার ফলে যদি ব্যবসায়ীদের মধ্যে লোয়ার টেনডেন্সী হয়ে থাকে তাহলে বাফার স্টক রাখার যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য

আমাদের সফল হয়েছে এবং ব্যবসায়ীদের উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। তারপর ডাল সম্বন্ধে কিছুই উনারা বলেন নি। ডালেরও ঠিক তাই। কারণ অবাধ বাণিজ্য তারা করতে পারত। সেই জায়গাতে আমরা যদি এটা রাখি, আমরা জানি ব্যবসায়ীরা কম্পিটিশন করবে এবং তারা যাতে লোয়ার করতে বাধ্য হয় তার জন্যই আমরা তা করে থাকি। তাদের উদ্দেশ্য হল যাতে সেই ব্যাবসায়ীদের হাতে গভর্ণমেণ্টের একটা হেভি লস হতে পারে সেই চেষ্টা করা। কারণ কম্পিটিশন মার্কেট এখানে থাকবে এবং আছে এবং সেই অনুসারে তারা যদি করে তাহলে জনসাধারণের লাভ হবে, উর্ধগতি ব্যর্থ হবে, এবং আমরা সেটা করতে সক্ষম হয়েছি, তাহলে এই বাফার স্টক রাখার যে উদ্দেশ্য তাকে আমরা কৃতকার্য্য করতে পেরেছি। তাদের বক্তৃতার মধ্যে দিয়ে তা প্রমাণিত হয়েছে।

তারপর সোস্যাল ডেভেলাপমেণ্ট সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা বলা হয়েছে যে কোথায় নাকি জুমিয়া এবং অন্যান্য লোকেরা ছিল, তারা এখানে জংগল টংগল পরিস্কার করেছে এবং সরকার তাদের সেখান থেকে উঠিয়ে দিয়েছেন। যদি কোন লোকের জোত হয় তাহলে সরকার সেই জোত থেকে কাউকে উঠাতে পারে না। সেজন্য কোর্ট আছে, মামলা আছে, মোকদ্দমা আছে, সরকারের সেটার সম্মুখীন হতেই হবে। অতএব তাদের কথায় বুঝা যায় এই যে একটা লোক কিছু জংগল পরিস্কার করলেই একটা ঘরবাড়ী উঠিয়ে দিলেই তার জমির সত্ব হয়ে গেল। খাস জমিতে সরকারের পারমিশন ব্যতিরেকে যদি কোন লোক ঘর উঠায় এইভাবে, তাহলে পরে সরকারের যে আইন আছে সেই আইনকে তারা ব্যর্থ করতে যাচ্ছে। ইতস্তত: বিক্ষিপ্তভাবে যে যেখানে পারল ঘর উঠিয়ে দিল তার জায়গা হয়ে গেল, এই যদি হয় তাহলে জবর দখল করে জায়গা নেওয়ার একটা ইচ্ছা জনসাধারণের মধ্যে আসবে এবং আইন লঙন করার একটা টেণ্ডানসী গ্রো করবে। আমরা পলিসি নিয়েছি যে আমরা জুমিয়াকে সেটেল করব, ভূমিহীনকে জায়গা দেব। যদি কোন লোকের জমি থাকে এবং সে যদি আর একটি জায়গাতে এইভাবে ঘর উঠিয়ে বসে তাহলে তার উদ্দেশ্য হল, যে জুমিয়া এবং ভূমিহীনকে জমি দেওয়ার জন্য, উদ্বাস্তুকে ভূমি দেওয়ার জন্য আমরা যে পরিকল্পনা করছি সেই পরিকল্পনাকে ব্যর্থ করা। এই উদ্দেশ্য নিয়ে যদি কেউ আসে তাহলে সরকার সেই দিকে বাধা দেবে এবং তাদিগকে সেই জায়গা থেকে উচ্ছেদ করবেই। সেই জায়গাতে যদি আমরা দেখি যে বাস্তবিক পক্ষে সেই লোকের ভূমি আছে অথচ এইভাবে সরকারের ভূমিকে এনক্রোচ করছে তাহলে ভূমি রক্ষার দায়িত্ব নিয়ে যারা আছে তারা সেই দায়িত্ব আইনের মাধ্যমেই পালন করবে।

তারপর বলা হয়েছে যে ইণ্ডাস্ট্রির মধ্যে একটা কর্পোরেশন করা হয়েছে। রিসেণ্টলী এই কর্পোরেশনটা তিনজন লোক নিয়ে গঠন করা হয়েছে। তাদের মধ্যে আছে ডি, সি,—এবং ডিরেক্টার অব ইণ্ডাস্ট্রিজ। তার মূলধন হল ১০ লক্ষ টাকা। তার উদ্দেশ্য হল যে স্মল ইণ্ডাস্ট্রিজ, যেমন ফ্রুট ক্যানিং, সুগার, খান্দেশরী ইত্যাদি আছে, এইগুলি যাতে আমরা এই জায়গাতে চালু করতে পারি। অতএব এটা

বলতে গিয়ে তারা যে কি বলেছেন আমি তার মাথা মুণ্ড্ কোন কিছুই বুঝতে পারছি না। অতএব এর মধ্যে ১০ লক্ষ টাকা ক্যাপিটেল নিয়ে আমরা তা সুরু করেছি। এই হল তার পজিশান ম্যানেজমেণ্ট অ্যাসিসটেনসের জন্য এবং মার্কেটিং অব ভিলেজ প্রডাক্টসের জন্য আমরা তা করেছি। আমরা মার্কেটিং ফ্যাসিলিটিজ অব ভিলেজ প্রডাক্টস, টেকনিক্যাল অ্যাণ্ড ম্যানেজারিয়াল অ্যাসিসটেন্স দিয়ে...

শ্রীঅঘোর দেব বর্মা :—পয়েণ্ট অব অর্ডার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বলেছেন' মাথামুণ্ড্', সেটা বলা চলে কিনা ?

Mr. Speaker :—It is not unparliamen'ary.

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আমি বলেছিলাম যে এটার মাথামুণ্ড্ কিছুই বুঝতে পারছি না। সেটা আমার নিজের উপরেই এনেছিলাম। কারণ আমাদের এখানে যারা ফল উৎপন্ন করছে, আখ উৎপন্ন করছে, কাঁঠাল উৎপন্ন করছে, টোমাটো উৎপন্ন করছে তাদের হাতে কি করে আমর দুটো পয়সা দিতে পারি যাতে কৃষক তার উৎপন্নজাত দ্রব্যকে বাজারস্থকরে মল্য পেতে পারে এবং কৃষি যাতে রিউম্যানেরিটিভ হয় সেই উদ্দেশ্য এখানে সেটা করা হয়েছে এবং সেইভাবে অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী চাওয়া হয়েছে। কুটীর শিল্প সম্প্রসারণের জন্য, বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধির উর্দ্ধগতি নিয়ন্ত্রিত করার জন্য যে কেপিট্যাল আউটলে প্রভিসন রেখেছি এই হাউস সর্বসম্মতিক্রমে সেটা গ্রহণ করে এই উন্নতিমূলক কার্যকে সম্প্রসারিত করার কার্যে সাহায্য করবেন বলেই আমি আশা করি।

Mr. Speaker :—I feel our Hon'ble Member Shri Gopesh Ranjan Deb has some intention to participate in the discussion on this demand. So I would call him. I am calling upon Shri Deb to speak on this demand.

Shri Birchandra Deb Barma :—After reply how it could be ?

Mr. Speaker :—His name was enlisted in this demand.

শ্রীগোপেশরঞ্জন দেব :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্য মন্ত্রী যে ডিমাণ্ড এনেছেন তা আমি সমর্থন করি।

Mr. Speaker :—The discussion on these three motions is over. I would now put the motions to vote. First I would put the cut motions to vote. First I would put to vote the cut motion by Shri Sunil Kr. Choudhury, that the demand be reduced by Rs. 100/- to discuss for improvement of sericulture.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

Mr. Speaker :—Noes have it: 'Noes' have it.

Now I put to vote the cut motion tabled by Shri Aghore Deb Barma that the Demand be reduced by Rs. 100/- to discuss for not giving T. A. etc. to the employees of cottage industries.

As many as are of that opinion will please say Ayes.

Voice—'Ayes'

As many as are of contrary opinion will please say Noes

Voice—'Noes'.

Mr. speaker :—'Noes' have it: 'Noes' have it.

I would now put to vote the main motion.

The question is that a further sum not exceeding Rs. 96,800/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 20 Industries.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

'No voice'

Mr. Speaker :—'Ayes' have it : 'Ayes' have it.

I would now put to vote the cut motion against the Demand for Grant No. 23. One moved by Shri Aghore Deb Barma that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for implementation of scheme, Building up buffer stock of essential commodities of food stuff.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes.'

Mr. Speaker :—Noes have it : Noes have it. The motion is lost.

I would now put to vote the main motion.

The question is that a further sum not exceeding Rs. 2 38,500/- = be granted to defray the additoinal charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 23 - Miscellaneous, Social and Developmental Organisation.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No Voice.

Mr. Speaker :—'Ayes' have it : 'Ayes' have it. The motion is carried.

I would now take up the Demand for Grant No. 37. First I would put to vote the cut motion. The cut motion is moved by Shri Aghore Deb Barma. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in Small Scale Industry Corporation.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contray opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

Mr. Speaker :—'Noes' have it : 'Noes' have it.

The motion is lost.

I would now put to vote the main motion.

The question is that a further sum not exceeding Rs. 2,55,500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March. 1966 in respect of Demand No. 37- Capital Outlay on Industrial and Economic Development.

As many as are of that opinion will ple se say 'Ayes'.

'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'.

—

Mr. Speaker :—'Ayes' have it : 'Ayes' have it.

The motion is carried.

I would now call on Hon'ble Sachindra Lal Singh to move his Demand for Grant No. 24 and 38 together.

Shri S. L Singh (Chief Minister) :—Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 1, 71, 000/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 24- Irrigation, Navigation, Embankment and Drainage works (Non-Commercial).

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. I, 90, 000/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 38- Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial).

আমি হাউসের সামনে এই দুইটি অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী চাচ্ছি। এইজন্য চাচ্ছি যে, ইরিগেশন, নেভিগেশন এবং এম্বেকমেন্ট আমাদের এসেনসিয়েল, অত্যন্ত প্রয়োজনীয়। এটাতে আমাদের অতিরিক্ত ব্যয় করতে হবে, কমিটেড এক্সপেনসেস আমাদের হয়েছে। অতএব এই জায়গাতে এই হাউসে এই সমস্ত উন্নতির জন্য আমাদের যে অতিরিক্ত ব্যয় চাওয়া হয়েছে, আশা করি হাউস এই দুইটি ডিমান্ড সর্বসম্মতিক্রমে গ্রহণ করে সেচের বন্দোবস্ত, বাঁধের বন্দোবস্ত এবং ড্রেনেজের কাজ যাতে সুচারু ভাবে সম্পন্ন হতে পারে তার সহায়তা করবেন।

Mr. Speaker :—I would take up now discussion on these Motions. First I would take up discussion on the cut motions. I would call on Shri Sudhanwa Deb Barma to discuss on inadequacy of provision for proper maintenance of and repairs to embankments etc. Damaged by floods during the year.

Shri Sudhanwa Deb Barma : —Hon'ble Speaker, Sir, emabankment and drainage Works. এই হেডে যে টাকাটা রাখা হয়েছে এটা খুব প্রয়োজনীয় ব্যবস্থা। এখানে আমাদের দেখতে হবে বর্তমানে নদীগুলির যে রকম ভাবে গভীরতা কমে গেছে এবং অল্প বৃষ্টি হলে বিভিন্ন জায়গাতে যে ভাবে ফ্লাড হয়ে যায় এই অবস্থায় শুধু যেখানে আমাদের জনসংখ্যা বেশী থাকে সেসব টাউনগুলিতে, আগরতলা টাউন এবং মফঃস্বল টাউনগুলিতে এম্বেকমেন্ট এবং ড্রেনেজ ওয়ার্কের ব্যবস্থা রাখার যেমনি প্রয়োজন তেমনি অনেক ছোটখাট ছড়া, আছে নদী আছে সেগুলিরও সেই রকম ব্যবস্থা রাখার প্রয়োজনীয়তা আছে। যেকোন জায়গায় আমরা দেখি যে একটু বৃষ্টি হওয়ার ফলে ফ্লাড হয়ে যায় এবং ফলে নদীর পার্শ্ববর্তী

যে জমি আছে সেই জমিগুলির অত্যন্ত ক্ষতি করে, যার ফলে অনেক ফসল নষ্ট হয়ে যায়। এই ফসল নষ্টের পরিমাণ আমরা এখনও জানিনা। সমগ্র ত্রিপুরা রাজ্যে খাদ্য সংকট বিরাট আকার ধারণ করেছে বলেই আমরা জানি খাদ্যশস্যের ফলন বৃদ্ধি করার ক্ষেত্রে আমরা পিছিয়ে যাচ্ছি। এটা একটা ভাইটেল পয়েণ্ট। কাজেই সেই দিকে যাতে ব্যবস্থা রাখা হয় সেটা আমাদের দেখা প্রয়োজন। কারণ খাদ্যাভাব আমাদের ত্রিপুরায় একটা বিরাট আকার ধারণ করেছে। কাজেই আমাদের এই হাউসের সেই দিকে নজর রাখার বিশেষ প্রয়োজন। সেই দিকে লক্ষ্য রেখেই এই মোশন আমি এনেছি এবং আমি মনে করি হাউস নিশ্চয়ই এটাকে গুরুত্ব দেবেন।

Mr. Speaker :— I would now call on Shri Ramcharan Deb Barma to discuss on inadequacy of provision for flood control scheme.

শ্রীরামচরণ দেববর্মা :— মাননীয় স্পীকার মহোদয়, কাট মোশন সম্পর্কে আলাপ করতে গিয়ে আমার এই কথাই প্রথমে মনে হয়, আমরা প্রত্যেক বৎসর যখন বাজেট এই এ্যাসেম্বলীর মধ্যে আনি এবং কাউন্সিল যখন ছিল তখনও আমরা আলোচনা করেছি—সবসময়ে দেখিয়েছি যে অনেকটা টাকার প্রয়োজন এই ইরিগেশন, নেভিগেশন, এম্বেংকমেণ্ট এবং ড্রেনেজ ওয়ার্ক'স, এই ওয়ার্কসের জন্য এবং এজন্য যে টাকা রাখা হয় সেটা অপর্যাপ্ত। সেই হিসাবে আমরা তখনও আরও বেশী টাকা ডিম্যাণ্ড করেছিলাম। কিন্তু এই ডিম্যাণ্ডকে আমরা পাশ করাতে পারিনি এবং রুলিং পার্টি সেটা অস্বীকার করেছেন। কাজেই এখন যে এই সাপ্লিমেণ্টারী ডিম্যাণ্ড এনেছেন এখানে, এটাও আমি অপর্যাপ্ত মনে করছি। যদি ড্রেনেজ ওয়ার্কসকে এবং এই ডিম্যাণ্ডকে আমরা ফুলফিল করতে চাই তাহলে পরে এই ড্রেনেজ ওয়ার্কসে এইগুলি অত্যন্ত প্রয়োজনীয়, ফ্লাড কনট্রোল জিনিষটা অত্যন্ত প্রয়োজনীয়। ত্রিপুরা রাজ্যে বছর বছর ফ্লাড হয় এবং ফ্লাড কণ্ট্রোলটা শুধু আমাদের বাসস্থান রক্ষা করার জন্য নয়, আমাদের যে উৎপন্ন খাদ্য সেই ফসলটাকে রক্ষা করার জন্য ও সেটার প্রয়োজন। কাজেই গ্রো মোর ফুড যে স্কীম আমাদের আছে সেই স্কীমটাকে বাঁচানর জন্য এই যে ডিম্যাণ্ড, এই ডিম্যাণ্ডে টাকা আরও বেশী প্রয়োজন এবং এই প্রয়োজনের তুলনায় এই যে ১,৯০,০০০ টাকা সেটা অপর্যাপ্ত। তার জন্য আমি এই কাট মোশন এখানে রাখছি এবং ১০০ টাকা রিডিউসড করার জন্য বলেছি।

Mr . Spekaer :— The House stands adjourned till 2 p M

Mr. Speaker :—The discussion on I emand for grants No 24 & 38. is goi g on. I would now call on Shri Monchur Ali.

Shri Monchar Ali :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই দুইটী Demand এর যে Cut motion আনা হয়েছে তার আমি বিরোধীতা করি এবং এই Demand গুলির সমর্থন করি। Cut motion এর বিরোধিতা করি এই কারণে যে মাননীয় সদস্যরা যে Cut motin এনেছেন তা এই সময় প্রযোজ্য নয়। তার কারণ গত ১৯৬৫-৬৬ইং বাজেট যখন আমরা করি তখন এই বিষয়ে অনেক আলোচনা হয়ে গেছে। বর্ত্তমানে যে Budget অর্থমন্ত্রী এনেছেন তা হল Supplementary Budget. আমরা যে টাকাটা মূল বাজেটে রেখেছিলাম সেই টাকার চাইতে বেশী টাকা খরচ করতে পেরেছি বলে তাদের খুশী হওয়ারই কথা। কিন্তু তারা খুশী না হয়ে যে প্রতিবাদ করছেন তার উদ্দেশ্য যে ভাল তা নয়। প্রতিবাদ করার যে মনোভাব সেই মনোভাবের উপর নির্ভর করেই এই প্রতিবাদ করেছেন বলে আমি মনে করি। Irrigation এ আমাদের যে ১৭১০০০৲ টাকা ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে অতিরিক্ত, সে টাকাটার Sanction দেওয়া দরকার। Demand No 38 এ ১২০,০০০৲ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। যে টাকাটা আমরা বাজেটের অতিরিক্ত খরচ করেছি ঠিক সেই টাকারই Sanction এখানে চাওয়া হয়েছে কাজেই আমি এই বাজেটকে সমর্থন করি।

মাননীয় একজন সদস্য বলেছেন যে, বাঁধ করতে গেলে পরে আমাদের অনেক টাকা দরকার। কারণ যে সমস্ত নদী নালা Sub-division গুলোতে আছে, সে সব নদীর বালু এসে জমি ভরে যায়। যে বাজেট হবে যায় সে সম্বন্ধে আলাপ আলোচনার বিশেষ প্রয়োজন নাই। এ বছরে ও আমাদের বাজেট হবে। সে সময় এ সম্বন্ধে আলোচনা চলতে পারে। কিন্তু এই বছরের বাজেটে আরও টাকা রাখলে সে টাকা খরচ করার সময় কোথায়? এই যে টাকাটা এই Supplementary Budget এ রাখা হয়েছে এটা রাখা হয়েছে এই কারণে যে কোথাও কোথাও কাজ হয়ে গেছে এবং অতিরিক্ত টাকার দরকার পড়েছে। কাজ অৰ্দ্ধসমাপ্ত কোন কোন ক্ষেত্রে পড়ে আছে সেজন্য টাকার দরকার। কাজেই তাদের এই Cut motion কে আমি সমর্থন করতে পারলাম না।

Mr. Speaker :—I would now call on the Hon'ble Chief Minister.

Shri S L. Singh (Chief Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে যে Supplementary Budget আনা হয়েছে, সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে যে cut motion রাখা হয়েছে আমি তার বিরোধীতা করছি। একটা cut motion এ বলা হয়েছে "Inadequacy of provision for proper mainternance of and repairs to embankments etc, damaged by floods during the year." The govt. are maintaining the following flood protection & errosion from rivers এবং তারই জন্য আমাদের এখানে যে committed expense করেছি সেটারই অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। অথচ মাননীয় সদস্যেরা অনবরত বলছেন যে, flood control করা দরকার কৃষির জন্য ও town protection এর জন্য। কিন্তু যখনই এই

সরকারী কাজগুলিকে চালু রাখার জন্য, শক্তিশালী করার জন্য embankment around আগরতলা টাউন, Embankment of Gumti River for protection of Sonamura town and Durgapur village, errosion control work at Udaipur, errosion control work at Sabroom and Baishnabpur, flood protection & errosion control work at Belonia, Embankment & erosion protected measures at Khowai, embankment & erro-sion protected measures at Kailashahar, other minor flood protection, errsion control work at various places তার জন্য একে রক্ষা করতে গিয়ে আমাদের যে সে কাজ করতে হচ্ছে তারই জন্য যে অতিরিক্ত ব্যয় করা হয়েছে সেই অর্থই আমরা চেয়েছি। মাননীয় সদস্যরা একদিকে বলছেন flood protection করে কৃষকদের বাঁচাও, embankment control করে Town কে বাঁচাও, আর একদিকে বলা হ'চ্ছে যে, এ সমস্ত কাজ কিছুই করা হ'চ্ছে না। কিন্তু আমি মাননীয় সদস্যদের সম্মুখে facts & figures দিয়ে এসমস্ত কাজের যে ব্যয় বরাদ্দ হয়েছে তা চেয়েছি। তারপর বলা হয়েছে inadequacy of provision for flood control scheme. ঠিক এরই মধ্যে এই অর্থগুলো আছে এবং তারই জন্য আমরা ১৯০০০০, টাকা চেয়েছি, চাইতে গিয়ে, আমাদের বাজেটে রাখা হয়েছে an additional amount Rs. 1,90,000/=required due to taking up of some new flood control schemes & addition of two schemes under this major head transferred from grow more Food scheme.

গ্রো মোর ফুড স্কীম থেকে এই সমস্ত স্কীম আমাদের এখানে দেওয়া হয়েছে এবং additional flood control এর জন্য আমরা এই অর্থ চেয়েছি, অতএব grow more food কে শক্তিশালী করার জন্য এবং কৃষকের হস্তকে শক্তিশালী করার জন্যই এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী এই House এ চাওয়া হয়েছে। আমি বিশ্বাস করি কৃষককে রক্ষা করার জন্য এবং তার হস্তকে শক্তিশালী করার জন্য, grow more food কে শক্তিশালী করার জন্য এই দুটি Demand এ যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে তা নিশ্চয় এই House মঞ্জুর করবে।

Mr. Speaker :—I would now put the motions to vote one by one . I would now take up the motions for Demand for grant No 24. and I would take up the cut motions. I would now put the cut motion moved by Shri Sudhanwa Deb Barma to vate

The question before the House is that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequany of provision for proper maintanace of and repairs to embankments etc. damaged by flood during the year.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voices—'Ayes')

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voices—'Noes')

'Noes' have it, "Noes" have it.

(There is some pause.) It is difficult to distinguish between 'Ayes' & 'Noes.' However when I gave my verdict that the 'Noes' have it and took some pause, it was not challenged. So the motion is lost.

Mr. Speaker :—I now put the main motion to vate. The question is that a further sum not exceeding Rs. 1,71,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No. 24- Irrigation, Navigation, Embankment & Dainage works (Non-commercial).

As many as are of that opinion will please say 'Ayes'

(Voices Ayes')

As many as are of contrary opinion will please say Noes.

(No voice)

"Ayes" have it, "Ayes" have it.

The motion is carried.

I will now take up the Demand for grant No. 38. First the cut motions. I would put to vote the cut motion tabled by Shri Ram charan Deb Barma. The question is that the demand be reduced by Rs, 100/= to discuss on inadequacy of provision for flood control scheme.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voices- Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voices—'Noes')

'Noes have it., 'Noes' have it.

The motion is lost.

I would now put to vote the main motion. The question is that a further sum not exceeding Rs-I, 90,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No. 38-Capital Outlay on Irrigation, Navigation, Embankment & Drainage works (Non-Commercial).
As many as are of that opinion will please say 'Ayes'

(Voices—'Ayes')

As many as are of contrary opinion will please say 'Noes'.

(No Voice)

'Ayes' have it. 'Ayes' have it.
The motion is carried.

Mr. Speaker :—I would now take up the next Demand. I would request the Hon'ble Sachindra Lal Singh to move his Demand for grant No. 25 & 39 together.

Shri Sachindra Lal Singh (Chief Minister) :—Hon'ble Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 2. 51, 700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No. 25- Elictricity Schemes.

Hno'ble Speaker Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 6. 75, 200/- (exclusive of charged expenditure of Rs. 1600/-) be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No 39-Capital Outlay on Electricity Schemes.

এই দুইটি schemeএ আমি Houseএর সামনে অতিরিক্ত ব্যয় বরাদ্দ চেয়েছি। Electricity schemeকে successful করে যাতে আমরা এখানে ছোট ছোট যে কুটিরশিল্প গড়ে উঠছে তাকে শক্তিশালী করতে পারি এবং শহরের যে আলোদানের ব্যবস্থা তাকে ঠিক করতে পারি তার জন্য আমি আশা করব House এই প্রস্তাবকে সর্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr. Speaker :—There is one cut motion against the Demand for grant no. 39 given notice of by Sir Hlura Aung Mog, that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for Gumti Hydro Electric project. I would call on Shri Mog. to start discussion.

শ্রীলুরা আউং মগ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এই Cut Motion এর যৌক্তিকতা সম্বন্ধে আমি এ কথা বলতে চাই যে আমরা সারা ত্রিপুরা রাজ্যের যে বিদ্যুৎ পরিকল্পনা, সারা ত্রিপুরা রাজ্যে বিদ্যুৎ সরবরাহ করার জন্য Dumbor plan যেটা আমরা গ্রহণ করেছি, সেই পরিকল্পনার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের বাজেট এখানে এনেছেন এটা মোটেই পর্য্যাপ্ত নয়। কারণ যে অর্থটা এখানে ধরা হয়েছে তার দিকে তাকালে আমরা দেখতে পাই যে Dumbor Hydro Electric Project এর জন্য আমাদের বহু কোটি টাকার প্রয়োজন। এখানে যে টাকা রাখা হয়েছে সেটা খুবই নগণ্য। এখনো Dumbor পরিকল্পনার Primary stage শেষ হয় নাই। সবে পরীক্ষা নিরীক্ষার মধ্যেই চলেছে। এটার দিকে যদি আমরা গুরুত্ব দিতে চাই তাহলে সে দিকে নজর রেখে আমাদের টাকার বরাদ্দ করা প্রয়োজন। আজ পর্যান্ত ত্রিপুরা রাজ্যে কোন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠে নাই এবং শিল্প প্রতিষ্ঠান গড়ার মনোবৃত্তি মন্ত্রীদের মাথায় আছে কিনা আমি জানি না। কিন্তু Central থেকে এই পরিকল্পনার জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। Plan অনুসারে এখানে ঠিক ঠিক ভাবে তাড়াতাড়ি কাজ করার জন্য এবং seriously এটা গ্রহণ করার জন্য যে টাকা ধরা হয়েছে Supplementary Budgetএ তার দিকে তাকালে আমার মনে হয় এভাবে পরীক্ষা নিরীক্ষার কাজ করতে করতে আরও কত Plan, কত পঞ্চবার্ষিক পরিকল্পনা চলে যাবে তবু আমাদের Hydro Electric হবে কিনা সন্দেহ আছে। তাই আমার Cut Motion হচ্ছে যে তাড়াতাড়ি কাজের জন্য যে পরিমাণ টাকা প্রয়োজন সেদিকে লক্ষ রেখে বজেট আনা উচিত। এই জন্যই আমি এ Cut Motion Houseএ রাখছি যাতে Dumbor Hydro Electric Projectএর কাজ তাড়াতাড়ি করে সারা ত্রিপুরা রাজ্যে যাতে আমরা অবিলম্বে Electricity Supply করতে পারি। সে জন্যই আমার এ Cut Motion.

Mr. Speaker :—I would call on the Chief Minister.

শ্রীশচীন্দ্রলাল সিংহ (মুখ্যমন্ত্রী) :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বরাবরই একই কথা বলতে হচ্ছে যে 65-66এর Budgetএ আমরা preliminary worksএর জন্য যে expenditure চেয়েছিলাম সে expenditure sanction হয়েছে। Government of India authorised the State Government to incur expenditure on prelminary works on the basis of sum of Rs. 6,10,000/- এবং সেটা আমরা পেয়েছি এবং সে অনুসারে এ অতিরিক্ত ব্যয়বরাদ্দ আমরা চেয়েছি। যাতে Gumti Hydro Electric Scheme টাকে আমরা successfull করতে পারি তারই উদ্দেশ্য নিয়ে কাজ ধরেছি, এবং সাথে সাথে House এর সামনে এও বলা হয়েছে Omium Scheme আমাদের Sanction হয়ে গেছে এবং তার কাজ যাতে অতি ত্বরান্বিত গতিতে চলতে পারে সে জন্য আমরা চেষ্টা করব। পাশে পাশে Gumti Hydro Electric Project এর Preliminary works এর জন্য যে অর্থ আমরা চেয়ে ছিলাম সে অর্থের বরাদ্দের আমরা Sanction পেয়েছি এবং তারই জন্য যে ব্যয় হচ্ছে Committed expense সেটাই আমরা

House এর সামনে Electricity কে—সে শিল্পই বলুক, বানিজ্যই বলা হউক এবং গৃহাদির কাজ কর্মেই হউক তাকে আমরা যাতে সুনিয়ন্ত্রিত করতে পারি সে ব্যবস্থার জন্যই অর্থের ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। অতএব আশা করি House এটা সর্ব সম্মতি ক্রমে গ্রহণ করবে।

Mr Speaker :—Discussion is over. I would now put to vote the Motions. I would first put to vote the Demand for grant no. 25. The question is that a further sum not exceeding Rs. 2 51 700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No 25- Electricity Schemes

As many as are of that opinion will please say 'Ayes'.

(Voices- Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'.

'Ayes' have it. 'Ayes' have it.

The motion is carried. I would now take up the Demand for grant No 39. I would first put to vote the cut motion moved by Sri Hlura Aung Mog. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for Gumti Hydro Electric Project.

As many as are of that opinion will please say 'Ayes'.

(No Voice)

(Laughter)

Many I think, it is the no confidence of the opposition on the Hon'ble member who moved the cut motion.

(Laughter)

As many as are of that opinion will please say 'Ayes'.

(Voice—'Ayes')

As may as are of contrary opinion will please say "Noes" (Voices "Noes").

"Noes" have it. "Noes" have it.

The motion is lost. I now put the main motion to vote—

"The question is that a further sum not exceeding Rs. 6, 75, 200/=, (exclusive of charged expenditure of Rs. 1, 600/-) be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 39-Capital Outlay on Electricity Schemes .

As many as are of that opinion will please say 'Ayes".

(Voices "Ayes")

As many as are of contrary opinion will please say "Noes". No voice "Ayes, have it "Ayes" have it. The motion is carried.

I now take up the Demand for grant No. 27. I would now call on the Hon'ble Sachindra Lal Singh to move the motion for grant No. 27.

শ্রীশচীন্দ্র লাল সিংহ (মুখ্যমন্ত্রী) :—Hon'ble speaker Sir, on the recommenda -tion of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs 1, 00, 000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March, 1966 in respect of Demand No. 27—Famine Relief.
অর্থাৎ এই Demandটি অত্যাবশ্যক মনে করে আমরা যে committed expense করেছি এবং তার জন্য যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে, আশা করি House অবস্থা দেখে, অবস্থার বিবেচনা করে সেটা সর্বসম্মতি ক্রমে গ্রহণ করে famine relief কার্য্যকে সুচারুরূপে সম্পন্ন করতে সাহায্য করবেন।

Mr. Speaker :—There is one cut motion given notice of by Shri Ramcharan Deb Barma that—The demand be reduced by Rs. 100/ to discuss on inadequacy of provision for Test Relief works. I would call on Shri Deb Barma to discuss.

শ্রীরামচরন দেববর্মা :—মাননীয় স্পীকার মহোদয়, ত্রিপুরা রাজ্য একটি ঘাটতি রাজ্য এবং প্রতিটি বছর আমরা খাদ্যাভাব বোধ করি। ত্রিপুরা রাজ্যের যে population সে population অনুযায়ী—আমাদের যারা উৎপাদক, যারা উৎপাদনকারী সে উৎপাদনকারীদের ঠিক ঠিক মত আমরা কৃষি এবং চাষের যোগ্য প্রয়োজনীয় জিনিষপত্র দিতে পারি নাই। আমাদের অনেক ভূমিহীন আজকেও ত্রিপুরা রাজ্যে বর্ত্তমান। আমরা ঠিক ঠিক ভাবে তাদের জমিতে প্রতিষ্ঠিত করতে পারি নাই। এর উপরেও আছে আমাদের refugee. সেই উদ্বাস্তুদের মধ্যে আজকে যারা উৎপাদক, যারা কৃষক তারা নিজেদের জমিতে প্রতিষ্ঠা লাভ করতে পারেনি। তার জন্যেই আমাদের উৎপাদনের যে source আছে সে দিক থেকে আমরা রীতিমত উৎপাদন করতে পারিনি, এবং প্রত্যেকটি বছর আমরা এখানে খাদ্যাভাবে পড়ি। কাজেই বিশেষ করে ত্রিপুরার গ্রাম এলাকায় সবসময়েই এই অবস্থা দেখি যে চাউল কিংবা রেশন পর্য্যন্ত কিনবার তাদের শক্তি থাকেনা। আমাদের প্রয়োজন তাদের বাঁচানো। তাদের বাঁচাতে গেলে প্রয়োজন আমাদের Test relief দেওয়া এবং সেই Test relief এর জন্য এখানে যে ১,০০,০০০ টাকার মজুরী চাওয়া হয়েছে সে মজুরী পর্য্যাপ্ত নয়। কারণ ত্রিপুরারাজ্যে যে population, যে গরীবের সংখ্যা, সে গরীবের সংখ্যানুপাতে তাদের যদি আমরা সাহায্য করতে যাই তাহলে পরে আমাদের আরো বেশী টাকার প্রয়োজন। আর একটি কথা হল যে মাহারাজার আমলে তাদের যে মজুরী দেওয়া হত ১ টাকা ৬ আনা করে, সেইটা আমরা যদি বর্ত্তমান দুর্মূল্যের দিনের সাথে তুলনা করে দেখি তাহলে সেই মজুরী অন্তত: কমপক্ষে ২৲ টাকা করে দেওয়া উচিত।

যদি তা না বাড়িয়ে ১টাকা ৩৭ পয়সাই রাখি তাহলে আমরা নিজেরাই পিছনে চলে যাচ্ছি ; কারণ বর্ত্তমান জিনিষপত্রের যে দর সে তুলনায় এই অল্প মজুরী দিয়ে তাদের ন্যূনতম দৈনন্দিন চাহিদা তারা মেটাতে পারবেনা। কাজেই এই দিক থেকেই আমি বলছি যে ১টাকা৩৭ পয়সা যে হার আছে তা বাড়িয়ে অন্ততঃ কমপক্ষে ২৲ টাকা করে মজুরী দেওয়ার চিন্তাধারা আমাদের মন্ত্রীমণ্ডলীর থাকা উচিত। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—I would call on Shri B. Das. Dy Minister.

Shri B. Das :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী Demand No. 27 এর জন্য যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী রেখেছেন আমি তার সমর্থন করে এবং যে cut motion টি বিরোধী পক্ষথেকে আনা হয়েছে তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য রাখছি। Original budget এ ১লক্ষ টাকা মঞ্জুরী ছিল। এই যে famine relief এর টাকাটা সে টাকাটা সম্বন্ধে বলা যায় না যে কখন কি হবে এবং কোথায় দরকার। এই বছর শেষ হতে চলল। আমরা already কিছু খরচ করেছি এইজন্য এবং আরও কিছু হয়ত বা বাকী আছে। সেই জন্যে আরও ১লক্ষ টাকা ধরেছি আমরা এই হেড এ। যখনই যে কোন স্থানের economical condition খারাপ হচ্ছে, এবং বিশেষ করে যারা Tribals আছেন তাদের মধ্যে যখন খুবই অসুবিধার সৃষ্টি হচ্ছে তখনই এই test relief এর ব্যবস্থা করা হয়। কাজেই এখানে যারা জুমিয়া, কিম্বা যেসব অতিরিক্ত লোকজন এসে গেছে, তাদের অনেককে আমরা জমি দিতে পারিনি।

(interruption)

আমরা তো পারিনি সত্যিকথা। সবাইকে আমরা দিতে পারিনি। জমি নেই, কিন্তু যতটুকু ছিল তা দিতে কি আমরা কার্পণ্য করেছি? সেখানে তো আমরা দিয়ে গেছি। সবাইকে দিচ্ছি এবং আরও আমাদের চেষ্টা চলছে : বিশেষ করে টিলা জমি ত্রিপুরা রাজ্যে প্রায় ৭৫ ভাগ, সেগুলোকে যাতে আমরা কাজে লাগাতে পারি সেদিকে আমাদের চেষ্টা চলছে। কাজেই সেদিকে পরিকল্পনা সরকারের আছে এবং সে ভাবে আমরা এগুচ্ছি। সে জিনিষটা আগের থেকে আমরা বলতে পারিনি। ১ লক্ষ টাকা আমরা চেয়েছিলাম, ১ লক্ষ ২৫ হাজার টাকা সেখানে খরচ হ'ল, তারপর আরও ১ লক্ষ টাকা আমরা চেয়েছি এই বছরের জন্য। এটা আমাদের Committed expense. কৈলাশহর, কমলপুর, খোয়াই, উদয়পুর, বিলোনিয়া, সদর সাবডিভিশন এ আমরা test relief work করিয়েছি এবং সে জন্য আমাদের খরচা হয়ে গেছে খানিকটা। সেটা আমাদের দরকার। কাজেই ক্ষতি আসবে, আমাদের test relief এর টাকা বাড়াতে হবে, এটা যেমন ভীষণ সত্যি কথা,

তেমনি যখনই টাকার প্রয়োজন হবে তখনই আমরা টাকা চেয়ে বাড়িয়েও নিচ্ছি। অতএব অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য এই ১লক্ষ টাকার Demand এখানে আনা হয়েছে। কাজেই এই ক্ষেত্রে Cut motion আনার কি যৌক্তিকতা, আমি তা বুঝতে পারছি না। Cut motion এর বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would call on the Hon'ble Chief Minister to reply.

Shri S.L. Singh:—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মার্চ মাসের আজ হ'ল ২১ তারিখ। আমরা ১৯৬৫—৬৬ সালের বাজেটে ধরেছিলাম ১লক্ষ ৩৫ হাজার। সেই অংকে সংকুলান হয়নি বলেই অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী চাওয়া হয়েছে। আমরা জানি আমাদের বাজেট অধিবেশন ১২ই April পর্য্যন্ত চলবে। তার পরে 66—67 এর ব্যয় বরাদ্দের মঞ্জুরী আমাদের হাতে আসবে। অতএব একমাসও নেই। আমাদের হাতে আছে এখানে ৯ দিন আর ওখানে ১২ দিন, মোট ২১দিন। এই ২১ দিনের মধ্যে যাতে এমন কোন অবস্থার সৃষ্টি না হ'তে পারে তারই জন্যে আমরা এই অংকটি রেখেছি। কাজেই আমি বুঝতে পারি না কেন Supplimentary Demand এর উপর cut motion রাখা হয়েছে।

বলা হয়েছে যে, মাঙ্কাতার আমলে যে rate ছিল সেই rate বাড়িয়ে ২৲ টাকা করা হউক। মাটি যে rate এ সাধারনতঃ কাটা হয় সেই rate এখানে ধরা হয়নি। ধরা হয়েছে একটা পরিশ্রম দিতে হবে যা তার গায়েও লাগবে না। অথচ একটা কাজ কিছুটা ঠিক ঠিক ভাবে হয়ে যাবে। সেই দিকে লক্ষ্য রেখে এই অংকের পরিমাণ নির্দ্ধারিত করা হয়েছে। কাজের উপর জোর দিয়ে এটা করা হয়নি। সাহায্যের জন্যই এটা করা হয়েছে। অতএব ২৲ টাকা কেন বললেন ৫০৲ টাকাও বলতে পারতেন, বলাতে কোন আপত্তি নেই। কারণ যদি এইভাবে কাজের পরিমাণের উপর নির্ভর না করে, তাদের মাহিনার উপর নির্ভর করতে হয় তাহলে দেশের যে অবস্থা হবে সেটা আমাদের চিন্তা করা উচিত, এবং ভাবাও উচিত। সেইভাবে চিন্তা করার দরকার নেই। বললেই হ'ল, কারণ বলার সাথে সাথে তারা জানেন ও যে, যেই অর্থ আমরা এই বাজেটে ধরেছি, অন্যান্য জায়গার সাথে সামঞ্জস্য রেখেই তা করা হয়েছে। অতএব অনুমানের উপর নির্ভর করেই আমরা সেই কাজ করে যাচ্ছি। যাতে তাদের অর্থ দেওয়া যায় এবং তাদের শ্রমে নিয়োগ করা যেতে পারে সেদিক দিয়েও একটা অর্থের বরাদ্দ আছে। তাদের অর্থের পরিমাণের দিকে লক্ষ্য রাখা হয়েছে। এখানে অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরী চাওয়া হয়েছে। অতএব আশা করব House এটা সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবেন এবং cut motion এর বিরোধীতা করবেন।

Mr. Speaker :—I would now put the motion to vote. First I would put the motion tabled by Shri Ram Charan Deb Barma.

The question is that the amount be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for test relief works.

Mr. Speaker :—As many as are of that opinion will please say 'Ayes'
Voice —'Ayes'

As many as are of contrry opinion will please say 'Noes'
Voice —'Noes'

'Noes' have it, 'Noes' have it, Now I would put the main motion to vote.

The question is that a further sum not exceeding Rs. 1,00,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March, 1966 in respect of Demand No. 27—Famine Relief.

As many as are of that opinion will please 'Ayes'
Voice—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'
(No Voice)

'Ayes' have it, 'Ayes' have it.

Mr. Speaker:—The motion is carried. I would call on Hon'ble Chief Minister to move his Demand No. 28 & 40-A' together.

Shri S. L. Singh (Chief Minister) :—Hon'ble Speaker Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 5,79,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1965 to 31st March 1966 in respect of Demand No 28—Pensions and other Retirement benifits.

Hon'ble Speaker Sir, on the recommendation of the Administra-tor I beg to move that a further sum not exceeding Rs. 4,000/- be granted to defray the additional charges which will come in course of payment during period from 1st April. 1965 to 31st March, 1966 in respect of Demand No. 40A—payments of commuted value of pensions.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই দুইটি Demand House এর সামনে রেখেছি, আশা করি House তা সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করে এই কাজকে সুগম করতে সাহায্য করবে।

Mr. Speaker :—There is a cut motion against Demand No. 28. tabled by Shri Atiqul Islam, that the demand be reduced by Rs. 100/- to discuss on delay in making payments of pensions" I now request Shri Islam to move his cut motion

Shir Atiqul Islam :—মাননীয় অধ্যক্ষ মহোদয় Pension এর টাকা কিছু মঞ্জুরী চাওয়া হয়েছে। Pension এর টাকা payment করতে কারও কোন আপত্তি থাকার কথা নয়। আপত্তি করার জন্য আমি এই cut motion আনিনি এবং তা আমার উদ্দেশ্য ও নয়। আমার উদ্দেশ্য হচ্ছে যে অনেকেই তাদের Pension এর টাকা যে সময়ে পাওয়ার কথা, ঠিক সেই সময়ে পাচ্ছেনা। Public Accounts Committee ও এই সম্পর্কে অনেক objection দিয়েছেন, I mean A.G. অনেক Objection দিয়েছেন। সেগুলি না হয় এখানে আমি নাই আনলাম। সেগুলো কমিটিতে দেখা যাবে। কি হয় না হয়। আমি একটা Particular case এর ব্যাপারে এই House এর attention draw করতে চাইছি যে একজন কর্মচারী দীর্ঘদিন যাবত অবসর নিয়েছেন, কিন্তু আজও তার টাকাটা তিনি পাচ্ছেন না। District Judge অফিসের যিনি Bench Clerk ছিলেন তিনি পরবর্ত্তী কালে Promotion পেয়ে হলেন সেরেস্তাদার। তারপর যদিও তার Pension এর বয়স হয়নি তবুও তিনি নিজেই ইচ্ছা করে retire করলেন 1964 এ। আজকে 1965 শেষ হয়ে গেল 1966 চলছে, এখন ও তিনি তার Pension টা পাননি, তিনি এনিয়ে অনেক দরখাস্ত করেছেন অনেক জায়গায় গিয়েছেন কিন্তু আজ পর্য্যন্ত ও তিনি তার Pension এর টাকা পাননি! এটা জানা কথা যে এই বৃদ্ধ বয়সে এই Pension এর টাকাটার উপর তাঁর ভরণ পোষণ অনেকখানি নির্ভর করে, যদি সেই টাকাটা তিনি সময় মত না পান, যদি official enquiryর জন্য, বা অন্য কোন কারণে তার pension এর টাকাটা পেতে দেরী হয় তাহলে এটা অত্যন্ত দুঃখজনক, আমি সেজন্য এই বিষয়টা House এর দৃষ্টি আকর্ষণ করলাম। Pension এর টাকা পেতে যে কতখানি দেরী হয় প্রায় সর্বক্ষেত্রেই এটা আমরা পরবর্ত্তী কালে আলোচনা করব।

Mr. Speaker :—I would now call on the Hon'ble Chief Minister to reply.

Shr. S. L. Sinsh :—(Chief Minister) Hon'ble Speaker Sir. এই বৃদ্ধ বয়সে Pension মানুষের একমাত্র সম্বল। অতএব সেই সম্বলের উপর নির্ভর করে ও এই আশা নিয়ে তারা চাকরি করেন। সেই Pension settlement এ delay হলে পরে Government একটা Subsistance Allowance দিয়েছেন যতদিন পর্য্যন্ত সেই Pension sanction হয়ে না আসছে, ততদিন পর্য্যন্ত যাতে তারা তাদের জীবিকা নির্ব্বাহ করতে পারে, minimum way তে, সেই দিক দিয়ে চিন্তা করে এই subsistance allowance দেওয়া হয়। তবে এই জায়গাতে যে দেরী হয় না তা নয়। দেরী হ'চ্ছে তার কারণ হল non—availability of service records, কারণ preintegration period এ যারা চাকরি করেছেন তাদের service record correct করার জন্য যে যে নির্দ্দেশ দেওয়া হয়েছে সেই নির্দ্দেশানুযায়ী অনেকে correct করতে পারিনি। Formalitius of varifecation আছে যা'র জন্য দেরী হয়।

সে ক্ষেত্রে cases are being ac ualey pursued by the authoiites concerned with

the A. G Assam & Nagaland. Number of outstanding pension cases have now however come down to. 11. only as a result of strenuous effort. And this relates to six departments, 4 cases relate to District Administraton, 2 cases relate to the Directorate of Education, one case relates to the office of the District & Sessions Judge, one case to Police Department, & one case to Appointment & Services Deptt 2 cases relate to the Printing & Stationery Deptt. অতএব এটা স্বীকার করছি যে এই case গুলো Pending আছে। হয়ত বা District & Session Judge Courtএর যে case টা হয়ত বা সেটা এই ভদ্রলোকেরও হতে পারে, তবে নাম ঠিক আমার জানা নেই। অতএব যদি তারা regularityর ভিতর আসতে পারেন তাহলে অতি দ্রুতই pension পাওয়ার বন্দোবস্ত আমরা করতে পারব।

তারপর কতগুলো আছে, যেমন Out of these eleven cases, one case is awaiting the decission of the Govt. of India. 8 cases are now pending with the A-G. Assam & Nagaland for admissibility which are expected finalisation soon. The other two cases relate to Education Department which has been referred to Finance Department for concurrence for waiving of recovery in respect of overdrawal. The other cases have been referred to the Finance Department for regularisation of period of Service of the erstwhile T. T. C. by fixing the revised Pay, Those two cases are going to be finalised very soon.

অতএব এই যে cut motion রাখা হয়েছে তার বিরোধীতা করে আমার যে Demand House এর সামনে পেশ করেছি, আবেদন করেছি House সেটা সর্ব্বসম্মতক্রমে অনুমোদন করবে।

Mr. Speaker :—The discussion on Demand No, 28 is over. I would now put the motions to vote First I would put to vote the cut motion tabled by Shri Atiqul Islam. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on delay in making payment of pensions.

As many as are of that opinion will please say 'Ayes'.

(Voice—'Ayes')

As many as are of contray opinion will Pleaee say 'Noes'.

(Voice—'Noes')

'Noes' have it, 'Noes' have it The cut motion is Lost

I would now put the main motion to vote moved by the Hon'ble S. L. Singh that a further sum not exceeding Rs. 5,79,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No. 28. Pension & other retirement benefits.

As many as are of that opinion will please say 'Ayes'.

(Voice—'Ayes')

As many as are of contrry opinion will pleasc say 'Noes'.
(No Voice)
So the motion is carried.

Mr. Speaker :—Demand for Grant No. 40A. I would now put this Demand to vote. The question is that a further sum not exceeding Rs. 4000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of Demand No. 40A payments of commuted value of Pensions.

As many as are of that opinion will please say "Ayes"
(Voice—'Ayes')
As many as are of contray opinion will please say 'Noes'
(No Voice)
'Ayes' have it. 'Ayes' have it. So the motion is carried

Mr. Speaker :—I now pass on to the next item. Demand for grant No. 31 forest. I now request the Hon'ble Chief Minister to move his demand for grant no. 31 forest.

Shr. S. L. Singh (Chief Minister) :—Hon'ble Speaker Sir, on the recommendation of Administrator. I beg to move that a further sum not exceeding Rs. 2, 67, 100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1965 to 31st March 1966 in respect of demand no. 31 forest. আমি আশা করি house এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুর করবে।

Mr. Speaker :—There is one cut motion against this demand No. 31 forest. The cut motion is tabled by Shri Aghore Deb Barma that the demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement and maintenance of Forest roads etc. I now call on Aghore Deb Barma to move his to move his cut motion. I now call on Shri Atiqul Islam to discuss on the main motion. The cut motion is lost.

Shri Atiqul Islam :—The cut motion is lost ?

Mr. Speaker :—Yes, the mover is absent. The cut motion falls through

Shri Atiqul Islam :—মাননীয় অধ্যক্ষ মহোদয় forest department সম্পর্কে এখন আমি বেশী কিছু বলতে চাইনা, পরে বলা যাবে।

(inturruption)

অত অস্থির হ'চ্ছেন কেন? সময় তো যায়নি। Forest Department অনেক রাস্তা ঘাট তৈরী করেছেন। কত টাকার রাস্তা তারা তৈরী করেছেন তার হিসাব তারা অবশ্য এখন দিতে পারেননি, বলেছেন পরে দেওয়া যাবে। আমি আশা করি হিসাবটি দিন পনেরক পরে পাওয়া যাবে। তখন দেখা যাবে যে, forest department, forest road করার জন্য কত টাকা খরচ করেছেন। প্রশ্নটা সেটা নয়, প্রশ্ন হচ্ছে আমরা রাস্তা তৈরি করি, forest department ও করে, অন্য department ও করে। তৈরী করার পর আর সেগুলোর maintenauce হয় না।

(interruption)

I may say anything I like on this demand. এই রাস্তাগুলোকে যদি maintain করা না হয় তা'হলে এসব রাস্তা করার কোন স্বার্থকতা থাকে না। রাস্তা তৈরী করার পর সেটার maintenance না করার অর্থ public money অপচয় করা। কাজেই Forest Department ইচ্ছাকৃতভাবে হউক বা, অনিচ্ছাকৃতভাবে হউক রাস্তা তৈরী করার পর তার maintenance এর জন্য তার যে পরিমাণ টাকা পাওয়া দরকার তা তারা পায়না যার ফলে maintenance হয় না। আমি আমার সোনামুড়ার ঘটনা জানি যে, সেখানে forest deptt. বেশ কয়েকটা রাস্তা তৈরী করেছে। কিন্তু সেগুলির আজকে maintenance হচ্ছে না। না হওয়ায় ফলে সেগুলি জঙ্গলে ভর্ত্তি হয়ে গেছে। রাস্তা আছে কি নেই তা চেনা যায় না। শুধু একটা division এর কথা নয়, প্রায় সব division এ more or less একই অবস্থা। কাজেই আজকে একটা গ্যারান্টি থাকা উচিত যে after construstion of a road we must maintain it যদি সেটা না হয় তবে রাস্তা করে লাভ কি? Map এ দেখা যায় রাস্তা আছে কিন্তু বাস্তবে দেখা যায় রাস্তা নেই। কাজেই এই অবস্থাটার আজকে পরিবর্ত্তন দরকার, এবং সেই দৃষ্টিভঙ্গি নিয়ে জিনিষটাকে আপনাদের চিন্তা করা দরকার, আমরা যে লাখ লাখ টাকা খরচ করে রাস্তা করি সেই রাস্তা তৈরী করার পর রাস্তাটা যায় কোথায়? সেই দিকে যদি আমাদের দৃষ্টি না থাকে তাহলে রাস্তা করা হবে Map এ রাস্তা দেখানো যাবে কিন্তু প্রকৃতপক্ষে রাস্তা খুঁজে পাওয়া যাবেনা।

Mr. Speaker :—I would now call on Hon'ble Dy. Minister, B Das.

Shri B. Das :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে demand টি এনেছেন, Demand No. 31- Forest, তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। আমার বক্তব্য রাখতে গিয়ে —এইমাত্র আমরা যে কথাগুলি শুনলাম—Forest Deptt. এ রাস্তা হয়েছে, রাস্তা নেই, সেখানে জঙ্গল হয়ে আছে এবং রাস্তাগুলি কাজে লাগাবার জন্য তৈরী করা হয়নি, কাজেই যদি না লাগল তাহলে এইভাবে জনসাধারনের অর্থ অপচয় করা হয় কেন ইত্যাদি ইত্যাদি

কতগুলি কথা। আর একটি প্রশ্ন তোলা হয়েছিল যে, আমরা প্রশ্ন এনেছি, ১৫ দিনের মধ্যে আশা করি পেয়ে যাব সবগুলা, Metarials নাকি collect করছে, কাজেই সেটা দেওয়া সম্ভব হয়নি ইত্যাদি ইত্যাদি। এখন এই প্রশ্নের জবাবে এটুকুনই বলতে হয় যে pre-plan period থেকে এখানে বনের রাস্তা তৈরী হচ্ছে এবং সবশুদ্ধ ৪১টি রাস্তা সারা ত্রিপুরা রাজ্যে আছে। তার Total Lengh হচ্ছে ১৫০ মাইলের মত। Pre-plan period থেকে যে রাস্তাগুলো তৈরী করা শুরু হয়েছে সেগুলো সম্বন্ধে আমি একটা Notice দিলাম, আর সঙ্গে সঙ্গে সবগুলো collect করা হবে, কি করে যে এটা সম্ভব তা আমি বুঝতে পারলাম না। একটু সময় নেবে। কাজেই সেই প্রশ্নটা যে আজকে আবার আসতে পারে এটা আমি বুঝতে পারছি না। মাননীয় সদস্য বুঝে ও সেটা কেন এনেছেন তা তিনিই বলতে পারেন।

তারপর বলা হয়েছে সবগুলো কাচা রাস্তা করা হয় কেন? সেগুলো করাই হচ্ছে প্রথমতঃ সেখানে Forest produce যেগুলো আছে সেগুলো আনা নেওয়া করার জন্য, আর Forest plantation area Inspection এ যাতায়াতের ব্যবস্থা করা। সেগুলো কাচা রাস্তা। সব সময়ে যাতায়াতের জন্য সেগুলো possible নয়। সেগুলো সব Fair Weather Road. কাজেই সব সময়ের জন্য নয়। এমতাবস্থার এই রাস্তাগুলি সেখানে আছে। এখন বলছেন যে, টাকা খরচ হচ্ছে, Maintenance হচ্ছেনা। এখন সেটা করতে গেলে কতগুলো প্রশ্ন আসে। রাস্তা Maintain করতে গেলে অথবা নূতন রাস্তা করতে গেলে কতগুলো Factor এর উপর আমাদের নির্ভর করতে হয়। প্রথম কথাই হচ্ছে আমাদের Fund. Fund কতটুকু আছে সেটার উপর নির্ভর করতে হয়। দু' নম্বর কথা হচ্ছে একটা fresh programme তৈরী করতে হয়। যখন যতটুকু দরকার সেভাবে আমরা যাচ্ছি। তারপর তিন নম্বর হচ্ছে priority দেওয়া হয়, কোনটা Maintain করা হবে আগে। ঠিক এই রকম ভাবে আমরা অগ্রসর হচ্ছি। এখন Maintenance আমাদের কতটুকু হয়েছে বা না হয়েছে সে সম্বন্ধে একটা বিবরণ এখানে তুলে ধরতে হয়। কারণ মাননীয় সদস্য যে কথাগুলি একটু আগে এখানে তুলে ধরেছেন তার যে কতটুকু যৌক্তিকতা আছে সেটার অসারতা প্রমাণ করবার জন্যই, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি চেস্টা করছি। ১৯৬১—৬২ ইংরেজীতে ৪টি রাস্তার construction করা হয়েছে। সেটার Length হয়েছে ১২½ মাইল। আর সেই বৎসরেই আমরা সেখানে ১৫টি রাস্তা Maintain করেছি। তাতে cover করছে ৭২ মাইল। তার cost গেছে ১৯, ৬১৯' ৫০ পয়সা। যতগুলি রাস্তা ছিল তার মধ্যে maintain হয়েছে ৫৬%. ১৯৬১-৬৪ এ ৭টি রাস্তা constructed হয়েছে এবং সেটা cover করেছে ৯½ মাইল। ১৭টি রাস্তা সেখানে maintain হয়েছে, তাতে cover করেছে ৭৯ মাইল, খরচ হয়েছে ৪৬, ৩২৮, টাকা। এবং সেখানে যতগুলি রাস্তা আছে তার ৬৮% Maintenance করা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে ৮টি রাস্তা Constructed হয়েছে এবং ১৩টি রাস্তা Maintain করা হয়েছে। তাতে total cost হয়েছে ৭৭, ৭২৭ টাকা এবং ৬৬০%. তাতে cover করছে। যখই সে রাস্তাগুলি Maintain করা হয় Forest

Deptt. এর, তখনি লক্ষ্য রাখা হয় যে কি করে কম খরচে সেগুলো আমরা করতে পারি। সেইভাবেই আমরা এগোচ্ছি এবং রাস্তা Maintain হচ্ছে। সুতরাং Maintain হচ্ছে না, এ কথা কি করে আসে, এর যৌক্তিকতা আমি খুঁজে পাচ্ছি না। কাজেই আমাদের যে Main Motion, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যা এখানে রেখেছেন সেটার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I now call on Hon'ble Chief Minister. Shri S. L. Singh to give his reply.

Shri S. L. Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই Grant সম্বন্ধে বলতে গিয়ে বলা হয়েছে যে, রাস্তাগুলো Maintenance করা হয় না। এখানে Foot Note এ আছে Additional amount is required for Maintenance of Forest roads. মাননীয় সদস্য হয়তো সেটা দেখেননি।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীদ্রুপদা দেব বর্ম্মা যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধীতা করছি। মাননীয় সদস্য তার প্রস্তাবে ত্রিপুরাতে ধেবর কমিশনের রিকমনডেশন অনুযায়ী যে জায়গার ট্রাইবেলদের সংখ্যাগরিষ্ঠতা আছে সেই জায়গাগুলিকে সিডিউল এরিয়া বলে ডিক্লেয়ার করার জন্য প্রস্তাব রেখেছেন। ধেবর কমিশনের যেমন সিডিউল এরিয়া ডিক্লারেশনের জন্য রিকমেনডেশন ছিল তার একটা পরবর্ত্তী সাজেসান ছিল, মাননীয় সদস্য সেটা একদম উল্লেখ করেন নি। কি কি অবস্থা থাকলে, কোন ক্রাইটেরিয়া বিচার করে সিডিউল অ্যারিয়া বলে ডিক্লেয়ার করতে হবে ধেবর কমিশনে সেটার উল্লেখ আছে। ৪টা কন্ডিশনের কথা ধেবর কমিশন বলেছে যে দেয়ার শুড বি প্রিপনডারেন্স অব ট্রাইবেল পপুলেশান। শুধু একটা নয়, মাননীয় সদস্য শুধু একটা কথা বলেছেন যে ট্রাইবেল পপুলেশন যেখানে বেশী সেখানে ধেবর কমিশনে এর রিকমণ্ডেশন অনুযায়ী সিডিউল অ্যারিয়া ডিক্লেয়ার করা হউক। দুই নম্বর আর একটা

কণ্ডিশন আছে দ্যাট দি অ্যারিয়া ইন্ কোয়েশ্চেন শুড বি অব দি রিজনেবল সাইজ। একটা বেশ ভাল রকম অংশ হওয়া দরকার। তিন নম্বর: It undeveloped or there should be a market depression in economy as compared with these of their neighbours. এই চারটা কণ্ডিশন যদি ফুলফিল করে একমাত্র সেই ক্ষেত্রে সিডিউল অ্যারিয়া ডিক্লেয়ার করা চলবে।

আমার বক্তব্য হচ্ছে এই জায়গায়, ত্রিপুরায় যে সমস্ত আদিবাসী আছেন এবং তাদের পাশাপাশি, তাদের সন্নিহিত অঞ্চলে আদিবাসী ভিন্ন বহিরাগত সে সব লোক আছেন তাদের যে ইকনমিক কণ্ডিশন, ট্রাইবেলদের কণ্ডিশন'এর চেয়ে তাদের কণ্ডিশন বেটার নয় এবং কোন কোন ক্ষেত্রে যেমন খোয়াই, তেলিয়ামুড়া, কল্যানপুর এলাকায়, অমরপুর মহকুমায় জমাতিয়া একটা আদিবাসী কাষ্ট আছেন তাদের আর্থিক অবস্থা তাদের পাশাপাশি যে সব বাঙ্গালী বা অন্যান্য যারা আছেন তাদের চেয়ে অনেক ভাল। কয়েক দিন আগেও তাদের সরদার, মুহুরী সরদার যাকে বলে সেই সময় সরদার নিজেই বলেছেন যে পাশাপাশি যে সমস্ত উদ্বাস্ত বাঙ্গালী আছেন তাদের চেয়ে তাদের আর্থিক অবস্থা, তাদের জমির পরিমাণ অনেক বেশী, নিজেরাই বলেছেন যে তাদের শতকরা ৫০ জনের ঘরে খাবার সংবৎসরের আছে এবং শতকরা ৫০ জনের বাড়ীতে একাধিক টিনের ঘর আছে সমগ্র ত্রিপুরাতে এমন জমাতিয়ার সংখ্যা যথেষ্ট আছে যারা যে কোন সময়ে ১০/২০ হাজার টাকা ঘর থেকে বের করে দিতে পারেন, এমন কি লক্ষ টাকাও কেউ কেউ বের করে দিতে পারেন, নিজেরাই তারা গর্ব করেছেন। কাজেই যে সব কণ্ডিশনের উপর নির্ভর করে সিডিউল অ্যারিয়া ডিক্লেয়ার করা হবে সেই সব কণ্ডিশন ত্রিপুরাতে বর্ত্তমানে বিদ্যমান নেই। বৃহৎ একটা অংশ নিয়ে যে কম্পেক্ট রিজনাবল সাইট সেই কম্পেক্ট রিজনাবল সাইট নাই। মাননীয় সদস্য একটা অভিযোগ তুলেছেন যে ডেলিমিটেন কমিটি নাকি কায়দা করে এমন ভাবে কাজ করছেন যাতে ট্রাইবেলের সংখ্যা কম করে দেখান হয়েছে। কিন্তু এই কমিশনের এসোসিয়েটেড মেম্বারদের মধ্যে যেমন কংগ্রেস মেম্বার ছিল সেখানে মাননীয় সদস্য অঘোর দেবর্ম্মা মহোদয়ও ছিলেন এবং বহু ক্ষেত্রে আমাদের কমিশনের সামনে আমরা দেখেছি যে দুই একটি বিষয়ে আমাদের মতানৈক্য থাকলেও আমরা এক মত হয়েই কাজ করেছি কমিশনের সঙ্গে এবং এতে ত্রিপুরার ট্রাইবেলদের সংখ্যা কমান আমাদের সম্ভবপর ছিলনা। সেন্সাস ফিগারে যাহা আছে তাই থাকবে। মাননীয় সদস্য তার বক্তব্য রাখতে গিয়ে বহু কথা উল্লেখ করেছেন এবং প্রচ্ছন্ন ইঙ্গিত রেখেছেন, যে নাগাদের কথা উল্লেখ করেছেন, মিজোদের উল্লেখ করেছেন এবং বলেছেন যে পরলোকগত প্রধান মন্ত্রী জহরলাল'এর স্কটিশ প্যাটার্ণের প্রতিশ্রুতির কথা উল্লেখ করেছেন। উপমা দিতে হলে উপমা একটা যুক্তর উপর ভিত্তি করে দেওয়া উচিত। স্কটিশ প্যাটার্ণের কথা যে আমাদের প্রধান মন্ত্রী বলেছিলেন তা আসামের যে বিরাট বর্ডার—এই রকম কম্পেক্ট অ্যারিয়ার জন্য। ত্রিপুরাতে যে সামান্য অংশ এখন ট্রাইবেল প্রিপণ্ডারেন্স আছে সেগুলি নিয়ে স্কটিশ প্যাটার্ণ করা সম্ভবপর নয়। ধেবর কমিশনের রিপোর্ট অনুসারে টি, ডি ব্লক এখানে প্রতিষ্ঠা করা হয়েছে এবং ট্রাইবেলদের উন্নয়নের জন্য প্রত্যেকটি ব্লকে কাজ হচ্ছে এবং ব্লকের মাধ্যমে যে সমস্ত করণীয় কাজ তা তারা করে যাচ্ছে।

টি, ডি, ব্লকের কাজ ছাড়া সরকার থেকেও ধেবর কমিশনের রিকম্যাণ্ডেশন অনুযায়ী যাতে তাদের ইনডেটেডণ্ডনেস কমে তার জন্য বোম্বে মানি লেণ্ডার্স এ্যাক্ট চালু করা হয়েছে ত্রিপুরা রাজ্যে, যাতে তাদের ভূমি স্বার্থ রক্ষিত হয় তার জন্য ভূমি সংস্কার আইন চালু করা হয়েছে, তাতে তাদের ভূমি ট্রেন্সফার একমাত্র কালেক্টার-এর অনুমতি ব্যতীত বন্ধ করা হয়েছে, যাতে তারা ভূমি থেকে উচ্ছেদ না হয়। কো-অপারেটিভ ব্যাংক, কো-অপারেটিভ সার্ভিস, কো-অপারেটিভ মার্কেটিং এই সব করে যাতে এই সব আদিবাসীরা ন্যায্য মূল্যে তাদের ফসল বিক্রী করতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। কাজেই ধেবর কমিশনের রিপোর্ট অনুযায়ী কাজ হয়নি এটা ঠিক নয়। সেখানে দুইটি কথা বলা হয়েছিল, বলা হয়েছিল সিডিউল এরিয়া ডিক্লেয়ার করতে হবে, আর তা না হলে এই টি, ডি, ব্লকের মাধ্যমে কাজ করতে হবে এবং সরকার তাদের ভূমি সংরক্ষণ-এর ব্যবস্থা করবেন যা ত্রিপুরা সরকার করেছেন ভূমি সংস্কার আইনের মাধ্যমে। তাদের ঋণের পরিমাণ যাতে কম হয় মহাজনরা যাতে উৎপাৎ করতে না পারে তার জন্য বোম্বে মানি লেণ্ডার্স এ্যাক্ট ইন্ট্রডিউস করা হয়েছে ত্রিপুরাতে ধেবর কমিশন'এর রিপোর্টে আছে মাননীয় সদস্য দেখতে পারেন এ্যাট পেজ ৪৯৩, সেখানে পরিষ্কার ভাবে উল্লেখ করা হয়েছে যে "In every stage in the body of the Report we believe that the application of this criteria will involve much labour & time and will result in diverting the mind" etc "expediting the process of development which has still been comperatively slow. We have, therefore, to evolve the alternative programme if they raise argument given by us in support of this programme are not acceptable by the Government or it is otherwise considered unsuitable or constitutional difficulties are likely to be arised in giving effect to it, then only those areas, which fulfil our criteria will be declared as Scheduled areas" যে কাজ আমাদের করার কথা সে কাজ আমরা করছি কাজেই অল্টারনেটিভ যে কাজের কথা বলা হয়েছে তা ত্রিপুরাতে করা হচ্ছে, যদি আমরা তা না করতাম তা হলে সেটা বলা যেত কিন্তু আমরা সবগুলি অল্টারনটিভ কাজ করছি। কাজেই অল্টারনেটিভ কাজ ত্রিপুরা সরকার করছেন বলেই সিডিউল এ্যারিয়া ডিক্লেয়ার করার প্রয়োজন পড়ে না। মাননীয় সদস্য বলেছেন জাতীয় ঐক-সংহতি রক্ষার কথা, আমার মনে হয় সকল'এ যদি আমরা মিলে মিশে থাকি তা হলেই জাতীয় ঐক্যসংহতি রক্ষিত হবে, কোন একটা জাতীয়, একটা অংশকে পৃথক করে রাখলে কোন দিন ঐক্যসংহতি রক্ষিত হতে পারে না। এই পৃথক করে রাখার যে বিষময় ফল তা আমরা অন্যত্র দেখেছি। মাননীয় সদস্য বলেছেন যে মহারাজার আমলে সুখে শান্তিতে ছিলাম আঠার বছর স্বাধীনতার পরেও আমাদের ত্রিপুরা অত্যন্ত দুর্দ্দশাগ্রস্ত, কিসের ভিত্তিতে মাননীয় সদস্য একথাবললেন? তিনি ত্রিপুরা রাজ্যের অধিবাসী, ত্রিপুরা রাজ্যে তার জন্ম হয়েছিল, ত্রিপুরাকে তিনি ভালবাসেন আমি জানি, কিন্তু তার উক্তিগুলি বর্ত্তমান যে ত্রিপুরা রাজ্যের অবস্থা তার বিরোধি। ত্রিপুরা রাজ্য মহারাজার আমলে কি ছিল এবং বর্ত্তমানে ত্রিপুরা রাজ্যের চেহারা কি, তার পরেও যদি মাননীয় সদস্য তর্কের খাতিরে, পার্টির স্বার্থে এই ধরণের উক্তি রাখেন হাউসের সামনে আমার মনে

হয় সেটা খুব সঙ্গত হয় না। ত্রিপুরার উপজাতির সামগ্রিক উন্নয়নের জন্য, কল্যাণের জন্য, ত্রিপুরার আদিবাসী গোষ্ঠী যারা আছেন এবং যারা বহিরাগত, যে সব বাঙ্গালী আমরা মহারাজার আমল থেকে এখানে ছিলাম এবং অন্যান্য প্রদেশাগত যারা আছেন তারা সকলে মিলে মিশে এক সঙ্গে যদি আমরা থাকি এবং ত্রিপুরার উন্নয়নের জন্য চেষ্টা করি সেটাই ত্রিপুরার সামগ্রিক মঙ্গলের কারণ হবে. এবং এই জন্য আমি মাননীয় সদস্যের এই প্রস্তাবের বিরোধিতা করছি।

Mr. Speaker :—I would now call on Shri Birchandra Deb Barma,

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় স্পীকার স্যার, কনষ্টিটিউশনের ফিফ্‌থ সিডিউলে কতগুলি প্রভিশন আছে যেখানে প্রেসিডেন্ট ক্যান ডিক্লেয়ার এ্যান এরিয়া এ্যাস্ সিডিউল্ড এরিয়া এবং সে সম্পর্কে তাদের নিজেদের এডমিনিষ্ট্রেশন কি করে করবে তার প্রভিশন ফিফ্‌থ সিডিউলে আছে ; কাজেই ব্যাপারটা সংবিধানে ফিফ্‌থ সিডিউলের অন্তর্গত আছে, কি করে সিডিউল্ড এরিয়া ডিক্লেয়ার করা হবে এবং কি করে তাদের এডমিনিষ্ট্রেশন সম্পর্কে রেগুলেশন চালু করতে হবে। সেটা ফিফ্‌থ সিডিউলে কনষ্টিটিউশনে আছে,। এই সম্পর্কে ধেবর কমিশন অ্যাট পেজ ৬৪ এ বলেছেন যে ইউনিয়ন টেরীটরী এবং অন্যান্য যে ষ্টেট তার কোন ডিফারেন্স রাখা উচিত হবে না। We are, therefore, of the view that for the purpose of scheduling area no distinction should be dtrawn between the states and the Union territories. ইউনিয়ন টেরীটরীগুলিতেও যাতে এই বিষয়ে সিডিউল এর যে প্রভিশন আছে সেটা এক্সটেণ্ড করা যায় সেটা বলে গেছেন ধেবর কমিশন অ্যাট পেজ ৬৪। তারা রিকমেণ্ড করে গেছেন। কাজেই ফিফথ্ সিডিউলের যে অ্যাডভান্টেজ সেটা সংবিধানগত অ্যাডভ্যান্টেজ এবং এই অ্যাডভান্টেজ ফিফ্‌থ সিডিউলে যেটা অনলি ফর ষ্টেটস রেখে গেছেন ধেবর কমিশন সেটা বিচার বিবেচনা করে দেখেছেন যে এই যে ফিফথ্ সিডিউলের অ্যাডভানটেজ সেটা ইউনিয়ন টেরীটরীগুলিতে এক্সটেণ্ড করা দরকার এবং সেজন্য তারা রিকমণ্ডেশন করেছেন যে ইউনিয়ন টেরীটরীগুলিতে সেই অ্যাডভানটেজ একষ্টেণ্ড করা হোক। কাজেই এটাও কিছু সংবিধানগত ব্যাপার। সংবিধানগতভাবে যে অধিকার তাদের দেওয়া হয়েছে সেই অ্যাডভানটেজ যাতে ইউনিয়ন টেরীটরীগুলির লোকেরা পায় সেজন্য ধেবর কমিশন সুপারিশ করে গেছেন এবং ধেবর কমিশন তার অ্যাট পেজ ৪২ তে বলেছেন যে Despite the deficiency that has been observed in the functioning of tribal Advisory Council and utilisation of protective power which we shall consider in the subsequent chapters, these areas that is the scheduled areas, by and large present a fairly hopeful picture. Such has been the effect of these tribal. Outside them there has been an all round demand for the extension of 5th Schedule. যারা ফিফথ্ সিডিউলের বাইরে আছে তাদের মধ্যে এবং যারা ফিফথ্ সিডিউলের অন্তর্গত তাদের মধ্যে ডিফারেন্সের ফলে আমরা দেখেছি ফিফথ্ সিডিউলের অ্যাডভানটেজ যেখানে দেওয়া হয়েছে সেটা একটা অলরাউণ্ড হোপফুল পিকচার ট্রাইবেলদের মধ্যে নিয়ে এসেছে এবং যারা সিডিউল্ড অ্যারিয়ার আউট সাইডে আছে তাদের মধ্যে একটা অলরাউণ্ড ডিমাণ্ড আছে ফর দি এক্সটেনশন অব দি ফিফথ্ সিডিউল। যারা ফিফথ্ সিডিউলের বাইরে আছে তাদের মধ্যে একটা অলরাউণ্ড ডিমাণ্ড এসে পড়েছে যে আমাদের

ফিফথ্ সিডিউলের মধ্যে আমাদের এখানে ফিফথ্ সিডিউল এক্সটেণ্ড করা হোক। কাজেই এই জিনিসটা নূতন নয় যে ফিফথ্ সিডিউলের অ্যাডভান্টেজ সেটা সিডিউল ট্রাইবস যারা আছে তাদের এক্সটেনশান এর ব্যাপারটা এটা অল ইণ্ডিয়া কোয়েশ্চান। তারপর দেবর কমিশন আট পেজ ৪৪ তারা ত্রিপুরা সম্পর্কে একটা পিকচার নিয়ে গেছেন। সেটা হচ্ছে এই--The influx of displaced persons form Pakistan to Tripura has been enermous and has upset the local economy. It has upset the local economy. It has gradually affected the traibals and has made the land problem acute. The rights of the traibals in land should be sefegarded. Section 187 of Tripura land Revenue and Land Reforms Act recently introduced prohibits transfer of land from traibals to non-traibals unless written permission from the Collector obtained or by way of mortage to co-operetive societies. This may check alianation of land by traibals. But in many cases land changes hands without any deed or ragistration.

এটা আমার কথা নয়, ধেবর কমিশনের কথা যে রেজিষ্ট্রেশন বাদেও ভূমি হাতছাড়া হয়ে যায় এবং এটা অত্যন্ত সিরিয়াস প্রব্লেম দেখা গেছে। এখন পাহাড়ে যদি যাওয়া যায় তারা বলে তোমরা পাহাড়ী আনরেজিষ্টারী দলিল করবে না সরকারী দলিল করবে? পাহাড়ী করা মানে ইউনাইট রেজিষ্ট্রেশান কাওলা করে দেওয়া। কেননা রেজিষ্ট্রেশান অফিসে গিয়ে তারা পাহাড়ী দলিল করে উইদাউট রেজিষ্ট্রেশান কাওলা এবং তার ফলে হচ্ছে কি, এনারমাস ল্যাণ্ড ট্রাইবেলদের হাত থেকে নন-ট্রাইবেলদের হাতে চলে যাচ্ছে। এখন যে উদ্দেশ্যে এই আইনটা করা হয়েছিল সেই আইনটা দেখা গেল পারফেক্টলী ফ্রুটলেস। কেননা যেখানে উইদাউট রেজিষ্ট্রেশান ল্যাণ্ড ট্রেন্সফার হয়ে যায় সেখানে কি ভাবে চেক করা যায়? এই চেক করার জন্যই আইনটা ব্যবহৃত হয়েছিল যে উইদাউট রেজিষ্ট্রেশান তারা দলিল করে নিচ্ছে এবং উইদাউট রেজিষ্ট্রেশান ল্যাণ্ড ট্রেন্সফার হয়ে যাচ্ছে। তখন কার্যত দেখা গেল যে, যে উদ্দেশ্যে এই আইন করা হয়েছিল সেই উদ্দেশ্যটা ফ্রাষ্টেটেড হয়েছে। ল্যাণ্ড ইজ গোয়িং টু বি অ্যালিয়েনেটেড ফ্রম দি হ্যাণ্ডস অব ট্রাইবেল টু নন ট্রাইবেলস। তারা স্বভাবতই ল্যাণ্ড অ্যালিয়েনেটেড করে এক জায়গা থেকে অন্য জায়গায় চলে যায়। এখন কোয়েশ্চান হচ্ছে যে একে কি করে ষ্টপ করা যায়। এটা আমার কোয়েশ্চান নয়, আমার ব্যাপার নয়। এটার জন্য লেজিসলেশান দরকার। লেজিসলেটররা বহু বিবেচনা করেই সেকশান ১৮৭ অব ত্রিপুরা ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট তৈরী করেছিলেন এবং এর জন্য করেছিলেন যে ট্রাইবেলদের ল্যাণ্ড যাতে নন-ট্রাইবেলদের হাতে না যায়, তাদের ভূমির উপর যাতে একটা সেফগার্ড থাকে। যখন এই জিনিষটা ফ্রাষ্টেটেড হচ্ছে তখন আমাদের অলটারনেটিভ দেখার প্রয়োজন হয়েছে এবং অলটারনেটিভ করার জন্যই আমরা দেখছি যদি সিডিউল্ড এরিয়া ডিক্লেয়ার করা না হয় তাহলে এই ল্যাণ্ড অ্যালিয়েনেশান বন্ধ হবে না। সিডিউল্ড এরিয়া যদি ডিক্লেয়ার হয় দেয়ার উইল বি কমপ্লীট বার, যে এখানে সিডিউলদের থাকতে হবে, দেয়ার রাইট উইল বি প্রটেক্টেড আণ্ডার ফিফথ্ সিডিউল অব দি কন্সটিটিউশান। আমি পূর্বেই বলেছি এই যে বিধান এটাও সংবিধানের অন্তর্গত। সংবিধান স্বীকার করে গেছে যেটা ষ্টেটে এক্সটেণ্ড করার পাওয়ার সংবিধান দিয়েছে।

ধেবর কমিশন অ্যাট পেজ ৬৪ এ বলে গেছেন যে ইউনিয়ন টেরীটরীগুলিতেও এই সুবিধা এক্সটেণ্ড করা দরকার। কাজেই তারা অলটারনেটিভ প্রপোজল একটা রেখে গেছেন এবং এটা স্বীকার্য বিষয় যে তারা সিডিউল্ড এরিয়ার জন্য প্রপোজল রেখে গেছেন। কাজেই এট পেজ ৪৪৫ তারা বলেছেন at present there is no scheduled area in this tetritory and Chief Commissioner has suggested that the area of Kanchanpur, Teliamura, Cahamanu, Amarpur and some of the areas under Sadar, Belonia, Sabroom Sub-divisions which are contaguous to Amarpur and Teliamura Blook and has proponderance of Tribal population may be declared as scheduled areas. Alternatively the trible area as stated above should be brought under Tribal Development Blook so that bulk of Tribal population is brought under intensive development programms. কাজেই সেখানে অল্টারনেটিভ যে টি, ডি, ব্লক সেটা হয়েছে। টি, ডি, ব্লক হওয়ার ফলে আমরা কি দেখছি। দেখছি যে টি, ডি, ব্লক হয়েও ট্রাইবেলদের ল্যাণ্ড প্রবলেম্ সল্ভ করতে পারছে না। তার কারণ আমরা দেখছি যে, অমরপুর টি, ডি, ব্লক্ হয়েছে, সেখানে দেখছি মোষ্ট অব দি ট্রাইবেলস্ আর গোয়িং এলস্-হোয়ার। ছামনুতে টি, ডি, ব্লক হয়েছে। সেখানে দেখা যাচ্ছে যে ট্রাইবেলরা অন্যত্র চলে যাচ্ছে এবং টি, ডি, ব্লকের বেনিফিট তারা পাচ্ছে না। টি, ডি, ব্লক সম্বন্ধে একটা অল ইণ্ডিয়া সমীক্ষা হয়েছিল সেই অল ইণ্ডিয়া ব্যাকওয়ার্ড ক্লাসের যে সমীক্ষা তাতে তারা বলেছে যে ৭০ পারসেণ্ট বাজেটেড্ অ্যামাউন্ট নন-ট্রাইবেলদের বেনিফিটে চলে যায় ইন ওয়ার্কস অব কন্‌ষ্ট্রাকশন অ্যাণ্ড আদার ম্যাটার্স। ৭০ পারসেণ্ট চলে যায় আর ৩০ পারসেণ্ট ফর ট্রাইবেলস। আমরা সেটা গেল সেসনে বলেছিলাম কাজেই আমার মনে হয় যে প্রস্তাব এখানে রাখা হয়েছে এটা এমন কোন প্রস্তাব নয় যেটা আমাদের মনগড়া প্রস্তাব, এটা সংবিধানের ভিতরেই রয়েছে এবং প্রেসিডেণ্টকে এই পাওয়ার দেওয়া হয়েছে। প্রেসিডেণ্ট সেটা অ্যাপ্লাই করতে পারেন। সংবিধানে আছে এ্যানি ষ্টেটে সেটা অ্যাপ্লাই করতে পারেন। ইউনিয়ন টেরীটরী সম্পর্কে সেটা নীরব নয় প্রেসিডেণ্ট যে সেটা না পারেন তা নয়। অ্যাট পেজ ৬৪ এর ধেবর কমিশন পরিষ্কারভাবে বলেছেন যে ইউনিয়ন টেরীটরীগুলিতেও এটা আনা দরকার। In regard to the application of this criterian to the Union Territories it has been argued before us that they are directly under the Centre and Parliament and there is no need to apply the provision of 5th Schedule to the tribal areas But the President has power under Constitution to apply any law in force to any state by a simple notification to any Union Terrritory and in part thereof. প্রেসিডেণ্টের এই পাওয়ার আছে যে অন্য ষ্টেটের আইন সেখানে অ্যাপ্লাই করতে পারেন। কাজেই ফিফথ সিডিউলে যে প্রেসিডেণ্টের এই পাওয়ার ইনডাইরেক্টলী আনতে পারে না তা নয়। কিন্তু তারা বলছেন যে না We observed during our tour that these tribals suffer form the same handicap as the areas now declared as scheduled areas. It should be in our opinion not in keeping

with the spirit that the provision of the Constitution relating to the protection and development of Scheduled tribes to deny them the benefit and facilities accruing from the 5th Schedule. We are, therefore, of the opinion that for the purpore of Scheduled areas no distinction should be drawn between the States and Union Territories. তারা বলে গেছেন যে ইউনিয়ন টেরীটরীগুলির মধ্যে সেই সব বেসিকটিজ, সেই সব বেনিফিট এক্সটেণ্ড করা দরকার। তা যদি হয়ে থাকে তা হলে ত্রিপুরার পজিশন, দীর্ঘ দিনের অভিজ্ঞতায় এই যে সিডিউল ট্রাইবস কমিশন ১৯৬০-৬১'এ রিকম্যাণ্ড করে গেছেন আজকে ১৯৬৫ শেষ হয়ে গেছে, ১৯৬৬ শেষ হয়ে আসছে, এই দীর্ঘ পাঁচ বছরের যে অভিজ্ঞতা, সে অভিজ্ঞতায় আমরা দেখছি যে টি, ডি, ব্লক যেগুলি হয়েছে সেই টি. ডি, ব্লকগুলি কম্প্লিটলি ফেইলিউর, ট্রাইবেলদের কোন রকম সেফগার্ড সেটার দ্বারা রক্ষিত হচ্ছে না। বরঞ্চ আমরা দেখছি টি, ডি ব্লকে যে সমস্ত ট্রাইবেল আছে তারাও চলে যাচ্ছে বিভিন্ন জায়গায়। ছামনুতেও আমরা দেখছি, যেমন অমরপুরে দেখছি যে সেখানে আজকে যেগুলি প্রিপণ্ডারেন্স অব ট্রাইবেলস ছিল আজকে সেখানে ট্রাইবেলসদের সংখ্যা অনেক কমে গেছে। এটা হচ্ছে এমন একটা ফ্যাক্টার যে ফ্যাক্টারকে যদি চেক করতে চাই, তা হলে আমাদের একটা সহৃদয় দৃষ্টি ভঙ্গী নেওয়া দরকার। সহৃদয় দৃষ্টি ভঙ্গী যদি না নেই যদি কেবল বলি যে জমাতিয়ার মধ্যে বহু লোক আছে এক লক্ষ টাকা দিতে পারে জানি না কোন্ জমাতিয়া দিতে পারে, তিনি নাম বলেন নি। আমি জানি যে ইনডেটেডনেস সবচেয়ে বেশী ত্রিপুরায় এবং ত্রিপুরার যে অবস্থা তার অবস্থা সবন্ধে ধেবর কমিশন বলে গেছেন যে এখানকার দাদন প্রথা—ধেবর কমিশনের যে রিকম্যাণ্ডেশন সেখানেও আছে—অ্যাট পেজ ২০৩, In many areas such as Madhya Pradesh, Orissa and Tripura the crops are invariably mortgaged in advance. In Tripura and the parts of West Bengal, according to Dadan System it is a condition for the advance of loan that the crops will be sold to money lenders in harvesting time. এই সমস্ত জিনিষ দেখিয়ে তারা বলে গেছেন যে আমরা সিডিউল এরিয়ার জন্য বলছি এবং সিডিউল এরিয়ার অলটারনেটিভ হচ্ছে - যদি ট্রাইবেল ডেভলাপমেন্ট ব্লকের মাধ্যমে করতে হয় তাহলে সরকারকে কতকগুলি রেসপন্সিবিলিটি নিতে হবে (অ্যাট পেজ ৬৯)—We emphasised again the alternative suggested by us—if the output that will be for the Government to take the rasponsibility. গভর্ণমেন্টকে সেই রেসপান্সিবিলিটি নিতে হবে। It is also behind it to prepare, to make the Lagislature and the Government will be responsible for their protection. There is a contingency however, that the Government must find difficulty to accept our alternative programme. It may also be that the Government may not be in a position to provide machinery for the inplementation on the scale required to carry out within 10 years, it may be also that the situation, difficulties may arise. Should it be so then only the other course that will be for the Government to un-

dertake the responsibity for declaring these areas in the State and Union Territories which will fulfil the criteria as scheduled area. গভর্ণমেন্ট যদি রেসপন্সিবিলিটি নিতে প্রস্তুত না হন তাহলে অলটারনেটিভ হল টি, ডি, ব্লকের প্রস্তুতি। দীর্ঘ পাঁচ বৎসরের অভিজ্ঞতায় আমরা দেখছি যেখানে ট্রাইবেল প্রী ডমিনেন্ট ছিল এখন সেখানে ধীরে ধীরে ট্রাইবেল কমে গিয়ে, ট্রাইবেলের বসতি বিলোপ হয়ে যাচ্ছে। আজকে ত্রিপুরার ট্রাইবেলরা দাবী করতে পারে যে এখানে সিডিউলএরিয়া প্রবর্তিত হউক যেটা সংবিধান সম্মত এবং যেখানে ধেবর কমিশন ত্রিপুরার জন্য রিকম্যাণ্ড করে গেছেন, সেক্ষেত্রে এ্যাজ এন অলটারনেটিভ বলতে পারেন সে টি, ডি, ব্লক তোমরা কর কিন্তু এই টি, ডি, ব্লক দেখা যায় এখানে আনসাক্সেসফুল— It is not upto the mark, then Tribals can legitimately demand that there should be tribal area in Tripura State for their protection ; protection from the alienation of land from tribals to non-tribals. Land Reforms Act—180/১৮০ তে যে সেফগার্ড তাদের দেওয়া হয়েছিল. that safeguard has become comletely futile, তার কোন রকম প্রটেকশন নাই। কেন না enormous lands are going to be transferred from one hand to another hand without any registered document. তা যদি হয়ে থাকে—আমরা দেখছি যে the only alternative that is only possible to extend is to declare that there should be a tribal area in the Tripura State and this is the sum and substance of the Resolution that has been put by the mover before us ; এবং আমি মনে করি this resolution is most reasonable and it will ameliorate the situation and condition of the tribals in Tripura. তা যদি না হয় তার কনসিকোয়েন্স কি হবে তা আমি বলতে পারি না, ভবিষ্যত ইতিহাসই তার জবাব দেবে। কেন না আমরা চারদিকে যে ইনষ্টেন্স দেখছি, সেই ইনষ্টেন্স সুখপ্রদ নয়। তার মধ্যে যে অনর্থের বীজ, অনিষ্টের বীজ নিহিত রয়েছে আমি মনে করি তার পরিপ্রেক্ষিতে Tripura Govt. will be more sensible in accepting the proposal, in accepting to deca are the scheduled area and safeguard the interest of tribals of this area.

Mr. Speaker :—I would now call on Shri Gopesh Ranjan Deb.

শ্রীগোপেশ রঞ্জন দেব ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই হাউসের সামনে যে সিডউল এরিয়া মার্ক করার প্রস্তাব এসেছে. সেই প্রস্তাবটি অভিনন্দিত হতে পারে না। তার কারণ প্রস্তাবের মুখবন্ধে মাননীয় সদস্য বলেছেন যে সংহতি দৃঢ় করার জন্য এই প্রস্তাব এবং তার সঙ্গে সঙ্গে আমাদের পূর্বাঞ্চলে মিজো এবং নাগাদের যে বিক্ষোভ সৃষ্টি হয়েছে, আন্দোলন সৃষ্টি হয়েছে তার একটা ইঙ্গিত তিনি রেখেছেন। আমি আতঙ্কিত হয়েছিলাম তার সেই প্রথমউক্তিতে কিন্তু পরে যখন তিনি তার ঘোষণায় আবার বলেছেন যে "আমরা চাই না আলাদা রাজ্য, চাই না আমরা আন্দোলন" তাতে আমি কিছুটা আশ্বস্ত হয়েছি। তিনি বলেছেন সংবিধানের কথা এবং ধেবর কমিশনের কথা। তার উত্তর মাননীয় সদস্য শ্রীদত্ত বিশেষ ভাবে, পরিস্কার ভাবে

বুঝিয়ে দিয়েছেন যে অলটারনেটিভ কাজ আমরা নিয়েছি। অলটারনেটিভ নিতে গিয়ে ত্রিপুরার ট্রাইবেলদের অর্থনৈতিক ব্যাপারে, শিক্ষার ব্যাপারে, শাসন ব্যবস্থার উপর প্রভাব আদিবাসীদের থাকা প্রয়োজন। তার কতখানি উন্নতি হয়েছে বা পূর্ণ হয়েছে তা যদি বিচার বিবেচনা আমরা করি তাহলে আমরা দেখব, আজ যদিও লক্ষ লক্ষ উদ্বাস্তু পাকিস্তানের ভিটা মাটি ছেড়ে এখানে এসে আশ্রয় নিয়েছেন, তারা আসার পরও আমাদের আদিবাসীর অর্থনৈতিক ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে, শাসন ব্যবস্থায় তাদের যে প্রভাব থাকা প্রয়োজন ছিল তা কোন দিকেই ক্ষুন্ন হয় নি। আমরা জানি ত্রিপুরাতে আমাদের ১৭টি ব্লক আছে এবং যে সব অঞ্চলে আদিবাসী সংখ্যাধিক্য সে সব অঞ্চলকে কেন্দ্র করে পাঁচটি টি, ডি, ব্লক করা হয়েছে এবং আগামী চতুর্থ পরিকল্পনায় আরও পাঁচটি টি, ডি ব্লক করার জন্য প্রস্তাব রাখা হয়েছে। সেই টি, ডি, ব্লকগুলি তাদের অর্থনৈতিক, সামাজিক এবং শিক্ষা ক্ষেত্রে উন্নয়নের জন্য বিশেষ ভাবে চেষ্টা করে যাচ্ছে এবং সেটা মেইনলি ট্রাইবেলদের জন্য। ডিলিমিটেশন কমিটির কথা যেটা বলা হয়েছে, সেই ডিলিমিটেশন কমিটির এইবার যে বাটোয়ারা, তাতে মাননীয় সদস্য বলেছেন যে এমন কতকগুলি কনষ্টিটিউয়েন্সীতে ভাগ করা হয়েছে, যে তারা ইচ্ছা করে ট্রাইবেলদের সংখ্যাধিক্য দেখিয়েছেন এবং ৫০ পার্সেন্টের কম দেখিয়েছেন। কিন্তু আমরা দেখি যে ৬০ পার্সেন্টের কম দেখিয়েও ট্রাইবেলদের জন্য রিজার্ভ সীট রেখেছেন। তারা সেই সংরক্ষিত সীট থেকে নির্ব্বাচিত হয়ে আসবেন, তাছাড়া জেনারেল সীট থেকেও নির্ব্বাচিত হয়ে আসতে পারেন। তাদের সেই সংরক্ষণ'এর যে রেসিও সেই রেসিওর বাইরেও তারা জেনারেল সীট থেকে নির্ব্বাচিত হয়ে আসতে পারেন। কাজেই শাসন ব্যবস্থার উপর যে তাদের প্রভাব সেটা কি করে কতখানি যে ক্ষুন্ন হল তা আমি ভেবে পাই না। ভারতীয় সংবিধানে ভারতের প্রতিটি উপজাতির, তাদের সংখ্যা যত কমই হউকনা কেন, তাদের স্বার্থ অক্ষুন্ন রাখার জন্য ব্যবস্থা করা হয়েছে এবং তার জন্য ভারতের সংবিধান সর্বদেশে সমস্ত মানুষের কাছে অভিনন্দিত। তাদের উদ্দেশ্য ছিল যে উপজাতির সংখ্যা যত কমই হউক না কেন শাসন ব্যবস্থায় তাদের নিজের মনোভাব, তাদের একটা প্রভাব, তাদের একটা মতামত থাকা প্রয়োজন এবং তারজন্যই সংবিধানে তা রাখা হয়েছে। আমরা জানি বা আমি দেখি যে যারা নাকি নন ট্রাইবেল তাদের চেয়ে বেশী স্বার্থ দেখা হয়েছে সংবিধানে এই উপজাতির জন্য, কারণ তারা জেনারেল সীট থেকেও নির্বাচিত হয়ে আসতে পারে। কাজেই শাসন ব্যবস্থায় তাদের প্রভাব মোটেই ক্ষুন্ন হয় নি। আরও বলা হয়েছে যে ল্যাণ্ড ট্রেন্সফার'এর কথা। মাননীয় সদস্য এডভোকেট, তিনি নিজেই জানেন ল্যাণ্ড যাতে ট্রেন্সফার হয়ে নন ট্রাইবেলের হাতে না যেতে পারে তার জন্য আইন করা হয়েছে। যে পাহাড়ি দলিলের কথা তিনি বলেছেন সেই পাহাড়ি দলিল যে না হয়েছে তা নয়, কিন্তু তার ফল কি হয়েছে? তার ফলটা তিনি ব্যাখ্যা করেন নি। তিনি নিশ্চয়ই জানেন, এই জাতীয় মকদ্দমা তার কাছে পৌচেছে। কিন্তু ইচ্ছা করেই তিনি সেটা উল্লেখ করেন নি। আমি জানি আমার এলাকাতে এই জাতীয় পাহাড়ি দলিল করে জমি ট্রেন্সফার হয়েছিল। কিন্তু সেই ক্ষেত্রে যারা নাকি ট্রাইবেলদের কাছ থেকে জায়গা নিয়েছিল তাদের টাকাও গেছে, জমিও গেছে। জমিতে সেই ট্রাইবেলরা পুনরায় দখল পেয়েছে, আইন তাকে সেখানে দখল দিয়েছে। আরেকটা হচ্ছে কাঞ্চনপুর স্বস্তি সমিতি এক হাজার দ্রোণ জমি বন্দোবস্ত নিয়েছিলেন।

তার মধ্যে ট্রাইবেলদের জোত ছিল। সেই জোতগুলি সরকার স্বীকার করে নিয়েছেন এবং আজও সেই এক হাজার জমি পুরিয়ে দিতে পারেননি সরকার। তার কারণ ট্রাইবেলদের যে জমি তা ঠিক রাখতে হবে, তা থেকে তারা যাতে বন্চিত না হয় তার ব্যবস্থা দেখতে হবে। আরেকটি কথা বলেছেন যে আজ আদিবাসীরা দলে দলে পাকিস্তানে চলে যাচ্ছে, কাছার চলে যাচ্ছে। তার কারণ কি ? তার কারণ সম্বন্ধে আমরা জানি তারা সিপ্‌টিং কালটিভেশানে অভ্যস্ত, জমির প্রয়োজন তারা মনে করেন না। আজ এমন আদিবাসী ভাইও আছেন যারা জমির প্রয়োজনীয়তা অনুভব করেন না, জুম তাদের উপযোগিতা বলে মনে করেন। সেই জন্যই ছুটছিলেন সেই পাকিস্তানের দিকে, আসামের দিকে ; কিন্তু দুর্ভাগ্য তারা সেখান থেকে বিতাড়িত হয়ে আবার এখানে এসেছেন। কাজেই আজ যে কোন কোন অঞ্চলে আদিবাসীর সংখ্যা বিলোপ হচ্ছে তা ঠিক নয়। আমরা শুনে সুখী হই যে আজ আদিবাসীরা যারা আছেন তারা নন ট্রাইবেলদের সঙ্গে মিলে মিশে গ্রামে গ্রামে বসবাস করছেন সেটা ত্রিপুরার আনন্দের কথা নয় কি ?

Mr. Speaker :— The House stands adjourned till 2 P. M. The Member speaking will have the floor.

The discussion on the Private Members' Resolution moved by Shri Sudhanwa Deb Birma, is to Continue. I would call on Shri Gopesh Ranjan Deb to continue his speech

Shri Gopesh Ranjan Deb :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে কথা বলছিলাম যে, ত্রিপুরার সর্বত্র tribal এবং non tribal রা পাশাপাশি নির্বিঘ্নে বসবাস করছেন দেখে আমরা আনন্দিত। আজ লক্ষ লক্ষ উদ্বাস্তু ত্রিপুরাতে এসেছেন বলে যদি বিরোধী দলের মাননীয় সদস্য কুপিত হয়ে থাকেন তবে আমি জিজ্ঞাসা করব যে, তাদের আসাতে ত্রিপুরা লাভবান হয়েছে না ক্ষতিগ্রস্থ হয়েছে ? আমরা দেখেছি যারা উদ্বাস্তু এখানে এসেছেন তাদের কাছ থেকে আমরা পেয়েছি উন্নত ধরণের জীবন যাপনের ভাবধারা। শিক্ষা, সঙ্গতি সম্পন্ন যারা এসেছেন তাদের কাছ থেকে আমরা পেয়েছি দুঃসময়ে সাহায্য ; এবং গরীব যারা এসেছেন তাদের কাছ থেকে আমরা পেয়েছি আমাদের শ্রম শক্তি। আমি জানি যে, আমাদের আদিবাসী ভাইরা তাদের অনেক জমি চাষাবাদ করতেন না, সেখানে জঙ্গল ছিল। সেই সব জঙ্গল আজ এই উদ্বাস্তু ভাইয়েরা rec'aim করে দিয়েছেন এবং ক্ষেত মজুর হয়ে চাষাবাদ করছেন। আজ সেইসব জঙ্গলাকীর্ণ জমি শস্যশ্যামলা হয়ে উঠেছে। কাজেই সেই উদ্বাস্তুদের কাছ থেকে আমরা কিছুই পাইনি, বা উদ্বাস্তু আসায় ত্রিপুরার ক্ষতি হয়েছে, এই কথা আমরা ভাবতেও পারিনা।

আর একটা কথা বলা হয়েছে যে, ধেবর কমিশনের সময়ে আমাদের মাননীয় চীফ কমিশনার কতগুলি অঞ্চল ট্রাইবেল অঞ্চল বলে ঘোষণা করার জন্য সুপারিশ করেছিলেন, যেমন, কাঞ্চনপুর, ছামনু, অমরপুর, তেলিয়ামুড়া। কিন্তু আমরা জানি যে ধেবর কমিশনের যে recommendation সেটা একটা recommendation মাত্র। স্থান এবং কালের পরিবর্তনে যদি আরও বেশী করতে হয় তাহলে কি আমরা তা করবনা ? আমরা দেখেছি যে, যে স্থানগুলির কথা সেখানে উল্লেখ করা হয়েছে সেগুলি দুটি block দ্বারা Cover করা হয়েছে। কাজের অসুবিধার কথা

কথা চিন্তা করে আমরা আরও ৫ টি Block, আগামী 4th planএ করার প্রস্তাব করেছি। কাজেই আমরা কি দেখব? আমরা দেখব যে, যে সব অঞ্চলে কম সংখ্যক আদিবাসী আছেন, সেই অঞ্চলগুলি নিয়েও একটা C.D. Block করার চেষ্টা করা হচ্ছে। আমি বলতে চাই যদি কোন recommendation এ থাকে যে আমাদের উপজাতিদের জন্য অমুক জায়গাতে একটা Block করতে হবে, কিন্তু কালের গতিতে যদি প্রয়োজন হয়ে পড়ে ১০টা করার, তাহলে কি আমরা ৫টা করেই বসে থাকব যেহেতু recommendation এ আছে? না, তা করব না, আমরা ১০টাই করব। সেই জন্যই আরো C. D. Block করার প্রস্তাব করা হয়েছে। কাজেই আজ যে প্রস্তাব এই হাউসের সামনে এসেছে, এই প্রস্তাবের কোন অর্থ হয় না। এই প্রস্তাবের বিরোধীতা করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

Mr. Spea r :—I would call Shri Hlura Aung Mag

Shri Hlura Aung Mag :-- মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীসুধন্য দেববর্মা মহাশয় এখানে উপজাতি এলাকা রক্ষণাবেক্ষণের জন্য যে প্রস্তাব উত্থাপন করেছেন তার সমর্থনে আমি বলতে চাই যে আজ ত্রিপুরা সরকারের অব্যবস্থার ফলে এখানকার উপজাতিরা দিন দিনই ছিন্ন ভিন্ন হতে চলছে। সেই দিকে লক্ষ্য রেখে এই tribal area ঘোষনা করার জন্য Debar Commission এর যে সুপারিশ সেই সম্পর্কে অনেক বক্তা বলেছেন যে তা থাকা উচিৎ। এমন কি আজকে ত্রিপুরা রাজ্যের বিধান সভার মাধ্যমে আমরা যদি সেই দায়িত্ব পালন করতে চাই, তাহলে যারা ভোটে নির্ব্বাচিত নয় এইরূপ লোককে নিয়ে উপজাতি উপদেষ্টা কমিটি করেছে ত্রিপুরার Scheduled tribe এর জন্য এমন রক্ষা কবচের সুপারিশ করেছেন Dhebar Commission. আমি অনুরোধ করব এখানের যারা নির্ব্বাচিত সদস্য ও মন্ত্রী মহোদয়রা আছেন তারাও এই সম্পর্কে আরো দায়িত্ব নিয়ে কাজ করবার জন্য। কারণ দেখা যায় ত্রিপুরা রাজ্যের আদিবাসীদের সাংস্কৃতিক ও অর্থনৈতিক development কতটুকু হয়েছে সেই দিক দিয়ে আমাদের বিচার করতে হবে। তাদের মাতৃভাষার মাধ্যমে যে শিক্ষা পাওয়া সেটা কতটুকু তারা পেয়েছে, এমন কি এই রাজ্যে তাদের মাতৃভাষা পর্য্যন্ত প্রয়োগ হয় না, কোন বই পুস্তক পর্য্যন্ত নাই। ধেবর কমিশন বলেছেন যে নেফা রাজ্যে যদি তাদের মাতৃভাষার পুস্তক বের করতে পারে, তবে ত্রিপুরা রাজ্যে না হবার কারণ কি? ধেবর কমিশন এই কথা তাদের সুপারিশে বলছেন—যে নেফা যদি শতাধিক পুস্তক রচনা করতে পারে, ত্রিপুরা রাজ্যে তা না হওয়ার কারণ কি? কিন্তু ত্রিপুরা রাজ্যে উপজাতিদের জন্য যে সব অধিকার কমিশন সুপারিশ করেছেন, সেই সব থেকে তারা আস্তে আস্তে বঞ্চিত হচ্ছে। আমরা চাই সাড়া ভারতের সঙ্গে এক হয়ে থাকতে এবং অংশীদার হতে যাতে সাড়া ভারতের বিশাল জাতি, উপজাতি এক বিশাল ভারতবর্ষের ঐক্য গড়ে তুলে এবং সেই দিকে আমরা আশা রাখি। কিন্তু আজ ত্রিপুরা সরকার যে ভাবে কাজ করছেন তাতে এখানকার উপজাতিদের স্বার্থকে একেবারে দেখছেন না এবং তারা ধ্বংসের পথে যাচ্ছে। এই কথা জোর গলায় আমি এখানে বলব। তাদের ভাষাও নাই, ত্রিপুরী ভাষা মগ ভাষাও এখানে আছে, সে ভাষা নূতন করে শিখার কোন প্রয়োজন পড়ে না, নূতন করে অক্ষর লেখার কোন প্রয়োজন নাই কিন্তু এই বই পুস্তক যেগুলি আছে তাহাও কোন স্কুলে শিক্ষার মাধ্যমরূপে গন্য করা হয় না। তাই এক

দিকে উপজাতিদের বই পুস্তক নাই এবং অন্যদিকে তাদের শিক্ষা-দীক্ষায় ব্যাঘাত ঘট্ছে। এমন কি অন্য ভাষা শিক্ষার জন্য Boarding এ যারা আছে এক বৎসর পরীক্ষায় ফেল হলে পড়ে দ্বিতীয়বার যে Boarding থেকে পড়বে তাদের এই সুযোগটুকু পর্যান্ত নাই। এই যে শিক্ষার প্রাচীর ডিঙ্গাইয়া যাবার মত অবস্থা এই সব অবস্থা থেকে রক্ষা করার জন্য কমিশনের সুপারিশ অনুযায়ী tribal area ঘোষনা করা একান্ত প্রয়োজন। Scheduled tribal এর লোকদের সুযোগ সুবিধা দেখার জন্য সমস্ত ক্ষমতা সম্পন্ন উপজাতি board গঠন করা দরকার, এই বোর্ডে নির্ব্বাচিত উপজাতি সদস্য থাকবে। এমন কি বাজেট রচনা করা ও খরচ করার অধিকার board এর হাতে থাকা উচিৎ। কিন্তু তা না হয়ে আজকে আমরা কি দেখি বিধান সভা হবার পর like statue একজন উপমন্ত্রী নেওয়া হল tribal থেকে। তার দ্বারা উপজাতিদের কি উপকার হইল ? এদিকে ঘোষণা করা হচ্ছে tribal দের সবকিছু অধিকার দেওয়া হয়েছে। কি উন্নতি হল, আমাদের মাতৃভাষার কোন উন্নতি হল না, একটা board পর্য্যন্ত গঠন করা হল না। Ruling Partyর মাননীয় সদস্যরা বলেছেন যে tribal দের কোন জায়গা থেকে উচ্ছেদ করা হচ্ছে না, এবং ঠিক ভাবে তারা বসবাস করছেন। এই সম্পর্কে সরকার পক্ষ থেকে উচ্ছেদের জন্য যে উস্কানী মূলক কাজ করা হয়, সে সম্পর্কে মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি দৃষ্টান্ত রাখছি অমরপুরে পলক এলাকার মধ্যে ১৯৬৪ সালে ৮ কানি tribal সম্পত্তি সম্পর্কে। এই tribal সম্পত্তিকে non tribal এর কাছে transfer করা হয়, কেনা হয়, দলিল পত্র করা হয়। এই ৮ কাণি এরিয়ার মধ্যে ৭।৮ দ্রোণ জমি হইতে এই জোতের অতিরিক্ত খাস ভূমিতে প্রায় ৬০ পরিবার tribal বসবাস করত। এই কলোনী আমাদের Tribal Commission এমন কি আমাদের Deputy Ministerও গিয়ে দেখে এসেছেন এর পরবর্ত্তী সময়ে কি হল, এই non tribal সরকারের সাথে হাত মিলাইয়া এমন ষড়যন্ত্র করল যে সেখানে পুলিশ ক্যাম্প বসায়ে, জাল কেস সৃষ্টি করে, বিভিন্ন tribal দের ঘরে আগুন লাগায়ে ছারখার করে দেয় এবং তখন tribal রা সেখান থেকে চলে যেতে বাধ্য হয়। এই হল অবস্থা। আর একটি জায়গা হল তুইচং এলাকায় অমরপুর। সেখানে মুসলমানের পরিত্যক্ত জমির মধ্যে ৬০ পরিবার উপজাতি বসেছিল। সেইখানেও পুলিশ ক্যাম্প বসাইয়া অনুরূপ ভাবে তাদের উৎখাত করে দেওয়া হয়েছে। আমি দেখছি সরকারের উস্কানী মূলক কার্য্যের ফলেই tribal দের জমি non tribal দের হাতে যাচ্ছে। এবং tribal রা উৎখাত হয়ে যাচ্ছে এমন কি আমাদের tribal উপমন্ত্রী পর্য্যন্ত বিলোনীয়া গিয়া বলেছিলেন, যে জায়গায় থেকে মুসলমানেরা চলে যাবে, তাদের সেই জায়গায় আমরা রিয়াং, ত্রিপুরী, মগ ইত্যাদি উপজাতিদের বসাব। কয়টি পরিবার আজ পর্য্যন্ত মুসলমানের পরিত্যক্ত জায়গায় বসতে পেরেছে, আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি ? কিন্তু অমরপুর এলাকা হতে মুসলমানদের কি ভাবে তাড়াল। এই সম্বন্ধে Statement দিতে গিয়ে ১৯৬৩ সালে আমাদের চীফ কমিশনার The India Nation (16th June) পত্রিকায় বলেছিলেন যে এইগুলি tribal area — ঐ খানে পাকিস্তানী মুসলমানরা বেআইনী ভাবে দখল করেছিলেন তাই তাদের তাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু পরে দেখা গেল কি সেই মুসলমানদের বেআইনী ভাবে দখলী কৃত জায়গা দখল খাস হয়ে গেল। তারপর কাকে বসাল ? Tribal কে বসাল না non tribal সেই জায়গা পেল ? সেই জমিগুলি সব non tribal দের হাতে গেল আর কোন tribal কে সেখানে দেওয়া হল নাই। আমি দৃষ্টিতে দেখ

কোন কোন গ্রামে মুসলমান তাড়ানো হয়েছে আর তার জায়গায় কোথায় tribal বসানো হয়েছে এইরকম কোন নজীরই দেখাতে পারবেন না। Tribal কে রক্ষা করবার কাজে সরকার failure হয়েছেন। Tribal welfare board বা Tribal welfare Deptt. রেখে ত্রিপুরা রাজ্যে কি অবস্থার সৃষ্টি হয়েছে ? যে allotment tribal রা পেয়েছে সেই allotment এর জায়গা পর্য্যন্ত tribal দের হাতে নেই। কলসীর মধ্যে ৮জন উপজাতি সেখানে ৩০০ টাকা পেয়েছে কিন্তু সেই জায়গাগুলি দখল করে আছে non tribal রা। non tribal দের ভুলে দেওয়া হয়েছে এমন কোন নজীর নাই। সেই বেলায় পুলিশকে ডাকা হয় নাই। বিলোনীয়ার মোতায় হরেন্দ্র ত্রিপুরা যে জমিটি পেয়েছিল আদিবাসী পুনর্ব্বাসনের জন্য, সেটা non tribalরা বিভিন্নভাবে কেস করে উৎখাত করে দিয়েছে, সরকার একটি পয়সা পর্য্যন্ত দিল না। মামলার জন্য এক পয়সাও দেন নাই। মুহুরীর তহশীলাধীন লাওগাং এর অংগিয় মগ যে দশ কাণি জমি allotment পেয়েছে এখন তার হাতে এক কাণি জমিও নাই, সমস্ত জমি নিয়ে গিয়েছে non tribal জোতদার। এমন আরো কত উদাহরণ আছে, সেটা সমস্ত ত্রিপুরার পাহাড়ে ও লুঙ্গায় খুঁজলে পাওয়া যাবে। খবর নেওয়ার জন্য tribal welfare Deptt. যদি সচেষ্ট হন তাহলে জানতে পারবেন ত্রিপুরার পাহাড়ের গায়ে লোকানো এই সমস্ত তথ্য রয়ে গেছে। একের পর এক আদিবাসীদের যে স্বার্থহানি হচ্ছে না এমন কথা বা তথ্য কে আনবে ? পূর্ব্বে Tribal welfare Advisory Committee থাকতে আমি এক জন সদস্য ছিলাম, তখন বহু কথা বলেছি। নোটিশ গেল, কোন মামলা কোন কিছুই হল না, সরকারের উদ্যোগে কোন খানে allotted জমি পর্য্যন্ত সরকার tribal দের হাতে দিল না, বরঞ্চ নিয়ে গেছে। এই নজির আমি হাউসের মাধ্যমে রাখছি। আর একটি কথা হল যে এখানে উপজাতিদের বিভিন্ন ব্যাপারে আগে তারা যেসব অধিকার পেয়েছে আজ সেই অধিকার থেকেও তারা বঞ্চিত। এমন কি tribal এলেকার মধ্যে reserve সৃষ্টি করে, সেইখানে অহরহ Forester রা অত্যাচার চালিয়ে যাচ্ছে এবং Reserve Forest সংরক্ষণের নামে tribalদের উচ্ছেদ করা হচ্ছে। সেইখানে জুম কাটার কোন অধিকার তারা পায় না এমন কি তাদের যে বনজ সম্পদ সংগ্রহ করে জীবিকা নির্ব্বাহের উপায় তাতেও বাধা সৃষ্টি করা হচ্ছে। তার প্রমাণ দেবে অমরপুর হতে ধর্ম্মনগর পর্য্যন্ত বিভিন্ন এলাকার যে প্রায় ২/৩ হাজার উপজাতি অন্য জায়গায় চলে গেছে তারা। এই নজীর আমরা এখানে রাখতে চাই। খেতে না পেয়ে অর্থনৈতিক চাপে পড়ে তারা যে অধিকার পেত সেই অধিকার থেকে বঞ্চিত হয়ে বিভিন্ন জায়গায় tribalরা আজ এক বারে মরতে বসেছে। বিগত বৎসরেও আমরা জানি অনাহারে বহু লোক মারা গেছে। শিকারী বাড়ীতে ভাগ্যমনি রিয়াং ও তার স্ত্রী মারা গিয়াছে। কৃষ্ণজয় সম্রাইরোং আর বসন্ত রিয়াংঙ্গি মারা গেছে শিকারী বাড়ীতে। এই রকম অবস্থা আমরা ত্রিপুরা রাজ্যে দেখছি পাহাড় অঞ্চলে। তা থেকে আমরা বুঝতে পারি যে আজ তারা সর্ব্ব অধিকার থেকে বঞ্চিত হয়ে মরছে। এইজন্য আজ অনেকেই এখান থেকে চলে যাচ্ছে ধর্ম্মনগরের দামছড়া, খেদাছড়া আর কাঞ্চনপুর তহশীলে দস্দা, সুভাষ নগর, আনন্দ বাজার, কৈলাসহরে, ভাইবোন ছড়া, রাজধর এবং কমলপুরে শিকারী বাড়ী এলেকায়, অমরপুর, রাইমা শরমা এই সমস্ত এলেকা থেকে শত শত রিয়াং পরিবার অন্যান্য দেশের দিকে আশ্রয় নেবার জন্য চলে যায়, যেমন আসাম এবং পাকিস্তানের দিকে। আজ

১৮ বৎসর স্বাধীনতার পর তাদের বসবাসের কোন Guarantee আমরা দিতে পারলাম না। আজ তারা নিরুপায় হয়ে এদিক ওদিক ঘুরছে তাদের জীবন বাঁচার তাগিদে। আমাদের সরকার, আমাদের মন্ত্রী সভা তাদের বাঁচার জন্য কোন রকম Scheme করেন নাই কিন্তু ধেবর কমিশনের সুপারিশ অনুযায়ী যে অধিকার তাদের প্রাপ্য তা পর্যান্তও মানছেন না। কাজেই উপজাতিদের থাকার ও বাঁচবার জন্য উপযুক্ত ব্যবস্থা করার Guarantee দিতে হইবে। যদি এই Guarantee আমাদের সরকার দিতে না পারেন তা হলে উপজাতিরা অন্যান্য দেশে চলে যেতে বাধ্য হবে। অর্থনৈতিক দিক দিয়া সরকারের নিকট হইতে কোন রকম আশা পাচ্ছেন না। চাকুরীর দিক দিয়াও তারা কোন Guarantee পাচ্ছে না। এমন কি C. D Block নাম করে উপজাতিদের স্বার্থরক্ষা করবে। C D. Block এ যে কর্ম্মচারী আছেন তার মধ্যে কয়জন অফিসার ও কত জন কর্ম্মচারী Tribal তা আমি জানতে চাই এবং সেই Motive কোন C. D. Block এর আছে বলে আমরা দেখতে পাই না। অন্য জায়গায়ও Tribal কর্ম্মচারী নাই-ই, এমন কি C. D. Block এর মধ্যে ও আমাদের Tribal Officer বা কর্ম্মচারী নাই। সংবিধানে স্বীকৃত যে ভারতের অন্যান্য জাতির সাথে সমান ভাবে চলার মত অবস্থা সৃষ্টি করার যে programme আছে তার কোন কাজই এখানে হচ্ছে না। এমন কি C. D. Block এ যে কমিটি আছে তাতে ও tribal এর সংখ্যা খুব কম। যেমন Sabroom এ C, D, Block আছে, তার অবস্থাও তথৈবচ। সেখানের আশে পাশে যত জমি জমা আছে সমস্ত non tribel রা occupy করে নিয়ে যাচ্ছে এমন কি tribalরা যেখানে বস্তী করে থাকত সেই বাড়ী পর্য্যন্ত C. D. Block এর নাম করে ঐ আদিবাসীকে উৎখাত করে ঐ জায়গায় C. D. Block এর এক জন non tribal কর্ম্মচারীকে বাস করতে দিয়েছে। সাব্রুমের সেই C D. block সংলগ্ন জায়গাটা। যাকে বাঁচানোর জন্য Deptt. হইয়াছে, সেই Deptt. ই তাকে গ্রাস করতে চলেছে, এই হল অবস্থা। সুতরাং সরকার কি বিশ্বাস করতে পারে যে এই C. D. block তাদিগকে রক্ষা করবে? সাব্রুমের মনু বক্সুল ও কালাপাণীয়ায় কত tribal এর জমি যে non tribal এর হাতে এই কয় বৎসরের মধ্যে চলে গিয়েছে তার একটা তথ্য যদি জানান তাহলে আমরা খুসী হইতাম। কোন Member ও দূরে থাকুক, মন্ত্রী পর্য্যন্ত পারবেন না যিনি ক্ষমতা লইয়া অহরহ কাজ করছেন, জীপ হাঁকাচ্ছেন এবং tribal welfare নামে যে সব টাকা আসছে, গাড়ী ঘুরছে পাহাড়ে ২ টিলায় টিলায় তিনিও এমন নজীর দেখাতে পারবেন না যে non tribal পাহাড়ীয়াদের জমি নিয়েছে, তাদের কাছ থেকে সেই জমি এনে tribal দের আবার দেওয়া হয়েছে। তাহলে কি আশা করতে পারি যে সে রক্ষা কবচের মাধ্যমে তাদের রক্ষা করা হচ্ছে? কিন্তু তার কোন দৃষ্টান্ত দিতে পারবেন না। সেই জন্য আমরা জানতে চাই যে আমাদের এই গণতান্ত্রিক মতের যে ভিত্তি স্থাপন হয়েছে এই হাউসের এই মন্ত্রী সভার সেই Guarantee দিতে হবে এবং সেই guarantee র মূল হল এই tribal area. গত ১৯৫১ সালের census অনুযায়ী, ধেবর কমিশনের report অনুযায়ী, যে সমস্ত জায়গায় tribal রা majority ছিল সেই সমস্ত এলেকা লইয়া এই tribal area করতে হবে। এবং tribal এলেকা থেকে tribal যে সমস্ত member নির্ব্বাচিত হয়ে আসছে তাদের নিয়ে উপজাতি বোর্ড গঠন করে তাদের হাতে ক্ষমতা দেওয়া হউক।

সেই কাজ না করে সরকার Tribal Welfare Advisory Board যেটা গঠন করেছেন তার মধ্যে নির্বাচিত কোন সদস্য এই board এ নেই। Ruling Party থেকে কয়েক জন সদস্য রেখেছেন, মানে বিরোধী দলের কেহ নাই। Tribal সদস্য যে কোন দলেরই হউক, সে কংগ্রেস হউক আর কমিনিউষ্ট হউক ট্রাইবেল হলেই তাকে Board এর মধ্যে নিতে হবে। এ হল কথা, কিন্তু সেটাও স্থান পেল না। যারা উপদেষ্টা বোর্ডে স্থান পেয়েছেন তারা ভোটে নির্ব্বাচিত সদস্য নয়. এখানে আমাদের সদস্য আছেন দশমী রিয়াং, তিনি ২ বৎসর আগে ভোটে নির্ব্বাচিত হয়েছেন এবং তার ২ বৎসর আগে থেকেই তিনি এই Board এর সদস্য আছেন. কিন্তু আমি মনে করি Tribal welfare Board এর নাম করে যে সমস্ত অপব্যয় করা হচ্ছে, যে কাজ কর্মগুলি করা হচ্ছে, সবগুলিই tribal দের স্বার্থ বিরোধী। এমন কাজ কর্ম করা হচ্ছে যার মাধ্যমে tribalরা আর সেই আশা ভরসা পাচ্ছে না। তার জন্য আমি মনে করি যারা গণতন্ত্র প্রিয় মানুষ, ভারতের যারা ঐক্য চায়, জাতি-ধর্ম নির্ব্বিশেষে সমস্ত লোক আজ এই দাবীর পিছনে। এই যে পাহাড়ী এলেকা সৃষ্টি করে দেবার যে প্রস্তাব এখানে এসেছে সে প্রস্তাবের সমর্থনে আশা করি তারা বলবেন। যদি দায়িত্বহীন হয়, সে যে ভাবেই হউক এই ত্রিপুরা রাজ্য কেড়ে নেবে। তাদের স্বার্থ হচ্ছে tribal welfare এর জন্য যত টাকা আছে সব আত্মসাৎ করা, এমন কি একটা report এ বের হয়েছিল যে tribal এর নামে যে টাকা আসছে সেই টাকার 50% non-tribal এর জন্য খরচ হচ্ছে। Tribal এর জন্য খরচ হয় না। Patriot পত্রিকায় সেটা বের হয়েছিল, যে টাকাটা tribal দের জন্য বাজেটে ধরা হয় সেই টাকা tribal রা পায় না। Tribal welfare এর নামে পশ্চিম বগাফার থইগ্যা মগ বাড়ীতে যে Ring well দেওয়া হয়েছে সেটা কার বাড়ীতে গেছে? সেটা এক জন non tribal কংগ্রেসীর বাড়ীতে। আজ যদি গণতন্ত্রের যুগে প্রত্যেক জাতি সমান অধিকার চান, সমান স্বার্থ যদি ভোগ করতে চান এবং নূতন সমাজ গড়ে তুলে পেছন পড়া জাতিকে এক সঙ্গে তুলে আনতে চান এবং তার জন্য যদি সদিচ্ছা থাকে তা হলে আমি বলব যে কেউ এই প্রস্তাবের বিরোধিতা করবেন না। বিরোধিতা না করে যেটুকু স্থান দিয়েছে সেইটুকু এখান থেকে পাশ করে তাদের স্বার্থরক্ষার জন্য সব মেম্বার সব মন্ত্রী যদি উদ্‌গ্রীব হইয়া এই প্রস্তাব মানেন তা হলে আমরা দেখব ভবিষ্যৎ ত্রিপুরা রাজ্যে একটা সুন্দর সোনার দেশ গঠন করার সাহায্য করবেন। তা না করে যদি শুধু গায়ের জোড়ে C. D. Block করি, তার মাধ্যমে কি কাজ হচ্ছে না হচ্ছে তার কোন পর্য্যালোচনা না করি তা হলে আশা করি আগামী ১০ বৎসরের মধ্যে ট্রাইবেলরা এখন যে জায়গায় আছে, সেই জায়গায়ই থাকবে। ধর্মনগর থেকে সাব্রুম পর্য্যন্ত বড় বড় রাস্তার কিনারে যে সব tribal এর বসত বাড়ী ছিল সেই খানে আজ tribal এর বাড়ী নাই আমি জানি যে তেলিয়ামুড়ার কথা বলছেন সেখানে tribal এর বসত বাড়ী নেই। যেখানে ৯০% ট্রাইবেল ছিল, আজ সেখানে ২০% আছে। জমাতিয়ারা সব অন্য দিকে ছড়াইয়া পড়েছে। অর্থনৈতিক দিক, সব দিক থেকেই আজ তারা সরকার থেকে কোন সাহায্য না পেয়ে, ক্রমশই তারা অন্যত্র সড়ে যেতে বাধ্য হচ্ছে। কোন দিক দিয়েই তাদের shelter দিতে পারছে না। এই কথা আমি এই হাউসের সামনে রাখব যে তাদের জীবিকার Guarantee স্বরূপ আমরা এই যে Tribal Board গঠন করে ক্ষমতা দিয়ে Tribal

area দিয়ে তাদের রক্ষা কবচের ব্যবস্থা করা। তা যদি না হয় আজ আমরা এই ভারতের সংবিধানের মৌলিক অধিকার হতে আমরা বঞ্চিত হব, সেই জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে সমস্ত হাউসকে অনুরোধ করব যে প্রস্তাবটা এখানে আনা হয়েছে. এই প্রস্তাবটা ভারতের স্বীকৃত কথা এবং ভারতের সমস্ত জাতির ঐক্যবদ্ধভাবে থাকা, এক জাতি এক প্রাণ গড়ে তোলার নীতিকে জোড়দার করবে।

Mr. Speaker :—I would call on Shri Promode Rn. Das Gupta.

Shri Promode Rn. Das Gupta :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৫০ সালের ভারতীয় সংবিধানের 5th Schedule এ ভারতের অনগ্রসর শোষিত ২ কোটি ৯৮ লক্ষ যে উপজাতি তার প্রতি লক্ষ্য রেখেই এই 5th Schedule টা সন্নিবেশিত করা হয়। কেন করা হয় ? কতগুলি কর্মধারার মাধ্যমে সেই শোষিত যে উপজাতি শ্রেণী তার শিক্ষা দীক্ষা এবং অর্থ নীতিতে সু-প্রতিষ্ঠিত করা এবং অন্যান্য জাতির সমপর্য্যায়ে আনা এবং তা Temporary experience এ তখন নেওয়া হয় এবং তারপর ১৯৬০-৬১ সালে আমাদের ধেবর কমিশন মারফত এর সমস্যা পরীক্ষা নিরিক্ষা করে এক সুপারিশ রাখা হয়। আমাদের এই ত্রিপুরায় ৪, ১০০ বর্গ মাইলের উপর জায়গা। তারমধ্যে ১১ লক্ষ ৭৯ হাজার লোক সংখ্যা হয় ১৯৬১ সালের census এ। তারমধ্যে ৩ লক্ষ ৬১ হাজার হচ্ছে আমাদের tribal উপজাতি। মানে আমাদের লোক সংখ্যার শতকরা ৩১ ভাগ। এই কথার অর্থ হচ্ছে এই যে ত্রিপুরার ক্ষেত্রে তারা একটা weighty minority এবং এই Administration এর উপর তাদের বলবার অধিকার এবং বলবার অধিকারের উপর একটা weightiness আছে। সেই দিক দিয়ে তাদের স্বার্থ বিধান সভার মারফতে আদায় করার সুযোগ সুবিধা আছে, যেটা অন্যান্য state এ নাই। কারণ সেইসব দেশের তুলনায় এবং সেইসব সংখ্যার তুলনায় tribal দের সংখ্যা নগণ্য বলে সেইসব প্রশ্ন সেখানে বিশেষ ভাবে আছে। কিন্তু আমাদের ত্রিপুরায় সেইসব দিক দিয়ে চিন্তা করতে গেলে তাদের একটা weight আছে। এখন কথা হচ্ছে সত্যিই আমাদের ত্রিপুরার যে উপজাতি যাদের মধ্যে নানা শ্রেণীর উপজাতি আছে ত্রিপুর, পুরান ত্রিপুর, জমাতীয়া, নোয়াতীয়া বাং-লোম, রীয়াং, চাকমা মগ, গাড়ো, লুসাই নানা রকম উপজাতি এখানে রয়েছে এবং এক এক উপজাতির এক এক শ্রেণীর শিক্ষা, দীক্ষা, সাংস্কৃতিক, সামাজিক ব্যবহার মধ্যে এবং ভাষার মধ্যেও পার্থক্য আছে। কিন্তু সমস্ত উপজাতিকে আমাদের এগিয়ে নিতে হবে এবং অগ্রসর করে নিতে হবে। সেইজন্য আমাদের ধেবর কমিশনের কতগুলি সুপারিশ আমাদের মাননীয় সদস্য বীরচন্দ্র বাবু রেখেছেন। ধেবর কমিশনের ৬৪ পৃষ্ঠায় সেটা তিনি দেখিয়েছেন যে tribal দের Union Territory বা state এর মধ্যে Schedule area র কথা আছে যদি ৬৫ পৃষ্ঠায় দেখা যায় তাহলে আমরা দেখতে পাই যে, যেসব area Schedule করা হয়েছে সেইসব area ভিন্ন নূতন additional schedule area সম্বন্ধে ধেবর কমিশন পরিষ্কার ভাবে একটা বক্তব্য রেখেছেন, শুধু

তাই নয়, Schedule এবং De-Schedule সম্বন্ধেও তারা বক্তব্য রেখেছেন এবং এর পরে একটা example দিয়েছেন সিংভুম সম্বন্ধে। সিংভুমের যে tribal তার সাথে তার পার্শ্বস্থ যে non-tribal তার শিক্ষা এবং economic status এর ব্যবধান বেশী নয়। কিন্তু যেহেতু সেটা Schedule area, তাকে De schedule করার বিপক্ষে অভিমত প্রকাশ করেছেন ধেবর কমিশন। কিন্তু আবার এই ধেবর কমিশন additional schedule area সম্বন্ধে তার বক্তব্য পরিষ্কার ভাবে রেখেছেন। সেখানে যদি ৬৫ পৃষ্ঠায় দেখেন, তাতে কি দেখা যাবে? সেটা সম্পর্কে তাঁরা বলছেন যে একটা vast area survey করা হবে। কারণ ১৯৫০ সালের পর থেকে অনেক গুলি schedule area হয়েছে এবং এখন যদি নূতন ভাবে schedule area করতে হয় তাহলে তার Data Collection করতে হবে। যেসব condition আছে, সেসব condition হচ্ছে concentration of population, compactness of the area. তারপর under developed nature of the area তারপর economic disparity. এইগুলি Fulfill হবে কি হবে না এই সমস্ত চিন্তা করে তারা নূতন একটা প্রস্তাব রেখেছেন যেটাকে alternative প্রস্তাব হিসাবে বলা যায়। সেই alternative প্রস্তাবটা ৪৯৪ পৃষ্ঠায় তিনি লিখেছেন যে if this scheme is accepted the need for the creation of more scheduled areas or expansion of their existing boundaries would not arise. পরিষ্কারভাবে একথা লিখে গেছেন সেখানে। তারপর যদি ধেবর কমিশনের ৫০৭ পৃঃ দেখেন, সেখানে লিখেছেন 5th schedule was conceived as a temporary expedient and its objectives can be achieved by our alternative approach. অতএব এইভাবে যে ধেবর কমিশনের উপর জোর করে এতবড় বক্তৃতা দেওয়া হয়েছে। সেই ধেবর কমিশনই এই suggestion রেখে গেছেন। Additional Schedule area সম্বন্ধে। Expansion of the schedule area সম্বন্ধে যে বক্তব্যগুলি কাগজে কলমে লেখা আছে তাই আমি তুলে ধরছি এবং সেটার উপর আমি বক্তব্য রাখছি। সেই দিক দিয়ে চিন্তা করলে বর্তমানে আমাদের alternative measure গুলি নেওয়া দরকার এবং সেজন্য আমাদের দুটি দিক আছে। একটি হচ্ছে protection এর দিক, আর একটি হচ্ছে Development এর দিক। Protection এর দিক সম্বন্ধে পরিষ্কার ভাবে ধেবর কমিশন লিখে গেছেন আমাদের কি protection দিতে হবে। একথা সত্যি, আমাদের যে উপজাতি তারা জমি থেকে উৎখাত হয়ে যায় অনেক সময় মহাজনদের unfair means এর জন্য এবং নানা রকম অসদুপায়ে। এটা সত্যি কথা এবং তার জন্যই বলছে protection of rights & interest in land including the question of allotment of land & requisition of the land. Alternative of protection এ বলে গেছে যে Protection of rights in forest including granting right of land for horticulture, cultivation and right to perticipate in forest activities concerning forest conservation, degeneration, aforestation and exploitation of the forest production from

exploitation by money lenders including freedom from daily labour and arrangement for alternative credit and protection of their way of life. পরিষ্কার ভাবে alternative এ এই জিনিষটা বলে দিয়ে গিয়েছে। আরও বলে দিয়েছে যে bulk of the tribals should be brought under the intensive developments scheme such as economic development, educational development, health development and communication in hilly areas যাতে ১০ বৎসরের মধ্যে অর্থাৎ 4th plan এর মধ্যে সেই সব সুযোগ সুবিধা Tribal দের দেওয়া যায় তার জন্য Dhebar commission সুপারিশ করেছেন। ত্রিপুরা একটা ছোট জায়গা। এখানে ⅓ area অর্থাৎ ১৩০০ sq. mile under reserved forest. যদি ৪,১০০ বর্গ মাইলের মধ্যে ১,৩০০ বর্গ মাইল reserved forest বাবত চলে যায় ত হলে তার কত অংশ থাকে? এই অবস্থায় আমি মনে করি schedule area করে সেটাকেও যদি আবার ভাগ করা হয় তাহলে সেটা হবে most unscientific এবং বাস্তব বোধের অভাব। অথচ সেখানে আমাদের জমি দিতে হবে সত্যি, যদি implemention এর মধ্যে নানা রকম দোষ থাকে বা অসাধু উপায় অনেক কর্মচারী বা অন্য কেউ গ্রহণ করে থাকেন তাতে তো সরকারের কোন দোষ নেই। সেটা যাতে ভাল ভাবে implement করা হয় তার জন্য সহযোগিতা দরকার। তার জন্য Tribal Advisory Council আছে, তারপর এই House আছে। এই House এর মধ্যে আমরা এবার দেখেছি যে delemitation এ ৯টি seat reserved for tribal করে রাখা হয়েছে। সেই ত্রিশ জন মেম্বারের মধ্যে যদি ৯ জন tribal মেম্বার আসে তবে তার voiceকে উপেক্ষা করার শক্তি কোন গণতান্ত্রিক দেশের থাকতে পারে না। অতএব এখানে আমাদের এই দাবীর কথা জোরদার করতে হবে। তাহলেই সত্যিকারের উপকার আমরা tribalদের করতে পারব। একটা কথা মাননীয় এক সদস্য বলেছেন যে নিজ দেশে পরবাসী। সত্যিই আজকে এই ১৯৬৫ সালে গণতান্ত্রিক ভারতের মাটিতে দাঁড়িয়ে নিজ দেশে পরবাসী কথা যেন খাপ খায় না। যেন মনে হয় যে এইটা একটা fudalism এর যুগ যে fudalistic Govt. ভারতে ছিল তাকেই আবার স্বাগত জানান। সেই যুগই যেন ভাল ছিল যখন রাজার আমল ছিল। যখন land এর উপর কোন স্বত্ব ছিল না। যখন স্বাধীনতা, ব্যক্তি স্বাধীনতা একটা লোকের ইচ্ছার উপর নির্ভর করত সেটাকেই যদি নিজদেশে পরবাসী বলে স্বাগত জানান হয় তবে এই গণতন্ত্রের যুগে, এই অগ্রগতির যুগে এটা খুবই দুঃখের বিষয়। আজকে অনেক refugee এসেছে তার সংখ্যাও কম নয় এবং উপজাতি পাশাপাশি থাকলে তারা শিক্ষা, দীক্ষায় বড় হবে। আমাদের tribal ভাইদের এবং refugeeদের মধ্যেও Schedule Caste আছে তাদেরও safegaurd আছে। তারাও অগ্রসর হয়ে একটা শক্তিশালী, সম্পদশালী ত্রিপুরা যাতে গড়ে তুলতে পারে তার চেষ্টা করাও আমাদের কর্তব্য। তাই আমি Dhebar Commission এর বক্তব্যকে সামনে তুলে ধরছি এবং কমিশনের সুপারিশগুলিকে আপনারা গ্রহণ করুন এবং সুপারিশগুলি দেখে তার alternativeটা দরকার কি না বিবেচনা করে তা গ্রহণ করুন। তা হলেই আমার মনে হয় এখানে এই প্রস্তাব রাখার প্রয়োজন নেই। কতকগুলি উদাহরণ দিয়েছেন যে এখানে অত্যাচার, ওখানে

অবিচার সত্যিই যদি অত্যাচার হয় তবে তার প্রতিবাদ করতে হবে। তার সংশোধন করতে হবে। তার জন্য প্রয়োজন হলে আন্দোলন করতে হবে আমাদের। কিন্তু এইটা দিয়ে কোন Policyর কথা তো আসে না আমাদের এখানে development এর Policy হবে কি ? এখানে এই সম্বন্ধে আলোচনা করতে হবে যে আমাদের কি Programme হবে। সেখানে সেই কথা আসে নাই। অতএব tribal দের যে block গুলি যাতে শক্তিশালী হয়, এবং সত্যিই যাতে সেখানে উপযুক্ত tribal Officers থাকে সেই দিকে দেখা দরকার আমি আশা করি alternative যে suggestion Dhebar Commission এ আছে সেইটাই ত্রিপুরার পক্ষে উপযুক্ত এবং সেটাকেই গ্রহণ করা উচিত। কাজেই আমাকে বাধ্য হয়েই এই প্রস্তাবের বিরোধিতা করতে হচ্ছে।

Mr. Speaker :—I would call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সুধন্য দেববর্মা যে প্রস্তাব এখানে রেখেছেন আমি তার সমর্থনে আমার বক্তব্য রাখতে চাই। Ruling Party এর মাননীয় সদস্য গোপেশ বাবু বলেছেন যে বর্তমানে tribal, non-tribal যেভাবে এক জায়গায় শান্তি পুর্ণভাবে বসবাস করছে তা দেখে উনার আনন্দের আর সীমা নাই। খুবই ভাল কথা। কারণ Tribalরা আবহমান কাল থেকে, ত্রিপুরা রাজ্যের নজীরে আছে তাহারা সহজ এবং সরল। কাহারো সঙ্গে ঝগড়া করার স্বভাব তাদের নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে একটি জিনিষ যা যদি তিনি দেখেও না দেখেন তবে ইহা খুবই দুঃখের বিষয় কারণ বিভিন্ন এলাকায় আজকে tribalরা যে সমস্ত অবস্থার সম্মুখীন হয়েছেন এইগুলি যদি উনার চোখে না পড়ে থাকে তা হলে আমি বলব তিনি অবস্থাকে এড়িয়ে চলেছেন উনার বাড়ী কৈলাসহর ফটিকরায়- কাঞ্চনপুর ফটিকরায় থেকে বেশী দূর নয় মাননীয় সদস্য প্রমোদ বাবুও বলেছেন যে Dhebar Commission এ যে alternative suggestion আছে এটাই আমাদের গ্রহণ করা উচিত। এবং রাজ্য সরকারও সেটাকেই সারা ত্রিপুরার tribal দের উন্নতি ও অগ্রগতির পথ হিসাবে গ্রহণ করেছেন। আমরা যদি T. D. Block বর্তমান অবস্থায় পর্য্যালোচনা করে দেখি এবং ত্রিপুরার বাস্তব অবস্থা যদি আমরা দেখি তবে আমরা কি দেখতে পাই? যদি T. D. Block এর মাধ্যমে সমগ্র ত্রিপুরায় উপজাতীয়দের, যারা সমাজে অনুন্নত, পশ্চাৎপদ তাদেরকে programme ত্রিপুরা রাজ্য সরকার গ্রহণ করে থাকে, তা হলে আমরা এতদিন পরে নিশ্চয় দেখতাম যে সমস্ত ক্ষেত্রে T. D. Block করা হয়েছে। যেমন কাঞ্চনপুর, ছাউমনু, সাব্রুম, অমরপুর, ডোম্বুরতলীর অবস্থা যদি আমরা দেখি তবে T, D, Block অবস্থা আমরা কি দেখতে পাই ? সেখানে আমরা দেখতে পাই, যেখানে যেখানে T. D. Block রাজ্য সরকার গঠন করেছেন সেখানে tribal রা দিনের পর দিন নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। সেখান থেকে তারা সরে যেতে বাধ্য হচ্ছে। সেই কারণগুলি কি ? কাজেই আজকে এই কথা আমাদের ভাবতে হবে। তিনি alternative suggestion of Dhebar

Commission এখানে রেখেছেন যেটা ত্রিপুরা রাজ্য সরকার already গ্রহণ করেছেন, যার মাধ্যমে Dhebar Commission এর নাম দিয়ে এই Planকে তাড়ানোর চেষ্টা করেছে। কিন্তু এখানে আমি নিশ্চয়ই বলব যে আজকে Dhebar Commission এর সুপারিশগুলির implementation এর নাম করে, T. D. Block এর নাম করে ত্রিপুরা সরকার ত্রিপুরায় সমস্ত অনুন্নত পশ্চাদপদ উপ-জাতীয় সম্প্রদায়গুলিকে নিশ্চিহ্ন করার ষড়যন্ত্র করছে। কারণ কাঞ্চনপুরে যদি আমরা দেখি সেখানে T. D. Block গঠন করার পূর্ব্বে যে tribal ছিল আজকে তার বহুলাংশ সেখানে নেই। আজকে তারা কেহ কেহ গিয়েছে আসামে, কেহ গিয়েছে ত্রিপুরার বিভিন্ন অংশে, কেহ গিয়েছে পাকিস্তানে। তার কারণগুলি অনুসন্ধান করে দেখেছেন কি? অমরপুর, ছাউমনু প্রত্যেকটি এলাকায় আজ একই অবস্থা। যদি T. D. Block এর মাধ্যমে সমস্ত অনুন্নত সম্প্রদায় বিশেষ করে যারা উপজাতি, তাদের উন্নতির কোন বাস্তব দৃষ্টি ভঙ্গী যদি সরকারের থাকত তা হ'লে, নিশ্চয় আমরা দেখতাম সেই সমস্ত ট্রাইবেল এলাকাগুলিতে যেখানে T. D. Blocks গঠিত হয়নি তাদের থেকে যেখানে T. D. Block গঠিত হয়েছে সেখানকার ট্রাইবেলরা শিক্ষা দীক্ষায় অনেক উন্নত। কিন্তু বাস্তবে আমরা কি দেখতে পাই, সেখানে দিনের পর দিন ট্রাইবেলরা T. D. Block ছেড়ে যেতে বাধ্য হচ্ছে। মাননীয় সদস্য যদি দয়া করে যে Chapter টুকু উনি উল্লেখ করেছেন, তার শেষ অংশ যদি পড়ে দেখতেন তাহলে দেখতে পেতেন যে Dhebar Commission পরিস্কার ভাবে উল্লেখ করেছেন যে allternative suggestion রাখা সত্বেও সেখানে তারা সন্দেহ প্রকাশ করেছেন যে সেই alter-native suggestion এর মাধ্যমে ত্রিপুরার উপজাতীয়দের সমস্যার কোন সমাধান হবে কি না। সেই প্রশ্নও ছিল। কিন্তু তিনি ইচ্ছাকৃত ভাবে সেই অংশটি এড়িয়ে গিয়েছেন। কাজেই Dhebar Co-mmission এর report এর ৪৪৮ পৃঃ আছে "The influx of the displaced persons from Pakistan to Tripura has been enormous and has up-set the local economy. It has greatly affected the tribals and has made land problem acute. এই সমস্ত ঘটনা তাঁরা স্বীকার করেছেন যে এটা হবেই। ত্রিপুরার যারা উপজাতি, তারা অনুন্নত, পশ্চাদপদ, চিন্তা শক্তি নাই, বুদ্ধি বিবেচনায় সমাজের অন্যান্য লোক থেকে অনেক পিছনে পড়ে আছে। কাজেই আমরা এই কথা বলি যে non tribal রা তাদেরকে সর্ব্বত্র জোর করে উচ্ছেদ করে দিচ্ছে। কোন কোন ক্ষেত্রে হয়তো এই রকম ঘটনা হয়েছে আমরা জানি। সময়ে সময়ে আমরা মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট এই সমস্ত ঘটনা গোচরিভূত করিনি তা নয়, বহু বার তাদের দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু কোন প্রতিকার সেখান থেকে পাওয়া যায়নি। সামগ্রীক ভাবে আমরা দেখে থাকি, কোন কোন ক্ষেত্রে তারা জমি ছেড়ে যেতে বাধ্য হয়। কারণ বর্ত্তমান অর্থ নৈতিক প্রতিযোগিতার ক্ষেত্রে তারা অনুন্নত পশ্চাদপদ বলে পেরে উঠছেনা। কাজেই এই সমস্ত বাস্তব অবস্থাগুলি আমাদের বিচার বিবেচনা করে দেখা দরকার। কোন কোন ক্ষেত্রে এই রকম নজীর আছে, যেমন সাব্রুম সাতচাঁদ এলাকায় T. D. block এ রমা ত্রিপুরার ১৯ নং জোতের বিষয়ে মাননীয় চীফ কমিশ নারের দৃষ্টি আমি অনেকবার আকর্ষণ করেছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রীও জানেন যে এই ১৯ নং জোত একজন non-tribal school teacher জোর করে দখল করে বসেছিল। সরকারের পক্ষ থেকে

Circle officer পাঠিয়ে তাকে দখল দেওয়ার পরে যখন circle officer ফিরে এলেন তখন সঙ্গে সঙ্গে খুঁটিগুলি উপরে ফেলে দেওয়া হয় এবং আবার জোর করে বসে যায়। কারণ রমা ত্রিপুরা অত্যন্ত গরীব, তার মামলা মোকদ্দমা করার ক্ষমতা নাই। এই রকম অবস্থা বছরের পর বছর চলে আসছে। কোন বিচার নেই। এই রকম একটা দুইটা ঘটনা নয়, বহু ঘটনা এরকমভাবে ঘটছে। ১৯৬২ সালে যখন অমরপুর reserve এলাকা বলে, সেখান থেকে পাকিস্তানী মুসলমানদের তাড়িয়ে দেওয়া হল, তখন D. M. শ্রী গাঙ্গার সঙ্গে আমার আলোচনা হয়েছিল যে পাকিস্তানীদের পরিত্যক্ত ভূমিতে জুমিয়াদের পুনর্ব্বাসন দেওয়া হবে। যদি ভূমি আরও বাকী থাকে তবে সদর এলাকার কিছু জুমিয়াকে ও সেখানে পুনর্ব্বাসন দেওয়া হবে। তারপর যখন সদর বিভাগের জুমিয়াদের দরখাস্ত আহ্বান করা হল তখন অনেক জুমিয়া পুনর্ব্বাসন পাওয়ার জন্য তা করল। তারপর D. M নির্দেশ দিলেন যে তোমরা অমরপুরের S. D. O, সঙ্গে দেখা কর। তারপর D M. এর order নিয়ে যখন তারা অমরপুরের S. D. O. এর সঙ্গে গিয়ে দেখা করল তখন অমরপুরের S. D. O বলে দিলেন এখন কিছু করা সম্ভব নয়। এখন survey করতে হবে, কত land আছে দেখতে হবে। তারপর দেখা যাবে কি করা যায়। মাননীয় সদস্য শ্রী লুড়া আও মগ সেকথা উল্লেখ করেছেন। আদেশ দেওয়ার পরও কার্য্যতঃ তা দেওয়া হল না। কাজেই এসমস্ত ঘটনা থেকে মনে হয় ত্রিপুরা সরকার সাব্রুম থেকে ধর্ম্মনগর পর্য্যন্ত সমস্ত Tribal দের উৎখাত করে দেওয়ার ষড়যন্ত্রেই লিপ্ত আছেন। ত্রিপুরায় উপজাতিদের মধ্যে অনেক সম্প্রদায় আছে— যেমন রিয়াং একটি সম্প্রদায়। কংগ্রেসের আশীর্ব্বাদ যদি কোন সম্প্রদায় পেয়ে থাকে তবে তা পেয়েছে রিয়াং সম্প্রদায়। কিন্তু কংগ্রেসের আশীর্ব্বাদ দিয়েও যদি তারা সুখে স্বচ্ছন্দে থাকত তবে আরও অনেক উপজাতি সম্প্রদায় কংগ্রেসে যোগদান করত, অথবা এই রাজ্য সরকারের প্রতি আস্থা তাদের বাড়ত। ২৬ শে জানুয়ারীতে যখন কম্বল বিতরন করা হয়. মেডেল দেওয়া হয় তখন দেখা যায় অধিকাংশই রিয়াং। খুবই ভাল কথা তারা বিশ্বাসী প্রজা। কিন্তু এই সম্প্রদায় যারা নাকি কংগ্রেসের একান্ত ভক্ত, কংগ্রেসকে বিশ্বাস করত, আজকে সেই রিয়াং সম্প্রদায় কোথায়? আজকে কাঞ্চনপুর ও ছামনুতে দেখি অধিকাংশ উপজাতি আসামে যেতে বাধ্য হয়েছিল, ত্রিপুরা রাজ্যের আনাচে কানাচে দলে দলে ভিক্ষা করতে বাধ্য হয়েছিল তাদের মধ্যে অধিকাংশই হচ্ছে রিয়াং সম্প্রদায়। কাজেই আজকে সাব্রুম থেকে ধর্ম্মনগর পর্য্যন্ত বিভিন্ন উপজাতিদের মধ্যে কংগ্রেস সরকার আস্থা স্থাপন করতে পারেন নাই। এই সরকার উপজাতিদের সুখ স্বাচ্ছন্দ দেখবে তাদের অর্থনৈতিক উন্নতি করবে, এই বিশ্বাস তারা দিনের পর দিন হারাচ্ছে চলছে। আজকে কেন এই Dhebar Commission এখানে আসে? কারণ গত ১৮ বৎসরের রাজত্বে ভারতের বিভিন্ন অঞ্চলে উপজাতিদের কোন উন্নতি হয় নাই। বরং দিনের পর দিন তারা ধ্বংসের মুখে চলছে। ভারতের সামগ্রিক উন্নতির জন্যই আজকে এই পশ্চাদপদ উপজাতিদের উন্নত করতে হবে। এই জন্য ধেবর কমিশনের সুপারিশ। কিন্তু এই সুপারিশের alternative প্রস্তাবের নাম করে আজকে সমস্ত উপজাতিদের ধ্বংসের পথে নিয়ে যাওয়া হচ্ছে। ত্রিপুরাতে দুইবার অন্ন সংকট দেখা দেয়, সেই সঙ্কটে আমরা কি দেখি— জুমিয়ারা সেখানে অনাহারে মরেছে। শুধু

test relief দিয়ে বিরাট একটা সম্প্রদায়কে বাঁচান যায় না। কাজেই আজকে ধেবর কমিশনের সুপারিশ tribal, non-tribal এর বিরোধের প্রশ্ন নয়। সোজা কথা আজকে যারা tribal তাদের উন্নতি অগ্রগতির জন্য তারা নিজেরা দায়িত্ব নিতে চায় অর্থাৎ উপজাতীয়দের উন্নতি ও অগ্রগতির দায়িত্ব আজকে তাদের হাতে ছেড়ে দেওয়া হউক। কাজেই এখানে tribal, non tribal এর প্রশ্ন উঠে না। ত্রিপুরা রাজ্য থেকে আলাদা বা বিচ্ছিন্ন হয়ে যাওয়ার কোন প্রশ্ন উঠে না। যেখানে শতকরা ৫০ জন উপজাতি আছে সেখানে সংবিধান মতে schedule area ঘোষণা করা যায়। আর একটি কথা হচ্ছে শিক্ষা এবং চাকুরী ক্ষেত্রে যে কথাটি আমি বলেছিলাম আজকে যে বিভাগগুলি tribal দের সুযোগ সুবিধার জন্য করা হয়েছে, কিন্তু সেখানে যদি আমরা যাই তাহলে দেখতে পাই যে tribal ছেলেরা সেখানে চাকুরী পায় না। কেউ কেউ পেয়ে থাকে, কিন্তু অধিকাংশ ক্ষেত্রে তারা বঞ্চিত হয়। আর শিক্ষা ক্ষেত্রে ধেবর কমিশনের মধ্যে পরিষ্কার সুপারিশ আছে। আজকে উপজাতিদের যদি উন্নতি করতে হয় তাহলে ৮ম শ্রেণী পর্যন্ত যারা লেখাপড়া করেছেন তাদেরকে recruit করে trained করে গ্রামাঞ্চলে পাহাড় এলাকায় তাদেরকে শিক্ষক করে পাঠিয়ে দাও। কিন্তু শিক্ষার ক্ষেত্রে তারা এই সুপারিশ গ্রহন করেন না। কারণ আমরা জানি স্কুল, কলেজ থেকে যারা হঠাৎ বেরিয়ে আসে তাদেরকে যে মাষ্টারী appointment দেওয়া হয়, তাদের পরিবেশ সম্পূর্ণ আলাদা। তারা মনের সঙ্গে মলিয়ে সেখানে থাকতে পারে না। এই সমস্ত কারণে আমরা দেখতে পাই তারা সেখানে স্কুলে থাকে না। কাজেই আজকে উপজাতি উপদেষ্টা বোর্ড যেটা গঠন করা হয়েছে তার সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, ধেবর কমিশনে সেটা পরিষ্কার বলা হয়েছে, বিরোধী বা ruling party র কথা সেখানে উঠে না। বিধান সভার যারা নির্বাচিত মেম্বার তাদের সমস্তকে নিয়েই উপজাতি উপদেষ্টা বোর্ড গঠন করতে হবে। অর্থাৎ তারা চায় না তাদের উন্নত করতে। যদি আন্তরিকতা থাকত, তাহলে সেখানে কংগ্রেস কম্যুনিষ্ট কোন প্রশ্ন থাকত না, তাদের দিয়ে একটা Advisory Committe করা হইত। কিন্তু সেখানে তা করা হয় নাই। কারণ সরকারের যে সমস্ত অপকর্ম তা তাদের দিয়ে সমর্থন করানোর জনাই Advisory Board করা হয়েছে। অন্যত্র এটার কোন প্রয়োজন নাই।

Mr. Speaker :—Vindictive is unparliamentary.

Shri Aghore Deb Barma :— আর একটি কথা হচ্ছে, অনেক সদস্য এখানে আশঙ্কা বোধ করছেন যে ত্রিপুরার tribal দের মধ্যে একটা বিরাট অংশ খৃষ্টান হয়ে যাচ্ছে। সত্যি কথা, কেন আমি মনে করি না শুধু ধর্মের প্রতি অনুপ্রাণিত হয়েই তারা ধর্মান্তরিত হয়ে যাচ্ছে। এ কথা মনে করার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কারণ যারা অনুন্নত, এটা ইতিহাসের কথা পশ্চাদপদ মানুষের সমাজের মধ্যে যারা অবহেলিত এই সমস্ত

মানুষকে মিশনে বিভিন্ন দিক দিয়ে সমস্ত সুযোগ সুবিধা দেয় তার প্রতি আকর্ষিত হয়ে তারা সেখানে যায়। আমাদের এই রাজ্যের মধ্যেও বাস্তব জীবনের অভিজ্ঞতা থেকে আমরা দেখতে পাই, চাকুরীর ক্ষেত্রেও তারা সেখানে অবহেলিত এবং বিভিন্ন ক্ষেত্রেও তাদের এই একই অবস্থা। এই সমস্ত কারণেই তারা ধর্ম্মান্তরিত হয়ে যায়। শুধু ধর্মের প্রতি অনুরক্ত হয়ে সেখানে যায় এ কথা আমি মনে করি না। তাদের মনের মধ্যে একটা অনাস্থা বা আত্ম বিশ্বাস হারিয়ে যাওয়ার অবস্থা হয়েছে। এ অবস্থা গুলি হওয়া উচিত নয়. কাজেই সে দিক দিয়ে বিচার বিবেচনা করে আজকে ধেবর কমিশনের সুপারিশ মতে যদি এখানে schedule area ঘোষণা করা হয় তাতে আপত্তি থাকার কোন কারণ দেখি না কারণ ত্রিপুরা রাজ্যের প্রশাসনের ভিতরে আছে বলে তাদের এই পরিস্থিতি জানা দরকার যে তারা ত্রিপুরা রাজ্যের এডমিনিষ্ট্রেসনের মধ্যেই আছে, আলাদা হয়ে যাওয়ার কোন প্রশ্ন নাই ট্রাইবেল নন-ট্রাইবেল কোন প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে উপজাতীয়রা চায় আজকে উন্নতি, অগ্রগতির দাবি আজকে তারা নিজেদের দায়িত্ব নিজেরা নিতে চায়। কাজেই এখানে বিরূপ মনোভাবের কোন প্রশ্নই নাই। অতএব কমিশন যে সুপারিশ রেখেছেন তা অত্যন্ত যুক্তি সঙ্গত সুপারিশ। আমি আরো বলব এ ভাবে যদি দিনের পর দিন তাদের অবহেলা করা হয়, আজকে যে দৃষ্টি ভঙ্গ নিয়ে তাঁরা T. D Block এর মাধ্যমে উপজাতিদের যে ভাবে উৎখাতের জন্য অগ্রসর হচ্ছে এই ভাবে যদি অগ্রসর হতে থাকে তবে ত্রিপুরার উপজাতিরা সরকারের এই দৃষ্টি ভঙ্গিকে কোন দিনই বরদাস্ত করবে না। কাজেই আমি মনে করি অতি সত্বর রাজ্যের মঙ্গল এবং ভারতবর্ষের অখণ্ডতা রক্ষার জন্য এবং আমাদের জাতীয় উন্নতি অগ্রগতির জন্য সামগ্রিক ভাবে ত্রিপুরাকে যদি আমরা বাস্তব রূপ দিতে চাই তাহলে উপজাতীয়দের উন্নতি বিধানের জন্য উপজাতি fund থেকে যে সমস্ত অর্থ ব্যয় বরাদ্দ করা হয় এবং তাদের যে অধিকার আছে এবং উপজাতিদের জন্য Schedule area ঘোষণা করে তাদের হাতে সমস্ত দায় দায়িত্ব তুলে দিতে হবে এই হচ্ছে আজকে আমাদের একমাত্র পথ। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker:—I would now call on the Hon'ble Chief Minister.

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রস্তাব উত্থাপন করতে গিয়ে যে যুক্তি, ধেবর কমিশনকে যে শ্রদ্ধা জানান হচ্ছে, সেই জায়গাতে যখন ধেবর কমিশনেরই suggestion এই রাজ্যে কার্য্যকরী করার জন্য কাজ শুরু হয়ে গেছে, তখন তাকে তাচ্ছিল্য করার মানেই হল এই ধেবর কমিশনকে তাচ্ছিল্য প্রদর্শন করা। কারণ এখানে যাঁরা অভিজ্ঞ লোক তাঁরাই এই জায়গাতে এই suggestion রেখেছেন। তারা এই suggestion কে বলেছেন যে সুকল্পিত ভাবে Block এর থেকে উচ্ছেদ করার জন্য এক ষড়যন্ত্র চলছে। তাহলে এই suggestion টা রেখেছেন যারা, তারা সেই ষড়যন্ত্রের উত্থানিদাতা বলেই মনে হচ্ছে তাদের কথার দ্বারা, তাদের কার্য্যের দ্বারা এবং তাদের চিৎকার................

(interruption)

যাঁরা ধেবর কমিশনে ছিলেন তাঁদের যুক্তিই আমরা গ্রহণ করেছি এবং তাকেই আমরা

কার্য্যকরী করতে যাচ্ছি। একে নিন্দা করার মানেই হল এই যে ঢেবর কমিশনকে না মানা। ঢেবর কমিশন তাদের recommendation এ যে alternative suggestion দিয়েছেন সেটি তাদের কাছে নিন্দিত। তাহলে তাদের বলতে হবে, তাদের কথার দ্বারা তারা ঘোষণা করছেন এই যে ঢেবর কমিশনের সাজেসান আমরা মানি না। বাতকে বাত বলতে হবে, সেই জন্মেই যেন বলা এবং এই জন্যই যেন প্রস্তাবটি উত্থাপন করা হয়েছে।

(interruption)

তারা বলেছেন যে, tribal রা দিনের পর দিন নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। আমি ১৯১১ সালের Survey report কে তাদের কাছে তুলে ধরব। তাদের বলব যে বিশদ ভাবে আলোচনা করে সুচিন্তিত ভাবে যেন কথাগুলো রাখেন। ৪৫ হাজার tribal ছিল তখন।

(interruption)

আর আজকে আমরা বলব এই জায়গাতে.........

(Noise)

Mr. Speaker :—Order, order.

Shri S. L. Singh :— ৩ লক্ষ ৬১ হাজার tribal হয়েছে এই ত্রিপুরা রাজ্যে তাদের চোখের সামনে।

(Noise)

Mr. Speaker :—I would draw the attention of the Hon'ble Members.

Shri S. L. Singh :—তারা দিনের পর দিন সংখ্যায় বেড়ে যাচ্ছে এবং তারা তাদের ন্যায় সঙ্গত অধিকারের দাবী ঘোষণা করেছে। One-third এর ও বেশী population তাই আজ এই ত্রিপুরা রাজ্যের শাসন পদ্ধতির জন্যে তারা অধিকার করেছে। তাদের নিশ্চিহ্ন করার কথা যারা বলেছেন.........

(interruption)

তারা facts & figures কে deny করছেন। মানুষের সামনে কতগুলো এমন কথা রাখছেন যেগুলো facts & figures এর দিক থেকে অবান্তর বলে ত্রিপুরার মানুষ মনে করছে। এদিকে তাদের দৃষ্টি আমি আকর্ষণ করব। তবে এই প্রস্তাব উত্থাপনকারী মত ব্যক্ত করেছেন তার বক্তব্য উত্থাপন করতে গিয়ে যে ত্রিপুরার মহারাজার আমল ছিল এক স্বর্গের আমল। অতএব তাদের কাছে এই যুক্তি ছাড়া আর কোন যুক্তি ভাল বলে মনে হবে না। কারণ তারা.........

(Noise)

তখনকার দিনে যে State এর কথা—সেই জায়গাতে জুমিয়া পুনর্ব্বাসন ছিল না। তাদের রাজা ছিল তাদেরই রক্ত সম্ভূত রূপ। তাদেরই অধীনে থেকে হাজার হাজার

(Noise)

যারা মানুষের স্থায়সঙ্গত অধিকার পায়নি তাদের পক্ষে, যাদের এই রকম মনোভাব.........

(Noise)

Mr. Speaker :—Order, order.

Shri S. L. Singh :—যারা জুমিয়া ভাই ছিল, আদিবাসী যে ভাইরা ছিল, তারা হাজার হাজার বৎসর জুম করেছে। একটি লোককেও জুমিয়া পুনর্ব্বাসন দেওয়া হয়নি। যত সমতল ভূমি ছিল, gumati নদী ভেলী, দেও নদী ভেলী, হাওড়া নদী ভেলী, সমস্ত ভেলীতে যারা সম্পত্তিপূর্ণ লোক তারা এসে বসবাস করে ছিল রাজার আমলে। কাজেই তাদের কাছে আজকে গণতন্ত্র ভাল লাগবে না। কারণ তাদের চিন্তাধারায় তারা ভরপুর, তাদের কাছে গণতান্ত্রিক যে মতবাদ সেই মতবাদ তাদের কানে বিষতুল্য। তাদের পক্ষে ধেবর কমিশনের Suggestion কে নাকচ করা, নিন্দিত করা, ষড়-যন্ত্র বলে অভিহিত করা তাদের পক্ষেই শোভা পায়। কারণ এই যে, কমিশন Sovereign body থেকেই এটা নির্ব্বাচিত, মনোনীত প্রতিষ্ঠান। তাদের suggestion কে যারা নিন্দিত করতে পারে তারা কাকেও যে ভালবাসবে তা তো আমার মনে হয় না। কারণ তারা গণতান্ত্রিক মতবাদকে শ্রদ্ধাই করে না। তারা কি করে এই গণতান্ত্রিক মতবাদকে শক্তিশালী করার জন্য প্রচেষ্টা নিতে পারে? ধেবর কমিশন এখানে যে suggestion রেখেছে, আমি তাদিগকে সেই suggestionগুলোর দিকে দৃষ্টি দিতে বলব। ধেবর কমিশনকে আমরা শ্রদ্ধা করি। তারা বলেছেন যে, One-third এর বেশী উপজাতি ত্রিপুরা রাজ্যে আছে। তারা তাদের অধিকারকে ঘোষণা করতে পারবে, জয়যুক্ত করতে পারবে। এই বিশ্বাস নিয়েই তারা তা করেছেন। সেই জন্য এই suggestion এখানে রখা হয়েছে।

Survey Settlement সম্পর্কেও যে অধিকার দেওয়ার জন্য ঘোষণা করেছে এবং সেই অধিকার তাদিগকে দেওয়া হয়েছে। অতএব সেই জায়গাতে নানারূপ পন্থাতে তা করা হচ্ছে। তাহলে যদি ভূমি আইনের কোনরূপ amendment থাকে, যদি ত্রুটি বিচ্যুতি থাকে, এই সভাতে তা সংশোধন করার অধিকার আছে। যদি T. D. Block এ ঠিক ঠিক ভাবে কাজ না হয় এই বিধান সভার সম্পূর্ণ অধিকার আছে সেই ত্রুটি বিচ্যুতিকে সংশোধন করার, নানারূপ পন্থাতে যাতে কাজ চলতে পারে। তাদের কথা হল এই যে সাব্রুমের tribals দের ভূমি থেকে উচ্ছেদ করা হয়েছে। অতএব সমগ্র ত্রিপুরা রাজ্যে সমস্ত tribals দের ভূমি থেকে উচ্ছেদ করা হয়েছে। এই হল তাদের বক্তব্য। অথচ আমরা যুক্তি দিয়ে বলছি যে, ৩ লক্ষ ৬১ হাজার.........

(interruption)

আমার যেতে হবে না। এখানকার সংখ্যা; যে সংখ্যা ধেবর কমিশনের সুপারিশে আছে সেই সংখ্যাই ভাল করে দৃষ্টি দিয়ে অনুধাবন করার জন্য মাননীয় সদস্যদিগকে অনুরোধ করব। অতএব তাদিগকে.........

(Noise)

সেই খেবর কমিশন সম্বন্ধে প্রশংসা ও করছেন এক দিকে আবার নিন্দা ও ধিক্কার দিচ্ছেন আরেক দিকে। সেই যুক্তির বলে তাদের পক্ষ থেকে এই কথা বের হচ্ছে। যুক্তি হল কি? সাক্রমে কে নাকি ভূমি থেকে উচ্ছেদ হয়েছে। অতএব.........

(Noise)

ত্রিপুরা রাজ্যের সমস্ত tribals রা ভূমিচ্যুত হয়েছে। অতএব তাদের কথা হল এই আফ্রিকাতে দেখেছি সাদা কাক, কাজেই সব কাক সাদা। এই হল তাদের যুক্তি। এই হল তাদের বক্তব্য। আমি তাদের অনুধাবন করতে বলব। ভূমিয়া যারা আছেন, উদ্বাস্তু যারা এসেছেন—উদ্বাস্তু তাদের অধিকার নিয়েই এসেছেন। ভারতবর্ষ যখন বিভক্ত হয়, তখন ভারতের জনসাধারণ তাদের প্রতিশ্রুতি দিয়েছে যে তাদের আমরা আশ্রয় দেব, স্থান দেব। সেই অধিকারেই তারা এখানে এসেছে। সেই প্রতিশ্রুতির পৃথিবীতে কেউ নিন্দা করতে পারবে না। যারা ঐভাবে বক্তৃতা পেশ করেন তাদের পক্ষেই এসব অযৌক্তিক কথা বলা সম্ভব। একটি আনন্দের কথা আমি এখানে ঘোষণা করব। মাননীয় সদস্যেরাও অত্যন্ত আনন্দিত হয়েছেন অমরপুরে যে সব মুসলিম ভাইরা ছিলেন তারা উচ্ছেদ হয়েছে। উচ্ছেদ হওয়ার আগেই দেখা যায় যে, সরকারী কর্মচারীদের সাথে ভাগ বাটোয়ারার মাধ্যমে এটা করা হয়েছে মাননীয় অঘোর দেববর্মা মহাশয় এই House এ এই বলেছেন যে. উনি D. M. এর সাথে আলাপ আলোচনা করেছিলেন যে, ঐ সমস্ত পরিত্যক্ত ভূমিকে অধিকার করা যায় কিভাবে। তার এই ষড়যন্ত্র এই জায়গায় তারই বক্তব্যে প্রকাশ পেয়েছে। তারা তা করতে পারে না। এখানে সরকার আছে। পরিত্যক্ত ভূমি কারও হাতে তুলে দিতে পারেন না। তার আইন আছে, শৃঙ্খলা আছে, survey আছে, settlement আছে। কত টুকু জায়গা আছে কি না আছে তা না দেখে তার কথামত সেই জায়গা তাকে দেবে তা চলে না এই ভারতবর্ষে। তা চলতে দেওয়া হবে না। যদি কোন লোক এইভাবে ষড়যন্ত্র করে কোন লোককে উচ্ছেদ করে তার সেই জায়গা দখল করতে চান, সরকার সেই ক্ষেত্রে বাঁধা দেবে, বাঁধা দিতে বাধ্য। সরকার সর্বপ্রকার প্রচেষ্টা সেখানে গ্রহণ করবে। অতএব তাদের দিলের মনোভাব এই জায়গায় প্রকাশ করেছেন বক্তৃতার মাধ্যমে।

এর পর বলা হয়েছে যে, tribal রা অনেক জায়গাতে Tube well, Ring well পাচ্ছে না। Teliamura তে একটা Tube well tribal এর জন্য ছিল, সেটাকে Teliamura তে আনা হয়েছে। Teliamura তে কি tribal নেই? আমরা কি করে বলব যে সে জায়গাতে tribal নেই। আমাদের দেখতে হবে তেলিয়ামুড়ার কোন জায়গা থেকে সেটা এনেছেন। বাজার যখন হয়েছে তখন সরকার সেই সমস্ত বাজারে Tube well দেবে। অতএব একথা বলা চলেনা যে, এই Tube well টি tribal এর ছিল, এটা এখানে এনে বসান হয়েছে। একটা Tube well যখন বসান হয়েছে তেলিয়ামুড়া বাজারে তখন ত্রিপুরার সর্বত্রই revenue থেকে সমস্ত tribal কে বঞ্চিত করে বাজারে Tube well দেওয়া হয়েছে। আমরা জানি বাজারে যেমন tube well দিতে হবে.

তেমনি tribal যে অঞ্চলে আছে সেখানেও দিতে হবে। তাদের শিক্ষা ও স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে। চিন্তা করতে হবে জুম Cultivation সম্বন্ধে।

(Interruption)

আমি মাননীয় সদস্তকে একটু পড়ে শুনাব।

Scheme for the Colony Rehabilitation for the Tribal People practicing-shifting Cultivation by settling them on land suitable for permanent cultivation was undertaken in the Ist Plan period and a total sum of Rs. 59,00,000 has been spent by the end of the 2nd Plan. As the tribal are accustomed Juming for centuries and are conservative by nature, slow to adopt new methods, there is a need for creating a desire for changes to settled cultivation through a suitable and pursuasive propaganda. In many areas loss of good forests has already made them realise the limitted scope of Jumming in future. But till such time as they are not weaved away completely from shifting cultivaiion, we suggest that Jumming be permitted wherever possible and Jum cultivation on scientific basis be introduced. Simultaneously the scheme for permanent settlement may be pursuaded with greater vigour. Owing to influx of refugees, the pressure on the land in Tripura has increased considerably and it is becoming more and more difficult to find new paddy land for settling Jumia tribals. The only lands available are tillas. The tilla are, however, not rocky, and our experience shows that they can be used for producing ground-nut, horticulture even without irrigation. But for affective implenentation it is necessary to develope this by tarracing and providing irrigation facilities

অতএব ঠিক সেই দিকে দৃষ্টি রেখে, সেই কাজ পরিচালনা করা হচ্ছে। এটিকে তারা হয়ত নিন্দার চোখে দেখতে পারেন।

(Interruption)

কারণ তারা জানেন, তারা তাদের Rehabilitation চান না। তারা চান তাহাদিগকে বিপক্ষে পরিচালিত করতে, তাদের সে nature আছে, আমরা জানি তাদের nature অনুসারে, প্রকৃতি অনুসারে, আমরা তাদের Jumia Settlement দিচ্ছি। তার সাথে সাথে জুম করার অধিকার ও দেওয়া হচ্ছে। যেই forest reserve আছে ত্রিপুরা রাজ্যে, সেই reserved forest-এর মধ্যে টাঙ্গিয়া system—forest department থেকে সে অধিকার সম্পূর্ণ দেওয়া হয়েছে। Tribal রা সেই জায়গায় থাকে এবং তাদের nature এর সাথে, বল তাদের অতি প্রিয়, সেই অনুসারেই কেবল মাত্র তাদিগকে সেই অধিকারে অধিকারী ঘোষণা করা হয়েছে। সেটা হল খেবর

কমিশনেরই রূপ। ধেবর কমিশন আসার আগেই আমরা জানি ভারতবর্ষের যেই মত সেই মতকে আমরা সেখানে চালু করে ছিলাম। ধেবর কমিশন আসার আগে 1954 তে আমরা Jumia rehabilitation শুরু করছি এবং আমরা কাজে দেখিয়েছি। আমি তাই আবার অনুরোধ করব যে forest এর যেটা আছে সে সম্বন্ধেও তারা যেন একটু চিন্তা করেন। The tribal people living in reserved forests have many problems to face. Jhumming is prohibited in Reserved Forests. The tribals living there in are either expected to take up, provided suitable land is available, settled cultivation and live as forest villagers or leave the reserved forest areas. It is suggested that the tribals living continuously for over 40 years or more in an area subsequently declared as reserved forest, should be allowed to remain in their old habital and the area of reserved forest suitably redifined. In other cases also, the inheirent right so long enjoyed by the tribal in respect of extraction of limited quantity of minor forest product & timber for construction of their houses should continue to be recognised. এবং সেই জিনিষগুলি আমরা অক্ষরে অক্ষরে পালন করে যাচ্ছি।

(interruption)

অতএব সেই দিক দিয়ে তাদের আতঙ্ক উপস্থিত হয়েছে. কারণ আজ tribal non tribal একত্রে সেই ভূমিহীন যারা আছে এবং জুমিয়া যারা আছে, tribal যারা আছে. তারা সম্মিলিত শক্তিতে ত্রিপুরাকে গড়ে তুলতে চায়, পঞ্চবর্ষিক পরিকল্পনাকে জয়যুক্ত করতে চায়. গণতান্ত্রিক সমাজবাদকে গড়ে তুলতে চায়। তারা মনস্থ করেছে, তাদেরকে প্রভাবিত করার জন্য, বিপথে পরিচালিত করার জন্য. ধেবর কমিশনের নাম করে ধেবর কমিশনকে এক জায়গায় reject করে দিয়ে, তাকে ষড়যন্ত্র বলে অভিহিত করে, আবার তার অন্য অংশকে গ্রহণ করে এক বিরাট ষড়যন্ত্র গড়ে তুলবে। তারই পরিপ্রেক্ষিতে তারা নাগা ভূমির কথা বলেছেন। নাগা ভূমির যে অভ্যুত্থান, সেই অভ্যুত্থানকে তারা ন্যায়সঙ্গত অভ্যুত্থান বলেছেন। নাগাদের যে অভিযান স্বাধীন ভারতবর্ষের জন্য তারা যে আন্দোলন করেছিল সেই স্বাধীন ভারতবর্ষের আন্দোলনকে তারা জিন্দাবাদ জানাতে পারেন। কিন্তু ভারতবর্ষের জনসাধারণের মত ব্যতিরেকে তাকে সেই দেশ থেকে বের করে নিয়ে যাওয়ার কোন রকম পরিকল্পনা ভারতবর্ষের নেই এবং ভারতবর্ষের কোন নাগরিকের নেই। অতএব তারা সেই দিক দিয়ে তা চিন্তা করতে পারেন। আর নাগা ল্যাণ্ড এর কথা বলছেন নাগা ল্যাণ্ডে এই ভাবে tribal and non-tribal সেখানে নেই। অথচ এই জায়গাতে আজকে নয়, হাজার হাজার বৎসর ধরে এই জায়গাতে tribal and non-tribal পাশা-পাশি বসবাস করে আসছে। এই জায়গাতে ত্রিপুরা রাজ্যের যে আইন কানুন, সেই আইন কানুন সেই বিধি ব্যবস্থা আগে থেকে ছিল। অতএব আজকে এই যে যুক্তি তাদের মাথায় কি করে আসল আমরা কল্পনা করতে পারি না।

আমরা তা চিন্তা করতে পারি না। কারণ তাদের চিন্তা রয়েছে এই যে দুইটি কথা দুই দিক দিয়ে বলতে হবে। তাদের যুক্তি হল এই Socialistic যুক্তি যখন হবে, Socialistic কথা বলবে। কারণ আমরা দেখেছি, তারা তখন আন্দোলন করেছিলেন মহারাজকে ফিরিয়ে আমুন। ত্রিপুরার জনসাধারণ এত বোকা নয়। তাদের এই আন্দোলনকে তারা ব্যর্থ করেছে। গণতন্ত্রকে এখানে সুদৃঢ় ভিত্তির উপর স্থাপন করেছে। আবার মহারাজের জয়গান করে আবার সেই পথে আবার আন্দোলনকে আনবার যদি মতলব করেন, তাহলে ত্রিপুরার গণতান্ত্রিক মানুষ তাদের এই অভিসন্ধিকে দৃঢ় হস্তে বন্ধ করবে। সেই ক্ষমতা প্রত্যেকটি স্বাধীন গণতান্ত্রিক মানুষের আছে। সেই অনুসারেই সেই সঙ্ঘবদ্ধ শক্তি গড়ে উঠেছে। তারই আতঙ্কে আজ আতঙ্কিত হয়ে, ধেবর কমিশনের সুপারিশকে নস্যাৎ করব, developmental scheme গুলিকে নস্যাৎ করব, C, D. Block scheme কে নস্যাৎ করব, Forest যে Scheme নিয়েছে তাকে নস্যাৎ করব, Survey Settlement সম্বন্ধে যেই সুপারিশ করেছে তাকে নস্যাৎ করব, Health সম্পর্কে যে সুপারিশ করেছে তাকে নস্যাৎ করব, এই হচ্ছে তাদের পরিকল্পনা।

(Interruption)

হ্যাঁ, আপনারা-আপনাদের বক্তব্যে তা রেখেছেন। Geolgyo সম্বন্ধে যে কথা পরিবেশন করেছেন, তাকে নস্যাৎ করব। পঞ্চায়েত সম্বন্ধে যে অভিজ্ঞতা এখানে বর্ণনা করা হয়েছে, তাকে নস্যাৎ করব। গণতন্ত্র বিরোধী যত আইন কানুন আছে তাকে নস্যাৎ করে দিয়ে, ত্রিপুরার জনগণ আপনাদিগকে অভিনন্দন জানাবে না, তারা জানাতে পারে না।

Mr. Speaker :—The discussion is over. Now I put to vote.

শ্রীসুধন্ব দেববর্ম্মা :—Sir, আমি reply দিতে চাই

Mr. Speaker :—Reply Yes, I have allowed too long times, still you have the right of reply. I would request you to finish it. within 10 minutes.

শ্রীসুধন্ব দেববর্ম্মা :—Yes, Hon'ble Speaker Sir, আমার এই প্রস্তাবের বিরোধীতা করতে যেয়ে শাসক পার্টি যে সমস্ত কথা বলেছে তাতে আমি লক্ষ্য করেছি আমার বক্তব্যকে distort করে এবং ঘটনার বিকৃত রূপ দিয়ে তারা তথ্য পরিবেশন করেছেন। প্রথমে আমি বলব যে অনেক সদস্য যে সমস্ত যুক্তি এনেছেন যেমন মহারাজার আমলকে অভিনন্দন জানিয়ে আমি বক্তৃতা করেছি। কোথায় উনারা শুনলেন আমি বুঝি না, আমার কথা শুনুন— আমার বক্তব্য কোথায়? আমি বলেছি এই জন্যে যে হাজার হাজার বছর আগে এক দিন এই ত্রিপুরা.........

(Interruption)

কি বলেছি আমি—সেটাই আমি বলছি হাউসের সামনে।

Mr. Speaker :—I would request the Hon'ble Members not to disturb.

শ্রীসুধন্ব দেববর্ম্মা ঃ—আমি বলেছি একথা যে এখানে এই ত্রিপুরা রাজ্যে একদিন ছিল যে মোগলদের পর্য্যন্ত পরাজিত করেছিল। এখানে তারা নিজস্ব একটা রাজ্য গঠন করেছিল, এই সেই ত্রিপুরা। আজ সেখানে মাননীয় সদস্য বলেছেন যে নিজ ভূমিতে পরবাসী বলে আমি বলেছি. আমি এই কারণে বলেছি যাদের নিজের রাজ্য শাসন করার অধিকার ছিল এই যে একটা সম্প্রদায়—তাদের আজ এই ভাবে বঞ্চিত করার কোন অর্থ হয় না। তার আলাদা একটা সংস্কৃতি আছে, নিজেদের একটা ভাষা আছে। তার নিজের একটা কৃষ্টি আছে—সেই কৃষ্টি নাকি খুব গৌরবান্বিত। আজ তাকে এই ভাবে বঞ্চিত করা ন্যায় সঙ্গত হবে না। এই কথাই আমি বলছি। তাতে মহারাজার যুগকে আমি অভিনন্দন জানিয়েছি এই কথা বলার কোন অর্থ হয় না। বিরুদ্ধাচরণ করতে হবে—কাজেই যে ভাবেই হউক এটা বিকৃত করে আনতে হবে। এজন্যই তিনি এভাবে এনেছেন। আর মাননীয় মুখ্য মন্ত্রীকে আমি জিজ্ঞেস করতে চাই যে আজকে ধেবর কমিশনের এই যে সুপারিশ একে অশ্রদ্ধা করেছে কে? আমরা না কংগ্রেস পার্টি? আপনারা alternative কে সমান তুলে ধরে. আসল যে সুপারিশ তাকে ফেলে দিয়েছেন।

Voies :— Shame

(Interruption)

Mr Speaker :—Shame is unparliamentary. I would request the Hon'ble Member particularly, he was allowed more then half an-hour time to go on wi h his speech undisturbed. But I see, he is not allowing anyb dy to say undisturbed. I would request him rather I would appeal to him to let this House go on smoothly and in a calm & quiet atmosphere,

শ্রী সুধন্ব দেববর্ম্মা ঃ— এই ধেবর কমিশনের যে রিপোর্ট এবং তাতে যে সুপারিশ রাখা হয়েছে, এবং সেই সম্পর্কে যে alternative রিপোর্ট তাতে কি বলা হয়েছে সেইটুকু আপনারা ভাল করে পড়েছেন কিনা আমি জানিনা। সেটার workability সম্বন্ধে কি সন্দেহ প্রকাশ করেছে এই রিপোর্টে সেটা যদি আপনারা পড়েন তাহলে দেখবেন ধেবর কমিশনের যে suggestion তাকে আপনারা অশ্রদ্ধা করেছেন। কি বলেছে সেখানে There is the contingency, however, that the Govt. may find it difficult to accept our alternative programme. This may also be that Govt. may not be in a position to provide machinery for implementation of etc······etc etc··················etc··················etc··· · ··· ······ etc · ················etc················

আপনারা এটা পড়েছেন কি না আমি জানিনা। Alternative কে আপনারা অভিনন্দন জানিয়েছেন, জানিয়ে বলেছেন আমরাই শ্রদ্ধা করেছি। আর ধেবর কমিশন এই কথা বলেছেন স্পষ্ট ভাবে। আর আপনারা বললেন খুব শ্রদ্ধা জানিয়েছেন ধেবর কমিশনকে, আর আমরা অশ্রদ্ধা

জানিয়েছি। C. D. block সম্পর্কেই বলেছেন, এই C. D. block এর workability সম্পর্কেই সন্দেহ প্রকাশ করেছেন। বলেছেন এ কথা এমন কি আইনের কথা পর্য্যন্ত আসতে পারে। এই যদি হতে দেওয়া হয়, তবে আইনের প্রশ্ন পর্য্যন্ত উঠতে পারে এবং machinary provide করা চলবে কিনা সে সন্দেহ প্রকাশ করা হয়েছে। বাজেটে আমরা তাই লক্ষ্য করেছি যে C. D. block করা হয়েছে তার জন্য separate কোন set up আছে কিনা আমি জিজ্ঞেস করতে চাই মুখ্যমন্ত্রী মহোদয়কে। মাননীয় speaker, Sir, আমি জিজ্ঞেস করতে চাই এই যে C. D. block করা হয়েছে তার জন্য separate কোন set up আছে কিনা? নাই— তার workability সম্পর্কে এই জন্যই সন্দেহ প্রকাশ করা হয়েছে। এই দিকে আমাদের শাসক গোষ্ঠি লক্ষ্য রেখে যদি কথা বলতেন তাহলে আমি সুখী হতাম। উনারা আমার যে বক্তব্য এবং আমি যে resolution এখানে এনেছি তার বিরুদ্ধাচরণ করতে গিয়ে অনেকে বলছেন, এমন সমস্ত ভুল তথ্য পরিবেশন করেছেন, যাতে অবাক হয়ে যেতে হয়। Transfer of land of the tribals to the non-tribals এই সম্পর্কে তথ্য বলতে গিয়ে অনেকে বলেছেন, যেহেতু কালেক্টরের আদেশ ছাড়া land transfer সম্ভব নয়, এ সম্পর্কে আর বলার কি আছে? কিন্তু আপনারা হিসাব করে দেখুন আমরা এই হাউসে প্রশ্নের মারফত জানতে পেরেছি যে কত শত দ্রোণ জমি non-tribal দের হাতে চলে গেছে through unregistered deed. তাছাড়া বেআইনী ভাবে কত শত দ্রোণ জমি non-tribal দের হাতে চলে গেছে সেটাতো হিসাবের বাইরে। কাজেই আজকে এই সমস্ত ঘটনা থাকা সত্ত্বেও যদি বলে transfer হয়নি, আমরা ভুল কথা বলছি, এই সমস্ত কথা বলে আমার এই বক্তব্য উৎপাদন করতে চেয়েছি। মাননীয় মুখ্যমন্ত্রী একটি কথা বলছেন, আমাদের মাননীয় সদস্য অঘোর দেববর্মা নাকি ষড়যন্ত্র করে অমরপুর থেকে পাকিস্থানীদের তাড়িয়ে দিয়েছেন এবং সেখানকার D.M. এর সঙ্গে ষড়যন্ত্র করে tribal দের সেখানে বসিয়ে দেওয়ার জন্য চেষ্টা করেছেন। আমি অবাক হয়ে যাই। আমি একটি সংবাদ, মাননীয় স্পীকার স্যার,

Mr. Speaker :— ষড়যন্ত্র ,Conspiracy is unparliamentary.

শ্রীসুধন্ব দেববর্ম্মা :— এখানে Indian Nation 1963 র একটি সংবাদ আছে। In June 1962 the Tripura Administration took a decision to end Pakistani encroachment from the part of tribal reserve in Amarpur সেটা Indian Nation পত্রিকায় 16th June, 1963 তে এই সংবাদ উঠেছে। আর মাননীয় মুখ্যমন্ত্রী জেনেছেন যে মাননীয় সদস্য অঘোর দেববর্মা D. M এর সাথে আলাপ করে পাকিস্তানী দের সরিয়ে সেখানে tribal দের বসাবার ব্যবস্থা করেছেন। অবাক হয়ে যাই, এই সমস্ত ঘটনার পরেও তিনি নিজেদের দায়ীত্ব, নিজেদের কুকর্ম্মকে ঢাকবার জন্য এই ভাবে অন্যের ঘাড়ে দোষ চাপিয়ে দেওয়ার ব্যবস্থা করেছেন কি করে? মাননীয় অঘোর দেববর্ম্মার বক্তব্যের কোন জায়গাতে তিনি বলেছেন এই কথা, পাকিস্তানীদের সেখান থেকে তাড়িয়ে দেওয়ার পর যখন এটা vacant land হয়ে গেল তখন সেটা উপজাতিদের জন্য reserve রাখতে হবে এবং সেটাকে encroachment করতে দেওয়া হবে না, এবং সেইজন্য তাদের সেখান থেকে পাকিস্তানে তাড়িয়ে দেওয়া হয়েছে,

তারা পাকিস্তানী বলে। এর ফলে এই reserve land যখন vacant হয়ে যায় তখন এই reserve উপজাতিদের জন্য, tribal দের জন্য। কাজেই সেখানে কারা বসবে? কাজেই এই reserve জায়গাতে tribal দের না বসিয়ে non tribal দের যে বসাবার ব্যবস্থা করা হয়েছিল তখনই এই কথা উঠেছিল এবং সেই সময়ই মাননীয় অঘোর দেববর্ম্মা D. M. এর কাছে এই ঘটনাটি তুলে দিয়ে বলেছিলেন যে tribal দের এখানে pre-ference দেওয়া প্রয়োজন। এই কথাই তিনি বলেছিলেন। আর সেই ঘটনাকে বিকৃত রূপ দিয়ে পরিবেশন করা হলো এখানে যে তিনি নাকি non-tribal দের তাড়িয়ে দেওয়ার এবং উচ্ছেদ করার বন্দোবস্ত করেছেন। কারণ আমি যে resolution এনেছি, জন স্বার্থের কোন ঘটনা দিয়ে, কোন তথ্য দিয়ে এর বিরুদ্ধাচরণ করবার কোন উপায় নেই। কাজেই এমন সমস্ত ঘটনা আনা হলো যার কোন ভিত্তি নেই বা কোন সত্যতা নেই। Alternative যেটা বলা হয়েছিল সেখানে স্পষ্ট ধেবর কমিটি বলে দিয়েছেন যে এটার workability সম্পর্কে ওনাদের সন্দেহ আছে। তবুও এটাকে আনতে হবে ত্রিপুরায়, কেননা schedule area টা যদি দেওয়া হতো তাহলে ত্রিপুরার উপজাতিদের উন্নতির পথ প্রশস্ত হয়ে যেত কিন্তু সেটা তারা চান না। তারা চান অন্যভাবে এটাকে যেন দাবিয়ে রাখা যায়। মাননীয় মুখ্যমন্ত্রী আরো বলেছেন, আমার বক্তব্যে নাকি আমি নাগাদের যারা চরমপন্থী, এবং ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে চান তাদের অভিনন্দন জানিয়েছি। ভারী চমৎকার কথা। এইরকম অভিনন্দন জানিয়ে আমি কোন কথা বলেছি, তিনি কোথায় এরকম কথা শুনলেন আমি বুঝি না। আমি এই কথাই বলতে চেয়েছি যে নাগাদের মধ্যে চরমপন্থী, যারা আজ ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার জন্যই সর্ব্বভৌম একটা রাজ্য পাওয়ার জন্য দাবী করছে সে দাবী করার মত অবস্থাটা রোধ করা যেত যদি আমাদের ভারত সরকার আগে থেকেই একটা অনমনীয় নীতি নিয়ে অগ্রসর হতেন। আমি সেই কথাই বলতে চেয়েছি। আমি বলতে চেয়েছি যাতে এই রকমভাবে ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার যে tendency সেই দিকে লক্ষ্য রেখে, আমাদের উপজাতীদের যারা পিছনে পড়ে আছে তাদের আশা আকাঙ্খার দিকে লক্ষ্য রেখে তাদের আশা পূরণ করার পথ প্রশস্ত করে, ভারতের সংহতি যাতে রক্ষা করা হয়, ভারতের স্বাধীনতা যাতে দৃঢ়-ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয় সেই ভাবে লক্ষ্য রেখে কাজ করার জন্যই আমি এই কথা বলেছিলাম।

Mr. Speaker :—The discussion is over. I would now put the question. The question is that this Assembly is of opinion that the Union Govt. be requested to extend the 5th Schedule of the Constitution immediately to Tripura, and areas mentioned in the Dhebar Commission's report along with other areas, where there is a pre-ponderence of tribal population, immediately declare as Tcheduled areas.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice .— "Ayes"

Mr. Speaker :— As many as are of contrary opinion will please say 'Noes'

Voice :— 'Noes'

Mr. Speaker :—Noes have it, Noes have it. So the motion is lost. There is another resoluiion of Shri Atiqul Islam, M. L. A. Now I would call on Shri Islam to move his resolution that whereas a large number of employees of the Govt. of Tripura are being borne in temporary Establishment even after completion of ten years service, this Assembly directs the Govt. to declare 80% of such post of various Deptts, as permanent in persuance of the recommendation of the second Pay Commission.

I would call on Shri Atiqul Islam to move his resolution.

Shri Atiqul Islam :—মাননীয় অধ্যক্ষ মহোদয় সরকারী কর্মচারীদের মধ্যে যে সমস্ত post গুলি temporary আছে তাদের 80% post permanent করার insruction Central Govt. দিয়ে রেখেছে। আমি যখন এই কথাটা সেদিন বলেছিলাম তখন Dy. Minister Mr. Bhowmik বলেছিলেন যে এই রকম কোন instruction এর কথা তারা জানেন না। আমি এখানে Central Govt. কি instruction দিয়েছে তা পড়ে দিচ্ছি। সেটা under Secretary, Govt. of Tripura circulate করেছেনon 30. 4. 64. Subject—Conversion of temporary posts into permanent ones—progress regaiding. In pusuance of the recommendations of the Second Pay Commission, Orders were issued in this Ministry's office Memorandum No. F. 18(2)/E. (Spl)/60 dt, 24th March, 1960 that 80% of the temporary posts in permanent Deptts (other than the posts of telegraph Deptt. and Govt. ownedshops and industrial undertaking) which have been in existance for a period of not less than 3 years and are required for work of a permanant nature, may be converted into permanant ones. It was also suggested that the task of converting temporary post into permanent ones should, as far as possible, be completed by 30. 6. 60, and confirmation of eli ible persons completed by 31st oct, 1960. Later, it was clarified in this Ministry's O M. No. 30(10)-Egi/60 dt. 14th Dec. 1966 that there was no objection to the same temporary post being considered for conversion into a permanent one at successive reviews, such reviews being conducted at intervals of not less than one year. কাজেই এখানে instruction টা clear যে, যে সমস্ত Deptt. permanent তার যে post গুলি সেগুলি যদি তিন বৎসরের অধিক কাল হয়ে থাকে তাহলে তাদের 80% কে permanent declare করতে হবে এবং বাকী যে post গুলি থাকবে সেগুলিও এক বৎসর

অন্তর অন্তর review করে permanent করা যেতে পারে। তাতে কোন বাধা নেই। এই যে instruction, আমি দেখতে চাই আমাদের ত্রিপুরা Govt. তার কতখানি Follow করেছেন। আমাদের ত্রিপুরাতে কতগুলি post আছে এবং তার মধ্যে কতগুলি post কে তারা permanent declare করেছেন। আর quasi-permanent এর কথা আমি এখন বাদই দিলাম। আমাদের ত্রিপুরা Govt. এর যে হিসাব, আমারই একটা Starred Question এর যে জবাব তারা দিয়েছেন তাতে দেখা যায় যে ত্রিপুরাতে মোট number of posts হচ্ছে বিশ হাজার সাত শত ত্রিশ। তার মধ্যে আট হাজার সাত শত সতেরটি post হচ্ছে permanent. আর quasi-permanent হচ্ছে দুই হাজার তিন শত একুশ জন। তাহলে দেখা যায় 80% কেন, 50% post এখনও permanent হয় নি, তার মানে অনেক কম করা হয়েছে। আমি কতগুলি Deptt. দেখাতে চাই যেখানে একটি post ও permanent করা হয় নি। যেমন পঞ্চায়েত Dept. সেখানে তিন শত একষট্টিটি post, একটি post ও আজ পর্য্যন্ত permanent declare করা হয় নি। Food & Civil Supply Deptt এ পাঁচ শত বিশটি post, সেখানে একটি post ও আজ পর্য্যন্ত permanent declare করা হয় নি। Assembly Sectt. এ ত্রিশটি post. একটি post ও permanent declare করা হয় নি, আর quasi-permanent তো এখনো ঘুমিয়েই আছে।

(Interruption)

আমার বক্তব্যটা আগে শুনুন। Post permanent হলে তারপরে তো man permanent হবে। Assembly তে ত্রিশটি post আছে, মন্ত্রীরা জানেন আজ পর্য্যন্ত একটি post ও permanent হয় নি। আর যদি আমরা Department, wise আরো ভাগ করে দেখি তাহলে দেখা যাবে Public Works Deptt. সেখানে এক হাজার দুই শত পঁয়ষট্টিটি post, তার মধ্যে এক শত এক ত্রিশটি হচ্ছে permanent আর এক শত আটটি হচ্ছে quasi-permanent, Education Deptt. এ আট হাজার পাঁচ শত সাতাশিটি post আছে। তার মধ্যে পাঁচ হাজার এক শত সাতচল্লিশটি post হচ্ছে permanent. আর আট শত উনষাটটি post হচ্ছে quasi permanent. Settlement organisation এ এক হাজার আঠারটি post, সেখানে একটি post ও permanent করা হয় নি Statistical Deptt. এ এক শত উনষাটটি post সেখানে মাত্র পঁয়ত্রিশটি post Permanent করা হয়েছে Medical & Public Health Deptt. এ দু'হাজার চার শত ছয় ত্রিশটি post. তার মধ্যে মাত্র তিন শত চৌদ্দটি post কে permanent declare করা হয়েছে। Printing & Stationery Deptt. এ এক শত একটি post. তার মধ্যে বাহান্নটাকে তারা permanent declare করেছে। Exception দেখা যায় কতগুলি Deptt. যেখানে প্রায় cent percent post permanent. সে হচ্ছে Agriculture Income Tex Deptt. তিনটার মধ্যে দুইটা করেছেন তারা। আর Motor vehicle orginisation পাঁচটার মধ্যে চারটা করেছে। সে ফিগার এখানে সবটা পড়ে লাভ নেই। ফিগার আপনাদের কাছে আছে এবং সেই question এর Answer টার

মধ্যে সমস্ত ঘটনাই পাওয়া যায়। এখন প্রশ্ন হলো এই যে post গুলি এতদিন ধরে চলে আসছে সেগুলিকে permanent করা হচ্ছে না কেন? যেখানে Central Govt. বলে গেছেন যে তিন বৎসরের বেশী হলে পরে permanent করতে হবে। তারপরেও আজ পর্য্যন্ত সেই post গুলি permanent করা হচ্ছে না কেন? না হলে কি অসুবিধা'টা হয়? অসুবিধাটা সেখানে অনেকগুলি হয়। কারণ একটা Employee তার যে beniflt পাওয়ার কথা সেই benifit সে এখানে পায় না। তার প্রধান কথা হচ্ছে pension এর benifit সে পাবে না। post permanent না হলে pension পাওয়ার কোন scope তার নেই। তার service এর কোন গ্যারান্টি নেই। কোন security সেখানে নেই। কাজেই এই রকম একটা গুরুতর বিষয় নিয়ে সরকার যে কেন এতখানি অবহেলা' দেখাচ্ছেন তার কারণ আমি খুঁজে পাই না। আমাদের যে second pay commission সেই commission এই কথা পরিষ্কার ভাবে বলেছেন যে এই যে post গুলিকে permanent করা হচ্ছে না this has been a factor for making dis-satisfaction among large section of the employees and has been impeded orderly management of the services. For instance with a large number of temporary posts in a service, it is difficult to do proper planning of future recruitment. One ofthe major attractions of the Government service is its permanencey and the related pensionary benefits and some good candidates who would apply for permanent posts shy away from the temporary one. কাজেই এখানে 2nd Pay Commission পরিষ্কার ভাবে বলেছেন যে post টা যদি permanent না হয় তবে কোন ভাল লোক সেখানে আসতে চায় না। কারণ temporary post এ লোক আসতে চায় না এবং Govt একটা plan ও করতে পারেন না যে আমাদের কি staff দরকার। এই অবস্থায় যেখানে একটা Govt. services এর স্বার্থ এবং নিরাপত্তা জড়িত সেখানে এই যে neglecting attitude, আমার মতে এটা একটা criminal attitude; এই attitude নেওয়ার ফলে emloyee দের interest safe guard হচ্ছে না; বরং সবসময় তাদের একটা danger এর মধ্যে রাখা হচ্ছে। তাদের চাকুরী যে কোন সময় Rule 5 এ চলে যেতে পারে। কারণ Rule 5 যখন আছে কাজেই যখনই আমার খুসী আমি সেই ধারাটা apply করতে পারি। যদি কোন একটা post কে permanent করা না হয় তাহলে সেই employee কোন দিন claim করতে পারবে না যে আমার service টা permanent কর। কারণ post ই permanent নয় সেখানে service permanent করার কোন প্রশ্ন arise করে না কাজেই প্রথমে Post টা permanent করতে হবে তারপর তার service টা permanent করতে, কিন্তু এখন post টা temporary করে রেখে দিলে লাভ হচ্ছে এই কোন employee কোন দিনই claim করতে পারবেনা যে আমার service টা permanent কর। ফলে তারা ১০/১২ বছর ধরে temporary ভাবে কাজ করে যাচ্ছে। কিন্তু তাদের post টা permanent হচ্ছে না। এখানে বলা যায় যে কেন তারা তো quasi premanent হতে পারে, আমি ইচ্ছা করলে তাদের quasi-permanent করে দিতে পারি। কিন্তু তাই বা করা হচ্ছে কোথায়? আমাদের ত্রিপুরা Govt. এর under এ যারা কাজ করছেন যদিও Central Govt. এর instruction আছে

তিন বৎসরের বেশী কাজ হলে পরে তাদের quasi-permanent declare করতে হবে। কিন্তু সেই ক্ষেত্রেও আমি দেখছি আমাদের এখানে যাদের চাকুরী ১০।১২ বৎসর হয়ে গেছে। এখন কর্মচারীর কোন অভাব নেই তাদের quasi-permanent declare করা হচ্ছে না। Broucher on central civil service, temporary service Rule 1949 published by the Govt. of India সেখানে যারা নাকি temporary employee তাদের service টা কি করে quasi-permanent হবে তার পরিষ্কার instruction দেওয়া আছে। সেখানে তারা বলে দিয়েছেন যে যদি কোন employee এর চাকুরী তিন বৎসরের বেশী হয়ে যায় তবে তার service quasi-permanent বলে declare করতে হবে। আমি এখন সেটা পড়িয়ে শুনাতে পারি। Cases of all persons who become elegible for quasi-permanency certificate in any year should be considered as soon after the first July of that year as possible and finalise without any unavoidable delay. তারপর বলেছে who are likely to be retrenched or superanuated should be dealt with on a high priority basis so that issue of quasi-permanency cirtificate in there cases take place before their retrenchment of superanmation as the case may be. কাজেই তিন বৎসর শেষ হওয়ার পর সেই বৎসরের 1st July তার নাম দিতে হবে তাকে quasi-parmanent করার জন্য। সেটাই আমাদের এখানে করা হচ্ছে না। এর পর সেখানে পরিষ্কার বলা আছে যদি আপনি তাকে quasi-parmanent করতে না পারেন তবে কেন সে quasi-permanent হতে পারল না তাকে জানাতে হবে। যাতে সে তার efficiency টা বা তার কাজের যে ত্রুটি আছে সেটা কাটিয়ে develop করতে পারে। কিন্তু আমাদের এখানে সেটাও করা হচ্ছে না। If a temporary Govt. servant is found unsuitable for quasi-permanency the fact should be communicated to him officially so that he may improve his work & conduct before his case come next for consideration, সেই instruction central Govt আমাদের দিয়ে রেখেছেন কিন্তু আমাদের ত্রিপুরা গভর্ণমেণ্ট, আমি জানি না, কোন দিন কোন employee কে জানিয়েছেন কি না যে তোমাকে quasi permanent করা গেল না এই কারণে যে তোমার এই এই ত্রুটি পাওয়া গেছে। কাজেই তুমি তোমার কাজের ত্রুটি দূর কর। আজ পর্যন্ত কোন Govt. employee কে এমন কোন intimation দেওয়া হয়েছে বলে অন্ততঃ আমার জানা নেই। কিন্তু এটাকে যদি follow না করা হয় তবে Central Govt. এই instruction দিয়েছেন কেন? একটা employee কে ১০/১১ বৎসর temporary রেখে দেব, তার post টাও permanent করব না, তাকে quasi-peamanent ও declar করব না, তাকে বরাবর Rule 5 এর danger এর মধ্যে রাখার উদ্দেশ্য হচ্ছে এইটা যাতে আমি আমার employee কে আমার খুসী মত কাজ করাতে পারি। তারফলে কি হয়। 1st plan আছে, 2nd plan আছে, 3rd plan আছে, কিন্তু এইগুলি implement করে কে? করে তারা, employee যারা। যারা Minister. যারা Officer, তারা করে না। এবং এই dissatisfiede mployee দের দ্বারা কোন কাজ কখনও কেউ করাতে পারে না। যদি কোন employee

এইটা feel করে যে আমার চাকুরীর কোন গ্যারান্টি নেই, কোন security নেই তবে সে মন দিয়ে কাজ করতে পারে না। অতএব for the interest of my country and for the interest of plans, employee দের চাকুরীর গ্যারান্টি, security সেটাও আমাদের দেখতে হবে। তা না হলে সেই সমস্ত employee দের দিয়ে কোনও কাজ আমি সুষ্ঠুভাবে করাতে পারব না। যখনই আমরা যে Department এ যাই এই কথাটা বার বারই আসে যে চাকুরী করব কি? আমাদের কর্তা ব্যক্তিরা যখন যাকে খুসী তাকেই ছাটাই করতে পারে এমনও দেখা গেছে ৭।৮ বৎসর চাকুরী করার পর ১।১ টা প্রমোশান পাওয়ার পর তার চাকুরী Rule 5 খতম হয়ে গেছে। ত্রিপুরা রাজ্যে এ রূপ ঘটনার অভাব নেই। কিছু দিন আগেও প্রফুল্ল চন্দ্র বনিক Relief Department এ চাকুরী করত, ৭ বৎসর সে চাকুরী করেছে, ২টা প্রমোশান সে পেয়েছে তারপর তাকে Rule 5 ছাটাই করে দেওয়া হল। সে J. C's court এ case দিয়েছিল। J' C. তাকে বলে দিয়েছেন যে আমর কিছু করনীয় নেই। I feel for yoy. আমি মনে করি অনেক অবচার তোমার উপর করা হয়েছে কিন্তু যেহেতু Rule 5 apply করা হয়েছে এবং যেহেতু you have not been declared quasi-permanent কাজেই তোমার সম্পর্কে আমার কিছু করনীয় নেই.। J. C. এই মন্তব্যও করেছেন যে Central Govt. Rules এ যে সমস্ত instruction দেওয়া আছে সেগুলি ত্রিপুরা Govt. observe করছেন না.। Central Govt. civil service rules এ এই কথাও বলেছেন যে একটা temporary service এর Register maintain করতে হবে। সেইটা maintain করে controlling authority এর কাছে প্রত্যেক বৎসর পাঠাতে হবে যাতে controlling authority দেখতে পারে যে যাদেরকে quasi-permanent করা দরকার তাদেরকে করা হচ্ছে কিনা। J. C. সেই Department এর list call করেছিলেন যে তোমরা সেই ltist maintain করছ কিনা আমি দেখব। কিন্তু Department জানিয়েছে যে সেই রকম কোনও liist আমরা maintain করি না এবং তাহা controlling authority এর কাছে কখনও পাঠাই না। এই জেনে তিনি অবাক হয়ে গেছেন এরূপ ঘটনা কি করে চলতে পারে। এই যেখানে নাকি অবস্থা যে কোন Department temporary service এর কোন list maintain করে না, সেগুলি controlling authority এর কাছে পাঠায় না। ১০।১২ বৎসর চাকুরী করার পরও তার post তো permanent হয় না তার service টাও quasi-permanent হয় না। তখন একটা employee কি মনে করতে পারে বা আমরাই বা কি মনে করিব। সেই জিনিষটা আজকে Govt. এর ভেবে দেখা দরকার যে এই ভাবে যদি administration চালাই তবে employee রা মন দিয়ে কাজ করবেন কিনা এবং যদি employee রা মন দিয়ে কাজ না করে, তবে যেখানে entire country তাদের উপর depend, সমস্ত implementation & execution তাদের উপর নির্ভর করছে, সেখানে তাদেরকে dissatisfied রেখে কোন কাজ কখনও হতে পারে কিনা? সেই ক্ষেত্রে আমরা যদি ইচ্ছাকৃত ভাবে এ'টা condition create করে রাখি, তাহলে পরে সেটা দেশের পক্ষে, সরকারের পক্ষে মঙ্গলজনক হবে কিনা, তা ভাবতে আমি অনুরোধ করব। এইটুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would now call on Hon'ble Dy. Minister Shri M. L. Bhowmik.

Shri M. L. Bhowmik :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের সদস্য শ্রীআজিকুল ইসলাম সাহেব যে প্রস্তাব হাউসের সামনে এনেছেন তা আমি সমর্থন করতে পাচ্ছি না, এই কারণে যে সমস্ত temporary posts আমাদের ত্রিপুরা সরকারের under এ রয়েছে, সেগুলিকে permanent post এ convert করার জন্য আমরা action নিয়েছি এবং এই নিয়ে কাজও এগিয়ে চলছে। তিনি বলেছেন যে ত্রিপুরার সরকার এই বিষয়ে উদাসীন ছিলেন যে temporary posts গুলিকে permanent post এ convert করা হয়নি, উনার এই উক্তি আমি সমর্থন করতে পাচ্ছি না। ত্রিপুরা সরকার ১৯৫৮ সনে temporary post গুলিকে permanent করার জন্য ভারত সরকারের কাছে এক প্রস্তাব পাঠিয়েছিলেন। ভারত সরকার ১৯৬০ ইংরাজীতে একটা instruction পাঠান যাতে gazetted, non-gazetted যে সমস্ত temporary posts আছে, সেগুলির department wise একটা প্রস্তাব পাঠানো হউক। যে সমস্ত department এর উপর Ministry of Home Affairs এর direct control আছে অর্থাৎ administrative control আছে সেই সমস্ত department কে প্রস্তাব পাঠানোর জন্য নির্দেশ দেওয়া হল। সেই অনুসারে আমাদের ত্রিপুরা সরকার ও ভারত সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছেন। ১৯৬১ ইংরাজীতে ভারত সরকার পুনরায় আর একটি নির্দেশ পাঠান, তাতে বলা হয়েছে Home Ministry র অধীনে যে সমস্ত দপ্তর রয়েছে এবং তার অধীনস্থ যে সকল temporary posts রয়েছে, এবং অন্যান্য Ministry এর অন্তর্গত যে সব দপ্তর রয়েছে এবং ঐগুলির অধীনস্থ যেসব temporary postss রয়েছে, এই সবগুলির প্রস্তাব Concerned Ministry এর কাছে direct পাঠানোর জন্য বলা হয়েছে। অর্থাৎ একটা consolided proposal for conversion of all temporary posts under the Home and other Ministry পাঠানোর জন্য নির্দেশ এসেছিল। সেই নির্দেশ অনুসারে আমাদের appointment & services Deptt বিভিন্ন দপ্তরকে নির্দেশ দিয়েছেন। সেই ভাবে বিভিন্ন দপ্তর থেকে statement আসছে। ইতিমধ্যে ১৯৬১ তে আমরা কতগুলি temporary posts কে permanent post এ convert করেছি। যদিও মাননীয় সদস্য বলেছেন recently ভারত সরকার থেকে এমন কোন নির্দেশ এসেছিল কিনা temporary posts গুলিকে permanent করার ব্যাপারে। আমি তার উত্তরে বলেছিলাম recently এমন কোন প্রস্তাব বা নির্দেশ আসেনি। In March 1962 as per recommendation of the second Pay Commission ভারত সরকার আমাদের ত্রিপুরা সরকারের কাছে এক নির্দেশ পাঠিয়ে ছিলেন যে যাদের চাকুরীতে তিন বছরের অধিককাল হয়েছে এবং যারা permanent nature এর কাজ করছেন তাদের একটি proposal পাঠানোর জন্য। কিন্তু আমরা এই বিষয়ে action নিচ্ছি from the year 1958, Pay Commission এর recommendation অনেক আগেই আমাদের সরকারের অধীনস্থ যেসব temporary posts রয়েছে তা convert করার প্রস্তাব দিয়েছি। তারজন্য আমরা চেষ্টা করেও আসছি। ভারত সরকার নীতিগতভাবে স্বীকারও করছেন। তাছাড়া Food and Civil Supply Deptt. এর কতগুলি temporary post কে permanent post এ convert করেছি। অন্যান্য দপ্তরগুলি সম্পর্কেও অনুরূপ action নেওয়া হচ্ছে। আমরা আশা করছি যে procedure & process আছে সেই অনুসারেই কাজ এগিয়ে চলছে। বর্তমানে আমাদের ৫,৫০০

temporary posts আছে। যদি আমরা ৪০% temporary post কে permanent postএ conver করি তাহলে ৪,৪০০ post কে permanent করতে হবে। এই ৪,৪০০ post এর মধ্যে কতকগুলিকে ইতি মধ্যেই permanent করা হয়েছে। আর বাকী posts গুলিকে আমরা ক্রমে ক্রমে according to procedure permanent করে যাব। আর আমাদের সরকার এই বিষয়ে মোটেই উদাসীন নয় তার জন্যই আমি বলেছি long before 2nd pay commission's recommendation আমরা কাজ করে যাচ্ছি, আশা করছি ক্রমেই বাকী temporary posts গুলিকে permanent posts এ convert করতে পারব। এই আশা রেখেই আমি মাননীয় সদস্যের প্রস্তাবটি সমর্থন করতে পারছি না।

Mr. Speaker :—I would now call on Shri Aghore Deb Barma.

Sнri Aghore Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম এখানে যে প্রস্তাবটি রেখেছেন সেই প্রস্তাবের সমর্থনে আমার খুব বেশী বলার প্রয়োজন নেই। প্রস্তাবটির বিরুধীতা করতে গিয়ে Deputy Minister যেসব তথ্য পরিবেশন করলেন তাতে উনি প্রস্তাবের সমর্থনেই বলেছেন। কাজেই প্রস্তাবের যৌক্তিকতা সম্পর্কে বলার অপেক্ষা রাখে না। তবে প্রশ্ন হচ্ছে যে ওনারা করছেন, করবেন। আর এই প্রস্তাবে আছে যে করতে হবে। এই ভাবে এখন পর্য্যন্ত প্রস্তাবক যে সমস্ত এখানে পরিবেশন করেছেন, যে list তিনি দিয়েছেন, সেই list এর মধ্যে অনেক কর্ম্মচারী এখনও অনিশ্চিত অবস্থায় আছেন, তার যে reality সেটা তারা নিশ্চয়ই উপলব্ধি করেন। যদি করেই থাকেন তাহলে এই প্রস্তাবটা গ্রহণ না করার যে কি হেতু আছে তা আমি বুঝতে পারিনা। অন্য দিকে ত্রিপুরা লেজিসলেটিভ এসেম্বলির মধ্যেও ১৩ জন contingent employee আছে তারা class—IV employee র বেতন পায়। মন্ত্রী মহোদয়রা গত বছরের sessionএ এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তাদের বেতন বৃদ্ধি করা হবে, কিন্তু এখন পর্য্যন্ত তাদের বেতন বৃদ্ধি করা হয় নাই। West Bengal Assembly তে এই cadre এর যে সমস্ত employee আছে তাদের বেতন এদের তুলনায় অনেক বেশী। আজকে আমরা regular, quasi-permanent, permanent করার ব্যাপারে অনেক কিছু দেখি। যেভাবে আজকে তাদের অনিশ্চিত অবস্থার মধ্যে রাখা হয়েছে ; অনেক ক্ষেত্রে officer কে quasi-permanent বা permanent করার জন্য যখন employee রা বলেন তখন তাদের বলা হয় যে, "তোমাদের Rule 5 এ বরখাস্ত করে দেওয়া হবে," কাজেই কর্ম্মচারীদের এভাবে একটা অনিশ্চিত অবস্থায় রাখলে তাদের মানসিক অশান্তি হয় এবং তারা এই অশান্তি নিয়ে কিভাবে কাজ কর্ম্ম করবে। এই কথাটা উপলব্ধি করা উচিত। ১৯৬৩ সালের ২৭ শে মে workcharged assistant দের ছাটাই বন্ধ করে দেওয়ার পরও (আমি P. W. D. র কথা বলছি)—Union এর secretary, জগদীশ বাবুকে ছাটাই করে দেওয়া হয়। আপীল করার পরেও যখন পুনর্বহাল হল না তখন J. C's court এ মামলা করতে বাধ্য হয়। এই হল অবস্থা।

,এই অবস্থার যাতে সৃষ্টি না হয় তার জন্য যে সমস্ত কর্মচারী ৩ বৎসরের বেশী চাকুরী করেছে তাদের quasi-permanent, বা permanent করা উচিত। তাদের চাকুরী নিশ্চিন্ত করার জন্যেই আমি একথা বলছি। আমি তাই এই প্রস্তাবটা সমর্থন করছি।

Mr. Speaker :—I would now request the Hon'ble Chief Minister.

Shri S. L: Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই প্রস্তাবটি উথাপন করার পুর্ব্বেই তারা জানেন যে, employee দের quasi-permanent ও permanent করার ব্যবস্থা already গ্রহণ করেছি এবং সেই অনুসারে আমরা কার্য্যও সুরু করেছি। এই প্রস্তাব রাখার কারণ হল এই যে election নিকটবর্ত্তী হয়েছে কাজেই যাতে কর্মচারীদের বলতে পারা যায় যে, দেখ আমরা বলেছিলাম বলেই তোমাদের quasi-permanent, permanent করা হয়েছে। তবে মাননীয় সদস্যদের এ কথা মনে রাখ দরকার যে, যখনই আমরা এই post গুলোকে permanent করব, তখন Home Ministry র সাথে consult করা দরকার। আমাদের যে সব gazetted, non-gazetted post আছে সেগুলোর কত percent আমরা permanent করব তার যে অর্থ সেটা Home Ministry sanction করে। প্রত্যেকটার corresponding list আছে সেটা তাদের কাছে পাঠাতে হয় এবং তাদের অনুমোদন সাপেক্ষে আমাদের এই কাজগুলো করতে হয়। কারণ Finance সম্বন্ধে মহাশয়রা নিশ্চয়ই অবগত আছেন, সব কিছুই financial sanction এর উপর নির্ভর করে। অতএব এ সব তারা জানেন। কাজেই এই প্রস্তাব আনার উদ্দেশ্য হল election এ বাজীমাত করার জন্য। গলা ফাটিয়ে মাঠেতে বলবেন যে দেখ, ত্রিপুরা সরকার নিস্ক্রিয় হয়ে বসেছিল, তারা মন্ত্রী হয়েছেন অথচ তারা তা করল না। ১৯৬৬ সালের ২২শে মার্চ তারিখ আমরা এই প্রস্তাব উত্থাপন করেছিলাম, তাই সরকার এটা করতে বাধ্য হয়েছে। অতএব আমরা আপনাদের দলে আছি। আপনারা আমাদিগকে ভোট দিন। এ ছাড়া আর কোন উদ্দেশ্য এখানে নেই। তা না হলে, একটা circular issue করা হয়েছে, quasi-permanent declare করার জন্য, এবং তদনুযায়ী কাজও আরম্ভ হয়েছে। ত্রিপুরা গভর্ণমেন্টকে Central Govt. এর নির্দ্দেশ মানতেই হবে। তাকে আমাদের কার্য্যকরী করতেই হবে। আমরা জানি যারা ফোর্থ ক্লাশ এমপ্লয়ী, গেজেটেড, নন্ গেজেটেড তাদের প্রত্যেককে যাতে তাদের ন্যায়সঙ্গত অধিকার দিতে পারি তারই ব্যবস্থা অনুসারে সেই কার্য্য আরম্ভ করেছি এবং সেটা আমরা সম্পন্ন করবই। এটা Government এর policy. অতএব এই প্রস্তাব এখানে আসতেই পারে না। যদি আমরা এই প্রস্তাবের বিষয় বস্তু সম্বন্ধে কোন কাজ না করে থাকতাম তাহলে এই প্রস্তাব আসতে পারত এবং তার তাৎপর্য্য থাকত। কাজেই আমি এই প্রস্তাবের বিরোধীতা করছি কারণ এই প্রস্তাব রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত।

Mr. Speaker :—Now I would call on the mover of the Resolution.

Shri Atiqul Islam :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী তার যে গান গাইবার, তিনি তা

গেয়েছেন। এখন কথা হল যে আমাদের Deputy Minister গেয়েছেন যে আমাদের এখন মাত্র ৫,৫০০ আছে সেগুলো এখনও temporary. আর বাদ বাকী সব আমি permanent করে ফেলেছি। অবশ্য মন্ত্রী মহোদয়েরসবচেয়ে বড় গুণ এটা যে যেটা সত্যের অপলাপ হয়, মিথ্যে কথা বলতে আর পারা যায় না। কাজেই সাত্য ঘটনা কখনো তাঁরা স্বীকার করবেন না। আমাদের কাছে যে হিসাব আছে, সেটাও সরকারী হিসাব, আমার তৈরী করা হিসাব নয়। সেটা হল 18th March, 1966 un-starred, question No. 637 এর উত্তরে তারা বলেছেন যে ২০,১৩০ টি মোট post আছে, তার মধ্যে ৮,১১৭ টি post কে permanent করেছেন। তার অর্থ এখনো ১২,০১৩ টি post বাকী আছে যে-গুলি permanent করা হয় নি। মাননীয় সুনীল দত্তর এক প্রশ্নের উত্তরে জানা যায় যে ১২ বৎসর যাবৎ চাকুরী করছে তার post quasi permanent হচ্ছে না এমন সংখ্যা আছে class IV—৭৫ জন এবং class III বোধ হয় ২৯৩ জন। ২৯৩ জন আছে class III employee যাদের চাকুরী ১২ বৎসরের বেশী হয়েছে অথচ তাদের আজ পর্য্যন্ত quasi-permanent করা হয় নি। Central Government এর instruction মানা হয় বলে খুব বক্তৃতা দেওয়া হয়েছে। Central Government এর instruction এ পরিষ্কার বলে দেওয়া হয়েছে, যে যাদের quasi-permanent declare করা যাবে না তাদেরপরিষ্কার ভাবে জানিয়ে দিতে হবে কেন তাদের quasi-permanent declare করা গেল না। অতএব এই যে এতগুলি কর্মচারীকে আজ পর্য্যন্ত quasi-permanent করা হল না, তাদের কি জানিয়ে দেওয়া হয়েছে কেন তাদের quasi permanent করা হয়নি? জানানো হয়েছে কি? আজ পর্য্যন্ত জানানো হয় নাই। আপনাদের কাছে Central Government এর Instruction গুলি একটা কলা পাতার সামিল। এগুলি waste paper busket এ ফেলে রাখা হয়। Central Govt. এর instruction এখানে কিছুই follow করা হয় না। তারা তাদের খুসীমত কাজ করে। temporary employee দের কোন list maintain করে না। এটা আমি challenge করতে পারি। একথা Central Govt. এর instruction এ পরিষ্কার বলা আছে যে যখনই ৩ বৎসর service complete হবে এবং 1st July আসবে তখনই তাকে qusi-permanent declare করতে হবে। কিন্তু তা করা হয় না, যদি তা করা হত তাহলে employee দের আজ এই অবস্থা হত না, তারা জানতে পারত কি কারণে age bar, qualification এর bar বা অন্য কোন কাজ তারা করেছে যার ফলে ৩ বৎসর কাজ করার পরও তাদের quasi-permanent করা হচ্ছে না। তা তারা জানতে পারত। কিন্তু তা না করে তাদেরে ঝুলাইয়া রাখা হয়, এই জন্যে যে যখন খুসী তাদেরে Rule 5 এ ছাঁটাই করার জন্য এবং employee দের তাদের Boss এর বশে রাখার জন্য তাদের quasi-permanent করা হয় না। ফলে তারা কোথাও কোন protection পান না, Minister বা ত Officer দের হাতের পুতুল, তারা যা বলে তাই শুনেন। ফলে তাদের স্থান কোথাও নাই। আমার এই প্রস্তাব পাশ হল কি না হল সেটা বড় কথা নয়, মূল উদ্দেশ্য হল এই যে একটা অবস্থা চলছে তার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করা এবং সরকার যদি মনে করেন যে এইটা একটা services problem তাহলে they must see to it. তবে তারা instruction issue করে এটার solve করতে পারেন। কিন্তু আমার মনে হচ্ছে না যে সরকার এই বিষয়ে খুব seriously ভাবেন

এবং চেষ্টা করেন। কাজেই আমি মনে করি এই প্রস্তাবটি পাশ করে গভর্ণমেণ্ট তার seriousness দেখাবেন।

Mr. Speaker :—The discussion is over. I would now put the question to vote. The question before the House is that "where as a large number of employees of the Government of Tripura are being borne in temporary establishment even after completion of ten years service, this Assembly direct the Government to declare 80% of such post of various department as permanent, in persuance of recommendation of the Second Pay Commission." As many as are of that opinion which please say "Ayes"

Voice—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'

Voice—'Noes'

"Noes have it" Noes have it. So, the resolution is lost.

The business of the House is over. The House stands adjourned till 11 a.m. on Wednesday the 23rd March, 1966.

Appendix—'A'

UNSTARRED QUESTION NO. 487 BY SHRI NRIPENDRA CHAKRABORTY—M. L. A.

Question	Answer
1. Whether the number of T. B. patients are on the increase, if so the reasons thereof ;	Yes, the number of the T. B. patients attending T. B.clinic is gradually on the increase. The reasons for this increase seems to be the availability of free and better deagnostic facilities at Agartala as well as at the Sub-Divisional Hospitals, Primary Health Centres in Tripura.
2. whether T. B. Clinics have been set-up in all Sub-Divisional Head quarters ;	No.
3. if not what steps are being taken to fight this T: B, manace ?	A T. B. Control Prog ramme is being implemented in this Territory under the guidance and supervision of the T. B. clinic at Agartala. 8 Sub-Divisional Hospitals and 17 Primary Health Centres are functioning as diagnostic and treatment centre from which free diagonsis and treatment is offered to all patients irrespective of any other consideration under this Programme.

Un-Starred Question No. 489 by Shri Nripendra Chakraborty,—M. L. A.

Question	Answer
1) A Sub-division-wise break-up of the number of weavers in Tripura ;	(1) a) Sadar ··· 5,865 Nos. b) Dharmanagar ··· 1,532 ,, c) Kailashahar ··· 100 ,, d) Kamalpur ··· 645 ,, e) Khowai ··· 910 ,, f) Sonamura ··· 207 ,, g) Udaipur ··· 124 ,, h) Belonia ··· 425 ,, i) Sabroom ··· 289 ,, j) Amarpur ··· 149 ,,
2) number of weavers organised in co-operative societies in each sub-division ;	(2) a) Sadar ··· 1,905 Nos. b) Belonia ··· 128 ,, c) Udaipur ··· 50 ,, d) Sabroom ··· 58 ,, e) Dharmanagar ··· 183 ,, f) Kailashahar ··· 243 ,, g) Khowai ··· 113 ,, h) Kamalpur ··· 110 ,, i) Sonamura ··· 23 ,, j) Amarpur ··· 21 ,,
3) financial assistance given to the weavers in each sub-division ;	(3) a) Sadar Rs. 5,86,535·36 b) Belonia Rs. 70,887·50 c) Udaipur Rs. 23,700·00 d) Sabroon Rs. 15,925·00

Question	Reply		
	e) Dharmanager ...	Rs.	8,950·00
	f) Kailashahar ...	Rs.	21,375·00
	g) Khowai ...	Rs.	69,870·00
	h) Kamalpur ...	Rs.	23,800·00
	i) Sonamura ...	Rs.	38,875·00
	j) Amarpur ...	Rs.	10,625·00

4) number of weavers granted financial assistance for the renovation of their worksheds in each sub-division and the amount of assistance given ?

4)

Number		Assistance
a) Sadar—165 Nos	Rs.	1,65,000·00
b) Khowai – 17 ,,	Rs.	17,000·00
c) Belonia—28 ,,	Rs.	28,000·00

Un-starred Question No. 490 by Shri Nripendra Chakraborry,—M. L. A.

Question	Answer
1) The terms and conditions on which each small Industrial units has been set-up in the Industrial Estate of Arundhutinagar and Udiapur ;	1) Rental basis.
2) whether they have fulfilled those terms and conditions ;	2) Yes.
3) if not, the names of the units who failed to fulfill them ;	3) Does not arise.
4) whether any action has been taken against them, if so nature of that action ;	4) do.

Question	Answer
5) whether Govt. has given any loan or financial assistance to these units, if so total amount of such assistance in each case ?	5) do,

Unstarred question No. 663 by Shri Premode Ranjan Das Gupta, M.L.A.

Question	Reply
1) the number of applications for the grant of industrial licences received from the private parties and recommended by the Govt of Tripura during the years from 1963 to 1965 ;	1) 2 (two)
2) the particulars of the applications received ;	2) one application received from M/S. Far Eastern Agencies Ltd., Calcutta for the establishment of one 15,000 Spindles Spinning Mill in Tripura and the other from M/S Industrial & Development Syndicate, Arundhutinagar, Agartala, Tripura for the setting up of a Jute Mill in Tripura with 150 Looms,
3) the dates on which these applications were received ;	3) The application from M/S. Far Eastern Agencies Ltd. was received on February 27, 1964 and the application from M/S. Industrial &

Question	Reply
	Development Syndicate was received on October 3, 1964.
4) the present position of the same ?	4) Application for Spinning Mill. The application was recommeded to the Govt. of Indiaand licence for the same was issued by them The licence holders are taking action for setting up the mill. Application on Jute Mill. The application was recommended to the Govt. of India who have issued a letter of Intent. The matter is now under consideration of the Govt. of India.

Unstarred Question No. 708. by Shri Hlura Aung Mag, M. L. A.

প্রশ্ন	উত্তর
১। ১৯৬৪-৬৫ ও ১৯৬৫-৬৬ সালে উদ্বাস্তদের কৃষি কাজের জন্য গরু ও বীজ ধান ক্রয় বাবদ কত টাকা ব্যয় বরাদ্দ ছিল ;	তথ্য সংগ্রহ করা হইতেছে
২। এই বরাদ্দকৃত কৃষি ঋণ পাওয়ার জন্য কোন্ বিভাগ হইতে কতজন দরখাস্ত করিয়াছিল এবং কোন্ বিভাগে কত জনকে এই টাকা দেওয়া হইয়াছে ?	

Unstarred Question No. 719 by Shri Atiqual Islam M. L. A,

Question	Answer
1) Whether it is fact that the payment of T. A. to Panchayat Secretaries has been stopped since January, 1966.	No,
2) if so, what are the reasons ?	Does not arise:

Unstarred Question No. 738 by Shri Monchor Ali, M. L, A.

প্রশ্ন	উত্তর
১। ১৯৬৩-৬৪ ইং এবং ১৯৬৪-৬৫ ইং সনে সোনামুড়া ও উদয়পুর উপ-বিভাগে মোট কত পরিবার উদ্বাস্তু তাঁতী পূর্ব্ব পাকিস্তান হইতে আসিয়াছে ?	সোনামুড়া—৩৮০ পরিবার উদয়পুর—২০০ "
২। তাঁতী পরিবারগণের পুনর্ব্বাসন দেওয়ার জন্য সাহায্য করিবার কোন পরিকল্পনা আছে কি ?	হাঁ।
৩। সোনামুড়া ও উদয়পুর উপ-বিভাগের তাঁতী পরিবারগণ হইতে তাঁত শিল্প পুনর্ব্বাসনের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়াছিল কি না ?	হাঁ।
৪। এই পর্য্যন্ত কোন সাবডিভিসনের তাঁতীগণের নিকট হইতে মোট কত দরখাস্ত পাওয়া গিয়েছে ?	সোনামুড়া—১৫৪টি উদয়পুর—১৫০টি

Proceedings of the Tripura Legislative Assembly Assembled under the provisions of the Government of Union Territories Act, 1963.

March 23, 1966.

The Assembly met in the Assembly Chamber, Agartala, on Wednesday, the 23rd March, 1966 at 11 A. M.

PRESENT

The Hon'ble Upendra Kumar Roy, Speaker in the Chair, the Deputy Speaker, the Chief Minister, three Deputy Ministers and twenty two Members.

Mr. Speaker :— I take up the first item in the agenda. To day in the list of business are following questions to be answered by the Ministers concerned. Starred Questions. I would call on Shri Monchur Ali.

Shri Monchur Ali :— 531.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred question No. 531.

QUESTION	REPLY
ষ্টেট রিলিফের মজুরী বাবদ ১.৩৭ পয়সা কোন সালে ধার্য্য হইয়াছে ?	ষ্টেট রিলিফের মজুরী ১.৩৭ পয়সা গত ১৯৫৭ইং সনে ধার্য্য হইয়াছে।

শ্রীমনস্থুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে তখনকার দ্রব্যমূল্যের দর কত ছিল ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনস্থুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে দ্রব্যমূল্যের উপর ভিত্তি করেই এই রেটটা করা হয়েছিল কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা দ্রব্যমূল্যের উপর ভিত্তি করে ধার্য্য হয় না। যখন কোন অঞ্চলে খাদ্যাভাব দেখা দেয় বা ইকনমিক ডিফিকালটি দেখা দেয় তখনি ষ্টেট রিলিফ করা হয়।

শ্রীমনস্থুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি তখনকার দ্রব্যমূল্যের অনুপাতে একটা লোকের কত ওয়েজ হতে পারে সেই হিসাব ধরে রেটটা করা হয়েছিল কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— ষ্টেট রিলিফের কাজ যখন ডিক্লায়ার করা হয় তখন সেটা পরীক্ষা করার জন্য এমন একটা মূল্য নির্দ্ধারিত হয় যে লোকগুলি এই কাজে আসে কিনা। সেটা পরীক্ষা করার জন্যই এই কাজ করা হয়েছে।

শ্রীআভিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ১৯৫৭ সালে যে রেট ঠিক করা হয়েছিল এখন সেটা বাড়াবার কোন পরিকল্পনা গভর্ণমেন্টের আছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহঃ—পূর্ব্বেই বলা হয়েছে যে এটা টেষ্ট করার জন্য যে হোয়েদার দেয়ার ইজ স্কার্সিটি অর নট, সেজন্য এমন একটা মূল্য দেওয়া আছে যাতে এই মূল্য থাকা সত্ত্বেও কাজের জন্য তারা আসে কিনা সেটা পরীক্ষা করা।

শ্রীসুধন্ব দেববর্ম্মা :— এই টেষ্ট করার পর যখন দেখা গেল যে বাস্তবিকই অভাব আছে তখন এই রেটটাকে বাড়িয়ে দেওয়া হয় কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—এই রেটটাকে বাড়িয়ে দেওয়া হয় না। তখন ডিফারেণ্ট কাজ কর্মে তাদের নিয়োগ করা হয় এবং সেই অনুযায়ী তাদের পারিশ্রমিক দেওয়া হয়।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— সঙ্কটের সময় মানুষকে বাঁচাবার জন্য সরকার এই রেটটা বাড়াবার কথা বিবেচনা করবেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আমি আগেই বলেছি যে কোন অঞ্চলে খাদ্যাভাব আছে কিনা সেটাকে টেষ্ট করার জন্য, সেটাকে জানবার জন্য মূল্য নির্দ্ধারণ করা হয়। তখন আমরা দেখি যে কতকগুলি লোক এই মূল্য থাকা সত্ত্বেও সেখানে যদি কাজ করতে আসে তখন আমরা পরীক্ষা করে দেখি যে সেখানে কোন রিলিফের ব্যবস্থা করা যায় কিনা এবং সেই অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রীআতিকুল ইসলাম :— তাহলে আমি কি জানতে পারি ১.৩৭ পয়সা না করে সেটা ১ টাকা করলেও তো টেষ্ট করা যেত। কাজেই এক টাকা না করে ১.৩৭ পয়সা করা হল কেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সেটা একটা হার আছে, যেমন ওয়েষ্ট বেঙ্গল প্রভৃতি অঞ্চলে আছে। তার উপর ভিত্তি করেই আমরা করেছি।

Mr. Speaker :— Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :— Question No. 576.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Question No. 576.

QUESTION	ANSWER
(1) When will section 99(c) of Tripura Land Reforms Act regarding the right of Raiyats or Jotedars to cut trees of their land without royalty will be applied in the sub-division of Dharmanagar.	(1) Section 99(1) (c) of the Tripura Land Revenue and Reforms Act, 1960 will be implemented in Dharmanagar Sub-division after completion of attestation work and disposal of objection.

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ১৯৬০ সালে ল্যাণ্ড রিফর্ম্স্ অ্যাক্ট হল, সেটা ৯৯(১) (সি) এটা অ্যাপ্লিকেবল না হবার কারণটা কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কাজটা একটা দুরূহ প্রসিডিউয়ের মধ্যে দিয়ে করে যেতে হয়। কাজেই এই সমস্ত প্রসিডিউর এর কাজ করতে হলে সময়ের দরকার হয়। সেজন্যই দেরী হচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয়, আমি বলছি যে একটা অ্যাক্ট পাশ হল ১৯৬০-এ। এরমধ্যে একটা সেকশান ৯৯(১) (সি) কি জন্য অ্যাপ্লাই করা হল না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— একটা কথা আছে, ল্যাণ্ড রিফর্ম'স্‌ অ্যাক্টটা আফটার প্রপার ডিমারকেশন অ্যাণ্ড সার্ভে করে ভূমির শ্রেণী নির্দ্ধারণ যদি না করতে পারি তাহলে জোত নির্দ্ধারণ করতে যদি না পারি তাহলে সেই জায়গায় এই অ্যাক্ট প্রযোজ্য করতে গেলে পরে যে ডিফিকালটিস অ্যারাইজ করবে তারই জন্য আমরা তা দেরী করছি।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে সমস্ত জায়গায় অ্যাটেষ্টেশান হয়েছে সেই সমস্ত জায়গায় এই সেকশান অ্যাপ্লিকেবল হবে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আগেই বলা হয়েছে যে, যে সমস্ত জায়গায় অ্যাটেস্টেশান হয়ে গেছে সেই সমস্ত জায়গায় এটা করা যাবে।

শ্রীআতিকুল ইসলাম :— যেসব জায়গায় নাকি অ্যাটেষ্টেশান কমপ্লিট হয়ে গেছে সেখানেও জোতের গাছ কাটতে হলে পরে ফরেষ্ট ডিপার্টমেণ্ট থেকে পারমিশন নিয়ে কাটতে হয় কেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— না, সেটা লাগবে না।

শ্রীআতিকুল ইসলাম :— অ্যাটেষ্টেশান যেখানে হয়েছে সেখানেও জোতের গাছ কাটতে পারমিশান লাগবে এই রকম কোন নির্দ্দেশ কি ফরেষ্ট ডিপার্টমেণ্টকে দেওয়া হয়েছিল এবং সেটা কি এখন উইথড্র হয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— না, এই রকম কোন নির্দ্দেশ জারীও করা হয় নি উইথড্রও করা হয়নি যে অ্যাটেষ্টেশান হয়ে গেলে পরে তোমাদের পারমিশান লাগবে না। কোন কোন জায়গায় যদি এই রকম থাকে তবে তা বলতে পারবো না। তবে এই অ্যাক্ট যেদিন থেকে চালু হয়ে গেল, এই হাউসের মধ্যেই বলা হয়েছে যে তারা গাছ কাটতে পারবে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মুখ্যমন্ত্রী জানেন কি যেখানে এ্যাটাস্টেশন কমপ্লীট হয়ে গেছে সেখানেও জোতের গাছ কাটতে হলে পার্মিশন নিয়ে কাটতে হয়, না হলে পরে ফরেষ্টার ধরে এবং কেস করে ?

শ্রীএস, এল, সিংহ :—আমার এমন কোন কিছু জানা নাই, মাননীয় সদস্য যদি পার্টিকুলার কেস দেখাতে পারেন তাহলে আমি অনুসন্ধান করে দেখব।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মুখ্যমন্ত্রী কি একথা বলতে চান যে ফরেষ্ট ডিপার্টমেণ্ট থেকে এমন কোন ইনষ্ট্রাকশন দেওয়া হয়নি যে জোতের গাছ কাটতে হলে পরে উইদাউট রয়েলটি, পার্মিট নিয়ে, মার্কিং দিয়ে কাটতে হবে ?

শ্রীএস, এল, সিংহ :—আমি আগেই বলেছি যে যদি ডিসপ্যুটেড কোন জায়গা থাকে, এইরকম অনেক জায়গায় ডিসপ্যুট আছে, সে সমস্ত জায়গার কথা যদি বলে থাকেন তাহলে পরে তারা আইন অনুসারেই করেছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—সদরে এই আইনটা কার্যকরী করা হয়েছে কিনা, সদর বিভাগে ?

শ্রীএস, এল, সিংহ :—সদর বিভাগের জন্যই এটা করা হয়েছে এবং আমার মনে হয় এটা কার্যকরী করা হয়েছে এবং কার্যকরী করা হবে এবং সেটা চলছে এবং চলবে।

শ্রীধুলু কুকি :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, তিনি কি অবগত আছেন, যে যেখানে জোতের মালিক তার গাছ যদি কাটতে হয় তাহলে তাকে ফরেষ্ট অফিস থেকে পার্মিশন নিতে হয় এবং যদি তার খাজনা এবং নজরানা পরিষ্কার না থাকে তাহলে পরে তাকে পার্মিশন দেওয়া হয়না এই জোতের গাছ কাটার জন্য ?

শ্রীএস, এল, সিংহ :—আগেই বলা হয়েছে, যে যে জায়গায় এ্যাটেচ্‌মেন্ট হয়ে গেছে সে সমস্ত জায়গাতে যদি কোন প্রকার ডিসপ্যুট না থাকে তাহলে পরে সে জায়গাতে বাঁধা দেওয়ার কোন কারণ নাই এবং দিচ্ছে না।

শ্রীএম, এল, ভৌমিক :—পয়েন্ট অব অর্ডার। এখানে প্রশ্নটা ছিল ধর্মনগর সম্বন্ধে, অন্যান্য জায়গা সম্পর্কে এখানে প্রশ্ন করা হচ্ছে, সেটা ঠিক কিনা ?

Mr. Speaker :—Yes, that is not to be allowed.
Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Question No. 626.

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 626.

প্রশ্ন	উত্তর
১। উজান অভয়নগরের পথে কাটাখালের উপরে যে পুলটি ছিল ইহা কত দিন পূর্বে বন্যার জলে বিধ্বস্ত হইয়াছে।	১। ১৯৬৩ সালের বর্ষাকালে।
২। উক্ত কাটাখালের উপরে অস্থায়ী বাঁসের সেতু নির্মাণ করিতে আজ পর্য্যন্ত কত টাকা খরচ হইয়াছে।	২। ১৯৯১ টাকা।
৩। ঐ খালের উপর স্থায়ী পাকা পুল নির্মাণের পরিকল্পনা নেওয়া হইয়াছে কিনা ?	৩। বর্ত্তমানে নাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই ছড়ার উপর বছরে কতবার বাঁশের পুল দেওয়া হয় ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের জবাবে আমি বলেছি এক্ষনে সেখানে একটি বাঁশের পুল আছে এবং যখনই দরকার হয় তখনই দেওয়া হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি ঐ বাঁশের পুল দিয়ে মানুষ চলাচল করতে পারে কিনা ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যদি বাঁশের পুল থাকে তাহলে তার উপর দিয়ে মানুষ চলাচল করতে পারে, মানুষ চলাচল করবার উপযোগী করেই সেই বাঁশের পুল আমরা তৈরী করে থাকি।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—বর্ষাকালে ঐ পুলটা থাকে কিনা ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি যদি পুলটা থাকে তাহলে চলাফেরা করতে পারে।

শ্রীলুড়া আং মগ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই যে বাঁশের পুল করা হচ্ছে, এটা অপব্যয় কিনা ?

শ্রীএস, এল, সিংহ ঃ—এটা অপব্যয় নয়, ইহা জনসাধারণের যোগাযোগ ব্যবস্থার সুবিধার জন্য টেম্পোরারী হিসাবে সেটা করা হয় এবং সেটা করতে হয়, সেজন্য আমরা করি ।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে বর্ষাকালে ঐ বাঁশের পুলটি ভেসে যায় এবং সমগ্র এলাকাটা শহর থেকে বিচ্ছিন্ন হয়ে পরে ?

শ্রীএস, এল, সিংহ :—আগেই বলা হয়েছে টেম্পোরারী পুল অতএব ফ্লাড আসলে পরে ভেসে যায় বা বর্ষা আসলে পরে ভাসতে পারে আবার অনেক সময় থেকেও যায় ।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, ঐ এলাকাটি শহরের সংগে সংযোগ করার জন্য কোন পরিকল্পনা গভর্ণমেণ্টের আছে কিনা ?

শ্রীবি, দাস :—শহরের সংগে সংযুক্ত করার জন্য সেই ব্যবস্থা সেখানে আছে ।

শ্রীআতিকুল ইসলাম :—কি ব্যবস্থা বলতে পারেন ?

শ্রীবি, দাস ঃ—বুদ্ধ মন্দিরের সামনে দিয়ে যে রাস্তা আছে সেখান দিয়ে সবাই সেখানে আসা যাওয়া করতে পারে ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি মনে করেন ঐ ছড়ার উপর স্থায়ী পুল করা দরকার ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সব জায়গায়ই পুল করে জনসাধারণের যাতায়াতের যাতে সুবিধা হতে পারে তার ব্যবস্থা সরকার নিয়ে থাকেন এবং এখানেও সেই ধরণের একটা ব্যবস্থা আছে ।

Mr. Speaker :—Shri Sudhanwa Deb Barma.

Shri Sudhanwa Deb Barma :—675.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 675.

QUESTION	ANSWER
(a) What acres of land in the Union Territory of Tripura have been found surplus under the land ceiling laws ;	(a) Enforcement of ceiling on land holding u/s 164 of the T. L. R. & L. R. Act, 1960 has not yet been completed in the Union Territory of Tripura.
(b) whether these lands have been declared surplus ;	(b) Does not arise.
(c) if declared surplus, wheather the Tripura Government has acquired these acres of land ?	(c) Does not arise.

শ্রীসুধন্ব দেববর্ম্মা-- সারপ্লাস ল্যাণ্ড যদি পাওয়া যায় তবে ঐ' সারপ্লাস ল্যাণ্ডকে কি করা হবে বলতে পারেন ?

শ্রীএস, এল, সিংহ—ভবিষ্যতে যদি পাওয়া যায়, ভবিষ্যতে দেখে সেটা নির্দ্ধারণ করা হবে।

Mr. Speaker :—Shri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mag :—699

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 699.

QUESTION	REPLY
1). Whether there is a scheme for reclamation of Charakbaicherra, Belonia.	1). Yes.
2). Whether the work of the said scheme has been started.	2). Yes.
3). If not, the reason thereof.	3). Does not arise.

শ্রীলুড়া আং মগ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই রিক্লেমেশন এর সময়ে যেসব জমি পড়বে তাদের কোন ক্ষতিপূরণ দেওয়া হবে কিনা ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের স্কীমটা হচ্ছে চরকবাইছেড়া যে ছড়াটা আছে তার যে আশেপাশে জমিগুলি আছে সেগুলি ওয়াটারলগ্‌ড হয়ে আছে এবং সেখানে প্রপার ড্রেনেজ ফেসিলিটি নাই, কাজেই সেই চরকবাইছড়াটাকে ওয়াইডেইনিং করছি এবং ড্রেনেজ সিসটেম যেটা আমরা করেছি সেটাকে এক্সাভেকেট করছি। তাতে করে অন্যের জমি সেখানে আসছেনা শুধু ছড়াটাই আসছে।

শ্রীলুড়া আং মগ :—এই কাজটা কতদূর অগ্রসর হয়েছে জানাতে পারেন ?

শ্রীবি, দাস :—ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়েছে অন ২৮।২।৬৬। কাজেই সেখানে কাজ এগুচ্ছে।

শ্রীলুড়া আং মগ :—কত পরিমাণ জমি রিক্লেইম করা হবে ?

শ্রীবি দাস :—৬০০ একর।

Mr. Speaker :— Shri Bulu Kuki.

Shri Bulu Kuki :—Question No. 750.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 750.

QUESTION	ANSWER
1. What is the progress of the Water Supply Works, Agartala.	The head works for the Water Supply Scheme comprising of intake well, Low lift Pump House, erector, mixing channel, clarifier, filter, floculator, clear water reservoir, high lift pump house and wash water tank is ready for operation. The rising and delivery mains is nearing completion for Zone-I & II. The distribution system for Zone-I & II are also nearing completion. Erection of tank for Zone-II has been taken up in hand.
2. When it is expected to be completed.	Subject to timely receipt of certain materials from outside the State, the work of Zone-I & II except for the overhead reservoir are likely to be completed in the course of next 3 (three) months.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন কোন সনে এই কাজটা আরম্ভ করা হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কাজটা ৫।১।৬০ তে আরম্ভ হয়েছিল ।

শ্রীআতিকুল ইসলাম :—আমরা কি তা'হলে আশা করতে পারি যে আগামী ইলেকশনের আগেই আমরা শহরের লোকেরা জল খেতে পারব ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আমরা আশা করি আগামী ইলেকশান নয় অল্পদিনের মধ্যেই শেষ করতে পারব এবং জল খাওয়াব ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই কাজ করতে এত বিলম্ব হল কেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—বিলম্ব হয়নি । এটা নির্ভর করে কতগুলি ম্যাটেরিয়ালসের উপর যেগুলির জন্য ফরেন একসচেঞ্জ লাগে । অতএব ফরেন এক্সচেঞ্জের জন্য আমাদের কাজটা দেরী হয়েছে কিছু ।

শ্রীবুড়া আং মগ :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এই কাজ কত দিনে শেষ করতে হবে এইরকম কোন টারগেট দেওয়া আছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—উত্তরে বলা হয়েছে ইট ইজ এক্সপেক্টেড টু বি কমপ্লিটেড উইদিন নেক্ষট থ্রি মানথস্ ।

Mr. Speaker :—Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :—751.

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Question No. 751.

QUESTION	REPLY
1. What steps have been taken to transfer the non-industrial categories of posts borns on the Work-Charged establishment of the Tripura Public Works Department to the regular (Classified) establishment as per letter of the Government of India, Ministry of works & Housing & Rehabilitation No. 37(1)/62-WCE(II) dated 6-5-1963.	Since Transferred.

Mr. Speaker :— Shri Monchur Ali.

Shri Monchur Ali :— প্রশ্ন নং ৫২৯।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্ন নং ৫২৯।

প্রশ্ন	উত্তর
১) সোনামুড়া-কলমচুড়া এবং সোনামুড়া-নীদয়া রাস্তার জন্য কত পরিবারের জমি নেওয়া হইয়াছে ?	১) সোনামুড়া-কলমচুড়া রাস্তার জন্য- ৪৫৪ টি পরিবারের এবং সোনামুড়া-নীদয়া রাস্তার জন্য ৩৪৭টি পরিবারের জমি খাস করা হইয়াছে।
২) এই জমি কোন সনে নেওয়া হইয়াছে এবং এই পর্যন্ত কতজনকে জমির ক্ষতিপূরণের টাকা দেওয়া হইয়াছে ?	২) এই জমি ১৯৬১, ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ ইং সনে খাস করা হইয়াছে। সোনামুড়া-কলমচুড়া রাস্তার জন্য ৩০০টি এবং সোনামুড়া-নীদয়া রাস্তার জন্য ২০১টি পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

শ্রীমনসুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ১৯৬১ তে কতজনের জমি নেওয়া হয়েছিল ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনসুর আলী—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ১৯৬১ সালে যে সমস্ত পরিবারের জমি নেওয়া হয়েছে তার মধ্যে কতজনকে টাকা দেওয়া হয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনসুর আলী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি সমস্ত পরিবারের মোট কত জমি নেওয়া হয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনস্থর আলী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে সমস্ত জমি নেওয়া হয়েছে তা দিয়ে এই রাস্তাটা করানোর জন্য কবে মঞ্জুর হয়েছিল এবং কবে শেষ হবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—এখানে দেখা যায় ১৯৬১, ৬৩, ৬৪, ৬৫ সনে খাস হয়েছে এবং খাসের পরেই সাধারণতঃ কাজ আরম্ভ হয় এবং খাস করে জমি নেওয়া হয়েছে সেই কাজ করার জন্য। সার্ভেও হয়েছে। অতএব ১৯৬১ সালের আগেই এই কাজ সুরু হয়েছে। কারণ খাস করাও একটা কাজ বলে আমরা ধরে নেই।

Mr. Speaker :—Shri Monoranjan Nath

Shri Monoranjan Nath :—Question No. 577.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No. 577.

QUESTION	REPLY
1. Is there any contemplation with the Government for construction of Motorable road from Pecharthal to Bhatimuchmara in the year 1966-67;	1. No.
2. What is the Direct distance of Bhatimuchmara from Pechartal and what is the distance of the same via Kumarghat ?	2. Distance from Pechartal to Bhatimuchmara is about 5 miles while via Kumarghat distance is 20 miles.

শ্রীমনোরঞ্জন নাথ :—যে জায়গাতে ৫ মাইল জায়গা রাস্তা করলে ২০ মাইল দূরত্ব কমে যায় সেই জায়গাতে রাস্তা না করার কারণ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— এটা হল এলাইনমেনটের ব্যাপার। কাঞ্চনপুর দশদা এবং আনন্দনগর পর্য্যন্ত সংযোগ করার জন্য এই রাস্তাটি নূতন সুরু হয় এবং অ্যালাইনমেণ্ট করা হয় এবং প্রপার অ্যালাইনমেণ্টের পরে সার্ভে হয় এবং সার্ভের পরে আমরা রাস্তার কাজ সুরু করি। তারপর এই জায়গার কাজও যে বন্ধ হয়ে আছে তা নয়। ব্লক থেকে কাজ চলেছে এবং মোট প্রবেবলী মাননীয় সদস্য অবগত আছেন যে আমরা টেরিটোরিয়াল কাউন্সিলে থেকেও ব্রীজ করেছিলাম এবং এখনও পি. ডব্লিউ, ডি থেকে সেই রাস্তাটার মেণ্টেনেনস করা হয়। তা'হলে দেখা যাচ্ছে এই রাস্তাটা পি, ডব্লিউ, ডি, এর অন্তর্গত এবং তা মেণ্টেনেন্স করা হচ্ছে এবং এই রাস্তাটাকে আরও ভাল করা যায় কিনা তার পরিকল্পনা আছে এবং সেইভাবে কাজ সুরু হচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, আমরা কি অনতিবিলম্বে আশা করতে পারি এই রাস্তাটা ?

শ্রী এস, এল, সিংহ :—এখানে একটি ব্রীজ আছে, শনিছড়া ব্রীজ, সেটা খুব বড় ব্রীজ, অতএব আমরা চেষ্টা করব অতি দ্রুত এই ব্রীজটাকে এস. পি. টি যাতে করতে পারি।

Mr. Speaker :— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Starred Question No. 682.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 682.

STARRED QUESTION NO. 682 BY SHRI AGHORE DEB BARMA.

Question	Reply
১। উদয়পুর চকবাজারে সরকার যে দালান তৈয়ার করিয়াছেন তাহার প্রতি কোঠার ভাড়া কত,	১। স্থান ভেদে প্রতি কোঠার ভাড়া টাঃ ১৯·০৯ প, টাঃ ২৪·০০, টাঃ ৩৫·৭৬ প, এবং টাঃ ৪০·৯৬ পঃ। 1. Rent for caeh room is Rs. 19·09 p., Rs. 24·00, Rs. 35·76 p. and Rs. 40·96 p. as per location.
২। ইহা কি সত্য যে, ভাড়ার হার অত্যধিক হওয়ায় বহু ব্যবসায়ী ভাড়া নেওয়ার পর দালানের কোঠা ছাড়িতে বাধ্য হইতেছেন,	২। না। 2. No.
৩। উক্ত দালানের কোঠার ভাড়ার হার কমানের জন্য ব্যবসায়ীরা সরকারের নিকট কোন দরখাস্ত করিয়াছে কিনা,	৩। হাঁ। 3. Yes.
৪। পাইয়া থাকিলে উক্ত ভাড়ার হার কমাইতে সরকার রাজী আছেন কি না?	৪। না। 4. No.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, বর্তমানে ঐ বাজারের কতটা কোঠা খালি আছে ?

শ্রী বি, দাস ঃ—১৪টি কোঠা খালি আছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—কি কারণে খালি আছে বলতে পারেন কি ?

শ্রী বি, দাস ঃ—মোট ৭৮টি রুম সেখানে ছিল, তার মধ্যে ৬৮টি ভাড়া হয়ে যায়, আর দশটি হয়নি। এর মধ্যে চারজন সেখানে ছেড়ে দেন, কাজেই এক্ষণে সর্ব্বমোট ১৪টি খালি আছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা—ছেড়ে দেওয়ার কারণটা বলতে পারেন কি ?

শ্রী এস, এল, সিংহ ঃ—ছেড়ে দেওয়া এটা সম্পূর্ণ নির্ভর করে যারা ভাড়া নিয়েছিল তাদের উপর।

শ্রী এন, কে, সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, যে কোঠাগুলির ১৯·০৯ পয়সা ভাড়া ধার্য্য হয়েছে সেই কোঠাগুলি ক'হাত বাই ক'হাত ?

শ্রী এস, এল, সিংহ ঃ—প্রথম হল আণ্ডার দি এ্যাসেসমেণ্ট অব দি পি, ডব্লু, ডি, ইট ওয়াজ এ্যাসেসড্। এখন যদি বলা হয় ক'হাত বাই ক'হাত সেটা বলা এখানে সম্পূর্ণ অসম্ভব, সো আই ডিম্যাণ্ড নোটিস।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, সেখানে কোন ভেন্টিলেশন বা ইলেক্ট্রিসিটির ব্যবস্থা আছে কি না?

শ্রী এস, এল, সিংহ ঃ—ইলেক্ট্রিসিটির কোন ব্যবস্থা করা হয়নি। কারণ যারা প্রাইভেট পার্টি আসবে তারা ইলেক্ট্রিসিটি নেওয়া যদি দরকার মনে করেন তাহলে তারা নিতে পারেন। তা' ছাড়া উদয়পুরে আমরা যখন এটা তৈরী করি তখন ইলেক্ট্রিসিটি সেখানে যায়নি। অতএব যদি তারা মনে করেন ইলেক্ট্রিসিটি নেওয়া দরকার এবং সেই পাওয়ার সাপ্লাই করার মত ক্ষমতা থাকে পাওয়ারের, তাহলে নিশ্চয়ই তারা পাবেন।

শ্রী এন, কে, সরকার ঃ—ঐ বাজারে প্রস্রাবাগার বা পায়খানা আছে কি না ?

Mr. Speaker :— It should be better known to the Hon'ble Member himself.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, চীফ মিনিষ্টারের কাছে ভাড়া কমাবার জন্য তারা যে দরখাস্ত করেছিল, এই সম্পর্কে তাদের কোন কিছু উত্তর তিনি দিয়েছেন কি না ?

শ্রী এস, এল, সিংহ ঃ—না বলে দেওয়া হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন চা'র ষ্টল দেওয়ার জন্য যে মাঠটি ভাড়া দেওয়া হয়েছে তার ভাড়া কত ?

শ্রী এস, এল সিংহ ঃ—আই ডিম্যাণ্ড নোটিশ।

Mr. Speaker :—Shri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mag :— Question No. 702.

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 702.

প্রশ্ন	উত্তর
১। শান্তির বাজার হইতে লাউগাং বাজার পর্য্যন্ত রাস্তা করার দাবী জানাইয়া স্থানীয় জনসাধারণ মুখ্যমন্ত্রীর নিকট দরখাস্ত করিয়াছিল কি না ?	প্রশ্নে প্রয়োজনীয় তথ্য যথা, দরখাস্তকারীদের নাম, ঠিকানা, দরখাস্তের তারিখ, মুখ্যমন্ত্রীর নিকট দরখাস্ত পেশের তারিখ ইত্যাদি না থাকায়, প্রশ্নের সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। যাহা হউক, প্রয়োজনীয় অনুসন্ধান করিয়াও এইরূপ কোন দরখাস্ত মুখ্যমন্ত্রীর নিকট পেশের সন্ধান পাওয়া যায় নাই।
২। যদি দরখাস্ত করা হইয়া থাকে এই সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?	উল্লিখিত অবস্থায় এই প্রশ্নের উত্তর দেওয়ার প্রশ্ন উঠে না।

শ্রীলুড়া আং মগ ঃ—মাননীয় মন্ত্রী কি জানাবেন যে মন্ত্রী রিসিভ করছেন এই দরখাস্ত .৬/১১/৬৫ এবং তার একনোলেজমেণ্ট এখানে রয়ে গেছে, সেটা স্বীকার করবেন কিনা ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের জবাবে প্রথমেই আমি বলেছিলাম যে প্রয়োজনীয় তথ্যাদি যথা দরখাস্তকারীদের নাম, ঠিকানা, তারিখ ইত্যাদি না পাওয়াতে অসুবিধা। মাননীয় সদস্য এই মুহূর্ত্তে দেখাচ্ছেন এই আমার হাতে আছে, উনি দিলে নিশ্চয়ই আমরা স্বীকার করব। সেখানে প্রশ্ন আসে না।

শ্রীলুড়া আং মগ :—যদি পেয়ে থাকেন সেখানে পরিষ্কার এ্যাকনোলেজমেণ্টের মধ্যে লেখা আছে ব্রজেন্দ্রকুমার সেন অব শান্তিরবাজার, তার মাধ্যমে এই দরখাস্ত দেওয়া হয়েছে।

শ্রী এস, এল, সিংহ ঃ—এই সমস্ত পার্টিকুলার্স—তথ্যাদি দিলে পরে আমরা উত্তর দিতে পারতাম। অতএব এই মুহূর্ত্তে যদি এখানে দেওয়া হয়, তাহলে সেটা এখন দেওয়া সম্ভব নয়, সো আই ডিম্যাণ্ড নোটিস।

শ্রীআতিকুল ইসলাম ঃ—যে এপ্লিকেশন করেছে, সেই এ্যাপ্লিকেশনের এ্যাকনোলেজমেণ্ট রিসিভড হয়েছে, সেই এ্যাকনোলেজমেণ্ট তারা কবে রিসিভড করেছেন তার ডেট উল্লেখ করা আছে কাজেই সেখানে সমস্ত ঘটনার বর্ণনা দেওয়া হয়েছে কি চাই বা না চাই। কাজেই এখন যদি তারা বলেন যে আমরা পাইনি, তারা জানেন না তাহলে আমরা কিভাবে প্রশ্ন করব ?

শ্রীএস, এল, সিংহ :—কি কি কারণে পারা যায়নি মানদীয় অধ্যক্ষ মহোদয় তা বলা হয়েছে। পার্টিকুলারাইজ করে যদি নাম দেওয়া হত তাহলে বলা আমার পক্ষে সম্ভব ছিল। কারণ শত শত দরখাস্ত আমি পাই। এখন পার্টিকুলার নাম যদি না দেওয়া হয় তাহলে এই মুহূর্ত্তে আমি কি করে বলব ?

শ্রীআতিকুল ইসলাম :—শান্তিরবাজার টু লাউগাঙ এটা পরিস্কার উল্লেখ করা আছে এখানে।

শ্রীএস. এল. সিংহ ঃ—রাস্তার নাম উল্লেখ করলে পরেই যে এই দরখাস্ত যোগেন্দ্র সেন করেছে আর হাজার সেন করেন নি আমি কি করে বলব ?

শ্রীআতিকুল ইসলাম ঃ—যে সেনের কথা বলছি তার কথা বলেন না।

শ্রীলুড়া আং মগ ঃ—এই দরখাস্তে তারা যা চেয়েছেন তাদেরকে সেটা জানিয়ে দেওয়ার কোন প্রয়োজন বোধ করেছেন কিনা ?

শ্রীএস. এল, সিংহ ঃ—দরখাস্ত পেলে পরে নিশ্চয়ই যদি সেটা রিসিভ করে থাকি তাহলে হয়ত জানিয়েছি.।

শ্রীআতিকুল ইসলাম ঃ—দরখাস্ত পেলে পরে তার রেজালটটা কি হচ্ছে—তার দরখাস্তের ফলাফল জানানোর যে অভ্যাস সেটা আপনাদের হয়নি।

শ্রীলুড়া আং মগ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই রাস্তা করার কোন প্রয়োজন মনে করেন কিনা ?

শ্রীএস, এল, সিংহ ঃ—আমি এই মুহূর্ত্তে তা বলতে পারব না।

শ্রীলুড়া আং মগ :—এই কাজ যে ফেলে রেখেছেন, যখন ভোট নিতে যাবেন তখন ভোটের আগে দুই ঝুড়ি মাটি ফেলতে কি সেখানে যাবেন মন্ত্রী মহোদয় ?

শ্রীএস, এল, সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি নিজে মাটি কাটা, মাটি ফেলা কাজকে প্রসংসনীয় কার্য্য বলে মনে করি অতএব সেটা আমি অনবরত করব, করে যাব এটাকে ধন্যার্হ করার জন্য।

Mr. Speaker :—Shri Monchur Ali.

Shri Monchur Ali :—530

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 530

QUESTION	REPLY
নিজ জোতের গাছ কাটার ব্যাপারে বিধি নিষেধ আরোপ করা হইয়াছে কেন ?	১৯৬০ ইং সনের ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনের ৯৯ ধারা ১ (ক) উপধারার বিধানমতে রায়তের নিজ জোতে গাছ কাটার অধিকার রহিয়াছে. কিন্তু সুনির্দ্দিষ্টভাবে জোতধারগণের স্ব স্ব জোত ভূমি নির্দ্ধারণ সাপক্ষে তজ্যাদিক কার্য্য সম্পন্ন না হওয়া পর্য্যন্ত এবং তজদিক অন্তে ভূমির মালিকগণের দাখিলীকৃত আপত্তি সমূহের বিচার না হওয়া পর্য্যন্ত ঐ অধিকার প্রয়োগ স্থগিত রাখা হইয়াছে। ত্রিপুরার জোতভূমি বনভূমির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থাকায় বনভূমির বনজবস্তুর সংরক্ষণার্থে জোতভূমি হইতে বৃক্ষ কর্ত্তন ও স্থানান্তর করণ ব্যাপারে কিছুটা বিধি নিষেধ আরোপ করা আছে।

শ্রীমনসুর আলী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কোন কোন সাভডিভিশনে অ্যাটেষ্টেশন হয়ে গেছে, ফাইন্যাল পাব্লিকেশ ন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, জানাবেন কি যে জোত সাব্যস্ত হয়ে গেছে সেই জোত জোতদার মালিক যদি বলে এই জোত আমার এবং জোত নং দিয়ে তার খতিয়ান দিয়ে যদি সে প্রমাণ করে তবুও কি তার জোত সাব্যস্ত হল না ?।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—অ্যাটেষ্টেশান না হওয়া পর্য্যন্ত আমরা বলতে পারব না যে ইহা সাব্যস্ত হয়ে গেছে।

শ্রীমনসুর আলী ঃ—সোনামূড়ায় অ্যাটেষ্টেশন হয়েছে কিনা জানেন কি মন্ত্রী মহোদয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—এই মুহূর্ত্তে সেটা বলা সম্ভব নয়।

শ্রীমনসুর আলী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, ১৯৬২ সনে সোনামুড়ায় পাবলিকেশান হয়েছে এটা জানেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বললাম জানি না। অতএব আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে সেকশান ৯৯ (সি) মতে যে অধিকার প্রজাদের জোতদারকে দেওয়া হয়েছে সেই অধিকারকে, বনভূমির সংলগ্ন থাকলে পরে তার কোন স্পেশাল অর্ডার এস, ডি, ও, এর দেবার ক্ষমতা আছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এখন কথা হল যে জোতদারদের যে জোত তার মধ্যে তার গাছ রোপন করা, কর্তন করা তার অধিকার আছে অ্যাটেষ্টেশান করার পর। এখন সেই জায়গাতে যদি কোন জোতদারের জমি রিজার্ভ ফরেষ্টের বৃক্ষ এনক্রোচ করে তা'হলে সেটা আদালতের ব্যাপার। অতএব সেটা না জেনে আমি এই মুহুর্ত্তে এই জটিল প্রশ্নের উত্তর দিতে সক্ষম নই। আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— ত্রিপুরা ভূমি রাজস্ব এবং ভূমি সংস্কার আইনের অনুবলে যে সব অধিকার দেওয়া হয়েছে জোতের বৃক্ষাদি কর্তন সম্পর্কে সেই অধিকার ক্ষুন্ন করার অধিকার ত্রিপুরা সরকারের অন্য কোন বিভাগের আছে কিনা যেমন বন বিভাগের ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— প্রথম কথা হল যে জোতের মধ্যে যে যে বৃক্ষাদি থাকবে অ্যাকর্ডিং টু অ্যাক্ট প্ল্যান্ট করা, ইউটিলাইজ করা, ডিসপোজ করা, এই ক্ষেত্রে তাদের অধিকার আছে। অতএব এর বাইরে কিছু বলা অসম্ভব।

শ্রীপ্রমোদ দাশ গুপ্ত :— মাননীয় স্পীকার, স্যার, আমার প্রশ্ন ছিল যে অ্যাক্ট অনুসারে যে অধিকার দেওয়া হয়েছে সেটা কি অন্য কোন ডিপার্টমেন্ট ওভার রাইড করতে পারে কিনা কিংবা অন্য রকম কোন অর্ডার দিতে পারে কিনা সে সম্বন্ধে আমি জিজ্ঞাসা করছি।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— সেটা আইনের ব্যাপার। অতএব আমি মাননীয় সদস্যকে এই সম্বন্ধে বলতে পারি যে আমি হয়ত এখন একরকম ইনটারপ্রিটেশান দেব, আবার আরেক রকম ইনটারপ্রিটেশান হতে পারে। অতএব আইন যেটা হয়েছে পার্লামেন্ট থেকে হয়েছে। আবার ইণ্ডিয়ান ফরেষ্ট অ্যাক্ট ১৯২৮ সেটাও ইণ্ডিয়া গভর্ণমেন্টের। এখন এই দুটো আইন কলাইড করলে তার পরিণতি কি হবে সেটা উইদাউট এক্সপার্টস অপিনিয়ন আই ক্যান নট গিভ ইট টু দি হাউস।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে অ্যাক্টে প্রভিশন থাকা সত্ত্বেও এবং অ্যাটেষ্টেশান হওয়া সত্ত্বেও কোন কোন স্থানে গাছ কাটার ব্যাপারে ইউজুয়াল রয়ালটি থেকেও আরও ৫০ পারসেন্ট সারচার্জ বা ১০ পারসেন্ট সারচার্জ নেওয়া হয়েছে সেটা সত্যি কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— সে আমি অবগত নহি।

শ্রীআতিকুল ইসলাম :— ইণ্ডিয়ান ফরেষ্ট অ্যাক্ট শুধু ফরেষ্টের বেলায় প্রযোজ্য। সেই ক্ষেত্রে জোতের গাছ কাটা সম্পর্কে ফরেষ্ট ডিপার্টমেন্ট কি করে বাধা নিষেধ দেয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আমি আগেই বলেছি যে সেটা হল এনক্রোচমেন্টের ব্যাপার। সেটা ইণ্ডিয়ান ফরেষ্ট অ্যাক্ট ওভার রাইড করে কিনা যে আমাদের যে ভূমি আইন এবং ফরেষ্ট আইন এবং সেই আইনের অনুবলে যদি তার ক্ষমতা থাকে এবং এই অনুবলে যদি আমার ক্ষমতা থাকে, অতএব সেটা যদি কলাইড করে সেটাকে সেটেল করার ক্ষমতা আমার নাই। অতএব আমি এই মূহুর্ত্তে বলতেও পারব না উইদাউট দি এক্সপার্টস্ অপিনিয়ন।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে জোতের গাছ কাটার অপরাধে আজ পর্য্যন্ত যতগুলি কেস করেছে ফরেষ্ট ডিপার্টমেন্ট আদালত কোর্টে তার সবগুলি কেসেই ফরেষ্ট ডিপার্টমেন্ট হেরেছে এবং তারপরেও তারা সেটা করতে যান কেন এবং গভর্ণমেন্ট সেটার ষ্টেপ নেন না কেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এই জায়গাতে ফরেষ্ট ডিপার্টমেন্টের যে আইন আছে সেই আইন বলেই সে ধরবে। অতএব ধরলে পরেই তার জেল হবে না পানিশমেন্ট হবে সেই কথা কেউ বলতে পারেনা। কারণ কোন এক্সিকিউটিভ পাওয়ার নাই যে জুডিশিয়ালকে বলতে পারে যে আমি ধরলাম, তুমি তাকে জেল দিয়ে দাও। আমাদের জুডিশিয়ারীর ডিউটিই হল এই জায়গায় যে তাদের যে সার্ব্বভৌম ক্ষমতা আছে সেটা ইন্টিপেনডেন্ট অব দি অ্যাডমিনিষ্ট্রেশন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রশ্ন হল কিছুক্ষণ আগে মাননীয় মুখ্য মন্ত্রী বললেন জোতের গাছ কাটার অধিকার সম্পর্কীত আইন সদর বিভাগে চালু করা হয়েছে। কিন্তু মাসখানেক আগে সি, এফ, ও, আমাকে বলেছেন সদর বিভাগে এই আইনটা চালু করা হচ্ছে না। কোনটা সত্য ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই কথা বলি নাই যে সদরে এটা চালু হয়েছে। অ্যাটেষ্টেশান যে যে জায়গায় হবে সেই জায়গায় সেই বৃক্ষ কাটার অধিকার পাবে, ডিস্‌পোজালের অধিকার পাবে, ইউটিলাইজেশনের অধিকার পাবে।

শ্রীমনসুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি শুধু দরখাস্ত দিলেই গাছের আদেশ পাওয়া যায় না যেখানে অ্যাটেষ্টেশন হয়ে গেছে, তার সংগে সি, এফ. ও, এর আদেশমত তার জমির ম্যাপ পর্য্যন্ত সংগে দিতে হয় এবং সার্টিফিকেট দিতে হয় এস. ডি, ও, এর, যে এই ম্যাপ সত্যি।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— হাউসে পুনঃ পুনঃ বলছি যে যদি এইরকম কোন আদেশ যদি কোন জায়গায় অ্যাটেষ্টেশন এর ডিসপুট থাকে তা হলে সেই সেই ক্ষেত্রে যদি করে থাকে সেটা আইনানুগতভাবেই সেটা করেছে। অতএব এই জায়গাতে পুনঃ পুনঃ এইকথা বললে পরে আমি তার উত্তর কি করে দেবে ? আমি আগেই বলেছি এই অবস্থা যদি সৃষ্টি হয় তা হলে এই রকম হতে পারে এবং হওয়া অস্বাভাবিক নয়।

শ্রীমনসুর আলী : মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি অনুরোধ করব যে তিনি তদন্ত করে দেখবেন কিনা ডিসপুট ছাড়া এই রকম ম্যাপ তারা নেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— বাস্তবিক পক্ষে যদি এইরকম কোন কিছু হয়ে থাকে তাহলে আই শ্যাল গো থ্রু ইট এবং আমি আগেই বলেছি যে সেটা যদি কোন জায়গায় করে থাকে তাহলেও সেটা করতে পারে না।

Mr. Speaker :— Shri Hlura Aung Mag,

Shri Hlura Aung Mag :—703

Shri B. Das :—Hon'ble Speaker, Sir Starred Qustion No 703.

Question	Answer
১। শান্তির বাজারের বুদ্ধ সম্প্রদায়ের ধর্ম্মঘর লাউগাং নদীর উপর পুল তৈয়ারীর সময় উঠাইয়া দেওয়া হয়। নূতন স্থানান্তরিত বাজারে এই ধর্ম্ম ঘর উঠানের জন্য জায়গা রাখা হইয়াছে কিনা,	১। লাওগাং নদীর উপর পুল তৈয়ার করার সময় শান্তির বাজারে বৌদ্ধ সম্প্রদায়ের কোন ধর্ম্মঘর ছিল না। অতএব নূতন স্থানান্তরিত বাজারে ধর্ম্মঘর উঠানের জন্য জায়গা রাখার প্রশ্ন উঠে না।
২। এই ধর্ম্মঘর সংক্রান্ত ব্যাপারে স্থানীয় বুদ্ধ সম্প্রদায়ের পক্ষ হইতে বিলোনীয়া এস, ডি, ও, কোন দরখাস্ত পাইয়াছেন কিনা,	২। না।
৩। যদি দরখাস্ত পাইয়া থাকেন সরকার এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।	৩। প্রশ্ন উঠে না।

শ্রীহ্লুরা আং মগ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে ৬।১২।৬৫ইং সনে এই দরখাস্ত সেখানকার এস, ডি, ও রিসিভ করেছেন এখানে তার এ্যাকনোলেজমেণ্ট রয়ে গেছে ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি একটা এ্যাকনোলেজমেণ্ট কার্ড দেখাচ্ছেন সেটা কিসের দরখাস্ত সেটা সম্বন্ধে আমরা বলেছি, আগেও আমরা এই ধরনের খবর নিয়ে দেখেছি যে এই ধরনের কোন দরখাস্ত এস, ডি, ও পান নি।

Mr. Speaker :—Shri Bulu Kuki.

Shri Bulu Kuki :—734.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 734.

প্রশ্ন	উত্তর
১। চম্পকনগর হাওড়া নদীতে lift Irrigation এর ব্যবস্থা আছে কিনা ?	১ লিফটইরিগেশান এর নির্ম্মাণের কাজ আরম্ভ করা হইয়াছে এবং কাজ চলিতেছে।
২। যদি থাকে এই Irrigation ব্যবস্থার দ্বারা কতজনের এবং কত পরিমাণ জমিতে জল সেচের ব্যবস্থা সম্ভব হইয়াছে ?	২। বর্ত্তমানে অপ্রাসঙ্গিক।
৩। এই Irrigation এর construction এর ব্যাপারে কত টাকা খরচ হইয়াছে ? বর্ত্তমানে উক্ত Irrigation machine চালু আছে কিনা ?	৩। গত ফেবরুয়ারী মাস পর্য্যন্ত ১৩,২১৪টাকা খরচ হইয়াছে এবং কাজটি চলিতেছে। মেসিনটি এখনও চালু করিবার সময় হয় নাই।

Mr. Speaker :— No Supplementary ? Then the Starred Questions of all the Members present are over. There are some Starred Questions given notice of by Shri Nripendra Chakraborty. Any member who is willing to raise the question may ask.

Shri Atiqul Islam :— 205

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 205.

QUESTION	ANSWER
1) Whether any aid or financial assistance of any kind was given to the construction wing of the Bharat Sevak Samaj for participation in construction works ;	No.
2) if so, the total amount of such aid or assistance ;	Does not arise.
3) whether the accounts of the construction wing were audited by the Government ;	Not known.
4) whether Shri Sachindra Lal Singh was associated with Bharat Sevak Samaj when these aid or assistance was given ?	Does not arise.

Mr. Speaker :— Any other question ?

Shri Atiqul Islam:—221

Shri B. Das Hon'ble Speaker, Sir, Starred Question No. 221.

QUESTION	ANSWER
1) Whether any representation was received from Shri Narbada Kishore Bhattacharjee & other D. Ps. of Hurua Colony, Dharmanagar, during March—April last ;	Yes.
2) whether the representation contained some serious allegations against the B. D. O. of Panisagar C. D. Block, Dharmanagar ;	It contains some allegations against the B. D. O. Panisagar, Dharmanagar ;
3) whether it is a fact that these D. Ps. are being evicted from land allotted to them by R. R. Department ;	No.
4) if so, steps taken to protect them from such forcible evictions ?	Does not arise.

Shri Atiqul Islam :—May I know Sir, what are these allegations against B. D. O. ?

Shri B. Das :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এ্যালিগেশনস, ছিল যে ২'১০ একরস অব ল্যাণ্ড সেখানকার বি, ডি, ও, শ্রীহরিপদ সিংকে এ্যালট করে দিয়েছেন, কিন্তু সেটা পরীক্ষা নিরীক্ষা করে দেখা গেল সেই কথাটা ঠিক নয়।

Mr. Speaker :— The Question hour is over. I would request the Hon'ble Minister to lay on the table of the House the answer to the Unstarred Questions and the starred question un-answerd.

I would now pass on to the Next item-Government Business (Financial).—General discussion on Budget Estimates for 1966-67.

Next business to day is the General discussion on the Budget Estimates for 1966-67.

Before the General discussion begins I would very much like to inform the Hon'ble Members that there will be an allotment of time for each member who will participate in the General discussion. I would requested the members to give me their names who would like to participate in the debate so that I shall be able to arrange the time schedule for them.

Total time allotted to day for this discussion is 3 (three) hours 45 (forty-five) minutes.

Now I would call on Shri Birchandra Deb Barma, Deputy Leader of the opposition to open the discussion on the Budget.

শ্রীবীরচন্দ্র দেববর্মা :—মাননীয় স্পীকার, স্যার, আমাদের সামনে ১৯৬৬-৬৭ সালের বাজেট রাখা হয়েছে। বাজেটের ডিসকাশনের পূর্বে আমি হাউসের সামনে গেল বছরে বাজেট এবং রিভাইজড বাজেট যে রাখা হয়েছে সে সম্পর্কে সামান্য কিছু বলে আমি বর্তমান বাজেট অর্থাৎ ১৯৬৬-৬৭ সালের বাজেট ডিসকাশন করব। কেননা গত বছরের বাজেটএর এ্যাকচুয়েল এ্যাসেসম্যাণ্ট যদি না করা যায় তাহলে বর্তমান বাজেটের আমরা ঠিকমত আলোচনা করতে পারব না। আমরা দেখছি যে গেল বছরে 'বাজেটে' বরাদ্দকৃত টাকা আমরা খরচ করতে পারি নাই এবং যে রিভাইজড বাজেট আমাদের সামনে রাখা হয়েছে ১৯৬৫-৬৬ তার মধ্যেও অনেক কিছু আমি দেখতে পাই যে সেখানেও আমরা ঠিক ঠিক মত খরচ করতে পারি নাই, কতকগুলি হেড সম্পর্কে আমি বলব—যেমন মেডিক্যাল ডিপার্টমেণ্টের পাব্লিক হেলথ'এ আমরা দেখি যে সিংকিং অব টিউব ওয়েলসের জন্য কিছু টাকা রাখা হয়েছিল কিন্তু সেখানে ওয়াণ্ট অব ট্যাকনিক্যাল ষ্টাফ, সিংকিং অব টিউব ওয়েল'এর জন্য যে ৭,২৫,০০০ টাকা রাখা হয়েছিল সেখানে মাত্র ৪,৫৩,০০০ টাকা আমরা খরচ করতে পেরেছি। এইবার ৩ ১৬,০০০ টাকা সেই হেডে রেখেছি সেই সিংকিং অব টিউব ওয়েল ইত্যাদি ব্যাপারে। ত্রিপুরা রাজ্যে পানীয় জলের অভাব এটা অত্যন্ত গুরুতর ব্যাপার, কাজেই এই ব্যাপারে গেল বারের বাজেট এসটিমেটে আমরা দেখেছি এবং রিভাইজড বাজেটে যে বরাদ্দ আমরা রেখেছি সেগুলি সম্পর্কে আমরা হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যে এই সমস্ত গুরুতর ব্যাপারে যে

বাজেটেড এ্যামাউন্ট খরচ করা আমাদের একান্ত দরকার। আমি আশা করি এই সমস্ত জনহিতকর কার্য্যে যদি আমরা বাজেটেড এ্যামাউন্ট খরচ করতে না পারি তাহলে অযোগ্যতা ছাড়া আর কোন কিছু আমরা প্রমাণ করি না। কেননা এই যে একসপ্ল্যানেশন যে ওয়ান্ট অব টেকনিক্যাল ষ্টাফ এটা করা যাচ্ছে না আমি এর যথার্থ উপলব্ধি করতে পারছি না কেন না এই টিউব ওয়েল সিংকিং করার মত টেকনিক্যাল ষ্টাফ'এর অভাব এই ত্রিপুরা রাজ্যে হচ্ছে সেটা আমার মনে হয় না। কাজেই এই যে একসপ্লেনেশন তার দ্বারা আমরা সন্তুষ্ট হতে পারছি না। তারপর আরও কতগুলি বিষয় রয়েছে যেখানে দেখা যায় যে আমরা বাজেটেড এ্যামাউন্ট খরচ করতে পারছি না। কাজেই সর্ব্বপ্রথম আমি এই বক্তব্যই রাখব যে, যে এ্যামাউন্ট আমরা ধরে দিচ্ছি—every efforts should be made to utilise it এবং তার বরাদ্দকৃত টাকা যাতে খরচ হয় সে দিকে দৃষ্টি রাখা আমাদের দরকার হবে।

এই সম্পর্কে আরও কতগুলি বিষয় আছে ফিসারী সম্পর্কে। আমরা দেখেছি অডিট রিপোর্টে যে এখানে একদম আমরা খরচ করতে পারছি না। বাজেটে অ্যামাউন্ট যা রাখা হয়েছে আমাদের চেষ্টা হবে সেই বাজেটেড অ্যামাউন্ট যাতে টু দি ফার্দিং আমরা খরচ করতে পারি এবং প্রপারলি ইউটিলাইজ করতে পারি।

মাননীয় স্পীকার, স্যার, বর্ত্তমান যে বাজেট এই বাজেট সম্পর্কে আলোচনার পূর্ব্বে আমি সর্ব্বপ্রথম খাদ্যের ব্যাপারে নিয়ে দুয়েকটা কথা বলব। কেন না আমি জানি যে বর্ত্তমানে খাদ্য সমস্যা হচ্ছে অত্যন্ত বিরাট সমস্যা এবং এই সমস্যার সম্মুখীন আমাদের হতে হবে। আমরা বাজেট করি, যা করি সমস্ত কিছুই ব্যর্থ হবে যদি জনসাধারণকে খাদ্য আমরা যোগাতে না পারি। গেল বছরের যে হিসাব আমরা দেখি তাতে আমরা দেখেছি যে ১,৩৪ হাজার টন আমাদের টোটেল প্রডাক্শন সেখানে ধরা হয়েছিল এবং বলা হয়েছিল যে ২৬ হাজার টন আমাদের ডেফিসিট। এবার যে ফিগার আমরা দেখি তাতে আমরা দেখি যে ১,৭৫ হাজার মেট্রিক টন আমাদের টোটেল প্রডাকশন এবং ডেফিসিট বলা হচ্ছে যে ৪৯,৬০০। কাজেই এবারকার যে ডেফিসিট, পূর্ব্বের ডেফিসিটের যে কথা ছিল সেখানে অনারেবল মেম্বার বলেছিলেন যে ২৬ হাজার টন আমাদের ডেফিসিট। কিন্তু আমরা চাল আমদানী করেছি ৩১,৫৪৩ টন। কাজেই বেশী খাদ্য আমদানী করেও আমরা জনসাধারণকে খাবার দিতে পারছি না সেকথাটা গতবার বাজেট অধিবেশনে মাননীয় সদস্য নৃপেন চক্রবর্ত্তী সেই ফিগার অনুসারেই বলেছিলেন। বর্ত্তমান যে ফিগার সেই ফিগারে আমরা দেখতে পাই যে ৪৯,৬০০ মেট্রিক টন ডেফিসিট এবং ৩০,৬০০ মেট্রিক টন তারা কেন্দ্রীয় সরকার থেকে নিয়ে আসবেন। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে আরও নীয়ার অ্যাবাউট ১৯ হাজার টন আমাদের ডেফিসিট থাকে। অর্থাৎ পুল থেকে আমরা যে খাদ্য নিয়ে আসব তার উপর আরও ১৯ হাজার টনের মত ডেফিসিট থাকবে। এই যে একটা ফিগার আমাদের সামনে দেওয়া হয় এই ফিগার সম্পর্কে আমাদের সন্দেহ আছে। কেননা আমরা জানি এই সব

ফিগার ঠিক ঠিক ফিগার নয়। এই ফিগারের উপর নির্ভর করে আমরা কোন কিছু স্থির সিদ্ধান্তে আসতে পারি না। কেননা এই ফিগার সাধারণতঃ এক সময় বলা হয় এইগুলি অ্যাগ্রিকালচার ডিপার্টমেণ্ট থেকে দেওয়া হয়, কোন সময় বলা হয় ষ্ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্ট থকে দেওয়া হয়। তাহলে এই ফিগারগুলি যে যথার্থ ফিগার সে সম্পর্কে নির্দ্ধারণ করার কোন সঠিক উপায় নাই। কেননা আমি ডিফারেন্স দেখিয়ে দিচ্ছি যে গেল বছর তারা যে ফিগার দিয়েছিলেন সেই ফিগার অনুযায়ী আমরা দেখি যে টোটেল রিকোয়ারমেণ্ট হবে ২ লক্ষ টন এবং ১৭৪ হাজার টন হচ্ছে এখানকার টোটেল প্রডাকশন এবং ২৬ হাজার টন ছিল ডেফিসিট। এটা ছিল তাদের গেল বছরের কথা। যে কথা এই এসেমব্লী প্রসিডিংসে লিপিবদ্ধ হয়েছে। বর্ত্তমানে যে ফিগার আমরা পাই তাতে দেখা যায় আমাদের টোটেল নীড হবে ২,৩৪,৬০০ টন এবং আমাদের এখানে টোটেল প্রডাকশন হচ্ছে ১৭২ হাজার টন এবং আমাদের ডেফিসিট হচ্ছে ৪২,৬০০ মেট্রিক টন এবং আমরা সরকার থেকে ৩,৬০০ মেট্রিক টন খাদ্য চেয়েছি। কাজেই আমার প্রথম বক্তব্য হবে যে এই ১৯ হাজার মেট্রিক টনের যে একটা ডেফিসিট দেখতে পাই এটা তারা কি করে পূরণ করবেন। তাদের ফিগার অনুযায়ী আমরা দেখতে পাই যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে বরাদ্দকৃত চাল আমরা চেয়েছি সেই বরাদ্দকৃত চালের সবটুকুও যদি আসে তাহলেও আমাদের ১৯ হাজার মেট্রিক টন চালের ঘাটতি দেখা যায়। কাজেই এই সম্পর্কে আমি সর্ব্বপ্রথম হাউসকে অবহিত করব যে আমরা আমাদের টোটেল রিকোয়ারমেণ্ট কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দেব এবং আমাদের জানানো দরকার যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কি পরিমাণ চাল চাই। যে ইনফরমেশন আমরা পেয়েছি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলাপ আলোচনার সময়েতে তাতে আমরা দেখতে পাচ্ছি যে, যে পরিমাণ খাদ্য আমরা কেন্দ্রের কাছে চেয়েছি সেই পরিমাণ খাদ্য যদি আমরা সবটুকুই পাই, ৩০ হাজার ৬ শত টনের সবটুকুই যদি পাই তাহলেও ১৯ হাজার টন খাদ্য আমাদের ডেফিসিট থাকে। কাজেই এই হিসাব মতেই আমরা দেখতে পাই যে বর্ত্তমান অবস্থা, যে অবস্থার সম্মুখীন আমরা হচ্ছি সেই অবস্থাতে এইরকম রিকোয়ারমেণ্ট সরকারের কাছে আমরা যদি জানাই, সেটা জানিয়েই আমরা ক্ষান্ত থাকতে পারি না। কাজেই টোটেল রিকোয়ারমেণ্ট যেটা আমাদের ডেফিসিট সেটা পূর্ব্বাহ্নেই আমাদের জানিয়ে রাখা উচিত কেন্দ্রীয় সরকারকে যাতে আমাদের প্রয়োজনীয় খাদ্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করতে পারি বা তার জন্য চেষ্টা করতে পারি এবং আমরা নিজেরাই দেখি যে ১৯ হাজার টন আমাদের ঘাটতি পড়ে যায়। তাহলে আমি মনে করি কেন্দ্রীয় সরকারের কাছে যে পরিমাণ খাদ্যের জন্য আমরা দাবী পেশ করেছি সেই পরিমাণ খাদ্যে আমাদের হবে না, অধিক খাদ্য দাবী করতে হবে।

দ্বিতীয় কথা, মাননীয় মুখ্যমন্ত্রীর যে বক্তব্য তাতে আমরা দেখি যে আমরা লোক্যাল যে প্রকিউর করেছি সেটা হল ২,১৮৮ মেট্রিক টন রাইস। আমি বলব যে এই প্রকিউরমেণ্ট অত্যন্ত অল্প, এই প্রকিউরমেণ্ট দ্বারা এখানকার যে ঘাটতি, এখানকার জনসাধারণের যে চাহিদা সেই চাহিদা মেটাতে পারা যাবে না। কাজেই আমাদের প্রকিউরমেণ্ট আরও যাতে সবল এবং সুষ্ঠু হয় তার জন্য আমাদের মাননীয় মন্ত্রীগণকে এবং হাউসকে সচেষ্ট হতে বলব, কেননা আমরা মনে করি যে

ত্রিপুরা রাজ্যে যে টোটেল প্রডাকশন হয় তার একটা বিগ কোয়ানটিটি সরকার প্রকিউর করবেন সেটাই আমরা আশা করব। কেননা আমরা মনে করব, যে চালটা আমরা প্রকিউর করতে সক্ষম হচ্ছি না সেই চালগুলি ব্ল্যাক মার্কেটিয়ারদের, প্রফিটীয়ারদের, হোর্ডারদের, হাতে গিয়ে পড়বে এবং তারা মার্কেটকে কন্ট্রোল করবার চেষ্টা করবে অ্যাট দি একস্পেন্স অব সো ম্যানি লাইভস অব সিটিজেন্স। কাজেই এই সম্পর্কে আমরা হাউসের কাছে জানিয়ে দিতে চাই যে আমরা সরকারের প্রক্যুরমেণ্ট পলিসি সম্পর্কে মোটেই উৎসাহ ব্যঞ্জক কোন কিছু পাচ্ছি না। যে প্রক্যুরমেণ্ট এর হিসাব সরকারের কাছ থেকে আমরা পাচ্ছি সে হিসাব মোটেই সন্তোষজনক নয়। আমরা মনে করি প্রক্যুরমেণ্ট আরও ভালভাবে আরও সুষ্ঠুভাবে হওয়া দরকার। আমাদের তরফ থেকে অবশ্য হাউসে লেভি সম্পর্কে কোন আলাপ আলোচনা হয় নি। যদি লেভি সম্পর্কে আলোচনা হত সেটা খুব ভাল হত। তৎসত্বেও আমরা বিভিন্ন পত্র পত্রিকার মাধ্যমে দেখেছি যে ১০ একরের উর্দ্ধে যাদের জমি তাদের উপর সরকার লেভি করার কথা চিন্তা করছিলেন। অবশ্য শেষ পর্যন্ত এই লেভি সরকার করেন নি, কেন করেন নি তার কারণ সরকার এই হাউসে জানান নি। কিন্তু আমাদের দিক থেকে একথা মূখ্যমন্ত্রীকে পরিষ্কার ভাবে জানিয়ে দেওয়া হয়েছিল যে ১০ একরের বেশী যাদের জমি আছে, আমরা চাই তাদের কাছ থেকে লেভি আদায় করা হউক, আমরা চাই ১০ একরের উর্দ্ধে যাদের ধানি জমি আছে—এই কথা এই নয় যে ১০ একরের উর্দ্ধে জমি থাকলেই তাদের উপর লেভি করা হবে, কেননা অনেকের হয়ত টিলা জমি থাকতে পারে কাজেই যাদের ধানি জমি আছে ১০ একরের উর্দ্ধে তাদের কাছ থেকে প্রক্যুরমেণ্ট করা হউক এবং তার জন্য আমরা সরকারকে সর্ব্বতোভাবে সমর্থন করব। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে লেভি ব্যাপারে তারা পশ্চাদপদ হয়ে গেছেন শেষ পর্যন্ত এবং তার ফলে এই সমস্ত চাউলগুলি ব্ল্যাকমার্কেটীয়ার্স, হোর্ডার্স' এবং প্রফিটীয়ার্স'দের হাতে গিয়ে পড়েছে। এবং আমরা দেখছি একটা মুষ্টিমেয় অংশ—২,০৮৮ মেট্রিক টন চাউল সরকার প্রক্যুর করতে পেরেছেন এটা অত্যন্ত হতাশার কথা। আমরা এই ডিসহার্টেডনেস পলিসি সরকার থেকে আশা করিনি। আমরা মনে করি প্রক্যুরমেণ্ট ব্যাপারে সরকার একটা বলিষ্ঠ নীতি নিয়ে অগ্রসর হবেন এবং এই কথাও জানিয়ে দিতে চাই যে তাদের এই প্রক্যুরমেণ্ট ব্যাপারে তাদের যে মেশিনারী সেটাকে তারা ঠিক ঠিক ভাবে চালু করবেন। কারণ আমরা জানি এইবার লেভি ব্যাপারে এই রকম অনেকের উপর নোটিশ দেওয়া হয়েছে যাদের জমি ১০ একরের নীচে, অনেকের নয় কাণি, অনেকের ৮ কাণি আছে, তাদের উপরেও নোটিশ দেওয়া হয়েছে। অবশ্য বলতে পারেন যে, শেষ পর্য্যন্ত সরকার লেভি করেননি কিন্তু সেকথা নয় আমরা বলি সরকার লেভি করুক, তাদের প্রতি কম্প্রেশনের মনোভাব আমাদের নেই। কিন্তু যাদের ১০ একরের নীচে জমি তাদের উপর অযথা হ্যারাসমেণ্ট যাতে না করা হয়, তাদের যাতে ব্যতিব্যস্ত করা না হয় সেদিকে সরকারের মেশিনারী যদি ঠিক ঠিক ভাবে ওয়ার্ক না করে আমি বলব সেই মেশিনারীকে আরও শক্ত করে, নূতন করে গড়ে তুলতে হবে এবং সেদিকে সরকার চেষ্টা করবেন এবং সরকার এর কোন রকম গাফিলতির জন্য, কোন কর্মচারীর গাফিলতির জন্য যদি আমরা দেখি যে যাদের ১০ কাণি, পাঁচ কাণি জমি রয়েছে তাদের উপর নোটিশ দেওয়া হয়েছে

এবং তাদের অযথা হ্যারাসমেন্ট করা হয়েছে, তাহলে সেই সব মেশিনারীকে ঠিক করতে হবে এবং সেই বিষয়ে সরকারকে সচেষ্ট হতে হবে। কাজেই এই সম্পর্কে আমাদের নীতি পরিষ্কার, আমরা সরকারকে এই কথা বলব, সরকার ফুড প্রটেকশনের জন্য প্রকু্যরমেণ্ট করুক, মস্তবড় একটা অংশ সরকারের হাতে আসুক যাতে সরকার জনসাধারণের মধ্যে একটা ইকুট্যাবল ডিষ্ট্রিবিউশন করতে পারেন। আমরা চাই যে সরকার রাইস, প্যাডি গ্রহণ করুক যাতে করে সমগ্র রাজ্যের হোলসেল রাইসের ট্রেডিং সরকারের হাতে যায়। আমরা এই হাউসে বারবার একথা বলেছি। আমরা চাই যে সরকার ষ্টেট ট্রেডিং গ্রহণ করুন, যাতে হোলসেল ট্রেডিং অব রাইস এবং প্যাডি সরকারের হাতে চলে যায় এবং সেটার মুনাফা ঠিক করে দিতে হবে যে রিটেল্স ট্রেডিং তোমরা পাবে এবং তোমাদের মুনাফা এই হবে, তোমাদের এই হবে প্রফিটের মার্জিন, এই দামে তোমরা বিক্রী করবে এবং সেভাবে রিটেলস—যারা বিজনেসম্যান আসে তাদের কাছে দিতে হবে এবং হোলসেল ট্রেডিং সরকার গ্রহণ করবে এটা আমরা চাই। কাজেই খাদ্য নীতি সম্পর্কে আমরা এই হাউসকে পরিষ্কার ভাবে জানিয়ে দিতে চাই যে আমরা মনে করি ঈলিমিনেশন অব ব্ল্যাক মার্কেটীয়ার্স, ঈলিমিনেশন অব প্রফিটীয়ার্স সেটা আমরা সমর্থন করব এবং তার জন্য সর্বতোভাবে কো-অপারেট করব। কিন্তু আমরা দেখছি যে সরকার এই নীতি থেকে পিছিয়ে যাচ্ছেন। আমরা মনে করি they are going to be the tools in the hands of the profiteers, Blackmarketeers and Hoarders এবং তার জন্য আজকে খাদ্য সংকট দিনের পর দিন উৎকট হয়ে উঠেছে। জনসাধারণ খেতে পারছেনা, আজকে অনাহারে মৃত্যুমুখে এগিয়ে যেতে হচ্ছে। আমরা জানি বর্তমানে অনেক জায়গায় চাউলের মণ ৪০ টাকা উঠে গেছে, ইন আগরতলা টাউন ৪০ টাকার উর্দ্ধে চলে গেছে। মফঃস্বলে অনেক জায়গায় ৩৫ টাকার উর্দ্ধে চলে গেছে। কাজেই আগামী মনসুনের সঙ্গে সঙ্গে চাউলের দর কোথায় যেয়ে পৌঁছবে—it lics on the sweet will of the profiteers, Hoarders and Blackmarketeers. তারা যখন চাউল মজুত করে ফেলে তখন তারা ইচ্ছামত বাজারকে কনট্রোল করতে পারে, ইচ্ছামত বাজার দর উঠানামা করাতে পারে। আমরা জানি যে কি করে প্রাইস লেভেল ফিক্স করা হয়, আমরা জানি আমেরিকায় লক্ষ লক্ষ টন গম চাউল পুড়িয়ে দিয়ে সেটা ভস্মীভূত করা হয়েছিল যাতে বাজার দর, মার্কেট প্রাইস লেভেল ঠিক থাকে, সেই দৃষ্টান্ত আমরা জানি। কাজেই আমাদের দরকার আজকে এই হোর্ডারস, ব্ল্যাকমার্কেটীয়ার্স, প্রফিটীয়ার্স তাদের বিরুদ্ধে সচেষ্টভাবে লড়াই করা। এবং তাদের দমন করা সেটা আমরা চাই। কাজেই সর্বপ্রথম খাদ্যনীতি সম্পর্কে সরকারকে অবহিত হতে আমি বলি কেন না আমরা জানি যে মনসুনের সঙ্গে সঙ্গে চাউলের দর উর্দ্ধে উঠে যাবে এবং জনসাধারণকে না খেয়ে মরতে হবে এবং এইজন্য যদি কেউ দায়ী হয়, সরকারকে দায়ী করা হবে কারণ বহু পূর্ব্বে সরকারকে আমরা এই সম্বন্ধে অবহিত করে আসছি যে, সময় অত্যন্ত সঙ্কটজনক, আপনারা সময় থাকতে নিজেরা ভালভাবে প্রকুয়রমেণ্ট করুন এবং তারজন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে না পারেন, আমাদের অবস্থা যদি আয়ত্বের বাইরে চলে যায় তার জন্য you will be only responsible and no one else. কাজেই এই খাদ্যনীতি সম্পর্কে সরকারকে পরিষ্কার ভাবে আমরা আমাদের নীতি বলে দিতে চাই যে আমরা সরকারের প্রকুয়রমেণ্ট নীতি

যে ১০ একরের উর্দ্ধে যাদের জমি তাদের উপর লেভি করবেন এই নীতি আমরা সমর্থন করি। কিন্তু আমরা দেখছি সরকার তার নীতি থেকে পিছিয়ে যাচ্ছেন। যেমন এবার আমরা দেখছি যে সরকার শেষ পর্য্যন্ত লেভি তুলে দিলেন কিন্তু কয়েকজন লোক যাদের ১০ একরের নীচে জমি তাদের উপর নোটিশ দিয়ে তাদের ব্যতিব্যস্ত করা হয়েছে। আমি নিজে তাদের হয়ে আপীল মুভ করেছি চীফ কমিশনারের কাছে, আমি নিজে দেখেছি তাদের খতিয়ান, তাদের কাগজপত্র, তাদের জমি কাহারও ১০ একরের উর্দ্ধে নেই। কাজেই আমি এই সম্পর্কে সরকারকে অবহিত হতে বলব, যে মেশিনারী যাতে সঠিকভাবে চালু করা হয় এবং যদি সঠিকভাবে চালু করতে না পারেন, তাদের মেশিনারীর উইকনেসের ফলে জনসাধারণের মনে যদি একটা ত্রাসের সৃষ্টি হয় তারজন্য যে অবস্থার সৃষ্টি হবে তারজন্য সরকারকে সম্পূর্ণ ভাবে দায়িত্ব নিতে হবে কেননা এই মেশিনারী তাদের হাতের তৈরী। মেশিনারী যদি তারা কন্‌ট্রোল করতে না পারেন এবং এই মেশিনারী দ্বারা জনসাধারণ যদি উপকৃত না হন, এই মেশিনারী যদি জনসাধারণের উপর ভীতির রাজত্ব, সন্ত্রাসের রাজত্ব চালাতে সচেষ্ট হয় তাহলে তার যে দায়িত্ব সেই দায়িত্বের অংশ পুরাপুরি সরকারকে নিতে হবে। কাজেই আমি মনে করি সরকার বর্তমানে যে খাদ্যনীতি গ্রহণ করেছেন সেটা আরও বলিষ্ঠ হওয়া দরকার। আমাদের বলে দেওয়া দরকার যে আমাদের ডেফিসিট কি এবং কেন্দ্রের কাছ থেকে মোটামুটি ডেফিসিট অর্থটাকে দাবী করা উচিত এবং উপযুক্ত চাপ সৃষ্টি করা উচিত যাতে আমরা সেই ডেফিসিট অংশটা পেতে পারি। একটা কথা বলা হয়েছে যে চাউলের পরিবর্ত্তে গম খাওয়া। কিন্তু আমি জানি মুখে বড় বড় কথা বলা যায় কিন্তু সাধারণতঃ যারা কৃষক, যারা ট্রাইবেল রয়েছে আজকে রাতারাতি ফুড হ্যাবিট তাদের চেন্‌জ করা সম্ভব নয় এবং এটা একটা দিক, অন্যদিকে দেখা যায় যে হুইটও আমাদের অপর্যাপ্ত পরিমাণে দেওয়া হয়। কাজে আমার মনে হয় এখানকার যে ক্লাইমেট এবং এখানকার অধিবাসীর যে রকম ফুড নিতে এ্যাকাস্‌টমড সেইদিকে দৃষ্টি রেখেই সরকার তার যে চাহিদা সেটা মেটাবার জন্য চেষ্টা করবেন। কেন না এখানকার মোষ্টলি যারা ট্রাইবেল এবং যে সমস্ত পিজেন্ট রয়েছে দে আর নট এ্যাকাষ্টমড টু টেক হুইট। এটা হচ্ছে immediate aspect and long term aspect সম্পর্কে আমি সরকারকে পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই যে আমাদের এ্যাগ্রিকালচার সম্পর্কে আমাদের স্কীম রয়েছে। তার জন্য সরকারকে ডেমনষ্ট্রেশন ফার্মের উপর নির্ভর না করে সত্যকার প্রডাকটিভ ফার্মের উপর নির্ভর করতে হবে। যাতে এই এ্যাগ্রিকালচার ফার্মের কাছ থেকে একটা ভালরকম চাউল আমাদের দেশের শস্যভাণ্ডারে আসে তার দিকে আমাদের দৃষ্টি দিতে হবে। আমরা জানি এ্যাগ্রিকালচারের জন্য বেশ একটা মোটা টাকা আমাদের এখানে থাকে এবং এইবারও বরাদ্দ করা হয়েছে। কিন্তু আমরা জানি যে these are all for demonstration purpose তার কোন রকম প্রডাক্টিভ পার্পাস নাই। কেবলমাত্র কতকগুলি ডেমনষ্ট্রেশন দিয়েই চলবে না, কোটি কোটি টাকা যেখানে খরচ করা হচ্ছে, সেখানে জনসাধারণ চুপ করে থাকবে না। জনসাধারণ যেখানে খেতে পায় না অথচ আমরা ডেমনষ্ট্রেশন ফার্মের জন্য কোটি কোটি টাকা খরচ করব অথচ আমাদের শস্যভাণ্ডারে একমুঠা চাউল আসবে না কাজেই এই ধরণের ছেলেখেলা জনসাধারণ বেশীদিন সহ্য করবে না। আমরা চাই সরকার প্রডাক্টিভ এ্যাগ্রিকালচরেল ফার্ম

করুক যার দ্বারা মোটা রকম'এর ধান চাউল সরকারের শস্যভাণ্ডারে আমরা দিতে পারব সেইজন্য স্কীম নেওয়া উচিত। বর্তমানে আপ টু ডেট সায়েনটিফিক প্রসেস, মেথড রয়েছে, মেন্যুরিং সিস্টেম'এর মধ্য দিয়ে সরকার একটা এ্যাগ্রিকালচারেল প্রডাকটিভ ফার্ম করুক যে ফার্মের সাহায্যে আমরা সরকারের শস্যভাণ্ডারে একটা মোটা রকমের চাউল দিতে পারব সেরকম স্কীম সরকারকে নিতে হবে। আমি পূর্বেও বলেছি, বহু স্কীম ত্রিপুরার উপর দিয়ে এসেছে। আমরা দেখেছি যে একটা ফিশারী স্কীম ত্রিপুরার জন্য থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে একটা মোটা টাকা বরাদ্দ রয়েছে অথচ আজ পর্যন্ত এই ফিশারী স্কীম'এর মাধ্যমে আমরা রিটার্ণ পাচ্ছি ১ লক্ষ টাকা, খরচ হচ্ছে সাত লক্ষ টাকা, ফিশারী থেকে আমরা পাচ্ছি এক লক্ষ টাকা। কাজেই এই সমস্ত পেপার ওয়ার্কস নিয়ে আমরা আর কতদিন জনসাধারণকে ভাওতা দিব ? আমি জানি, এ্যাগ্রিকালচারেল স্কীম যতগুলি রয়েছে তার অর্থ হচ্ছে যে এই এ্যাগ্রিকালচারেল এক্সপেরিমেন্টাল রিসার্চ এবং তার যে এষ্টাব্লিশমেণ্ট তার জন্য অর্থাৎ পে এণ্ড এ্যালাউন্সেস অব্ সাচ এণ্ড সাচ অফিসার্স তার একটা প্রভিশন রয়েছে।

Fishery includes expenditure of Fishery Development Officer, Fishery Officers, Inspectors, Fishermen, Watchmen etc. Agricultural Research contains provision for pay and allowances of Asstt. Soil Chemist, Plant Breeder, Scientific Assistant, Research Assistant, Agricultural Demonstration propaganda exhibition provides expenditure for Agricultural Information Officer, Artists, Operator, Agricultural Exhibition Officers so and so.

কাজেই প্রত্যেকটা স্কীমের পেছনে একটা এষ্টাব্লিশমেণ্ট, একটা অনরেরিয়াম, একটা মিসেলীনীয়াস একস্পেনডিচার এইসব করে আমরা এই সরকারী অর্থকে আর কতদিন এই ছেলেখেলার জন্য ব্যয়িত করব আমরা জানি না। আজকে আমাদের সামনে জীবন মরণের প্রশ্ন। আজকে আমরা মৃত্যুর পথে এগিয়ে চলেছি। কেননা যেখানে চালের দাম ৪০ টাকা সেখানে জনসাধারণ যে বেঁচে আছে এই কথাটা চিন্তা করা একটা অকল্পনীয় বিষয়। কিন্তু জনসাধারণ তবু বেঁচে আছে। কি করে তারা বেঁচে আছে এই কথা চিন্তা করাই দুরূহ। তথাপি তারা ঠিক যেমন করে সরীসৃপ বুকে হেঁটে কোন মতে চলে ঠিক তেমনি করে জনসাধারণ বেঁচে আছে। কাজেই এইভাবে যদি আমরা সরকারের অর্থকে অপচয় করি, এইভাবে কতগুলি ঠাঁট বজায় রাখবার জন্য এই সমস্ত অর্থকে আমরা যদি যোগান দিই তাহলে আমরা বলব সরকারের এই অর্থের অপচয় সরকারকে তার পরিণতি ধ্বংসের দিকেই নিয়ে যাবে এবং তাকে বাঁচাবার জন্য, দেশের জনসাধারণকে বাঁচাবার জন্য এই অর্থ ব্যয়িত হতে পারে না। কাজেই মাননীয় স্পীকার, স্যার, আমি এই সম্পর্কে সরকারের নিকট দীর্ঘমেয়াদী এবং স্বল্পমেয়াদী দুটো প্রস্তাব রাখব আমি বলব যে প্রথম আমাদের ইমিডিয়েট টাস্ক যা সেটা কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা মোট ডেফিসিট যে অংশ সেই অংশ আমরা কেন্দ্রীয় সরকার থেকে চাই, কেন না, এটা আমাদের বর্তমানে ইমিডিয়েটলী দরকার এবং আমরা সরকারকে বর্তমান পলিসি সম্পর্কে সচেতন হতে বলব। তারা দ্বিধাহীনভাবে প্রকিউর করবেন। কিন্তু দেখবেন যাতে ১০ একরের নীচে যাদের ধানী জমি আছে তাদের উপর সরকার যেন অনর্থক হ্যারাসমেণ্ট না করেন। যদি হ্যারাসমেণ্ট করেন তারজন্য

যে ষ্টাফ দায়ী হবে সরকার যেন নির্মমভাবে সেই ষ্টাফের বিরুদ্ধে অ্যাকশান নেন। They will take the officers responsible for issuing notices to persons whose cultivable land is under 10 acres. কাজেই এই সম্পর্কে আমরা সরকারকে পরিষ্কারভাবে জানিয়ে দিচ্ছি আমাদের কি পলিসি, খাদ্য সম্পর্কে আমাদের কি নীতি। আমরা জানি যে এ্যাগ্রিকালচারেল ইনকাম টেক্স সম্বন্ধে আমাদের একটা এষ্টাব্লিশমেন্ট আছে। আমার মনে হয় এই এ্যাগ্রিকালচারেল ইনকাম টেক্স যারা দেয় তাদের কাছ থেকে, কোন্ কোন্ এ্যাগ্রিকালচারিষ্ট কার কি রকম ল্যাণ্ড আছে, কার কি রকম জমি আছে সেটা থেকে তার একটা এ্যাসেসমেন্ট আমরা পেতে পারি। কিন্তু সেজন্য আমরা একটা বিরাট ষ্টাফ রাখার কোন দরকার মনে করি না। আমরা দেখেছি এই লেভী সিস্টেমের নামে, প্রকিউরমেণ্ট অব রাইস, প্যাডির নামে কোটি কোটি টাকার ষ্টাফ রাখার এখানে একটা প্রভিশন করা হয়েছে। কাজেই আমি মনে করি যে এখনো সময় আছে। আমাদের এদিকে দৃষ্টি রাখতে হবে। টপ হেভী অ্যাড্মিনিষ্ট্রেশনকে যদি আমরা বাড়িয়ে নিয়ে যাই তাহলে ১৯ কোটি টাকার আমাদের যে বাজেট তাতেও কুলোবে না। এরপরে দেখা যাবে রেকারিং এক্সপেনডিচার বেড়ে যাচ্ছে। সমস্ত টাকা যদি এখানে ঢেলে দিই তাহলে জনসাধারণের বিন্দুমাত্র উপকার হবে না। কেন না এটা যাচ্ছে অন্লী ফর মেণ্টেনেন্স অব এষ্টাব্লিশমেণ্ট কষ্ট অ্যাণ্ড আদার নেসেসারী এক্সপেণ্ডিচার, নট ফর দি ওয়েলফেয়ার অব সিটিজেনস্।

কাজেই মাননীয় স্পীকার, স্যার, আমি সর্ব্বপ্রথম এই কথাই বলব যে সরকারকে তার খাদ্য নীতি সম্পর্কে সঠিকভাবে একটা ডিসিশান নিতে হবে যার দ্বারা সরকারের হাতে ঠিক ঠিক মত ধান আসতে পারে, ধানী জমি আসতে পারে এবং সরকার যাতে অ্যাগ্রিকালচার সম্পর্কে একটা প্রডাক্টিভ অ্যাগ্রিকালচারেল ফার্ম খোলার ব্যবস্থা করেন। আমরা জানি ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট চালু হয়েছে। কিন্তু সরকারের হাতে কতটুকু ধানী জমি এসেছে? আমার মনে হয় সরকারের হাতে এক কড়া ধানী জমি আসেনি। ধানী জমি আসবেনা। কারণ ধানী জমিগুলো সমস্ত বাইফারকেটেড হয়ে একজনেরটা চার জনের নামে বিলি বন্দোবস্ত হয়ে গেছে। কাজেই সরকারের হাতে ধানী জমি আসবে না। সরকারের হাতে আসবে আনপ্রডাক্টিভ ল্যাণ্ড অ্যাণ্ড আদার ল্যাণ্ড এবং টিলা ল্যাণ্ড যেখানে কোন প্রডাকশন হয় না। কাজেই আমি মনে করি যে সরকার একটা ডেফিনিট পলিসি নিয়ে অ্যাগ্রিকালচার্যাল মেসিনারী ইম্প্লিমেণ্ট করুন। কারণ যাতে করে একটা ভাল অংশ সরকারের শস্য ভাণ্ডারে আসে তার জন্য টাকাটা যাতে ভাল করে ইউটিলাইজ হয় তার জন্য টাকা রাখা দরকার।

মাননীয় স্পীকার, স্যার, এরপর দ্বিতীয় যে ব্যাপার সেটা হচ্ছে ল্যাণ্ড রিভিনিউ সম্পর্কে। আমরা দেখেছি যে ল্যাণ্ড রিভিনিউ ১৬.৯৫ হাজার আমাদের আয়। ল্যাণ্ড রিভিনিউতে হচ্ছে ৯.৯৫ হাজার এবং তার জন্য ব্যয় হচ্ছে আমাদের ২৯ লক্ষ টাকা। আমাদের এখানে আয় হচ্ছে ১৬.৯৫ লক্ষ আর ল্যাণ্ড রিভিনিউ থেকে আমরা পাচ্ছি ৯.৯৫ লক্ষ আর আমাদের খরচ হচ্ছে ২৯ লক্ষ। কাজেই একটা বিরাট ব্যাপার আমাদের চলছে এবং কবে থেকে চলছে, ১৯৫৭ তে অ্যাপয়েণ্টেড হয়েছে ডিরেক্টার অব ল্যাণ্ড রিভিনিউ।

তারপর ১৯৫৯এ বর্ত্তমানে যিনি আছেন এ, কে, লোধ, তিনি এলেন এবং ঐ ১৯৫৯ থেকে একটা এষ্টাব্লিশমেন্ট চলে আসছে। হোয়াট ইজ দি রিজাল্ট ? আজকে যে তালিকা তারা দিয়েছে জরীপ এবং বন্দোবস্ত সম্পর্কে তাতে দেখেছি যে আজ পর্য্যন্ত ২১৭৬'৫৯ বর্গমাইল অর্থাৎ হাফ অব দি অ্যারিয়া অব ত্রিপুরা ষ্টেট তারা আজ পর্য্যন্ত পাবলিশ করেছেন। সটার টারগেট ছিল ১৯৬৫তে টোটেলী পরিষ্কার করে দেওয়া। কিন্তু ১৯৬৬—৬৭ এর বাজেট বক্তৃতায় আমরা পাচ্ছি যে আজ পর্য্যন্ত ফাইন্যাল পাবলিকেশন অনলী হাফ অব দি টোটেল অ্যারিয়া অব ত্রিপুরা ষ্টেট তারা করতে পেরেছে। কাজেই যে গতিতে এই সার্ভে সেটেলমেন্ট এর কাজ চলছে তাতে আমার মনে হয় আমাদের যে লাভ সেটা পিঁপড়েই খেয়ে ফেলবে, জনসাধারণের উপকারে আসবে না। এটা হচ্ছে বাইরের কথা। ভিতরের কিছু তথ্য আমি এই সম্পর্কে হাউসের সামনে তুলে ধরব। এখানে খানাপুরি এবং বুজারত দেখানো হয়েছে ৪১১০ বর্গমাইল। আমি বলি দিস ইজ ইনকারেক্ট ফিগার। আমাদের পূর্ব্বেকার যে অ্যারিয়া সেটা ছিল ৪১১৬ বর্গমাইল। এখন তারা বলতে চান যে বুজারতে ৪,১১০ বর্গমাইল তারা পেয়েছেন। কিন্তু আমি বলি দিস ইজ কমপ্লিটলী ইনকারেক্ট ফিগার। আমরা বুজারতে যে ফিগার পেয়েছি সেটা হচ্ছে ৪০৪৫'১৯ বর্গমাইল। ৭১ বর্গমাইল লেস দ্যান ফরমার অ্যারিয়া অব ত্রিপুরা ষ্টেট। সদরে ছিল ৬০২ বর্গমাইল। বর্ত্তমানে হচ্ছে ৫৮০'২৫ বর্গমাইল। খোয়াই ৫৩৮ বর্গমাইল, বর্ত্তমানে হয়েছে ৫১৮'৭০ বর্গমাইল। কমলপুরে ২৪০ বর্গমাইল পূর্ব্বে ছিল, বর্ত্তমানে হয়েছে ২৩২'৭৯ বর্গমাইল। কৈলাসহরে ৪৬৪ বর্গমাইল পূর্ব্বে ছিল, কৈলাসহরে বেড়েছে, ৫১৮'১৯ বর্গমাইল হয়েছে। ধর্মনগরে ছিল ৬৯২ বর্গমাইল, বর্ত্তমানে হয়েছে ৬১৯'১০ বর্গমাইল। অমরপুর ৫২৭ বর্গমাইল, সেখানে দেখা যায় যে ৫৩৪'৩৬ বর্গমাইল হয়েছে। একটু বেড়েছে। উদয়পুরে দেখা যায় ২৪৬ ছিল সেখানে হয়েছে ২৫২। সোনামুড়ায় দেখা যায় ২০৫ ছিল সেখানে ১৮৫ বর্গমাইল হয়েছে, বিলোনীয়ায় ৩৯৪ বর্গমাইল সেখানে ৩৯১ বর্গমাইল হয়েছে। সাব্রুমে ২৩৮ বর্গমাইল ছিল সেখানে ২১১ বর্গমাইল হয়েছে এবং মোট জমির যে অ্যারিয়া সেটা হচ্ছে ৪০৪৫-১৯ বর্গমাইল। এখানে গুজারতি সম্পর্কে যে ফিগার দেওয়া হয়েছে আমি বলব সেটা টোট্যালি বীউইলডারিং ফিগার। কেননা এখানে যে ফিলড এরিয়া ষ্টেটমেন্ট বলে রেজিষ্টার্ড বই আছে আমি চ্যালেঞ্জ করব যে সেই ফিলড এরিয়া ষ্টেটমেন্ট যে বই আছে সেই বই দেখলে দেখা যাবে প্রত্যেকটা খতিয়ান হয়েছে, পর্চা হয়েছে এবং তার যে মোট এরিয়া ত্রিপুরা রাজ্যের কত সেই মোট এরিয়া যদি আমরা হিসাব করি তা হলে আমরা পাব ৪,০৪৫.১৯ স্কোয়ার মাইল এবং ত্রিপুরা রাজ্যের মোট এরিয়া থেকে ৭১ স্কোয়ার মাইল লেস দ্যান প্রিভিয়াস এরিয়া অব দি ত্রিপুরা ষ্টেট। কিন্তু এখানে খানাপুরী, গুজারতি বলে ত্রিপুরার এরিয়া হচ্ছে ৪,১১০ স্কোয়ার মাইল and this is completely mistaken area. জন সাধারণকে বিভ্রান্ত করার জন্য এই একটা এরিয়া দেওয়া হয়েছে এবং আমরা দেখি যে ত্রিপুরা রাজ্যের এই যে মস্তবড় একটা ডেফিসিট—একটা মস্তবড় অংশ চলে যাচ্ছে তার কোন একসপ্লেনেশন আমরা পাইনা যে কেন ত্রিপুরা রাজ্যের এই ৭১ স্কোয়ার মাইল আমরা কম পাচ্ছি। সে জায়গাটা কোথায় গেল তার কোন একসপ্ল্যানেশন আমরা পাচ্ছি না, আমরা দেখি যে সরকারের জরীপ সম্পর্কে যে সমস্ত নিয়মাবলী, জেনারেল ইনষ্ট্রাকশন আছে তাতে লেখা আছে আপ টু ·০০৫

অর্থাৎ আড়াই গণ্ডা পর্যন্ত ভূমি মাপ দিতে পার। কারণ প্রথম জরীপ করে যাবে তারপর সেকেণ্ড টাইমে তার যে জরীপ হবে এবং তার যে মীন কষা হবে সেটা প্রথম জরীপের সঙ্গে দ্বিতীয় জরীপের এক হতে পারে না, ইট ইজ ইমপসিবল। কেননা ফিতাটা একটু টানলে বেড়ে যায় আবার না টানলে কমে যায় তারজন্যই জেনারেল ইনষ্ট্রাকশন আছে যে ·০৫ বা আড়াই গণ্ডা যদি গড়মিল হয় সেটা নেগলিজিবল বলে উড়িয়ে দেওয়া হবে। কিন্তু আমরা জানি এখানে সরকার, এই কৃষ্ণনগরে আমার বাড়ীর কাছে ·০১ একজনের একসেস ল্যাণ্ড ছিল সেটা সরকার দখল করে নিয়ে গেছেন। অথচ সরকারের জেনারেল ইনষ্ট্রাকশন আছে যে, ·০৫ বা আড়াই গণ্ডা বেশী হলে পরে তুমি নেগলিজিবল বলে উড়িয়ে দিতে পার। কিন্তু আমরা দেখতে পাই যে জনসাধারণের ব্যাপারে ·০১ দুই কড়া বা এক ধূর বা এক ক্রান্তি এরিয়া এই ধরণের যে ছোট্ট জায়গা সেটাও সরকার আজকে ইল্লিগ্যাল পজেশন বলে, বে-আইনী দখল বলে জনসাধারণের কাছ থেকে জোর করে নিয়ে নিচ্ছেন এবং সরকারের খতিয়ান দেখলে দেখা যাবে তাদের ভূমি সংস্কার আইনের ১৫ ধারায় কয়টি মামলার মীমাংসা হয়েছে ? সেখানে ১৬২৫৬টী নোটিশ হয়েছে এবং এই পনের ধারা নিয়ে পার্লামেণ্টে বিতর্ক যখন হয়েছিল তখন বলা হয়েছিল যে এই ১৫ ধারা আইন স্পেয়ারিংলি ইউজ করা হবে যাতে জনসাধারণের উপর কোন রকম চাপ না আসে। ১৫ ধারা আইন জনসাধারণের উপর যাতে আমরা অন্যায় ভাবে প্রয়োগ না করি এবং স্পেয়ারিংলি আমরা সেটা ইউজ করব। কিন্তু কার্যতঃ আমরা দেখি এখানে ১৬২৫৬টি নোটীশ দেওয়া হয়েছে তাদেব উপর, তাদের খাস জমিতে দখল নাই বলে। তাদের উৎখাত করার জন্য এতগুলি নোটিশ সরকার দিয়েছেন। কিন্তু সেই জায়গায় এমন কোন ইনষ্টেনস আমরা দেখতে পাইনা যে রেষ্টোরেশন অব ল্যাণ্ড অর্থাৎ সরকার তার যদি কোন জমিদার বা তার যে রায়ত, তার আণ্ডার রায়ত তাকে যদি উৎখাত করে দেয় তার যে রেষ্টোরেশনের প্রভিশন সেই রেষ্টোরেশনের প্রভিশনের একটি কেসও এখানে নেই। কিন্তু উৎখাতের কেস হয়েছে ১৬২৫৬টী। আজকে একটু আগে জোতের গাছ কাটার অধিকার সম্পর্কে প্রশ্ন করে জানা যায় যে জোতের ন্যায্য অধিকারে গাছ কাটা সেটা রেষ্ট্রিক্ট করা হচ্ছে এবং তার একটা ইতিহাস আমরা শুনলাম। আমরা দেখেছি যে এ্যাটাষ্টেশন হওয়া সত্বেও আজ পর্য্যন্ত ফরেষ্ট ডিপার্টমেণ্ট থেকে বলা হচ্ছে তোমাদের পার্মিশন নিতে হবে, রয়েলটি দিতে হবে, সারচার্জ্জ দিতে হবে, এর পরেও তারা দিচ্ছে। কিন্তু জনসাধারণের ল্যাণ্ড রিফর্মেশন এর যে একটা কাজ তার একটা কাজও তারা ইমপ্লিমেণ্ট করেন নি। কিন্তু জনসাধারণকে মারবার যে সমস্ত কাজ, সজনাধারণকে উৎখাত করবার যে সমস্ত কাজ সেই যে ১৬২৫৬টি কেস তারা দায়ের করেছেন এবং তাদের উৎখাত করেছেন এবং সেটা খুব চলছে। এই হচ্ছে ল্যাণ্ড রিফর্মসের চেহারা। এবং তার জন্য ২৯ লক্ষ টাকা বছর বছর খরচ করব এবং তারা আনবে নিয়ার এ্যাবাউট ১৬ হাজার টাকা এবং তার মধ্যে ল্যাণ্ড রেভিনিউ হচ্ছে নয় লক্ষ পয়েণ্ট সামথিং। আমি বলি এই ধরণের ল্যাণ্ড রিফর্মস এণ্ড ল্যাণ্ড রেভিন্যু করে জন সাধারণকে মারবার যে কল সে কল আমরা বেশী দিন চালু রাখতে দেবনা। আমরা দেখছি যে টার্গেট পিরিয়ডের যে ওয়ার্ক শেষ করার কথা ছিল সেটা আজ পর্য্যন্ত ওনলি হাফ অব দি ওয়ার্ক অর্থাৎ অর্দ্ধেক ওয়ার্ক তারা শেষ করতে পেরেছেন। কাজেই এই ধরণের টির‍্যানি জনসাধারণের উপর চালাবার, জনসাধারণকে মারবার যে মেশিনারী সেই মেশিনারী

কিছুতেই জনসাধারণ বরদাস্ত করতে পারে না। মাননীয় স্পীকার স্যার, আমি আরেকটা কথা বলেই আমার বক্তব্যের শেষ দিকে চলে আসব সেটা হচ্ছে দুইটি ব্যাপারে। একটি হচ্ছে এ্যজি রিগার্ডস পুলিশ এবং আরেকটি হচ্ছে এডুকেশন। অন্যান্য যে সমস্ত ব্যাপার রয়েছে সে সম্পর্কে ডিমাণ্ডের উপর কাট মোশন আছে। প্রথমে আমি বলতে চাই পুলিশ অর্গেনাইজেশন সম্পর্কে।

Mr. Speaker :—You have already taken 42 minutes.

Shri Birchandra Deb Barma :—I am now almost to the end of my speech Sir.

মাননীয় স্পীকার স্যার, আমি পুলিশ সম্পর্কে একটা কথা বলছি, যেখানে একটা অরগেনাইজেশন রয়েছে, ওয়ারলেস অরগেনাইজেশন। সেই ওয়ারলেস অরগেনাইজেশন কেন জানি না আজকে সরকারের বিমাতৃসুলভ মনোভাবে পড়েছে। কিন্তু আমি জানি ত্রিপুরা রাজ্যে একমাত্র পুলিশ ওয়ারলেস অরগেনাইজেশন আছে যেটা কমপ্লিটলী এফেকটিভলী কাজ করছে। কেন না এখানকার কমিউনিকেশন এর যে অবস্থা তারজন্য সরকারকে একমাত্র ওয়ারলেশ অরগেনাইজেশনের উপর নির্ভর করতে হয়। এই ওয়ারলেস অরগেনাইজেশনকে প্রেসিডেন্ট পুলিশ র‍্যান্‌ক কনফার্ম করেছেন। পুলিশ র‍্যাংকে তাদের কনফার্ম করে যারা রেডিও অপারেটর বেতন পেত ৮০—১০০ টাকা, তাদের এ, এস, আই, এর পোষ্ট দেওয়া হয়েছে এবং যারা রেডিও অপারেটর ১০১ থেকে বেতন পেত তাদের এস, আই র‍্যাংকে দেওয়া হয়েছে। কিন্তু তাদের এস, আই, র‍্যাংকে দেওয়া সত্বেও তাদের কোনরকম রিভিশন অব পে স্কেল হচ্ছে না এবং মোস্ট ট্রেজেডিকথিং ইজ দিস, এই রেডিও অরগেনাইজেশনে অন্যান্য যারা আছে তারা সকলেই রিভিশন অব পে স্কেলের বেতন পাচ্ছেন। যেমন অ্যাসিষ্টেণ্ট কমানডার যিনি আছেন তিনি অ্যাসিষ্টেণ্ট কমাণ্ডার অব পুলিশ র‍্যাংকের বেতন পাচ্ছেন। ইন্সপেক্টর কমিউনিকেশনে যিনি আছেন তিনি ইনস্‌পেক্টরের বেতন পাচ্ছেন। সুপারভাইজার যারা আছেন তারা সাব ইনস্‌পেক্টরের বেতন পাচ্ছেন। রেডিও মেকানিকদের এস, আই করা হয়েছিল তারাঃ সাব ইনস্‌পেক্টরের বেতন পাচ্ছেন। শুধু মাত্র রেডিও অপারেটর যারা আছে তাদের যে পে স্কেল ৮০-৫-১২০-৮-২০০-১০-২২০/- এইসব রেডিও অপারেটরদের কোনরকম পে স্কেল রিভিশন করা হচ্ছে না। কেন তাদের উপর বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে আমি তার কোন কারণ খুঁজে পাচ্ছি না। টেকনিক্যাল রিকমেণ্ডেশন কমিটি তাদের বেতন রিভাইজড করার জন্য রিকমেণ্ড করেছেন। সুপারিন্টেণ্ডেণ্ট অব পুলিশ শ্রী এন, আর বোস নিজে রিকমেণ্ড করেছেন দ্যাট ইজ মোষ্ট এফেকটিভলী ওয়ার্কিং ইন ত্রিপুরা ষ্টেট। কিন্তু তাদের রিভিশন অব পে স্কেল এর কোন রকম কিছুই আমরা দেখতে পাচ্ছি না।

মাননীয় স্পীকার, স্যার, যে কাজ মোষ্ট এফেকটিভলী চলছে বলে আমরা জানি তাদের উপর এই বিমাতৃসুলভ আচরণের কোন কারণ থাকতে পারে বলে আমি মনে করতে পারি না। আমি মনে করছি এর দ্বারা আমার হাত যেটা মোষ্ট এফেকটিভলী কাজ করছে, ডান হাত যেটা কাজ করেছে তাকে পংগু করে দেওয়া। তাদের মধ্যে নানা রকম ট্রেনিং এর

ব্যবস্থা আছে। সে সমস্ত ট্রেনিং এর ব্যবস্থা থাকা সত্বেও তাদের কোন রকম প্রমোশনএর ব্যবস্থা হচ্ছে না। তাদের যে সুপিরিয়র অফিসার তিনি হচ্ছেন একজন নন-টেকনিক্যাল ষ্টাফ।

(রেড লাইট)

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা :— 10 Minutes.

Mr. Speaker :— You have taken 45 minutes.

Shri Birchandra Deb Barma :— I will finish within 10 minutes.

Mr. Speaker :—There are 5 members who will participate in to-day's discussion. If you take one hour then another two members will get no chance.

Shri Birchandra Deb Barma:— If you kindly give me 10 minutes time then I can finish. Otherwise I have to take my seat having my speech unfinished.

মাননীয় স্পীকার, স্যার আমি শুধু আর একটা কথা বলতে চাই এডুকেশন সম্পর্কে। এডু-কেশন সম্পর্কে আমরা অনেক বড় বড় বুলি আওড়াই। আমরা বলি যে আমরা এখানে মিউজিক কলেজ করেছি, অনেক কিছু করেছি। কিন্তু আমরা জানি যে ক্লাশ ওয়ান থেকে ফাইভএর মধ্যে ৫০ পারসেণ্ট ওয়েষ্টেজ চলছে। ৫০ পারসেণ্ট ষ্টুডেণ্টস্‌কে তাদের লেখাপড়া ক্লাশ ওয়ান থেকে ফাইভের মধ্যে শেষ করতে হয়। সরকার কি ব্যবস্থা করেছেন এই ওয়েসটেজকে রক্ষা করার জন্য ? কি ব্যবস্থা করেছেন তাদের ইউটিলাইজ করার জন্য ? আজকে সরকার বলছেন যে আমরা একটা ইউনিভারসিটি করব, আমরা অনেক বড় বড় হায়ার এডুকেশন দেব। কিন্তু এর দ্বারা শিক্ষার কোন অগ্রগতি হবে না যদি না ফাউনডেশনকে, আমাদের ভিত্তিমূলকে শক্ত করে গড়ে তুলতে পারি। তাছাড়া আমরা লেখাপড়ায় কোনরকম উন্নতি দেখতে পাব না। এছাড়াও আমাদের মধ্যে বেসিক এডুকেশন প্রবর্তিত হয়েছে। কিন্তু এই বেসিক এডুকেশনএর একটা অ্যাসেস-মেণ্ট আজ পর্য্যন্ত হল না যেটা সম্পর্কে আমরা অন্য রকমের মত পোষণ করি যে এই বেসিক এডুকেশন ইজ নট কনডিউসিভ টু দি ওয়েলফেয়ার অব দি ষ্টুডেনটস্‌ অব ত্রিপুরা। এই বেসিক এডুকেশনের নামে যে এডুকেশন চলছে তার দ্বারা ত্রিপুরার ছাত্রদের উন্নতি হবে না। এটা আমার কথা নয়। কমিশনার ফর সিডিউল্ড কাষ্ট অ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবসদের কমিশন এখানে বলেছেন যে, ত্রিপুরায় যে বেসিক এডুকেশন চালাচ্ছে কমপ্লিটলী ফর সিডিউল্ড কাষ্ট অ্যাণ্ড সিডিউল ট্রাইবস্‌, এটা অনুপযুক্ত। তারা যে বেসিক এডুকেশনে শিক্ষিত সেই বেসিক এডুকেশনে যদি তাদের শিক্ষা না দাও তাহলে সেই বেসিক এডুকেশনে হবে না। যে ক্র্যাফটসে তারা অভ্যস্ত সেই ক্র্যাফটসের ভিতর দিয়ে তাদের লেখাপড়ার ব্যবস্থা করতে হবে। কাজেই বেসিক এডুকেশনের নামে একটা ঢালাও এডুকেশন যদি চালু করা যায়, একটা মেশিনারী যদি চাপিয়ে দেওয়া যায় ছেলেদের উপর, তাহলে তাদের উন্নতি হবে না। দেখতে হবে কি ধরণের ক্র্যাফটসে তারা অভ্যস্ত এবং সেজন্যই কমিশনার ফর সিডিউলড কাষ্ট অ্যাণ্ড সিডিউলড ট্রাইবস বলেছেন যে তারা যে যে ক্র্যাফটসে অভ্যস্ত সেই সেই ক্র্যাফটসের মাধ্যমে তাদের শিক্ষা দিতে হবে।

দ্বিতীয় কথা থ্রু দি মিডিয়াম অব দেয়ার মাদার টাঙ্‌ তাদের লেখাপড়া শিক্ষার ব্যবস্থা করতে হবে। আমরা বহুবার এই হাউসে বলেছি যে প্রাইমারী ষ্টেজে যদি মিডিয়াম অব এডুকেশন

মাদার টাঙ্ না হয় তাহলে সেই শিক্ষা মকারীর নামান্তর হবে। এটা আমার কথা নয়, এটা হচ্ছে কমিশনার ফর সিডিউল্ড কাষ্ট অ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবস এর কথা। তারা বলেছিলেন যে "Education in Primary stage becomes mockery where teachers have no knowledge of the language spoken by pupils" কাজেই তাদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষার জন্য যে দাবী সে সেই দাবী অগ্রগণ্য এবং এছাড়া শিক্ষা হবে না।

কাজেই মাননীয় স্পীকার, স্যার, আজকে আমাদের বড় বড় কথা বললে চলবে না। আজকে আমরা জানি এখানকার বোর্ডিং হাউস অ্যালাউন্স মান্ধাতার আমলের রেইটে দেওয়া হচ্ছে। অথচ জিনিষপত্রের দাম যেভাবে হু হু করে বেড়ে যাচ্ছে সেই দিকে তাদের বিন্দুমাত্র মাথাব্যথা নাই। কেননা তারা নিশ্চিন্তভাবে গদীতে বসে আছেন। ছেলেরা কিভাবে বাঁচবে, কিভাবে তাদের লেখাপড়ার অগ্রগতি হবে সেই দিকে তাদের বিন্দুমাত্রও চিন্তা নাই। কাজেই মাননীয় স্পীকার, স্যার, আজকে শিক্ষার নামে তারা যে বড় বড় বুলি ছাড়ছেন, বড় বড় ভাওতা ছাড়ছেন তা এখানকার জনসাধারণের বা ছাত্র সম্প্রদায়ের কোন উপকারে আসবে না। সিডিউলড কাষ্টের নামে তারা বড় বড় কথা বলেন, কিন্তু আজ পর্য্যন্ত সিডিউল্ড কাষ্টের জন্য একটা বোর্ডিং হাউসের ব্যবস্থা করতে পারেন নি। কিন্তু আমরা জানি যে গ্র্যাণ্ড মানি তারজন্য রয়েছে, বরাদ্দকৃত টাকা রয়েছে। কাজেই অনুন্নত সম্প্রদায়ের জন্য, সিডিউল্ড সম্প্রদায়ের জন্য বোর্ডিং হাউসের ব্যবস্থা, যেটা আমরা টেরিটরিয়াল কাউন্সিলের আমল থেকে আজ পর্য্যন্ত বলে আসছি, আজ পর্যন্ত তারা করতে পারছেন না। কাজেই এই থেকেই আমাদের মনে হয় অনুন্নত সম্প্রদায়ের নেতা বলে যারা দাবী করেন অনুন্নত সম্প্রদায়ের জন্য তাদের মাথাব্যথা কতখানি।

মাননীয় স্পীকার, স্যার, এখানে বড় বড় কথা হয় যে বোম্বে মানি ল্যাণ্ডারস্ অ্যাক্ট এখানে বয়েছে। কাজেই সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসের যারা রয়েছেন তাদের আজকে ঋণের হাত থেকে বাঁচানোর ব্যবস্থা করেছেন। এটা আমার কথা নয় এটা কমিশনার অব সিডিউল্ড ট্রাইবস্ এ্যাণ্ড সিডিউল্ড কাষ্টএর কথা। তারা বলেছেন—"In Gujrat there are two laws, Bombay Money Lenders Act and Bombay Agricultural Debtors Released Act are in force. It has been reported that the first Act i. e. Bombay Money Lenders Act has not been hopeful to the scheduled tribes". তারা বলেছেন যে বোম্বে মানি ল্যাণ্ডার্স এ্যাক্ট সিডিউল্ড ট্রাইবস এবং সিডিউল্ড কাষ্টদের জন্য হোপফুল নয়। কাজেই আমরা এখানে বড় বড় কথা বলছি যে দাদন সিষ্টেম রোধ করার জন্য আমরা বোম্বে মানি ল্যাণ্ডার্স এ্যাক্ট এখানে প্রবর্ত্তন করেছি। কিন্তু বোম্বে এ্যাগ্রিকালচার্যাল ডেটরস রিলিজ এ্যাক্ট বলে একটা এ্যাক্ট আছে অনেকটা ঋণ সালিশী বোর্ডের মত। সেগুলি প্রবর্তন করার যে সুযোগ আমাদের এখানে রয়েছে সেটা আমরা নিচ্ছি না। মাননীয় স্পীকার, স্যার ট্রাইবেল ওয়েলফেয়ার সম্পর্কে দুটো কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। ট্রাইবেল ওয়েলফেয়ার সম্পর্কে অল ইণ্ডিয়া যে একটা সমীক্ষা বেরিয়েছে এই সমীক্ষায় তারা বলেছেন যে ট্রাইবেল ওয়েলফেয়ারের নামে যে টাকা খরচ করা হয় তার ৭০ পারসেণ্ট যারা নন্-ট্রাইবেল তাদের বেনিফিটে যায়। আর ৩০ পারসেণ্ট ট্রাইবেলদের

হাতে যায় এবং তাও যারা ওয়েল টু ডু তাদের হাতে যায়। যারা গরীব ট্রাইবেল বা গরীব সিডিউল্ড কাষ্টসের লোক তাদের হাতে একটা পয়সাও যায় না। তারা দেখিয়েছেন যে টি, ডি, ব্লকের যে স্কীম নিয়ে এসেছে সেই স্কীম হচ্ছে অত্যন্ত ডেভেলাপ্‌ড স্কীম। এই স্কীম আজকে এখানে চালু করলে চলবে না। এটা আমার কথা নয়। অল ইণ্ডিয়া একটা ষ্টাডি হয়েছিল অ্যাবাউট দি কনডিশান অব সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবস। তাদের যে রিপোর্ট যেটা পেট্রিয়ট পত্রিকার ১৫ই মার্চ ১৯৬৫ সালে বেরিয়েছিল। সেখানে তারা যে Elwin and Dhebar Commission recommended that socio economic survey preceded in opening Tribal Development Block. These aspects have been neglected in implementation.

ট্রাইবেল ডেভেলাপমেণ্ট ব্লক করার পর একটা সোসিও ইকনমিক সার্ভে করতে হবে। কি করে তাদের উন্নতি করা যায় সেটা যদি সমীক্ষা নিরীক্ষায় ঠিক হয়ে যায় তাহলে ট্রাইবেল ডেভেলাপমেণ্ট ব্লকের স্থান হতে পারে। এই পরীক্ষা নিরীক্ষার ধার তারা ধারছেন না। কতগুলি টি, ডি, ব্লক আমরা চালু করে দিচ্ছি। তারপর যে সমস্ত স্কীম সেখানে চালু করছি সেটা হচ্ছে মোষ্ট অ্যাডভান্সড ষ্টেজের স্কীম। কাজেই দেখা যায় সেণ্ট পারসেণ্ট ট্রাইবেল ডেভেলাপমেণ্ট ব্লক করার পূর্বে একটা সোসিও—ইকনমিক সার্ভে করতে হবে কি করে তাদের উন্নতি করা যায়। সেটা যদি পরীক্ষা নিরীক্ষা করে ঠিক হয়, তাহলে ট্রাইবেল ব্লক স্থাপিত হতে পারে। কিন্তু তারা সেই পরীক্ষা নিরীক্ষার ধার ধারছেন না। ঢালাও করে টি, ডি, ব্লক করে দিচ্ছে। তার উপর যে সমস্ত স্কীম সেখানে চালু করছে সেটা হচ্ছে মোষ্ট অ্যাডভান্সড ষ্টেজের স্কীম। ট্রাইবেল ব্লকে এই সমস্ত স্কীম চালু করলে দেখা যায় সেণ্ট পারসেণ্ট ফ্রুটলেস হয় এবং ইউজলেস হয়। কাজেই মাননীয় স্পীকার, স্যার, আমার বক্তব্য হচ্ছে যে সিডিউল্ড কাষ্টস, সিডিউল্ড ট্রাইবস্‌ এবং ট্রাইবেল ওয়েলফেয়ারের নামে যে মোটা টাকা রাখি এবং খরচ করি তার দ্বারা সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবস্‌এর লোকদের কোনরকম উন্নতি হয়না। তার শতকরা ৭০ ভাগ টাকা are spent for non-tribals and non-scheduled caste people এবং যে টাকা খরচ হয় সেই টাকা তাদের সত্যিকারের উপকারে আসে না। কেননা এই সমস্ত স্কীম অত্যন্ত অ্যাডভান্সড ষ্টেজের স্কীম, উন্নত ধরণের স্কীম। লোয়ার ষ্টেজে যে সমস্ত ট্রাইবেলস্‌ এবং সিডিউল্ড কাষ্ট পিপলস রয়েছে তাদের উপর এই সমস্ত স্কীম প্রযোজ্য হতে পারে না। অথচ টি, ডি, ব্লকের নামে ঢাক পিটান হচ্ছে এই বলে যে আমরা টি, ডি, ব্লক স্থাপন করছি। কিন্তু এই টি, ডি, ব্লক স্থাপন করে উপজাতীদের এবং তপশীল জাতির কোন রকম উন্নতির ব্যবস্থতো করছিই না বরং তাদের আরও মৃত্যুর পথে নিয়ে যাচ্ছি। কারণ আমরা দেখি টী, ডি, ব্লকে যে সমস্ত ট্রাইবেলস রয়েছে তারা অন্যত্র চলে যাচ্ছে এবং টী, ডি, ব্লক জনশূন্য হতে চলেছে। মাননীয় স্পীকার, স্যার, আমি আমার বক্তব্যের শেষে শুধু এই কথাই বলব যে সরকার যাতে অবহিত হন, চেষ্টা করেন যাতে জনসাধারণের সত্যকারের উপকারের জন্য এই বরাদ্দকৃত টাকা ব্যয় করতে পারেন। আর তা যদি না করতে পারেন তাহলে আমি জানিয়ে দিচ্ছি যে জনসাধারণ এই সমস্ত উপেক্ষা, এই সমস্ত নেগলিজেন্স দিনের পর দিন নির্বিচারে সহ্য করবেন না। তার রিঞ্যাকশান যে আসবে তাতে একদিন

সরকারের গদি টলায়মান হয়ে উঠবে। কাজেই আজকে বরাদ্দকৃত টাকা যাতে কম্‌প্লিটলি ইউটিলাইজড হয় এর জন্য সরকার—যারা ট্রেজারী বেঞ্চে আছেন তাদের, অবহিত হওয়ার জন্য বলছি এবং তারা যদি তা না করেন তাহলে তারা তাদের দুর্দিন ডেকে নিয়ে আসবেন। এই বলেই আমি আমার বাজেট বক্তৃতা শেষ করছি।

Mr. Speaker :—I would now call on Hon'ble Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মুখ্যমন্ত্রী ১৯৬৬-৬৭ সালের যে বাজেট হাউসে উপস্থাপিত করেছেন, আমি সেই বাজেট সমর্থন করছি। এই বাজেটে যে যে কাজের জন্য যে যে পরিমিত টাকা বরাদ্দ করা হয়েছে তা অত্যন্ত যুক্তিসংগত বলে আমি মনে করি। এই বাজেটের টাকা যদি যথাযথভাবে খরচ করা হয় তাহলে মোটামুটি দেশের উন্নতি হতে পারে। এই বাজেট রচনা করার সময় দেশের কল্যাণমূলক ও জনহিতকর কাজ ইত্যাদির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে কাজেই এই বাজেটকে সমর্থন জানাচ্ছি এবং এই বাজেটকে জনহিতকর বাজেট বলে মনে করছি। বিরোধীপক্ষের সদস্য বলেছেন যে তিনি এই বাজেট দেখে হতাশ হয়েছেন, আমি মনে করি তা সম্পূর্ণ অমূলক। বিরোধীপক্ষের সদস্য আলোচনা করতে গিয়ে এমন কোন কনষ্ট্রাকটিভ সাজেশান দিতে পারেন নাই সুতরাং আমি বলব সেই আলোচনার কোন সারবত্তা নাই। এখানে আমরা যদি আলোচনা করি তাহলে দেখব যে এই বাজেটে কৃষি, খাদ্যশস্য এবং নিত্যব্যবহার্য জিনিষপত্রের উপর এবং শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে এবং এই বাজেটে আমরা আমাদের নিত্যব্যবহার্য্য জিনিসপত্র যাতে উৎপাদন করতে পারি, পরমুখাপেক্ষি যাতে না হতে হয় তারজন্য বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। গত আঠারো বছরে ত্রিপুরা বিশেষ উন্নতি সাধন করতে পেরেছে। বিশেষ করে শিক্ষা সম্পর্কে তিনি হতাশা প্রকাশ করেছেন। কিন্তু আমরা বলব শিক্ষা সম্পর্কে আমরা বিশেষ উন্নতি লাভ করতে পেরেছি, স্বাস্থ্য সম্পর্কেও আমরা উন্নতি করতে পেরেছি, যোগাযোগ ব্যাপারেও আমরা উন্নতি করতে পেরেছি। সুতরাং বিরোধীপক্ষের হতাশাব্যঞ্জক যে উক্তি তা আমি মনে করি যুক্তিসংগত নয়। তবে আমাদের ত্রিপুরার যে ভাবে অগ্রগতি হওয়ার কথা ছিল সেইভাবে অগ্রগতি হতে পারেনি, তার কতগুলি কারণ আছে। ত্রিপুরা জটিল এবং বিভিন্ন সমস্যায় জর্জরিত। সে সমস্ত দিক আমাদের চিন্তা করা দরকার। ত্রিপুরায় খাদ্যসমস্যা, যোগাযোগ সমস্যা, জুমিয়া সমস্যা, ভূমিহীন সমস্যা এবং আরও বিভিন্ন সমস্যা ছিল। সে সমস্ত সমস্যাকে এড়িয়ে চলতে আমাদের কিছু সময় লাগবে। সুতরাং আমাদের সে সম্পর্কে চিন্তা করা উচিত। আমরা যদি দেখি, দেখতে পাব যে আমাদের ত্রিপুরা ৪১১৬ বর্গমাইল, ইনটার ন্যাশন্যাল বাউণ্ডারী ৫২৮ বর্গমাইল এবং তার তিনদিক পাকিস্তান দ্বারা পরিবেষ্টিত। কাজেই সীমান্ত সমস্যা নিয়ে সর্বদা ত্রিপুরা সরকারকে ব্যতিব্যাস্ত থাকতে হয়। আরও যদি দেখি দেখতে পাব পাকিস্তান সৃষ্টির পর থেকেই ত্রিপুরায় পূর্ব পাকিস্তান থেকে বিপুলসংখ্যক উদ্বাস্তু আগমন করেছে এবং উদ্বাস্তু সমস্যা ত্রিপুরায় লেগেই আছে এবং ত্রিপুরা সরকার বিশেষ বিব্রত হয়ে পড়েছেন। সে সব সমস্যা সমাধান করা ত্রিপুরা সরকারের একটা দুরূহ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তারপর আমরা দেখতে পাই যে পাকিস্তানের সংগে ত্রিপুরা সরকারের দীর্ঘদিন যাবত একটা রেষারেষি চলে আসছে সীমান্ত সমস্যা চলে আসছে এবং ১৯৬২ ইংরাজীতে কম্যুনিষ্ট

চীন যখন ভারতের উত্তর সীমান্ত আক্রমণ করল তারপর থেকে আজ পর্যন্ত জরুরী অবস্থা আছে, ভারত সরকার তথা ত্রিপুরা সরকারের প্রতিরক্ষা কাজে সর্বদাই ব্যতিব্যস্ত থাকতে হয়। সেইদিক দিয়ে আমাদের ত্রিপুরা সরকারের উন্নতিমূলক কাজ' কিছু বিলম্বিত হয়েছে। সাম্প্রতিককালে আমাদের পাকিস্তানের সংগে একটা যুদ্ধ হয়ে গেল.........

Mr. Speaker :—The House Stands adjourned till 2 P. M. The Member Speaking will have the floor.

(After recess)

Mr. Speaker:—The general discussion on the budget is to continue. But before we start the work, business to-day, I would like to draw the attention of the Hon'ble members and appeal to them to make it a point to attend the House punctually so that there may be quorum and the works may start. I have to wait too long in my office to ascertain whether there is quorum in the House. I would appeal to every single member of this House to help me in this respect.

I would call on Shri Monoranjan Nath to continue.

Shri Monoranjan Nath, M. L. A.—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলছিলাম যে আমাদের ত্রিপুরার উন্নতি বিলম্বিত হচ্ছে কেন। সম্প্রতি পাকিস্তানের সঙ্গে আমাদের ভারতের এক বিরাট সংঘর্ষ হয়ে গেল এবং সেই ঢেউ আমাদের ত্রিপুরায়ও লেগেছে। তা নিয়ে আমাদের ত্রিপুরা সরকারকে তথা ভারত সরকারকে বিব্রত থাকতে হচ্ছে। সেইজন্য আমাদের উন্নতি বিলম্বিত হচ্ছে। কম্যু'নষ্ট চীন আমাদের উত্তর সীমান্ত আক্রমণ করে বিরাট অঞ্চল দখল করে রেখেছে এবং ১৯৬২ হতে অদ্য পর্যন্ত Emergency চলে আসছে। কয়েকদিন আগেও আমরা পত্র পত্রিকায় দেখতে পেয়েছি যে আমাদের ভারতকে তারা হুমকি দিচ্ছে। এই অবস্থায় আমারা প্রত্যেকে অবগত যে দেশ রক্ষাই আমাদের প্রধান ব্রত এবং তার উপরই আমাদের অখণ্ডতা নির্ভর করছে। সেইজন্যই আমাদের উন্নতিমূলক কাজ বিলম্বিত হচ্ছে। নতুবা আমরা আরও দ্রুত অগ্রসর হতে পারতাম। কাজেই এই সম্পর্কে বিরোধী পক্ষের সদস্যগণ যে হতাশা ব্যঞ্জক উক্তি করেছেন তা আমি মনে করি অমূলক। এখানে কৃষি সম্পর্কে বিরোধী পক্ষের সদস্য বলেছেন যে খাদ্যে ত্রিপুরা ঘাটতি অঞ্চল। অবশ্য Partition এর পূর্ব্বে ত্রিপুরা ছিল স্বয়ং সম্পূর্ণ; কিন্তু partition এর পর বিপুল সংখ্যক উদ্বাস্তুর এদেশে আগমণে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় তিনগুণ অথচ আমাদের ধানের জমি তেমন বাড়ে নাই, সুতরাং খাদ্য সঙ্কট দেখা দিয়েছে। এর উপর প্রায় প্রতি বৎসরই হয় অতিবৃষ্টি, না হয় অনাবৃষ্টি, প্রাকৃতিক দুর্য্যোগ লেগেই আছে। গত বৎসরে অনাবৃষ্টির দরুণ সমগ্র ভারতে খাদ্য শস্য কম হয়েছে। সেইজন্য খাদ্যের অভাব নিয়ে সারা ভারতে একটা সমস্যা দেখা দিয়েছে। এটা একটি জাতীয় সমস্যারূপে পরিগণিত হচ্ছে। সেই সমস্যা শুধু আমাদের ত্রিপুরায় নয়, সারা ভারতেই। সেই সম্পর্কে আমাদের সরকার সজাগ আছেন। কয়েকদিন পূর্ব্বেও আমাদের Prime Minister এর এই উক্তি শুনেছি যে আমাদের ভারতবর্ষে খাদ্যের অভাবে কোন লোক মারা যাবেনা এবং আমার এ বিশ্বাস আছে যে আমাদের ত্রিপুরায়ও খাদ্যের অভাবে কোন লোক মারা যাবেনা এবং আমাদের ত্রিপুরা

সরকারও সেই বিষয়ে সচেতন আছেন। বিরোধী দলের সদস্য কেবল procurementএর দোষ দিয়েছেন। আমি বলব খাদ্যের উৎপাদন হলে পরে procurmentএর প্রশ্ন Leveyর প্রশ্ন আসে। খাদ্যের উৎপাদন সম্পর্কে আমাদের বিশেষ দৃষ্টি দিতে হবে। বিরোধী পক্ষের সদস্য খাদ্য উৎপাদন সম্পর্কে তেমন কিছু বলেননি, কেবল procurementএর কথা বলেছেন। Demand No. 17এ কৃষি বিভাগের জন্য আমাদের এই বাজেটে ৪৮,১৭,৪০০ টাকা রাখা হয়েছে, এবং কৃষি উন্নতির জন্য irrigation ইত্যাদির বাবতে Demand No. 24 এ ৭,৫৬,০০০ টাকা রাখা হয়েছে এবং agriculture equipments এর জন্য ১০,৯২,০০০ টাকা রাখা হয়েছে। এই কৃষির ব্যাপারে Demand No. 17, Demand No. 24 এবং 34 এ যে টাকা রাখা হয়েছে তা যদি যথোপযুক্ত ভাবে খরচ হয় তবে আমরা কৃষির উন্নতি করতে পারব এবং আমাদের production অনেক বাড়বে। খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবার জন্য বর্ত্তমান বৈজ্ঞানিক প্রথায় যে চাষ, সেই সম্পর্কে সরকার বিভিন্ন scheme করেছেন, বিভিন্ন plan করেছেন। এই সমস্ত plan যাতে আমাদের কাজে লাগে, successful হয় সেইজন্য আমাদের বিরোধীপক্ষের সদস্যগণেরও সহযোগীতা করা দরকার। সরকার কৃষির উন্নতির জন্য বাঁধ দিচ্ছেন, irrigation করছেন, pumping machine দিচ্ছেন, বীজ সরবরাহ করছেন, ইত্যাদি বিভিন্ন রকমের Plan, Scheme করেছেন এবং সরকারী কর্ম্মচারী Agriculture Deptt.এ Block Deptt. এ যথেষ্ট আছে এবং তারা গ্রামে গ্রামে গিয়ে কৃষকদিগকে বৈজ্ঞানিক প্রথায় কাজকর্ম্ম করার জন্য বুঝাচ্ছেন, চেষ্টা করছেন এবং আমাদের কৃষক ভাইয়েরা যদি এই বৈজ্ঞানিক প্রথায় কাজ করে তাহলে আমরা কৃষিতে স্বয়ং সম্পূর্ণ হতে পারব এই আমার দৃঢ় বিশ্বাস। তবে Agri. Deptt. এবং Blockএ যে সমস্ত কর্মচারী আছেন তাদের জনসংযোগ একটু কম বলে আমার মনে হচ্ছে। পরিকল্পনাকে যদি successful করতে হয় তাহলে জনসংযোগ দরকার, গ্রামে গ্রামে প্রত্যেক কৃষকের মধ্যে প্রচার করা দরকার। বৈজ্ঞানিক প্রথাতে চাষ করলে কি হয়, উত্তম সার ব্যবহার করলে কি হয়, সার ব্যবহার করলে কি হয়, সেই সম্পর্কে সজাগ হওয়া দরকার। নতুবা সেই আদিম কালের পদ্ধতিতে যদি কৃষকরা চাষবাস করে তাহলে খাদ্যের দিক দিয়ে আমরা কখনো স্বয়ং সম্পূর্ণ হতে পারব না। Procurement সম্পর্কে এখানে বিরোধী পক্ষের মাননীয় সদস্য বলেছেন যে দশ একর জমির নিচেও নাকি procurement করতে গিয়েছেন। হয়ত ভুলবশতঃ তা হতে পারে। Procurement Deptt. সেই তথ্যটি তহশীল অফিস থেকে এনেছিল, পূর্ব্বে হয়ত দশ একরের জায়গা অতিরিক্ত ছিল। কিন্তু বর্ত্তমানে বিক্রি করে হয়ত কমিয়ে ফেলেছে। সেজন্য হয়ত ভুল noticeও হতে পারে। সুতরাং আমার মনে হচ্ছে প্রকৃত দশ একর জমি আছে জেনেই সরকার notice গুলো দিয়েছেন এবং দশ একরের কম যাদের জমি আছে তাদের থেকে কোন ধান আদায় করা হয়নি। আমি বলব আমাদের ধর্মনগরে যাদের ১০ একরের উর্দ্ধে জমি আছে তাদের উপরে procurement এর নোটিশ গিয়েছিল। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে procurement না হলে চাউল black marketing হয়ে

যাবে। যাতে চাউল black marketing না হয়, যাতে মুনাফাখোররা চাউল hoard না করতে পারেন সেদিকে সরকার সজাগ আছেন এবং সরকার এই সম্পর্কে নিশ্চয়ই step নিবেন এবং যাতে চাউল black না করতে পারে, মুনাফাখোররা যাতে চাউল নিয়ে ছিনিমিনি খেলতে না পারে এবং খাদ্য নিয়ে সঙ্কট সৃষ্টি করতে না পারে সেজন্য আমাদের সরকার সজাগ দৃষ্টি রাখছেন। তারপর বলেছেন যে procurement হবে কিন্তু staffএর দরকার নাই। Procurement করতে হলে staff এর প্রয়োজন নিশ্চয়ই লাগবে। মাননীয় সদস্যের এই উক্তির কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। তারপর Medical Deptt. এবং Public Health সম্পর্কে আমি আলোচনা করব। Medical Deptt. সম্পর্কে Demand No. 15 এ আমাদের বাজেটে আছে ৫৩,১১,০০০ টাকা এবং Public Health Deptt.এ ৩৫,৯১,০০০ টাকা আছে। Public Health সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় বিরোধী পক্ষের সদস্য বলেছেন যে বহু টাকা বাজেটে রয়ে গিয়েছে, কাজে লাগে নাই,Tube well মেরামতের কতগুলি টাকা রয়ে গিয়েছে। আমি বলব tube wells মেরামত করতে হলে Technician এর নিশ্চয়ই দরকার আছে। যেমন আমাদের ধর্মনগরে দেখছি একজন overseer আছে এবং তার অধীনে প্রায় ৪০০টির মত tube well আছে। একজন overseer এর পক্ষে এই ৪০০টি tube well দেখা মেরামত করা ইত্যাদি সম্ভব নয়। কিন্তু tube well এর কাজ যে না হচ্ছে একথা আমি মনে করি না। আমি দেখেছি Govt. এর tube well ছাড়া ব্যক্তিগত যে সমস্ত tube well আছে technicion এর অভাবে সেগুলো মেরামত করা যাচ্ছেনা এবং অকেজো হয়ে পড়ে আছে।

সুতরাং একদিকে বলবেন যে ষ্টাফের প্রয়োজন নাই আর একদিকে বলবেন যে টাকা ফেরত যাচ্ছে। তাঁদের কথার কোন যৌক্তিকতা আমি বুঝতে পারছিনা। ত্রিপুরা ছিল অস্বাস্থ্যকর, partition এর পূর্বে ভয়ে কেউ এখানে আসতে চাইত না। কারণ এখানে মহামারীর খুব প্রকোপ ছিল। সারা বছরই ম্যালেরিয়া, কলেরা ইত্যাদি লেগেই ছিল। কিন্তু আজকে Medical and Public Health Department এর চেষ্টায় সে সমস্ত মহামারী দূরীভূত হয়ে স্বাস্থ্যকর ত্রিপুরায় পরিণত হয়েছে। পূর্বেও ত্রিপুরায় Medical Department ছিল। আর আজকের ত্রিপুরার Medical Departmentএর দিকে যদি লক্ষ্য করি তবে আমরা দেখতে পাচ্ছি যে প্রতি Sub-Division এ Medical হসপিটেল গড়ে উঠেছে এবং আমরা সমস্ত ত্রিপুরায় ১৫টি Primary Health Centre দেখতে পাচ্ছি এবং ১৬০টি Dispensary হয়েছে এবং আগরতলাতেও G.B. Hospital নামে একটি বিরাট হাসপাতাল হয়েছে। T.B. Clinicও আছে, বিনা পয়সায় চিকিৎসা করার ব্যবস্থা করা হয়েছে। আমাদের ত্রিপুরায় ডাক্তারের অভাব আছে একথা সত্য। প্রয়োজন অনুযায়ী ডাক্তার পাওয়া যাচ্ছে না। অনেকগুলি Post Vacant পড়ে আছে।

আর একটি বিষয় আমাদের দৃষ্টিতে আসছে। কিছুদিন যাবত আমরা লক্ষ্য করছি যে Public Health Department-এ Food adulteration এর case অনেক কম হচ্ছে। দেশের মধ্যে adulteration বাড়ছে কিন্তু Food adulteration-এর case কমে যাচ্ছে। যদি সেই দিকে আমাদের Public Health Department দৃষ্টি না দেয় তাহলে এটা আমাদের পক্ষে একটা

অসুবিধার কারণ হয়ে দাঁড়াবে। এই জন্য আমি হাউসে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে Food adulteration ধরা হয় এবং এটার প্রতিকার করা হয়।

আমাদের ধর্মনগরে একটি X-Ray Machine আছে, তা দীর্ঘদিন যাবত অকেজো অবস্থায় পড়ে আছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয় এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতি সত্বর এই X-Ray machineটি চালু করা হয় এবং যাতে অচিরেই ইহার উপকারিতা আমাদের ধর্মনগরের জনসাধারণ উপলব্ধি করতে পারে।

শিক্ষা সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি বলব যে Demand No—14 শিক্ষাখাতে আমাদের Budget-এ সবচেয়ে বেশী অঙ্ক আমরা রেখেছি, তাতে আছে ২,৯৩,৯১,০০০৲ হাজার টাকা। ত্রিপুরায় আগে স্কুলের সংখ্যা অতি নগণ্য ছিল। ১৯৫০ইং সনের দিকে আমরা যদি নজর দেই তবে দেখতে পাই যে সমগ্র ত্রিপুরায় মাত্র ৩৬২টা প্রাইমারী স্কুল ছিল। সেই জায়গাতে আমরা আজকে শুধু Sadar sub-division এই ৩৯৫টা অতিরিক্ত Primary school দেখতে পাই এবং প্রত্যেক Sub-division-এ Higher Secondary School গড়ে উঠছে এবং সারা ত্রিপুরায় কয়েকটা কলেজও গড়ে উঠেছে। তা ছাড়া গত বৎসর আগরতলায় একটা মহিলা কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও একটা Music College হয়েছে। সুতরাং শিক্ষা ক্ষেত্রে আমরা অনুন্নত রয়েছি, উন্নতি হয়নি একথা বলার কোন যৌক্তিকতা নাই।

এখানে আরো বলা হয়েছে যে Scheduled castes এবং Scheduled Tribes-রা নাকি শিক্ষার দিক দিয়ে অনগ্রসর এবং তাদের জন্য কোন রকম চেষ্টা করা হচ্ছে না। আমার মনে হয় Scheduled Castes এবং Scheduled Tribes-রা এখানে শিক্ষার দিক দিয়ে যে সমস্ত সুযোগ সুবিধা পাচ্ছে ভারতের আর কোথাও তেমন পাচ্ছে না। কারণ আমরা দেখতে পাচ্ছি যে তাদের স্কুল কলেজের কোন অবস্থাতে বেতন লাগে না, যে কোন রকমের Education নিতে পারছে এবং তারা Boarding facilitiesও পাচ্ছে। সুতরাং facilities তারা পাচ্ছে না একথা আমি স্বীকার করতে পারি না। শিক্ষার ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি Class I থেকে Class VIII পর্য্যন্ত কারুরই কোন বেতন দিতে হয় না এবং তার উপরেও নানা রকমের stipend ইত্যাদি দেওয়া হয়ে থাকে। সুতরাং এই অবস্থায় ত্রিপুরা যে শিক্ষার দিক দিয়ে উন্নত হচ্ছে সেটা স্বীকার্য্য।

মাননীয় মন্ত্রী মহোদয় এবং হাউসের আমি দৃষ্টি আকর্ষণ করব যে দীর্ঘদিন যাবত আমরা ধর্মনগরে একটি কলেজ প্রতিষ্ঠার জন্য সরকারের নিকট আবেদন করে আসছি। এবং ধর্মনগরে বর্ত্তমানে যে রকম উন্নতি হচ্ছে এবং ছাত্রসংখ্যা বৃদ্ধি পেয়েছে সে অবস্থায় সেখানে যদি একটি কলেজ না হয় তাহলে আমরা শিক্ষার দিকদিয়ে অনেক পিছনে পড়ে থাকব। সুতরাং আমি সে বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে মাননীয় মন্ত্রী মহোদয় সেদিকে দৃষ্টি দেন তার জন্য তাঁর কাছে অনুরোধ করছি।

বর্ত্তমান বৎসরে আমি লক্ষ্য করেছি অনেক ছেলেমেয়ে স্কুলে admission test দিয়েও seat এর অভাবে ভর্ত্তি হতে পারেনি। কাজেই আমি এই Houseএ মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব যাতে স্কুলের ক্লাশ section বাড়ানো হয়।

এখানে আমি বিচার বিভাগ ও General Administration সম্পর্কে কয়েকটি কথা বলব। আমি মনে করেছিলাম এ সম্বন্ধে বিরোধী পক্ষের মাননীয় সদস্য Learned Lawyer কিছু বলবেন। কিন্তু তিনি বলেননি।

গনতান্ত্রিক দেশে বিচারকে একটি উচ্চ আসন দেওয়া হয়ে থাকে এবং আমাদের ভারত সরকারও তাকে উচ্চ আসনে স্থান দিয়েছেন। কিন্তু কতকগুলি বিষয়ে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং হাউসকে সেগুলির প্রতিকার করার জন্য অনুরোধ করছি। যেমন আজ অনেকদিন যাবত এখানে District Session Judge নাই। তাতে অনেক Session case ও Appeal pending পড়ে আছে এবং বিলম্বিত হচ্ছে। আমি সেই সম্পর্কে মাননীয় মন্ত্রীমহোদয়ও House এর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে বিচার অবিলম্বে করা হয় নতুবা মানুষের ভয়ানক অসুবিধা হবে।

তারপর আমি বলব Sub-divisional Courtএ যে Munsiff আছেন তাঁদের যে pecuniary jurisdiction আছে এতে publicএর অসুবিধা হচ্ছে। যেমন বহু আগে সেই pecuniary jurisdictionএ limit ছিল দু হাজার। আজকে Land value অনেক বেড়ে গেছে। সেই land value বাড়ার সাথে সাথে যদি Munsiffদের pecuniary jurisdiction বাড়ানো না হয় তাহলে একটা অসুবিধার সৃষ্টি হয়। মফঃস্বলের লোকদের সদরে এসে কেস করতে ও মামলা তদারক করতে অসুবিধা ভোগ করতে হয় ও ক্ষতিগ্রস্থ হতে হয়। এই জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয় ও হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। তার পরে আমি বলব যে ত্রিপুরায় কতকগুলি Zone করা হয়েছে এবং Zoneএর chargeএ আছেন Zonal S. D. O. বা Deputy Collector. আমি বলব Cr. P. C.তে Zonal S. D. O. Deputy Collector বা, Addl. S. D. O. Addl. S. D. M. বলে কোন Provision নাই। কাজেই আমি বলব এই সমস্ত designation সংশোধন করার জন্য এবং যে সমস্ত A. S. D. O. আছেন সেই সমস্ত Addl. S. D. O.দের Cognizance এর power দেওয়া উচিৎ। নতুবা অসুবিধা হচ্ছে। এই সম্পর্কে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। যেমন একজন Zonal S. D. O. তিনি কয়েকটি Sub-Divisionএর chargeএ আছেন। তিনি হয়ত কার্য্য-কারণে অন্যত্র গেছেন এবং সেখানে ২।৩ সপ্তাহ থাকতে পারেন। তাঁর অবর্ত্তমানে Addl. S. D. Oর যদি Cognizanceএর power না থাকে, তাহলে caseগুলো pending অবস্থায় থাকে, কারণ congizance power না দিলে পরে তার পক্ষে examination করার সুবিধা থাকেনা। এমন একটা ব্যপার ঘটতে পারে যার ফলে হয়ত একটি জিনিষ আজকেই উদ্ধার করতে হবে কিন্তু সেই সময় তিনি তা পারেন না। সুতরাং এই যে বিচারের অসুবিধা হচ্ছে সেই বিষয়ে Houseএর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা আমি বলছি যে Cr. P. C. Section ২০০তে আছে যে complain file করার সঙ্গে সঙ্গেই তাকে examine করাতে হবে।

২ দিন পর বা ১৫ দিন পর examination করার এমন কোন বিধান নাই। সেই ধারাটার আমরা অবমাননা করছি। সুতরাং এই সম্বন্ধে আমি House এর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আরও বলব যেমন একজন পুলিশ একজন murder case এর আসামীকে ধৃত করে Addl. S. D. O. এর কাছে আনলেন, 2nd class Addl. S. D. O. এর কাছে আনলেন। সেই Addl. S. D. Oর সেই case inquiry করার বা বিচার করার কোন ক্ষমতা নাই। সেই পুলিশ, যে murder case এর আসামী আনল তাকে যে remand করা হবে সেই remand টা হবে illegal. সেই illegal remand এর against এ সে যদি Appellate Court এ move করে তাহলে সে discharge হয়ে যাবে। Bail তাকে দিতেই হবে। সুতরাং এই যে অবস্থার উদ্ভব হয়েছে সেই সম্পর্কে আমি House এর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতিকালে আমরা দেখতে পাচ্ছি যে আজ ত্রিপুরা সরকার আমাদের Trying Magistrate দের better magistracy দেওয়ার জন্য বাইরে training এ পাঠাচ্ছেন। আমি আশা করি সত্বরই আমরা better Magistrate পাব। আমি Police Department সম্বন্ধে এখন কয়েকটি কথা বলব। Demand No. 12. Police Department এ আমাদের ১,৪৬,৪৭,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে। Police শান্তি রক্ষক। শান্তিতে আমরা বসবাস করি এবং পুলিশ তা রক্ষা করে যাচ্ছে। আমাদের ত্রিপুরা পুলিশের যথেষ্ট দায়িত্ব রয়ে গেছে। ত্রিপুরার তিনদিক পাকিস্তান দ্বারা পরিবেষ্টিত। ত্রিপুরার পুলিশকে সেই সীমান্ত রক্ষা করতে হয়। দেশের আভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষাও করতে হয়। সুতরাং ত্রিপুরার পুলিশ যেভাবে কার্য্য করে যাচ্ছে তা অত্যন্ত প্রশংসনীয়। আজকে আমরা দেখতে পাচ্ছি, যে ত্রিপুরাতে অনেক black marketing হত তা ত্রিপুরা পুলিশের সহায়তায় অনেকটা বন্ধ হয়েছে। আমি আশা করি যাতে black marketing ও smuggling না হয় ত্রিপুরা পুলিশ সেই দিকে নজর দেবে। মাননীয় মুখ্যমন্ত্রীর Statement এ আমরা দেখতে পাচ্ছি যে ত্রিপুরা পুলিশের চেষ্টায় crime অনেকটা কমে গেছে। এই কথাটা ঠিক। কারণ অন্যান্য বৎসরের তুলনায় আমরা লক্ষ করছি দেশের crime অনেকটা কমে গেছে। এতে পুলিশের একটা activeness আছে। এখানে একটি কথা আমি উল্লেখ করব। ইতিমধ্যে আমাদের ধর্ম্মনগরে কয়েকটা murder case হয়েছে। কিন্তু investigation করা সত্ত্বেও crime detect হয়নি। সেই সম্পর্কে আমি পুলিশকে দোষী করি না। আমি বলব যে আমাদের ত্রিপুরায় এখনও উন্নত ধরণের investigation এর অভাব আছে। আমার মনে হয় উন্নত ধরণের investigation এর জন্য এখানে একটা Forensic laboratory হওয়া দরকার। Foot print, finger print ইত্যাদি পরীক্ষার জন্য এখানে একটা laboratory করা আবশ্যক। উন্নত ধরণের যে inquiry হয় সেই দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। নতুবা crime বেড়ে যাবে, যদিও আমাদের এখানে crime কমছে। কিন্তু যদি অপরাধীকে ধৃত করা না যায় তাহলে crime আরও বেড়ে যাবে। সুতরাং এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহোদয় ও House এর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি বলব পূর্ত্ত বিভাগ সম্পর্কে। আমাদের পূর্ত্ত বিভাগের Demand No. 27 ২,৪৩,৬১,০০০ টাকা এবং Demand No. 42এ ১,৬৯,৮৩,০০০ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। পূর্ব্বে ত্রিপুরাতে কোন রাস্তাঘাট ছিল না বললেই চলে। কিন্তু বর্ত্তমান সময়ে আমরা দেখছি আমাদের ত্রিপুরায় যথেষ্ট রাস্তাঘাট হয়েছে। গ্রাম হতে গ্রামান্তরে, এক টাউন হতে অন্য টাউনে যাতায়াতের যথেষ্ট রাস্তাঘাট হয়েছে। আমরা আশা করি আরও রাস্তাঘাট তৈরী করে মানুষের চলাচলের সুযোগ সুবিধা করতে পারব। পূর্ব্বে ত্রিপুরা ছিল যোগাযোগ বিচ্ছিন্ন। বর্ত্তমানে সেই বিচ্ছিন্নতা নাই। সুদূর পাহাড় অঞ্চলেও আমরা রাস্তাঘাট করতে পেরেছি এবং যোগাযোগের যথেষ্ট সুবিধা হয়েছে। কতকগুলি রাস্তা দেখা যাচ্ছে যা ৬২ ইংরেজীতে আরম্ভ হয়েছিল তা এখন পর্য্যন্তও ঠিক হয় নাই। প্রতিরক্ষার এবং জরুরী অবস্থার দরুণ কতকগুলি রাস্তা half done অবস্থায় আছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয় ও Houseএর দৃষ্টি

আকর্ষণ করছি যাতে এই সমস্ত রাস্তা অবিলম্বে Complete হয়। ত্রিপুরা যে তিমিরে ছিল আজকে সেই তিমিরে নেই এই কথা আমি বলতে পারছি। এরপর আমি বলব rail line সম্পর্কে। Railway line সম্পর্কে আমরা ইতিপূর্বেও একটি প্রস্তাব গ্রহণ করেছিলাম যে Rail line আমরা ধর্মনগর থেকে সাব্রুম পর্য্যন্ত সম্প্রসারণ করব। আগামী চতুর্থ পরিকল্পনায় যাতে আমরা Rail line সম্প্রসারণ করতে পারি সেই দিকে দৃষ্টি দেওয়া আবশ্যক। এখানে মাননীয় সদস্য Survey Settlement সম্পর্কে বলেছেন যে staff অনেক বেশী। আমি বলব ইতিপূর্ব্বে এই রকমভাবে কোন Survey Settlement হয় নাই। নূতনভাবে Survey করতে হলে staff এর দরকার এবং যে পরিমিত staff আছে তা ন্যায্য মতেই আছে। আমার ধারণা তিনি বলেছেন যে একদিকে Staff কমিয়ে দাও আবার সত্বর Survey Complete কর। আমি বুঝি না যদি staff কমিয়ে দেওয়া হয় তাহলে এই timeএর মধ্যে কি করে Survey work complete করা যাবে। তিনি বলেছেন যে ত্রিপুরার আয়তন কমে গেছে বর্ত্তমান Survey Settlementএ। আমি বলব যে এরূপ Scientific way তে ত্রিপুরাতে পূর্বে কখনও Survey Settlement হয় নাই। সুতরাং বর্ত্তমান Scientific wayতে survey করে ত্রিপুরার প্রকৃত আয়তনই record করা হয়েছে। কাউকে কাউকে জমি থেকে উচ্ছেদের কথা মাননীয় সদস্য বলেছেন। আমি বলব আইনে আছে যে যদি খাস জায়গায় কোন লোক অনধিকার প্রবেশ করে তাহলে তাকে সেই জমি থেকে উচ্ছেদ করার বিধান নতুবা কিভাবে সরকার ভূমিহীনদিগকে ভূমি দান করবেন ? সুতরাং এই উচ্ছেদ বেআইনী হবে বলে আমার ধারণা নাই। এখানে Radio Operator সম্পর্কে বিরোধী পক্ষের মাননীয় সদস্য বলেছেন। এখানে আমি বলব Radio Operatorএর যে পদ সৃষ্টি হয়েছে তাতে তার যা ন্যায্য বেতন তা দেওয়া হচ্ছে। তবে pay scale সম্পর্কে ত্রিপুরা সরকার Central Govt. এর নিকট লিখেছেন। যদি Central Govt. তা মঞ্জুর করেন তাহলে সেই Scale তারা পাবেন। এই বলেই বাজেটের সমর্থনে আমার বক্তব্য রাখছি।

Mr. Speaker— I would call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা একটি গণতান্ত্রিক রাষ্ট্রে বাস করি। কিন্তু আজকে আমাদের এই House এর চেহারা দেখলেই অনুমান করা যায় যে আজকে আমাদের বিরোধী দলের leader বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করতে পারলেন না। আমাদের এখানে roling party তাদের রাজনৈতিক প্রতিহিংসার কারণে এখন পর্য্যন্ত তাকে আটক করে রাখলেন। অতএব আজকে এই বাজেটের উপর আমার বক্তৃতা রাখবার পূর্বে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমার প্রতিবাদ আমি রাখছি। অন্তত এই বাজেট অধিবেশনে আমাদের বিরোধীদলের নেতা শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী এবং শ্রীদীনেশ দেববর্মার উপস্থিত থাকার প্রয়োজন ছিল। এই বিবেচনায় বাজেট অধিবেশন আরম্ভ হওয়ার পূর্বেই তাদের মুক্তি দেওয়া উচিত ছিল। কিন্তু তাদের মুক্তি দেওয়া হল না। বাজেট উপস্থিত করার পূর্ব্বে অর্থমন্ত্রী যে ভূমিকা এখানে পড়েছেন তাতে একটা কথা খুব সহজ ও সরলভাবে প্রকাশ পেয়েছে। ১৮ বৎসরের কংগ্রেস রাজত্বের ব্যর্থতার চিত্র এই বাজেট বক্তৃতায় আত্মপ্রকাশ করল। এই ব্যর্থতার সাফাই গাইতে গিয়ে অর্থমন্ত্রী অনেক দোহাই এখানে দিয়েছেন—তিনি দোহাই দিয়ে বলেছেন প্রাকৃতিক দুর্য্যোগ, বন্যা এবং রাজনৈতিক আকাশ মেঘাচ্ছন্ন এই সমস্ত কারণে আমরা আমাদের লক্ষ্যস্থলে পৌঁছতে পারি নাই। কিন্তু আজ এই বাজেট আলোচনা যদি আমরা করতে যাই তাহলে বাজেটে

আজকে যে টাকা ব্যয় বরাদ্দ রাখা হয়েছে সেই টাকা দিয়ে ত্রিপুরা রাজ্যের সমস্ত মানুষের সামগ্রিক-ভাবে উন্নতি, অগ্রগতি এবং জীবনের মান, Standard of living এর উন্নতি হবে কিনা সেগুলি নিশ্চয়ই আমাদের বিচার বিবেচনা করে দেখতে হবে। যদিও এখানে ১৯৬৬-৬৭ সালের বাজেটে ১৯ কোটি ৮৮ লক্ষ ১৯ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে তবু আমরা যদি সমস্ত বাজেটকে ভালভাবে দেখি বা বাস্তব অবস্থার সঙ্গে মিলিয়ে দেখি তাহলে এই কথা আমি নিশ্চয়ই বলব যে এই বাজেট ত্রিপুরার সামগ্রিক অবস্থার দিকে লক্ষ্য রেখে রচনা করা হয়নি। এই কথা বলতে আমি বাধ্য। কারণ ত্রিপুরার যারা অনগ্রসর উপজাতী বা তপশীলি জাতি, যারা গরীব, যারা মধ্যবিত্ত, যারা মজদুর, এই বাজেটে তাদের জীবনের মান উন্নত হওয়ার কোন আশাই নেই। কাজেই যে বাজেট এখানে উপস্থিত করা হয়েছে তা মামুলী বাজেট গতানুগতিক বাজেট। এই বাজেট রচনায় আমাদের মন্ত্রীমণ্ডলীর কতটুকু অবদান আছে আমি জানিনা। বিভিন্ন ডিপার্টমেন্টের আমলারা যেভাবে বাজেট রচনা করে দিয়েছেন ঠিক সেইভাবেই এই বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে। আমাদের ত্রিপুরা সমস্যা জটিল এবং ত্রিপুরাকে সমস্যা জর্জ্জরিতই বলতে হবে। কারণ সাব্রুম থেকে ধর্ম্মনগর পর্য্যন্ত সমগ্র রাজ্যের অবস্থা যদি আমরা দেখি তাহলে আমরা দেখতে পাই একদিকে বিরাট সংখ্যক উদ্বাস্তু অন্যদিকে অনুন্নত, পশ্চাদপদ উপজাতীয় জুমিয়া সমাজ। তার উপর আমাদের ভূমি সমস্যা, জুমিয়া সমস্যা, বেকার সমস্যা, রাস্তাঘাটের সমস্যা ইত্যাদি বিভিন্ন সমস্যা। কিন্তু এই সমস্যাগুলি সামনে রেখে এই বাজেট রচনা করা হয় নাই। কারণ আমি যদি দেখতাম যে এই বাজেটের দ্বারা ত্রিপুরার সামগ্রিক উন্নতি, অগ্রগতি হবে তাহলে বুঝতে পারতাম অতি শীঘ্রই ত্রিপুরার সমস্যাগুলির একটা একটা করে সমাধান করতে পারব। কিন্তু এই কথা মনে করার কোন রকম কারণ এই বাজেটে নেই। ত্রিপুরাকে যদি সামগ্রিক ভাবে উন্নত করতে হয় তাহলে প্রথমে যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করতে হবে। তারপর electricity. Electricityতে মামুলীভাবে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। তার সুদূরপ্রসারী পরিকল্পনা এখানে নেই। শুধু ডুম্বুর পরিকল্পনা, পরিকল্পনা হিসাবেই আছে। এখন পর্য্যন্ত বাস্তবে কিছু হচ্ছেনা। বিভিন্ন অজুহাত বৎসরের পর বৎসর দেখান হচ্ছে। এই হচ্ছে অবস্থা। আর একটা কথা হচ্ছে Industry সম্পর্কে যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে তা হচ্ছে অত্যন্ত মামুলী এবং গতানুগতিক। আমরা জানি ত্রিপুরা পূর্বে খাদ্যের বাড়তি এলাকা ছিল। এখানে কোন ঘাটতি ছিলনা ; আজকে জনসংখ্যা বেড়ে যাওয়ার ফলে ত্রিপুরারাজ্য ঘাটতি এলাকা। সেই ঘাটতি এলাকা পুরণ করার জন্য দুটিখাতে যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে তার দ্বারা আমরা এমন মনে করতে পারিনা যে ত্রিপুরাকে আমরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করব বা খাদ্যের ব্যাপারে আমরা অনেকদূর অগ্রসর হব। তদুপরি এই লোক আসার কারণে যে ভূমি সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যা এবং বেকার সমস্যাও আমাদের সামনে আছে। তাকে face করার মত কোন ব্যবস্থা বাজেটে নাই। যে সমস্ত লোক ত্রিপুরাতে আসতে বাধ্য হয়েছে তাদের জীবন ধারণের জন্য ভূমি দরকার। যার ফলে আজকে সাবরুম থেকে ধর্মনগর পর্য্যন্ত আমরা দেখি যে ভূমির সংকট দেখা দিয়েছে। ভূমি নিয়ে লড়াই, ভূমি নিয়ে মামলা চলছে। কারণ আমরা জানি মানুষকে বাঁচতে হলে তার জমির দরকার।

আজকে যদি জমি পেতে হয়, যারা নিরীহ, যারা পশ্চাদপদ; যারা সমাজের মধ্যে অনগ্রসর তাদের জমি কেড়ে নিতেই হবে। কারণ যারা আসছে তারাও মানুষ, তাদেরও বাঁচা দরকার। কাজেই এই সুদূরপ্রসারী সমস্যা সমাধানের যদি কোন চিন্তা চেতনা থাকত তাহলে সেইদিকে লক্ষ্য রেখে বাজেট রচনা করা হত। কিন্তু সেইদিক দিয়ে Ruling Partyর কোন দৃষ্টি নেই। কাজেই আমার কথা হচ্ছে যদি ত্রিপুরাকে সামগ্রিকভাবে অগ্রসর করে নিতে হয় তাহলে আমাদের যোগাযোগ ব্যবস্থাকে শক্তিশালী করতে হবে। যদি যোগাযোগ ব্যবস্থার কথা আমরা চিন্তা করি তাহলে আমরা কি দেখতে পাই। যোগাযোগ ব্যাপারে এই খাতে যদিও অনেক টাকা ব্যয় বরাদ্দ রাখা হয়েছে, কিন্তু আমরা জানি টাকাগুলি যথা সময়ে ব্যয় হয় না। যথা সময়ে ফেরৎ যায়। কেন? এই কথা বলে যখন আমরা প্রশ্ন করি তখন বলা হয় labour এখানে নেই, materials এখানে নেই, পাথর এখানে নেই, বিভিন্ন অজুহাতে সেই রাস্তাগুলো হয় না। যার ফলে যোগাযোগ ব্যাপারে আমরা যে খুব শক্তিশালী হয়েছি একথা মনে করার কোন কারণ নেই। যদি যোগাযোগ ব্যাপারে আমাদের শক্তিশালী হতে হয় তাহলে ধর্মনগর হইতে সাবরুম পর্য্যন্ত রেল লাইনের ব্যবস্থা করা দরকার। সেই ব্যবস্থার দিকে আজকে Ruling partyর কোন নজর নেই। সেই রাস্তা আসাম থেকে আগরতলা পর্য্যন্ত সংযোগ আছে। আজকে যদি ডম্বুর প্লেন আমরা কার্য্যকরী করতে যাই, তাহলে আমরা দেখব অনেক ভারী ভারী মেসিন এই রাস্তা দিয়ে আনতে পারবে না। রাস্তার কারণে, যোগাযোগের কারণে আমাদের সমস্ত প্লেন স্থগিত হয়ে থাকবে। কেন হল না যখন এই প্রশ্ন করা হবে তখন বলা হবে যে রাস্তা নেই, যে রাস্তা আছে, যে Culvert আছে, যে Bridge আছে তার উপর দিয়ে এই ভারী জিনিষগুলি আনা যায় না। আনা যাবে না। অতএব held up. এই অজুহাত তখন আমাদের শুনতে হবে। অতএব সেই দিক দিয়ে, আজকে electricty হচ্ছে সভ্যতার মানদণ্ড, আজকে আমরা বৎসরের পর বৎসর প্লেন করে যাচ্ছি কিন্তু এখন পর্য্যন্ত আমরা বাস্তবে রূপ দিতে পারি না। বিভিন্ন কারণ দেখান হচ্ছে। বৈদেশিক মুদ্রার অভাব ইত্যাদি। কিন্তু আজকে যদি ত্রিপুরায় বৈদ্যুতিক ব্যবস্থা আমরা না করতে পারি তাহলে Industry হবে না। Industry যদি গড়ে তুলতে হয় তাহলে বিদ্যুতের সেখানে অত্যন্ত প্রয়োজন। যেখানে বৈদ্যুতিক ব্যবস্থা নাই সেখানে Industry গড়ে উঠা অসম্ভব। কাজেই সেইদিক দিয়ে যদি আমরা বিচার বিবেচনা করি তাহলে ত্রিপুরার অগ্রগতির কথা আমরা চিন্তা করতে পারব না। কাজেই ত্রিপুরাকে যদি সামগ্রিক ভাবে উন্নত করতে হয় তাহলে Industryর উপর বেশী করে জোর দিতে হবে। Industry যদি আজকে ত্রিপুরায় থাকত, বিভিন্ন কারখানা যদি থাকত তাহলে যে সমস্ত মানুষ আজকে land hunger তাদের রোজগারের একটা সুযোগ হত। সেখানে তারা পরিশ্রম করে সংসার চালাবার মত একটা ব্যবস্থা করতে পারত। সেই ব্যবস্থা এই বাজেটের মধ্যে নেই। কাজেই এই বাজেটকে আমি বলব আমলাতান্ত্রিক বাজেট। কিছু আমলাকে পোষণ করা হবে। মাননীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন যে কৃষিতে অনেকদূর অগ্রসর হয়েছেন এবং অনেক target নাকি fulfil করা হবে ইত্যাদি অনেক বড় বড় কথা এখানে আওড়ান হয়েছে।

কিন্তু বাস্তবের সাথে যদি আমরা মিলাইয়া দেখি তাহলে আমরা কি দেখতে পাই, মাননীয় অধ্যক্ষ মহোদয়। ত্রিপুরা রাজ্যে প্রথম থেকে পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা যা দেখে আসছি তার মধ্যে পরিকল্পনা বা প্রকল্পের কোন অভাব নাই। কিন্তু সাব্রুম থেকে ধর্ম্মনগর পর্য্যন্ত আমরা যদি সমস্ত মানুষের অর্থনৈতিক অবস্থার কথা চিন্তা করি তাহলে আমরা দেখতে পাই যে দিনের পর দিন মানুষ অভাবের পথে চলছে, দারিদ্রের পথে চলছে। এই হচ্ছে অবস্থা। তদুপরি আর একটা কথা হচ্ছে এই প্রকল্পগুলি কার্য্যকরী করার নামে অনেক officer এবং মন্ত্রীমণ্ডলী কারণে অকারণে অনেক সিটিং বা সেমিনার ইত্যাদি করেন এবং বাজেটের একটা বড় অংশ সেখানে ব্যয় করা হয়। কিন্তু কার্য্যত সেই পরিকল্পনাগুলি পরিকল্পনাই থেকে যায়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ত্রিপুরা রাজ্যের মধ্যে সবচেয়ে সঙ্কটাপন্ন অবস্থা হচ্ছে খাদ্যের। এই খাদ্যের ব্যাপারে এই বাজেটের মধ্যে যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে, অবশ্য এখানে ৪৮,১৭,০০০ টাকা রাখা হয়েছে, কিন্তু যদি আমরা অন্যান্য Department-গুলি দেখি তাহলে আমরা দেখি Police খাতে রাখা হয়েছে ১,৪৬,৫৭,০০০ টাকা। অথচ কৃষি ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য এই খাতে রাখা হয়েছে ৪৮,১৭,০০০ টাকা, কিন্তু আমরা যদি ভালভাবে দেখি তবে দেখা যাবে অধিকাংশ টাকা রাখা হয়েছে officers & establishmentএর জন্য। যে খাতে টাকা ব্যয় বরাদ্দ করলে কৃষকদের কৃষি উৎপাদনের সাহায্য হত বা উৎপাদন বাড়ত সেই খাতে টাকার ব্যয় বরাদ্দ অত্যন্ত কম। যেখানে বীজের ধানের কথা, কৃষি ঋণের কথা, জল দেওয়ার কথা ইত্যাদি খাতে যদি আমরা বিচার করে দেখি, তুলনা করে দেখি তবে দেখা যাবে সেখানে ব্যয় বরাদ্দ অত্যন্ত কম। এই কৃষি বাজেটের মধ্যে অনেক officer, staff, unit ইত্যাদি করা হয়েছে এবং এই পর্য্যন্তই থাকবে। উৎপাদন ব্যবস্থা যে তিমিরে আছে সেই তিমিরেই থাকবে। বিংশ শতাব্দী শেষ হয়ে আসছে, এখন পৃথিবীর মধ্যে চন্দ্রে যাওয়ার প্রতিযোগিতা চলছে অথচ আমাদের মুখ্যমন্ত্রী তার বাজেট বক্তৃতায় যে মন্তব্য করেছেন সেখানে বন্যার, ঝড়ের এবং বিভিন্ন অজুহাত দেওয়া হয়েছে, মোটামোটি কথা হ'ল এই যে বৃষ্টি না হলে আমাদের কোন উপায় নাই। ফসল আমাদের নষ্ট হয়ে যায় এবং আকাশের জলের দিকে চেয়ে থাকতে হয়। কিছুদিন পূর্ব্বে পাকিস্তান যখন ভারত আক্রমণ করে তখন block এর মাধ্যমে অধিক ফসল উৎপাদনের যে Programme নেওয়া হয়েছিল সেই Programme অনুযায়ী বিভিন্ন জায়গায় অনেক ফসল হয়েছে একথা ঠিক। কিন্তু কৃষকরা বোরো ফসল ফলাবার পরে এখন যা একটা অবস্থা, বৃষ্টি নাই—বৃষ্টির অভাবে সমস্ত বোরো ধান শুকিয়ে গেছে এবং গরুতে খাওয়ান হচ্ছে। এই সমস্ত ঘটনা আমরা দেখি। অর্থাৎ বৃষ্টি না হলে, আকাশের জল না পড়লে আমাদের ফসল রক্ষার কোন উপায় নাই। এখন পর্য্যন্ত প্রকৃতির উপর আমাদের নির্ভর করে থাকতে হয়। এই হচ্ছে অবস্থা। কাজেই এই অবস্থার মধ্যে কৃষিখাতে যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে, অবশ্য Capital outlay—Irrigation খাতেও ব্যয় বরাদ্দ আছে। সেখানে আমরা দেখি যে খাতে ব্যয় বরাদ্দ বেশী করে ধরা হলে

উৎপাদন বাড়ত সেই খাতে এই বাজেটে নজর কম দেওয়া হয়েছে। গতবার এবং এর আগের বার যে উৎপাদন ছিল ১৯৬৬-৬৭ সালে সেই উৎপাদন যে বাড়বে সেই কথা মনে করার কোন কারণ নাই। সাধারণ প্রশাসন খাতে এখানে ৩৮,৪৩,০০০ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। সেখানে একটা জিনিষ লক্ষ্য করার বিষয় যে আমাদের অফিসাররা বা মন্ত্রী মহোদয়েরা বিভিন্ন কারণে অকারণে দিল্লীতে যেভাবে যাতায়ত করেন বা বিভিন্ন training, meeting, Seminor ইত্যাদি বাবদ যে টাকা ব্যয় বরাদ্দ হয়, আমার মনে হয় এই বাজেটের বড় একটা অংশ এইভাবেই খরচ হয়ে যায়। কাজ কিছুই সেখানে হয়না। অর্থের অপচয় সেখানে করা হয়। এই অপচয়টা অন্ততঃ বন্ধ করা উচিত। ত্রিপুরা রাজ্যে প্রত্যেকটা বিভাগেই যেমন একটা অব-হেলিত অংশ আছে সেইরকম যারা কর্ম্মচারী হিসাবে সবচেয়ে বেশী কাজ করে তাদের বেলায় কোন নজর দেওয়া হয়না। কম বেতন দেওয়া হয়। তাদের সংসার চলে কি চলে না এই সম্পর্কে কোন-রকম বিচার বিবেচনা করা হয় না। চতুর্থ শ্রেণীর কর্ম্মচারী প্রত্যেক Deptt. এই আছে। তাদের অভাব অভিযোগ সম্পর্কে তারা বহুবার representation দিয়েছে। এবং তাদের দাবী দাওয়া পরিস্কার ভাবে সরকারে কাছে রেখেছে। কিন্তু এখন পর্য্যন্ত সরকার তাদের সম্পর্কে কোন বিচার বিবেচনা করেন নাই। কাজেই আজকে বাজেটের মধ্যে তাদের দাবী দাওয়া সম্পর্কে আমি এখানে উল্লেখ করতে চাই। চতুর্থ শ্রেণীর কর্ম্মচারীরা ত্রিপুরারাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের কর্ম্মচারী-দের সমান হারে বেতন পাইতে চায়। অর্থাৎ পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্ম্মচারীদের যে হারে বেতন দেওয়া হয় ঠীক সেইভাবে তাদেরকেও সেই scaleএ যাতে বেতন দেওয়া হয় সেই দিকে লক্ষ্য রেখে তাদের বেতন দেওয়া উচিত। আর তিন বৎসরের উর্দ্ধে যারা চাকুরী করেছেন তাদেরকে quasi permanent বা অর্দ্ধস্থায়ী ঘোষণা করা উচিত। চতুর্থ শ্রেণীর কর্ম্মচারীদের ১০টাকার স্থলে অর্থাৎ Dearness allowance তারা যা পায়, বর্ত্তমান এই দুর্দিনে চাউলের এবং অন্যান্য জিনিষ পত্রের দুর্মূল্যের কথা বিবেচনা করে তাদেরকে ১০টাকা Dearness allowance এর স্থলে ২০টাকা দেওয়া একান্ত দরকার। আর Ration এর পরিমাণও বৃদ্ধি করা উচিত। আগরতলাও সহরতলীর লোকসংখ্যা হিসাব করলে প্রায় লক্ষের কাছাকাছি বা এক লক্ষের বেশী হবে। কাজেই সেইদিক দিয়ে এই ঘনবসতির অবাস্থা বিচার বিবেচনা করে যারা class IV Emplo yee তাদেরকে city allowance দেওয়া উচিত। তদুপরি বর্ত্তমানে তারা যে পরিমাণে টাকা বা বেতন পায় সেই বেতনের পরিমাণ বাড়াইয়া অন্ততঃপক্ষে ১০০ টাকা করা উচিত। আর বিশেষ পরিপূরক ভাতা যে সময় থেকে বন্ধ করে দেওয়া হয়েছে, টাকা ৭।৫০ পয়সা সেই সময় থেকে অর্থাৎ যে তারিখ থেকে বন্ধ করে দেওয়া হয়েছে সেই তারিখ থেকে তা আবার পুনর্ব্বহাল করা দরকার। সহরতলীতে একটা সাধারণ কথা—যারা class IV Employee তারা গরীব, তাদের অনেক পুষ্য আছে। তারা যে টাকা পায় সেই টাকা দিয়ে তাদের সংসার চলে না। এটা সহজ কথা এবং প্রত্যেক মানুষের ইহা উপলব্ধি করার কথা। সেই দিক দিয়ে বিচার বিবেচনা করে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা তাদের সম্মেলনে একটা প্রস্তাব নিয়েছে যে সহরতলীতে, কারণ এখন টাউন বাস চালু হয়ে গেছে, সহরের কাছা-কাছি কোন একটা জায়গার মধ্যে কলোনীর মত করে যাতে সেখানে তাদেরকে জায়গা দেওয়া হয়।

কারণ শহরে যদি থাকতে হয়, আগের সেই অবস্থা নেই, এখন ইহা ঘনবসতি এলাকা। তাদের পক্ষে তরিতরকারী করা, বা গরুবাছুর পালন করা ইত্যাদি আজকে অন্ততঃ আগরতলা শহরে সম্ভব না। কাজেই আজকে যদি কলোনী করে দেওয়া হয় শহর সংলগ্ন কোন জায়গার মধ্যে তাহলে তারা সেখানে গরু পালতে পারে, হাঁস মুরগী পালতে পারে বা বিভিন্ন তরী তরকারী ফলাতে পারে। সেইভাবে তাদের চাহিদা, তাদের সংসারের চাহিদা অনেক অংশে তারা পূরণ করতে পারে। এই প্রস্তাবটি, এই পরিকল্পনাটি সরকারের গ্রহণ করা উচিত। তারা যাতে মানুষের মত বাঁচতে পারে সেই দিক দিয়ে লক্ষ্য রেখে অন্ততঃ সমস্ত চতুর্থ শ্রেণীর কর্ম্মচারীরা যাতে একটা জায়গাতে বসবাস করতে পারে সেই পরিকল্পনা সরকারের গ্রহণ করা উচিত। কাজেই এইভাবে একটা একটা করে তারা অনেক দাবী পেশ করেছে। সেইদিক দিয়ে তারা যাতে সুযোগ সুবিধা আরো পায় সরকারের অন্ততঃ সেইদিকে লক্ষ্য রেখে তাদের দাবী পূরণ করা উচিত।

আর শিক্ষার সম্পর্কে, ত্রিপুরা রাজ্যের জনসংখ্যার তুলনায় যদিও পূর্ব্বের তুলনায় স্কুলের সংখ্যা অনেক বাড়ানো হয়েছে কিন্তু প্রয়োজনের তুলনায় অনেক কম। যেমন আমাদের এখানে কলেজও হয়েছে, বিলোনীয়াতে যেমন হয়েছে, উদয়পুরেও একটা কলেজ হওয়া দরকার। সেখানেও বেসরকারীভাবে একটা কলেজ চালনা করার চেষ্টা করা হয়েছে, কিন্তু জনসাধারণের যে অর্থনৈতিক অবস্থা সে অবস্থায় তাদের পক্ষে বেসরকারীভাবে কলেজ চালানো অসম্ভব। সেই দিক দিয়ে লক্ষ্য রেখে অন্ততঃ উদয়পুরেও একটি কলেজ স্থাপন করা আমাদের একান্তভাবে প্রয়োজন। তদুপরি যে সমস্ত সিনিয়র বেসিক স্কুল আছে, সিনিয়র বেসিক স্কুলগুলিকে upgrade করার ব্যাপারে আমাদের মন্ত্রী মহোদয় বা Deptt. কর্তৃপক্ষ বিভিন্ন স্কুলে গিয়ে অনেক কথা দিয়ে থাকেন। অনেক সময় প্রতিশ্রুতি দিয়ে থাকেন মানুষকে আশ্বাস দিয়ে থাকেন যে আমরা চেষ্টা করবো, আমরা করে দেবো, এই সমস্ত কথা—যেখানে ওনারা পারেন না সেখানে এই সমস্ত প্রতিশ্রুতি না দেওয়াই বাঞ্ছনীয় ছিল। যেমন আমি একটি ঘটনা বলি—চড়িলাম জুনিয়র হাইস্কুল Class VIII পর্য্যন্ত সেখানে আছে। বিরাট এলাকা, অনেক ছাত্র সেখানে। এই স্কুলটি up grade করা খুবই দরকার। এই necessity নিশ্চয়ই মন্ত্রীমণ্ডলীও উপলব্ধি করবেন এবং মাননীয় উপমন্ত্রী শ্রী ভৌমিক সেখানে গিয়েও এসেছেন এবং স্কুল কমিটির যারা মেম্বার তাদেরকে তিনি আশ্বাসও দিয়ে এসেছেন যে আমরা চেষ্টা করবো, First preference দেবো ইত্যাদি নাকি বলেছেন। কিন্তু কার্য্যতঃ up grade করা হলো না, মানে যথা সময়ে করা হলো না। ওনার আশ্বাসের উপর ভিত্তি করে স্থানীয় জনসাধারণ, স্কুল কর্তৃপক্ষ অনেক ছাত্রদের সেখানে আটকিয়ে রেখেছিলেন। কিন্তু শেষ পর্য্যন্ত যখন খবর পাওয়া গেল যে স্কুলটা up grade আর হলো না তখন সেখানকার ছাত্রদের বিলোনীয়া, সাব্রুম পর্য্যন্ত যেতে হয়েছে। কারণ এখানে বোধজং কিংবা উমাকান্ত একাডেমিতে ভর্ত্তি হওয়ার সময়ও নেই, সিটও নেই। এইভাবে অযথা যেখানে ওনারা পারবেন না সেই সমস্ত জায়গার মধ্যে unnecessary ছাত্রদের haras করার যে কি যুক্তি আছে সেটা আমি বুঝি না। আরো অনেক স্কুল আছে যেমন ছেলেমাতে একটা সিনিয়র বেসিক স্কুল আছে। মাননীয় মুখ্যমন্ত্রী নাকি সেখানে গিয়ে বলে এসেছেন—যে সেটা up grade করা হবে। কিন্তু সেটাও up grade

করা হলো না। অর্থের অভাবে নাকি সেটা up grade করা হলো না। এ ভাবে শুধু ছেলেমা নয়, চড়িলাম নয়, ত্রিপুরা রাজ্যের মধ্যে এই রকম বহু স্কুল আছে, সিনিয়র বেসিক স্কুল, এই স্কুলগুলিকে অতি সত্বর up grade করা উচিত। মানিক ভাণ্ডারে যেমন up grade করা হয়েছে ঠিক তদ্রূপ ছেলেমাতেও ছাত্র সংখ্যা কোন অংশে কম নয়। সেখানেও up grade করা দরকার। বিশ্রামগঞ্জে যেমন up grade করা হয়েছে, ঠিক তদ্রূপ চড়িলামেও ছাত্র সংখ্যা নেহাত কম নয়। সেটাও up grade করা দরকার। এই ভাবে দৃষ্টি রেখে আজকে যদিও আমরা Education Budget এ অনেক ব্যয় বরাদ্দ তুলনা মূলক ভাবে আমরা রেখেছি, কিন্তু তার প্রয়োজনের তুলনায়, আমাদের চাহিদার তুলনায় এই ব্যয় বরাদ্দের টাকা দিয়েই আমরা সমস্ত চাহিদা যে পূরণ করতে পারবো এই কথা মনে করার কোন কারণ নাই। কারণ এই দিক দিয়ে শিক্ষা হচ্ছে জাতির মেরুদণ্ড। সেই দিক দিয়ে চিন্তা রেখে অন্ততঃ Education Budgetএ আমাদের ব্যয় বরাদ্দ আরো বেশী করে রাখা দরকার। আর Education Deptt.এ Physical Education এর মধ্যে যে অবস্থা চলছে সে সম্পর্কে দু' একটি কথা উল্লেখ না করে পারছি না। দলজিৎ সিং নামীয় ভদ্রলোক হলেন N. I. S Coach. অবশ্য এই ভদ্রলোকের কল্যাণে ত্রিপুরা এইবার একটা প্রাইজও পেয়েছে। এটা খুব ভাল কথা। ওনার উপযুক্ততা সম্পর্কে আমি কিছু বলব না। এই রকম একটা উপযুক্ত লোক দরকার। তথাপি একটা কথা বলতে হয় এই Coach training নিয়ে এসেছেন এই রকম ত্রিপুরা সরকারের পক্ষ থেকে বা সরকারের খরচে Coach training নিয়ে এসেছেন এমন অনেক লোক এখানে আছেন। কিন্তু তাদেরকে এই পদে এখন পর্য্যন্ত বহাল করা হচ্ছে না। আর একটা কথা হচ্ছে আমাদের পুরানো মাষ্টার যিনি বহুদিন থেকে উমাকান্ত একাডেমীতে খেলাধুলার চার্জে ছিলেন—সবাই জানেন শ্রীত্রৈলক্য নাথ দও ওরফে লারু দত্ত, তিনি আমাদেও মাষ্টার। খেলাধুলার ব্যপারে ওনার যথেষ্ট অভিজ্ঞতা আছে। তিনি একজন Sportsmanও বটেন। তদুপরি তিনি All India sports gameএর একজন মেম্বার। তথাপি এই ভদ্রলোককে আজকে Asstt. Inspector করে রাখা হয়েছে। ওনাকে কোন উন্নতি দেওয়া হয় না বা ওনার সম্পর্কে কোন বিবেচনা করা হয় না। একটা কারণ যদি roling party ধরে থাকেন যে ওনার educational qualification কম। সে দিক দিয়ে যদি ওনার উন্নতির Bar থেকে থাকে, তবে একটা কথা এখানে আমাকে উল্লেখ করতে হয় যে শ্রীবিনয় নন্দী বলে যে ভদ্রলোক craft training centreএ আছেন, তিনি হচ্ছেন craft training centreএর Principal. তিনি যদি Matriculate হয়েও Principal হতে পারেন, তবে আজকে শ্রীত্রৈলক্য নাথ দত্ত বা লারু দত্ত কেন তিনি উন্নতি পাবেন না। সে হচ্ছে আমার বক্তব্য। অথচ রমেশ রায় নামক ভদ্রলোক বর্ত্তমানে Supdt. Physical education আছেন কি কারণে? তিনি যখন গোয়ালিয়ার trainingএ ছিলেন, trainingএ থাকা কালীন তিনি ত্রিপুরাতে অনেক সময় আসা যাওয়া করেন এবং training centreগুলি organise করেন। এবং এতদূর থেকে আসা যাওয়া বাবত T. A. ইত্যাদি নিয়ে থাকেন। এই হচ্ছে অবস্থা। অথচ এখানে লোকজন থাকা সত্বেও যারা এখানে আছেন তারা কোন সুযোগ সুবিধা পান না। যে ভদ্রলোকটি গোয়ালিয়ার training এ আছেন, এখানে যে সমস্ত training centre গুলি হয়—এই trainning centre গুলি opening বা organise করার জন্য ঐ ভদ্রলোককে এখানে

আনা হয় এবং তাকে দিয়ে করানো হয়। তার আসা যাওয়া খরচ ইত্যাদি সব তাকে দেওয়া হয়। মীরা ভট্টাচার্য্য নামক এক শিক্ষিকা Craft Trained, বোধহয় স্কুলে কিছুদিন ছিলেন। তারপর তাকে চট্ করে Physical Education Deptt. এ নিয়ে আসা হলো। উনাকে Physical Instructor পদে উন্নীত করা হয়। কিন্তু Physical Education সম্পর্কে তার কোন training নেই। অথচ Physical Education সম্পর্কে training আছে এমন বহুলোক আছেন। তাদেরকে এই সুযোগ দেওয়া হচ্ছে না। এই হলো অবস্থা। বর্ত্তমানে আমি যে কথাটি এখানে বলতে চেয়েছিলাম. যে লারু দত্তকে কেন দেওয়া হলো না? অন্য আরেকজনকে কেন রাতারাতি প্রমোশন দেওয়া হলো? এই সম্পর্কে আমি কিছু বলতে চাই। জ্যোতিলাল চক্রবর্ত্তী নামক এক ভদ্রলোক এখন হলেন Supdt. of Physical Education. প্রথমে চাইরপাড়া সিনিয়র বেসিক স্কুলে উনি মাষ্টার ছিলেন। Physical training দেওয়ার পর ওনাকে Physical Instructor করা হলো। এরপর Asstt. Inspector of Schools হলেন। একই বছরে রাতারাতি প্রমোশন দিয়ে তাকে Supdt. of Physical Education পদে উন্নীত করা হলো। এই হলো অবস্থা। Mismanagement. কিভাবে খাতির করে করে Education Deptt. এ Physical Education এর অংশটাকে কিভাবে পঙ্গু করা হচ্ছে তার সম্পর্কে আমি এখানে কয়েকটি উদাহরণ রাখলাম। অথচ আজকে যদি আমরা তুলনা করে দেখি, All India তো বাদই দিলাম—ত্রিপুরার Basisএও যদি চিন্তা করে দেখি তাহলে এই যে জ্যোতিলাল চক্রবর্ত্তী তার sportsman হিসাবে কোন খ্যাতিও নাই, পরিচিতও না। খেলার জগতে ওনার সম্পর্কে মানুষের কোন আইডিয়াই নাই। লারু দত্ত অনেকদিনের পুরানো। তিনি একজন sportsman. তাকে এইভাবে দাবিয়ে রাখা হয়েছে। রাতারাতি যেহেতু খাতিরের লোক তাকে একটার পর একটা প্রমোশন দেওয়া হচ্ছে। এমন আরো শুনা যাচ্ছে তাকে নাকি আরোও প্রমোশন দেওয়া হবে। ঐ ভদ্রলোককে District হিসাবে কি একটা করা হবে বলে শুনা যাচ্ছে।

প্রশ্ন—কাকে?

শ্রীঅঘোর দেববর্ম্মা—শ্রীজ্যোতি লাল চক্রবর্ত্তীকে।

প্রশ্ন:—আরো প্রমোশন?

শ্রীঅঘোর দেববর্ম্মা:—হ্যাঁ, আরো প্রমোশন।

আমার বক্তব্য হচ্ছে যে Physical Instructorএর কথা আমি বলছিলাম। Physical Instructor দের সাধারণতঃ স্কুলেই থাকার কথা। যে সমস্ত ব্যক্তিদিগকে Physical Instructor হিসাবে training দিয়ে আনা হয় সাধারণতঃ তারা স্কুলেই থাকবে, ছেলেমেয়েদের শিখাবে এই হচ্ছে কথা। কিন্তু প্রশ্ন হচ্ছে এই সমস্ত মানুষকে কেন Education Deptt. অর্থাৎ Directorateএ রাখা হচ্ছে। কারণ একটা group করতে হবে। অতএব সমস্ত মানুষকে বাছাই করে নিয়ে সমস্ত trained Inspectorদের স্কুল থেকে নিয়ে Education Directorate একটা group করে রাখা হয়েছে। এই হলো অবস্থা। যেমন মীরা ভট্টাচার্য্য, Physical Instructor, স্কুলে থাকার কথা। কিন্তু স্কুলে নেই। তারপর তুলসী দত্ত, Physical Instructor, নিতাই চক্রবর্ত্তী আরোও এমন

অনেক আছে তাদের Education Directorate এ আসার কি যৌক্তিকতা আছে। সেই হলো আমার প্রশ্ন। তাদের স্কুলে থাকার কথা, কিন্তু স্কুলে তাদের রাখা হচ্ছে না। কাজেই এইসমস্ত যে ব্যাপার আজকে Physical Education Deptt. এ চলছে। এই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি House এর দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker :—There is a cut motion on this subject. Hon'ble member will face difficulty to discuss at that time. It will not be allowed again to discuss.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয় অন্যান্য বিষয়বস্তু সম্পর্কে আমি খুব বিস্তৃতভাবে যাচ্ছি না। কারণ এইগুলি Demand wise discussion এ বিস্তৃতভাবে আলোচনা করব। আমি শুধু বনকর বিভাগ সম্পর্কে কয়েকটি কথা এখানে উল্লেখ করতে চাই। আজকে আমি বন বিভাগ বলবনা, জন উৎপীড়ন বিভাগ বলব।

Mr. Speaker :—জন উৎপীড়ন না বন উৎপীড়ন ?

Shri Aghore Deb Barma :—জন উৎপীড়ন। কারণ মানুষের উপকারের জন্য বনরক্ষা বা বনবিভাগের সৃষ্টি, কিন্তু বনবিভাগ যে ভাবে ত্রিপুরা রাজ্যের মানুষকে তিক্ত ও অতিষ্ঠ করে তুলেছে অর্থাৎ তাদের অত্যাচার ও জুলুমের মাত্রা ছাড়াইয়া গিয়াছে। ত্রিপুরার Ruling Party যদি বন বিভাগের এই সমস্ত অত্যাচারের কোন প্রতিকার না করেন তাহলে ত্রিপুরার জনসাধারণ আর এই সব অত্যাচার সহ্য করতে প্রস্তুত নয়। যেমন বহুদিন পূর্ব্বে, ২০/২২ বৎসর বা ৪০ বৎসর পর্য্যন্ত যারা ঘরবাড়ী করেছিলেন সেখানে Forest Deptt. জোর করে তাদের উচ্ছেদ করে Forest Reserve করেছে। আমি বহু উদাহরণ দিয়েছি, এখনও দিতে পারি। ১৯৬৫ সালে কমলপুর বিভাগে মকুছড়া নামক স্থানে Forest Reserve Boundary demercate করার সময় নিম্নলিখিত বাড়ীগুলি Reserve এর অন্তর্ভূক্ত করা হয়। যেমন যোগেশ দেববর্মা, রামকান্ত দেববর্মা, তার জোত ও জমি মিলে ১ কানি ১০ গণ্ডা, লক্ষীরাম ৫ কানি, জিরামোহন ৪ কানি, তারা প্রত্যেকেই ৫০০৲ টাকা করে জুমিয়া পুনর্ব্বাসনের জন্য পেয়েছে এবং তাদের নামে তৌজি স্থাপন হয়েছে অথচ জোড় করে Forest Deptt. ঐ জায়গায় Forest Reserve এর অন্তর্ভূক্ত করে নেন। সাব্রুম বিভাগে কালাপানি হইতে চালতা মহু পর্য্যন্ত বিরাট একটা গোচারণ ভূমি Forest Reserve এর অন্তর্ভূক্ত করে নেওয়া হয়। ফলে আশে পাশের অধিবাসীদের গোপালনের অসুবিধার সৃষ্টি হয়েছে। Forest Reserveগুলি এমনভাবে করা হয় যেখানে যেখানে লোক বসতি আছে ঠিক সেই সব জায়গায় তাদের জোতের ৪/৫ হাত জায়গা পর্য্যন্ত Reservation এর বহির্ভূত করা হয় না। কয়েক বছর আগের ঘটনা, ওয়ারং বাড়ীতে গোয়াল-ঘরের বেড়া পর্য্যন্ত Forest Deptt. থেকে plantation করা হয় যদিও উক্ত বাড়ীর মালীক তাতে

আপত্তি জানান। কিন্তু Forest Deptt. এ আপত্তি শুনতে রাজী নয়। অথচ এই সকল জায়গাগুলি বহু দিনের আবাদী জায়গা এবং তারা কৃষিকাজ করে আসছে, কিন্তু Forest Deptt. এই সকল জায়গা ছাড়তে রাজী নন কারণ এইটা Reserve plantation এর ভিতর পড়েছে। অথচ আমরা দেখি ঐ বাড়ীটা বাদ দিয়ে এবং চলাচলের কিছু জায়গা ছেড়ে দিয়ে যদি plantation করা হয় তাতে কোন অসুবিধার সৃষ্টি হয় না। বন বিভাগের কর্মচারী বলেন যে আমি সেখানে কাঁটাতারের বেড়া দিয়ে হলেও plantation করবই। আমি তাকে জিজ্ঞাসা করলাম যে দেখেন আপনি যে চটছেন এই plantation কার জন্য? মানুষের জন্যই ত। কাজেই মানুষের জন্য Plantation করতে গিয়ে যদি আপনি এভাবে চটেন, মানুষ যদি রাজী না হয় তাহলে এ দেওয়াল করে কি হবে। দেওয়াল মানুষেই করবে, আবার মানুষেই ভাঙ্গবে। একথা বলার পর তিনি S. D. O কে পাঠালেন, তথায় আমিও ছিলাম, অনেক করে আলাপ আলোচনা করার পর কিছুটা সেখানে ছাড়াইয়া দেওয়া হইল। কিন্তু অনেক ক্ষেত্রে আমি দেখেছি, যে সমস্ত জায়গা রাজার আমল থেকে তারা আবাদ করেছে, বিভিন্ন রকমের ফসল ফলাইয়াছে, কারণ রাজার আমলে যেখানে ১ কানি বন্দোবস্ত নিয়েছে সেখানে ৮/১০ কানি এমন কি দ্রোণ পর্য্যন্ত থাকে। কিন্তু জরীপ যেখানে যার যেখানে ১ কানির বন্দোবস্ত পায় আর বাকী সব ত খাস এই বলে এমন কি জোতের জায়গা পর্য্যন্ত তারা Reserve areaতে নিয়ে গিয়েছে এবং জোর করে উচ্ছেদ করে plantation করছে। কাজেই আমি যে কথাটা এখানে উল্লেখ করেছিলাম যে 'জন উৎপীড়ন বিভাগ' মানুষের মঙ্গলের জন্য বন, না মানুষের অমঙ্গলের জন্য বন। অর্থাৎ এই বনের ফলে মানুষ আজ উৎপীড়িত, অতিষ্ঠ হয়ে উঠেছে। যেখানে মানুষের ঘন বসতি সেখানে plantation চাই, করতেই হবে। এভাবের ২/১ ঘটনা নয় অমরপুর বিভাগেও আমরা দেখেছি মানুষের বহু বাড়ী ঘর, জোতের জমি পর্য্যন্ত পড়েছে, কিন্তু আপত্তি করা সত্ত্বেও তারা কোন গ্রাহ্যই করে না।

Ruling Party অনেক সময় বলে থাকেন যে জুমিয়াদের জুম কাটা বন্ধ আমরা করিনি, তখন আমরা জুম করার জন্য অনেক forest case দেওয়া হয়েছে তার উল্লেখ করি। তখন তারা বলেন যে না আমরা জুম করা বন্ধ করিনি, কিন্তু আমরা দেখি সাব্রুম ডিভিসনে জুম করার জন্য তাদের বিরুদ্ধে শতাধিক কেস্ দায়ের করা হয়েছে। সাব্রুম থেকে ধর্মনগর পর্য্যন্ত সব জায়গায়ই দেখি আমরা এই অবস্থা। ছামনু অঞ্চলে আমরা দেখছি যে জুম কাটা বন্ধ করার ফলে প্রায় ৫০০ জুমিয়া পরিবার সেখান থেকে অন্যত্র চলে যেতে বাধ্য হয়েছে। যে সমস্ত forest plantation করা হয় সেগুলি যদি আমরা দেখতে যাই তাহলে আমরা কি দেখি? আমরা যখন বড় রাস্তার ধারে যাই তখন আমরা দেখতে পাই সাইন বোর্ডে লিখা থাকে, দেখুন আপনাদের সাহায্যে কি রকম বাগান হয়েছে ইত্যাদি। ঐখানের গাছগুলি দেখতে বড় সুন্দর লাগে ঠিক, কিন্তু একটুখানি যদি ভিতরে ঢুকে দেখেন,—যদি চড়িলাম যান আমার বাড়ীর সংলগ্ন অনেক বিজ্ঞাপন দেখবেন বড় রাস্তা বাদ দিয়ে যদি একটুখানি ভিতরে যান তাহলে দেখবেন সেখানে জঙ্গলে পরিপূর্ণ। সারা বৎসরে একবারও জঙ্গল সাফ করা হয়না। Plantationএর গাছ সেখানে খুঁজে পাওয়া মুস্কিল। এমন বহু জায়গা আছে, যেমন নূতন বাজার sideএ, বহু plantation হচ্ছে, টঙ্গিয়া প্রথা বা বিভিন্ন প্রথার মাধ্যমে বা forest plantationএর মধ্যমে যে সমস্ত করা হচ্ছে সেখানে

গাছের চারাই নাকি এ রকম। একটুখানি ভিতরে যান সেখানে চারাই নাই। অর্থাৎ এই যে plantation এটা demonstrative purpose এ অর্থাৎ লোকে দেখবে বড় বড় অফিসার বা মানুষ যারা যাবে তারা দেখবে। যদি plantation করতে হয় তাহলে লোক বসতি যেখানে কম সেখানে করা বাঞ্ছনীয়। সেখানে করলে মানুষের কোন অসুবিধা হবেনা। এই সমস্ত দিকে লক্ষ্য রেখে plantation করা দরকার। এই সম্পর্কে আমার আরও কতগুলি অভিযোগ আছে। Demand আলোচনা করার সময় সেগুলি আলোচনা করার বিষয়ে আমি চেষ্টা করব। ত্রিপুরা রাজ্যের জনসাধারণকে আমাদের Forest Deptt কি কি অসুবিধায় ফেলছেন তার আর একটা ঘটনা আমি এখানে উল্লেখ করছি। গত কিছুদিন আগে, চড়িলামে যে একটা reserve forest area আছে সেখানে রামকৃষ্ণ পাড়ার কাছে একটা লোঙ্গা জমিতে আমাদের গ্রামের ছেলেরা যখন গরু চরাচ্ছিল তখন হঠাৎ forest petrol guard কয়েকজন গিয়ে অনেকগুলো গরু নিয়ে চলে যায়। যাওয়ার পরে গরুগুলিকে তারা খোয়াড়ে দিয়ে দেয়। তারপর বাধ্য হয়ে গ্রামের লোকদের খোয়াড়ে যেতে হল। খোয়াড়দার বলল তোমরা আগে ঐ forest office থেকে ভাটিয়াল কেটে আন। এখন কথা হল ভাটিয়াল কাটিতে হলে সেখানে টাকা লাগে। ভাটিয়াল চেক্ না দেখালে গরু দিবেনা। তারপর এক একটা গরুর পেছনে ৫৲ টাকা করে ভাটিয়াল চেক্ কেটে আনার পরে আবার খোয়াড়ে গিয়ে গরু পিছু ৫৲ টাকা করে দিয়ে গরু ছাড়ায়ে আনে। এভাবে প্রায় ৩০টা গরু তারা খোয়াড়ে নিয়ে যায়। এই হল অত্যাচার এবং জুলুমের একটা নমুনা। জঙ্গলের মধ্যে সাধারণতঃ plantation এর বড় বড় গাছ থাকে। তাছাড়া আমি একথা বলতে পারি এই grow more foodএর প্রচার, প্রপাগাণ্ডায় লাটিয়াছড়া গ্রামের মধ্যে সব চাইতে বেশী বিশালগড় ব্লক এরিয়ার মধ্যে বোরো চাষ হয়েছে। সেই কারণে সেখানে খোয়াড় ও আছে, তারা সেখানে সব সময় গরু ছেড়ে রাখেনা। কিন্তু জোর করে তাদের গরু গ্রাম থেকে নিয়ে আসে এবং বিশালগড় খোয়াড়ে দিয়ে দেয়। ফলে এক একটা পরিবারকে ৫০।৬০৲ টাকা করে দিতে হয়েছে। এভাবে দিনের পর দিন জুলুম চলেছে। আগে ত্রিপুরা রাজ্যের মধ্যে পুলিশরা জুলুম করত, এখন পুলিশদের সীমা ছাড়িয়ে বনকর বিভাগের লোকেরা জুলুম চালাচ্ছে। এই রকম বহু ঘটনা আছে। পরবর্তী সময়ে আমি তা বলতে চেষ্টা করব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :— I would now call on Shri Gopesh Ranjan Deb.

Shri Gopesh Ranjan Deb :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে House এর সামনে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে আমি অভিনন্দন জানাই। তার বিভিন্ন Headএ যে সমস্ত টাকা রাখা হয়েছে উন্নতি ও অগ্রগতির পক্ষে সেটা যথোপযুক্ত বলে আমি মনে করি। তারজন্য তাকে আমি আন্তরিক সমর্থন জানাই। বাস্তব দৃষ্টিতে আমরা যদি ত্রিপুরা রাজ্যের বর্তমান চেহারার দিকে তাকাই তা হলে আমরা দেখব বিরোধী দলের মাননীয় সদস্য বলেছেন যে ত্রিপুরা রাজ্যকে অন্ধকারে ঠেলে দেওয়া হচ্ছে। তাদের যে বক্তব্য তাহা নিতান্ত মামুলি এবং গতানুগতিক। বাজেটের বিরোধীতা করতে হবে সেজন্যই তাদের বক্তৃতা।

কিন্তু বক্তৃতার সঙ্গে ত্রিপুরার বর্ত্তমান অবস্থার কোন সামঞ্জস্য নাই। তারা যে তলিয়ে দেখেন তা নয়। আর দেখতে তারা যাবেনও না। কারণ বাজেটের বিরোধীতা করতে হবে। মাননীয় সদস্য সর্ব্বপ্রথমে Land Revenue Deptt. সম্বন্ধে বলতে গিয়ে Survey Settlement Deptt. এর কথা বলেছেন। আমরা জানি ত্রিপুরাতে কোন দিন Scientific Survey হয় নাই এবং ত্রিপুরার যারা জোতদার তাদের জমির যে সীমানা তার স্বত্ব সম্পর্কে সে নিশ্চিত ছিল না কোন দিনই। বর্ত্তমান যে Survey হয়েছে সেটা Scientific Survey. তার দ্বারা তার জমির demarcation হয়েছে। এই scientific survey acurate. তা কতখানি acurate তা মাননীয় বিরোধী দলের সদস্য শ্রীবীরচন্দ্র বাবু তার নিজের কথাতেই তুলে ধরেছেন। এই Survey Settlementকে আমরা কিছুতেই deny করতে পারি না। তিনি তার বক্তব্যে বলেছেন যে কোথায় নাকি একটা জমি Survey Settlement Deptt. বের করে নিয়েছেন। আমার পূর্ববর্ত্তী বক্তা মাননীয় সদস্য শ্রীমনোরঞ্জন বাবু বলেছেন যে যদি কেউ কোন খাসের জায়গা দখল করে থাকে তাহলে Survey Settlement Deptt. এর Section 15এ notice দেওয়ার অধিকার রয়েছে এবং সেই অনুসারে যদি তারা সেই জমি বের করে নিয়ে আসেন তাহলে সেটা অন্যায় নয়। এবং সেখানে নাকি তিনি উল্লেখ করেছেন ১,০৬,২৫৬টা case এই Section 15এ দায়ের করা করা আছে। আমি প্রশ্ন করতে চাই ১,০৬,২৫৬টা caseএ এতটা পরিবারের অন্তত ৭।৮ লক্ষ মানুষ হবে। যদি আমরা প্রতিটা পরিবারের ৫ জন করে ধরি তাহলে কি এই ৭।৮ লক্ষ মানুষকে Survey & Settlement Deptt. ত্রিপুরা থেকে উচ্ছেদ করেছে ? ৭।৮ লক্ষ মানুষকে Survey & Settlement Deptt. ভূমি থেকে উচ্ছেদ করেছে এই রকম রেকর্ড আছে বলে আমি মনে করি না। ত্রিপুরায় নিয়মিত ভাবে পূর্ব্বে Survey, Settlement হয় নাই। তার জন্য একে অন্যের জমি নিয়ে বসেছিল এবং খাসের জমি যে যতখানি পেরেছে দখল করে রেখেছে। আজ তা নির্দ্দিষ্ট সীমার মধ্যে আসছে তার জন্যই case হয়েছে। Case হয়েছে বলেই তাকে জমি থেকে উৎখাত করা হচ্ছে না। আমরা জানি Section 15এ হলে পরেও তারপর আবার hearing হয় এবং দেখে শুনে যদি তার জমির পরিমাণ বেশী থাকে তাহলে সেই জমি নিয়ে আসা হয় এবং তার পার্শ্ববর্ত্তী যে ভূমিহীন তাকে সেই জমি দেওয়া হয়। আমি নির্দ্দিষ্ট করে একটা ঘটনা এখানে তুলে ধরতে চাই। মাননীয় সদস্য তো জানেন যে ধর্মনগর Sub-Divisionএ কাঞ্চনপুর বাজার খাসের বাজার ছিল। এবার যখন নূতন করে বাজার settlement হয় তখন প্রত্যেকের উপরে section 15 প্রযোজ্য হয়েছে। কিন্তু আজ তারা সে জায়গা বন্দোবস্ত দিয়েছে এবং যারা বেশী দখল করেছিল তাদের থেকে কমিয়ে নিয়ে যাদের ছিল না তাদের দেওয়া হয়েছে। কাজেই যে Survey Settlement Deptt. আজ ত্রিপুরাতে মানুষকে জমির মালিক করেছে, সেই Survey Settlement Deptt. আজকে মানুষকে জমি থেকে উৎখাত করছে একথা আমি যদি বলি তাহলে ঠিক সত্যের অপলাপ করা হবে বলে মনে করি।

তারপর আরো বলা হয়েছে যে Govt. machinery কোথায় নাকি কার উপর বেআইনীভাবে নোটীশ দিয়েছে। Govt. চালাবার জন্য Govt. machinerya প্রয়োজন আছে। কিন্তু আমি জানতে চাই আমাদের কি সে সুযোগ নাই যে যদি কোন Govt. machinery বেআইনীভাবে কোথাও কারো উপর জোর জুলুম করে থাকেন তার বিরুদ্ধে কোন case আনা বা এই Houseএর সামনে সেগুলি তুলে ধরার। সে অধিকার আমাদের রয়েছে। তারজন্য কি আমরা machinery রাখব না? Machinery ছাটাই করে কি করে আমরা administration চালাব আমি মাননীয় বিরোধী দলের সদস্যের এই উক্তির মর্ম বুঝি না।

তারপর আমি Agriculture Deptt.এর কথা বলতে গিয়ে বলব যে আমাদের এই Demand No. 17 Agricultureএর জন্য যে টাকা রাখা হয়েছে তা খুবই যুক্তিযুক্ত। ত্রিপুরার কৃষকদের উন্নতিকল্পে এই টাকা রাখা হয়েছে এবং কৃষকদের উন্নতির জন্য বিভিন্ন খাতে খরচও ধরা হয়েছে। মাননীয় সদস্য কেবল দেখেছেন Pay. Allowances & honorarium other charges লক্ষ্য করেছেন, কিন্তু agricultural special Rural uplift যেখানে একটা Major Head রয়েছে, সেই Major headএ ৪,০৬,৫০০ টাকা রয়েছে কৃষকদের subsidy দেওয়ার জন্য। কিসের subsidy? বীজ, সার এবং অন্যান্য যেসমস্ত কৃষি যন্ত্রাদির প্রয়োজন তার subsidy দেওয়ার জন্য। আর খাদ্য সমস্যার কথা তারা আলোচনা করেছেন। সেই খাদ্য সমস্যা সমাধানের জন্য ত্রিপুরার ফসল বাড়ানোর প্রয়োজন আছে এবং ফসল বাড়াতে হলে তারজন্য প্রচার বা চেষ্টার প্রয়োজন। তারজন্য প্রপাগাণ্ডা করতে গেলেই demonstration করতে হবে। সেই প্রচার আমাদের ত্রিপুরার উন্নতির জন্যই এবং কৃষকদের কল্যাণের জন্যই। তিনি আরও বলেছেন যে আমেরিকা খাদ্য পুড়িয়ে দিয়েছে। তিনি হয়ত জানেন আমেরিকা কেন খাদ্য পুড়িয়ে দিয়েছে। আমেরিকাতে এমন এক সময় ছিল এবং এত খাদ্য তাদের ছিল যে তারা সেই খাদ্যের জন্য বাইরে কোন market পায় নাই। কাজেই সরকার সেই খাদ্য কিনে তা নষ্ট করে দিয়েছে, কৃষকদের ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য, কৃষককে তার ন্যায্য মূল্য দেওয়ার জন্য। আমার আশা আছে মাননীয় বিরোধী দলের যারা সদস্য আছেন তারা যদি আজ কৃষকদের পাশে এসে সুবুদ্ধি নিয়ে দাঁড়ান, কৃষকদের উৎসাহিত করেন যাতে তারা তাদের জমির উন্নততর চাষ করতে পারেন, ফসল বেশী ফলাতে পারেন, সেই ভাবে তাদের যদি উদ্বুদ্ধ করেন তবে আমাদের ত্রিপুরাও একদিন এমন হতে পারে।

আরও বলা হয়েছে যে, আমরা এবার Levy করি নাই। Levy কৃষকদের স্বার্থেই করা হয়নি। কেন্দ্রীয় সরকার যে নির্দিষ্ট rate ত্রিপুরায় কৃষির জন্য দিয়েছেন সেই rate ত্রিপুরার কৃষকদের পক্ষে অনুকূল হবে না বলেই Levy বাদ দেওয়া হয়েছিল। আরও বলা হয়েছিল যে মজুতদার, অতিলোভী এবং কালোবাজারীর হাতে চাউল গিয়ে পৌছে। কিন্তু আমরা জানি

একমাত্র যারা Producer, কৃষক যারা, তাদেরই অবাধ গতি আছে, তারা বাজারে ফসল নিয়ে বিক্রি করতে পারে। কিন্তু খরিদ্দার যারা অবাধ গতিতে খরিদ করতে তাদের অধিকার দেওয়া হয় নাই। একমাত্র যারা কিনে খান, জায়গা জমি নাই তাদেরই অবাধ খরিদের অধিকার আছে। তা ছাড়া কোন মজুতদার বা কালোবাজারীর কিনার অবাধ অধিকার নাই। আর যে procurement করা হচ্ছে, তা করা হচ্ছে নির্দিষ্ট agentদের মারফতে বা Co-operative এর মারফতে। তাদের licence দেওয়া হচ্ছে। যেকোন লোক বাজারে গিয়ে ধান, চাউল কিনতে পারেনা। কাজেই কালোবাজারী বা মজুতদার বা অতিলোভীর হাতে কিভাবে ধান, চাউল গিয়ে পড়ছে আমি বুঝতে পারিনা। যদি এমন কোন specific case থাকে, কোন কালোবাজারী বা মজুতদার মজুত করে থাকেন আমি অনুরোধ করব মাননীয় সদস্যদিগকে তারা তুলে ধরুন এবং সেগুলো যাতে সরকারের হাতে আসে তার সাহায্য করুন। পুলিশ বাজেট সম্পর্কে মাননীয় সদস্যরা এবার আমার মনে হয় খুশী হয়েছেন কারণ গেলবার থেকে এবার তাতে টাকা কম ধরা হয়েছে। কাজেই পুলিশ বাজেট সম্পর্কে এবার আমার মনে হয় তাদের বিশেষ বলার নাই।

একমাত্র প্রশ্ন হয়েছে Radio operator দের Pay scale সম্পর্কে। এই Session আরম্ভ হবার পর থেকে প্রায় প্রতিদিনই Radio operatorদের Pay scale সম্পর্কে নানা প্রশ্ন এই হাউসের সামনে এসেছে। এ সম্বন্ধে তার উত্তর মাননীয় মন্ত্রী মহোদয় দিয়েছেন। কিন্তু তাতে মাননীয় সদস্য মহোদয় নিশ্চিত হতে পারেন নাই তাই বাজেট আলোচনা কালেও Radio operatorদের Pay scaleএর উত্থাপন করেছেন। এই হাউসের আলোচনার সময়ে মাননীয় সদস্য নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে এই সম্পর্কে বুঝাপড়া হচ্ছে, এবং শীঘ্রই তাদের pay scale revised হবে।

Education Deptt. সম্পর্কে বলা হয়েছে যে শিক্ষা-দীক্ষায় ত্রিপুরা পিছনে পড়ে রয়েছে। কিন্তু মাননীয় সদস্যকে একটু চিন্তা করতে বলব যে এখানে পূর্বে প্রাইমারী স্কুল কয়টা ছিল আর এখন কয়টা হয়েছে। হাইস্কুল বলতে একমাত্র উমাকান্ত একাডেমী ছিল আর এখন Govt. ও Private মিলিয়ে ৬০টার উপর High/Higher Secondary School হয়েছে। আজ ত্রিপুরাতে কলেজ হয়েছে, মেয়েদেয় জন্য আলাদা কলেজ হয়েছে। B.T. কলেজ, হিন্দী কলেজ ইত্যাদি হয়েছে। কাজেই শিক্ষার দিক দিয়ে ত্রিপুরা যে উন্নতির দিকে অগ্রসর হয়েছে তাতে কোন সন্দেহ নাই, তবে সেটা আত্মতুষ্টির কথা নয়। এখানে লোকসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে হয়ত আরো স্কুল কলেজের প্রয়োজন আছে, সেটা আমরা অস্বীকার করব না। আমি আশা করি অদূর ভবিষ্যতে আরো স্কুল কলেজ ত্রিপুরাতে হবে। এ সম্বন্ধে একটি কথা আমি বলতে চাই। ফটিকরায় এলাকাতে সোনাইছড়ি একটি খুব বড় গ্রাম। সে গ্রামে একটি মাত্র প্রাইমারী স্কুল আছে এবং তাতে গ্রামের সকল ছেলের স্থান সঙ্কুলান সম্ভব হয় না। তারজন্য গ্রামের অধিবাসীরা মিলে অন্য দিকে আর একটি স্কুল স্থাপন করেছেন। আমি অনুরোধ করব যে সরকার যেন ঐ স্কুলের ভার স্বহস্তে গ্রহণ করেন। ঐ একই রকমভাবে কাঞ্চনবাড়ী এলাকাতে দুর্গাসাগথলা নামে একটি

স্কুল সেই গ্রামের অধিবাসীরা চালিয়ে যাচ্ছেন, সেই স্কুলটাকেও সরকারের গ্রহণ করা প্রয়োজন। আর একটা কথা এখানে বলা হয়েছে সরকারী ও বে-সরকারী স্কুল সম্বন্ধে। ১৯৬০ সালে এক গেজেট বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল যে প্রত্যেকটা সরকারী ও বে-সরকারী হাই স্কুলের শিক্ষকের বেতন সমান হবে। তারপর ডিপার্টমেন্টের এক আদেশে প্রাইভেট স্কুলের হেড মাষ্টার যারা M. A বা M.Sc. অথবা M. A. B. T নন তারা সেই স্কেল পাচ্ছেন না—কিন্তু সেই জায়গাতে গভর্ণমেন্ট স্কুলের যারা হেড্ মাষ্টার তারা হাইয়ার সেকেণ্ডারী স্কুলের হেড মাষ্টারের বেতন পাচ্ছেন। এই যে বৈষম্য তা দূর করা দরকার। আর একটা বক্তব্য আমার ছিল যারা নাকি under graduate পণ্ডিত বা কাব্যতীর্থ তাদের pay scale Revised হয় নাই একজন প্রাইমারী স্কুলের শিক্ষকের starting pay যেখানে ১২৫৲ টাকা সেখানে Matric/Higher Secondary পাশ একজন কাব্যতীর্থ starting বেতন পাবে ৭০৲ টাকা. এটা বড় অদ্ভুত ব্যাপার। আমার মনে হয় এদিকে শিক্ষা বিভাগের নজর পড়েনি, আমি আশা করব এই বিষয়ে শিক্ষা বিভাগ দৃষ্টি দেবেন। কাঞ্চনবাড়ীতে একটা Higher Secondary School হয়েছে। সেখানে ছাত্র সংখ্যা যথেষ্ট কিন্তু ঘর দরজার প্রয়োজন। তা ছাড়া টেবিল, চেয়ার Scientific equipments ইত্যাদি যাতে শীঘ্র পাওয়া যায় সেই দিকে আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করব। পাপিয়াছড়া একটি Sr. Basic School আছে। তার ছাত্র সংখ্যাও যথেষ্ট। সেখানে ৩ শিফ্টে ক্লাশ হয়, জায়গার স্বল্পতা হেতু। কাজেই উপযুক্ত স্থানের ব্যবস্থা করে সেখানে যাতে এক শিফ্টে ক্লাশ করতে পারে তার বন্দোবস্ত করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব। আর একটা ব্যাপার আমরা জানি। প্রতি বৎসর শিক্ষক দিবস পালন করা হয় এবং সেই শিক্ষক দিবসে কিছু টাকা পয়সাও আদায় হয়। জনসাধারণ তাতে দান করেন। আমরা জানতাম সেই শিক্ষক দিবসের যে তহবিল সেটা যারা দুস্থ শিক্ষক তাদের সাহায্যের জন্য। কিন্তু আমি জানি ত্রিপুরাতে এই রকম এমন অনেক Private স্কুলের মাষ্টার আছেন যারা retired হওয়ার পরে আর কোন কাজ পান না। তারা pension পান না। আজ তারা বৃদ্ধ, অচল, কর্মক্ষমতাহীন এবং তারা Education Deptt. এ prayerও করেছেন কিছু সাহায্যের জন্য। এই শেষ বয়সে তারা যদি কিছু সাহায্য পান তাহলে তারা কিছুটা আশ্বস্ত হতে পারেন বলে আমি আশা করি। মাননীয় সদস্য বলেছেন যে Class I to V যারা লেখাপড়া করেছে তাদের utilise করার কি ব্যবস্থা করা হচ্ছে। Class I to V পড়ে তার ব্যবস্থার জন্য সরকার কি চিন্তা করতে পারেন তা আমরা যদি ভাবি তাহলে আমরা দেখি যারা Class V পর্য্যন্ত পড়ে লেখাপড়া বাদ দিবেন, তাদের মধ্যে যারা কৃষকের ছেলে তারা কৃষি কাজ করতে পারেন। যদি Class IV employeeর post তারা নিতে চান তার মধ্যেও অনেক absorbed হয়ে যায়। আর তাছাড়া গ্রামে তারা কুটীর শিল্প, ছোটখাট শিল্প ইত্যাদি শিখবার জন্য চেষ্টা করতে পারেন। কোথাও মৌমাছি ধরা, রেশম শিল্প ইত্যাদি যে সব Industry রয়েছে এগুলো তারা একটা side Business হিসাবে করতে পারেন। তাদের কৃষি-কর্মের ফাঁকে ফাঁকে তারা যদি এগুলিতে মন দেন তাহলে এই বিষয়ে অভিজ্ঞতা লাভ করে কিছু উপার্জন করতে পারেন side business হিসাবে। অবশ্য

একথা আমি বলছি না যে এর দ্বারা তাদের সব খরচা চলবে। শুধু side business হিসাবে তারা এটা করতে পারেন। Class I to V পর্যান্ত যারা পড়ছে তাদের সবাইকেই যে সরকার চাকুরী দেবে এমন কোন কথা নয় এবং কোন দেশেই তা কখনো সম্ভব হয়ে উঠে না। আরো বলা হয়েছে Education Deptt. এ Scheduled caste boarding নাই। মাননীয় সদস্য বোধ হয় ভুলে গেছেন যে Scheduled Caste boarding আমাদের তুলসীবতী স্কুলে আছে ; বুধজং স্কুলে আছে, গান্ধীগ্রাম স্কুলে আছে, তেলিয়ামুড়া স্কুলে আছে এবং ফটিকরায় হাই স্কুলে আছে। এই Scheduled caste boardingগুলি Scheduled caste এর জন্য। যদি Scheduled caste না পাওয়া যায় তাহলে অন্য ছেলেরা সেখানে থাকে। কাজেই Scheduled caste boarding ত্রিপুরাতে হয় নাই একথা ঠিক নয়। তারপর Bombay Money Lenders Actএর কথা বলা হয়েছে। ত্রিপুরাতে যে সব মহাজনী কারবার ছিল—আগেরদিনের মহাজনরা ত্রিপুরার মানুষকে দেড় গুণ এবং দ্বিগুণ সুদ নিয়ে শোষণ করার চেষ্টা করতো। কিন্তু Bombay Money Lenders Act আনার অর্থই হলো যাতে লোভী ব্যবসায়ীরা জুলুম করে অধিক সুদ আদায় করতে না পারে। তার জন্য এই আইন করা হয়েছে। কাজেই পূর্ব্বে যারা ত্রিপুরাতে এভাবে মহাজনী ব্যবসা করত তারা আর আজ এ ব্যবসা চালাতে পারছে না। আজ ত্রিপুরা সরকার যাদের ঋণের প্রয়োজন তাদের নির্দ্দিষ্ট সরকারী সুদে loan দিচ্ছে। মাননীয় সদস্য বলেছেন C. D. Blockএর কথা বলে যে আমরা tribalদের প্রকাশ্যে C. D. Blockএর যে টাকা tribalদের হাতে তুলে দেই না। মাননীয় সদস্য একটু চিন্তা করলে ভাল হয় যে blockএর টাকা শুধু শুধু কারো হাতে দেওয়ার কথা নয়। এই C. D. Blockএর areaতে যে সমস্ত লোক আছে, কৃষিক্ষেত্রে তাদের অভিজ্ঞতা বাড়ানো, তাদের সাহায্য করা, তাকে উন্নত ধরণের যন্ত্রপাতি, বীজ, সার ইত্যাদি দিয়ে সাহায্য করা, যদি কেউ ঋণ নিতে আসেন তাকে শিল্পকার্য্যের জন্য ঋণ দেওয়া বা যন্ত্রপাতি দিয়ে সাহায্য করা এই হলো C. D. Blockএর উদ্দেশ্য। কেউ যদি তাঁতী থাকেন তাকে সুতা দিয়ে, চরকা দিয়ে, বা তাকে শেখাবার জন্য একজন officer দিয়ে training দেওয়া এগুলি হলো Blockএর কাজ। Blockএর উদ্দেশ্য এই নয় যে যেখানে Block হলো সেখানে গিয়ে কতগুলি টাকা মানুষের হাতে ভাগ করে দেওয়া হবে এবং তারা খুশী হয়ে যাবে। মাননীয় সদস্য বোধহয় তা ভুলে গেছেন। কাজেই তিনি যে কথা রেখেছেন যে tribalদের হাতে টাকা যাচ্ছে না ; সে কথা ঠিক। কারণ tribalদের হাতে টাকা দেওয়ার জন্য block হয় নাই। Block করা হচ্ছে যাতে tribalদের দৈনন্দিন জীবন-যাপনের পথ সুগম হয়। তারইজন্য tribal block করার উদ্দেশ্য। মাননীয় সদস্য অঘোর দেববর্ম্মা বলেছেন যে বিরোধীদলের নেতা এবং মাননীয় সদস্য শ্রীদীনেশ দেববর্ম্মা আর Houseএ নাই। কাজেই Budget discussion জমছে না। তারা Houseএ নাই বলেই যে আমাদের Budget অশুদ্ধ হবে তা আমি মনে করি না। ওনাদের অবর্ত্তমানে তিনি নিজেই পারতেন এই বাজেটকে অভিনন্দিত করে সাফল্যমণ্ডিত করতে। P. W. D. সম্বন্ধে বলা হয়েছে যে ত্রিপুরা রাজ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হওয়া প্রয়োজন।

কিন্তু আমরা জানি ত্রিপুরার যোগাযোগ ব্যবস্থা বলতে আগে মাত্র দেড় মাইল পাকা রাস্তা ছিল গার্ডপোষ্ট পর্যন্ত। বাকী ৪॥ মাইল যেটা ছিল সেটা ছিল বৃটিশ ভারতে। সেটা ত্রিপুরা রাজ্যের ভিতরে ছিল না। মাননীয় মুখ্যমন্ত্রীর ভাষণে দেখতে পাই যে আজকে ৫১৮ কিঃ মিটার বাঁধানো, ৫৯৬ কিঃ মিটার কাঁচা রাস্তা এবং ৫২০ কিঃ মিটার পিচের রাস্তা আমরা করেছি। কাজেই সে তুলনায় রাস্তাঘাট কিছুই হয় নাই বললে আমি মনে করি সত্যকে অস্বীকার করা হবে। তারজন্য রাস্তার কাজ শেষ হয়ে গেছে সে কথাও আমি বলছি না। আরও অন্তরতম অঞ্চলের সঙ্গে যোগাযোগ ব্যবস্থার প্রয়োজন আছে এবং সেই হিসাবে আমি বলতে চাই ফটিকরায় থেকে ধুমাছড়া পর্যন্ত একটা রাস্তার বিশেষ প্রয়োজন। সেটা P. W. D.র ছিল এবং P. W. Deptt. সেটা এখনও Maintain করে যাচ্ছেন। কিন্তু প্রকৃতপক্ষে রাস্তার মধ্যখানে রাস্তার কোন চিহ্ন নাই। ধান জমির আল দিয়ে মানুষ চলাচল করে। দুইপ্রান্তে মাত্র রাস্তা আছে। কাঞ্চনবাড়ী, রাতাছড়া, ধুমাছড়া এলাকা জনবহুল এলাকা এবং সেখানে আদিবাসীদের চলাচলের পক্ষে সেই রাস্তাটি একান্ত প্রয়োজন। সেখানে আরও অনুসন্ধান করলে আমরা দেখবো অধিকাংশ জায়গা খাসের জায়গা। সেই রাস্তাটি যাতে অবিলম্বে হয় সেইজন্য এই কথাটি আমি Houseএর সামনে রাখছি। P. W. Deptt. কুমারঘাট দেওনদীর উপর একটা পাকা ব্রীজ করেছেন এবং সেই ব্রীজটি করার জন্য কিছু উদ্বাস্তুকে আবার তাদের বাড়ীঘর ছেড়ে দিতে হবে, যেহেতু জায়গাটা Requisitionএ পড়ে গেছে এবং আরো কিছু লোকের জমি Acquisition করা হয়েছে। সেই পুলটা খুব প্রয়োজনীয়। আমাদের কৈলাসহরের সঙ্গে যোগাযোগ রাখতে গেলে বা বর্ডারের সঙ্গে যোগাযোগ রাখতে গেলে এই দেওনদীর উপরে যে ব্রীজ তৈরী হচ্ছে তার নিতান্ত প্রয়োজন। কিন্তু আমি এই Houseএর কাছে বলবো যে এই পুলের দরুণ যাদের জমি যাচ্ছে এবং যাদের বাড়ীঘর আজ ছাড়তে হয়েছে তাদের জমির টাকাটা অন্ততঃ তারা যাতে বাড়ীঘর ছাড়ার আগে পায় সে ব্যবস্থা যেন করা হয়। তারা নিতান্ত গরীব। তারা উদ্বাস্তু। তাদের এমন সম্বল নাই যে তারা এখান থেকে গিয়ে নিজের চেষ্টায় অন্যত্র কোন সুবিধা করতে পারে। কাজেই তারা অন্ততঃ জমির দামটা আগে পেলে তাদের পক্ষে সুবিধা হয়। তারা চলে যেতেও স্বীকার কিন্তু তাদের সেই টাকাটি পাওয়ার কাজ ত্বরান্বিত যাতে আমরা করাতে পারি তারজন্য আমি Houseএর কাছে কথা রাখছি।

বন বিভাগ সম্পর্কে মাননীয় সদস্য বলেছেন যে বন বিভাগ যেন জন-উৎপীড়ন বিভাগ। আমি বলতে চাই যে বন বিভাগ জন-উৎপীড়ন বিভাগ নয়। বন বিভাগ জনকল্যাণ বিভাগ। কারণ আমরা ত্রিপুরার বন জঙ্গল ধ্বংস করে, বেমালুম গাছ কেটে যে সর্বনাশ ত্রিপুরায় করেছি তার প্রায়শ্চিত্তস্বরূপ আমরা দেখতে পাই যে ত্রিপুরায় আর নিয়মিত বৃষ্টি নাই। যদি সেই বনবিভাগকে সচেষ্ট না করা হতো তাহলে হয়তো এই গাছপালা বা বাঁশ কোথাও আমরা ত্রিপুরার আশেপাশে দেখতে পেতাম না। কাজেই বন বিভাগ ত্রিপুরার কি করেছেন তা আমরা ত্রিপুরার এক প্রান্ত থেকে অপর প্রান্ত—ধর্মনগর হতে সাব্রুম পর্য্যন্ত দেখতে পাই যেমনি রাস্তার দু'পাশে তেমনি নদীর দু'পাশে। মাননীয় সদস্য এতেও কুপিত হয়েছেন যে রাস্তার পাশে, বাগান করা হয়েছে। রাস্তার

পাশে বাগান করারও একটা বিশেষ উদ্দেশ্য আছে। সেটা নিতান্ত লোক দেখানো নয়। কারণ আমরা জানি রাস্তার পাশে এবং নদীর পাশে বাগান করলে পরে lifting, carrying এর বিশেষ সুবিধা। তারজন্যই রাস্তার পাশে বাগান করা হয়। রাস্তার পাশেই কয়েকটি গাছ আছে মাত্র, ভিতরে গেলে কিছুই দেখা যাবে না, সেখানে শুধু জঙ্গল পড়ে আছে বলে যে কথা মাননীয় সদস্য বলেছেন তা ঠিক নয়। তিনি হয়তো জিদের বশবর্ত্তী হয়েই একথা বলতে পারেন। কারণ বনবিভাগকে তিনি জন উৎপীড়ন বিভাগ বলেছেন। আমি বলবো তিনি যদি বাস্তব দৃষ্টি নিয়ে দেখেন তাহলে তিনি দেখবেন যে আজ ত্রিপুরার সর্ব্বত্র বিভিন্ন স্থানে যে বাগান গড়ে উঠেছে তাতে আমরা আশা করতে পারি যে ২০ বা ২৫ বৎসর পর, ৩০ বৎসর পর ত্রিপুরার সেই বন-বিভাগ অমূল্য সম্পদ হবে। আরো বলেছেন যে ত্রিপুরার জুমিয়াদেরে এই বনবিভাগ সর্ব্বস্বান্ত করেছে। আমরা জানি এই বনবিভাগ ত্রিপুরার জুমিয়াদেরে কাজ দেওয়ার জন্য টাঙ্গিয়া system এ তাদেরে কাজ দিয়েছে। সেখানে তারা যেমন টাকা পেয়েছে, নিজের জুমও করেছে। Double benefit তারা পেয়েছে। কাজেই দেখা যায় যে বনবিভাগ তাদের উন্নতির জন্য, তাদের মঙ্গলের জন্য, তাদের কল্যাণের জন্য, তাদের বাঁচিয়ে রাখার জন্য যথেষ্ট চেষ্টা করেছে। সেই বিভাগ উৎপীড়ন বিভাগ নয়। সেই বিভাগেকে আমি জন কল্যাণ বিভাগ বলে যে অভিহিত করেছি, আমার মনে হয় তা ঠিকই করেছি। তাদের Forest villagers হিসাবে রাখা হয়েছে। তাদের জন্য স্কুল, তাদের জন্য রাস্তা আছে। তাদের বনজঙ্গল থেকে লাকড়ী আনার কোন মাশুল নাই। নিজের ঘর দরজা করার জন্য যে বনজ সম্পদ তার জন্য কোন মাশুল নাই। এই সব বিশেষ বিশেষ সুবিধা তারা পেয়েছে। কাজেই উৎপীড়ন কিসে হলো সেকথা আমি ভাবতেও পারি না। বনবিভাগ কত জোত জমিতেও Plantation করেছেন। তা হয়তো হতেও পারে। যদি কোন জোত জমি জঙ্গলে পড়ে থাকে, বনবিভাগ যদি তাতে Plantation করেন, তারা হয়তো জানতে পারেন নাই যে সেই জমি কারো জোত। কোন জোতদার হয়তো দাবীও করে নাই। আমি জানি আমার কাছেই সয়দাবাড়ী plantation যেটা ফটিকরায়ে হয়েছে সেখানে এরকম ঘটনা ঘটেছে। সে জমি ছনখলা ছিল। যখন বনবিভাগ সেখানে plantation করে, প্রথম যখন তারা জঙ্গল কাটে, কোদালী করে তখন জোতদার কোন আপত্তি করে নাই। যখন সেখানে বাগান গড়ে উঠেছে তখন তারা তাদের কাগজ পত্র নিয়ে সেখানে হাজির হয়েছেন যে সেখানে তাদের জোত জমি রয়েছে। আমি জানি C. F. O. নিজে তাদের সেই জোত স্বীকার করেছেন এবং তাদের compensationও দেওয়ার ব্যবস্থা করেছেন। কেউ কেউ compensationও পেয়েছে। আমি আশা করবো যারা এখনও সেই জোতজমির compensation পাওয়ার বাকি রয়েছেন তারা যাতে শীঘ্র compensationগুলি পান সেই দিকে মাননীয় বনবিভাগের যিনি মন্ত্রী আছেন তিনি সেই দিকে দৃষ্টি দিবেন। কাজেই জোত জমি থেকে তাদের উচ্ছেদ করেছে এবং তাদের যে ফলন্ত বাগান থেকে বা তাদের ধান জমি থেকে উৎখাত করা হয়েছে বলে যে কথা বলা হয়েছে সেকথা ঠিক নয়। কারণ এমনও আমরা দেখেছি যে plantation এর

sideএ যেখানে ধান জমি পড়েছে সেই সীমানা বাদ দিয়ে তারা তাদের পীলার পুঁতেছেন এবং তাদের বেড়া দিয়েছেন। কাজেই ধান জমি নষ্ট করা বন বিভাগের মোটেই উদ্দেশ্য নয়। মাননীয় সদস্য আরো বলেছেন যে Plantation সেটা demonstration purpose এ করা হচ্ছে। রাস্তার ধারে হচ্ছে বলেই তিনি মনে করেছেন যে demonstration purpose এ করা হচ্ছে। কিন্তু আমরা জানি সেটা নেহাত demonstration purpose এ নয়। সেটা commercial এর ভিত্তিতেই করা হচ্ছে এবং আবার বলছি জোর দিয়ে যে ভবিষ্যতে যদি আমরা কোন কাজ দেখতে চাই, আমার মনে হয় যে আমরা সবচেয়ে খুসী হবো বন বিভাগের কাজ দেখলে। বন বিভাগের কাজ ত্রিপুরার সর্ব্বত্র কম বেশী কিছু দেখা যায়। তিনি আরও অভিযোগ তুলেছেন যে ৫ টাকা করে ভাটিয়াল লেগেছে প্রতি গরুর। আবার খোয়ারে ও তাদের টাকা লেগেছে। তারা কি চান যে সরকার যেখানে টাকা খরচ করে plantation করছে সেটা নষ্ট হয়ে যাক। সেটা রক্ষার প্রয়োজন আছে এবং সেটাকে রক্ষা করতে হলেই তার জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন এবং রোজ যে সে ঘটনা ঘটেছে তা সত্য নয়। একদিন দু'দিন হয়তো তারা গরু খোয়ারে দিয়ে বা তাদের জরিমানা করে তাদেরে সাবধান করে দিয়েছেন যাতে ভবিষ্যতে সেই বাগান নষ্ট না হয়। সেটা সরকারের সম্পত্তি। সরকারের সম্পত্তি অর্থাৎ জন সাধারণের সম্পত্তি। আমরা যদি ভুল বুঝে সেটাকে নষ্ট করতে যাই আমাদের কিছু জরিমানা যদি সেখানে হয়ে থাকে সেটা খুব অন্যায় হয়েছে বলে আমরা মনে করতে পারি না। ভবিষ্যতের জন্য সাবধান হওয়ার জন্যই হয়তো আমাদের উপর এই জরিমানা করা হয়েছে। আরো বলেছেন যে কার গোয়াল ঘরে নাকি বন বিভাগ plantation করেছে কিন্তু আমি খুশী হলাম, পরে তিনি বলেছেন যে সে জায়গাটি ছেড়ে দেওয়া হয়েছে। আমি আশা করি যখন তিনি সেটা C. F. O.র সামনে তুলে ধরেছেন তখন C. F. O. এটা বুঝেই সে জায়গাটি ছেড়ে দিয়েছেন। ত্রিপুরাতে কারো গোয়াল ঘরে Plantation হয়েছে বলে আমি এই প্রথম শুনলাম। মাননীয় সদস্য যখন বলেছেন যে ওটা ছেড়ে দেওয়া হয়েছে তখন ওনার আর কোন অভিযোগ আছে বলে আমি মনে করি না। বিদ্যুৎ সরবরাহের কথা বলা হয়েছে। আমরা যদি আগের কথা ভাবি তখন আমরা জানি ত্রিপুরাতে বিদ্যুতের কোন ব্যবস্থা ছিল না একমাত্র মহারাজার একটা জেনারেটার ছিল তার দ্বারা রাজবাড়ী আলোকিত হতো। কিন্তু আজ আমরা দেখতে পাই আগরতলা এবং তার চতুপার্শ্ব, তাছাড়া sub-division এর Head quarter গুলি electrified হয়েছে এবং আরো পরিকল্পনা নেওয়া হয়েছে বা শীঘ্রই হবে। আরো পরিকল্পনা রয়েছে, ডম্বুর জল বিদ্যুৎ পরিকল্পনা successful করছি। সে সম্পর্কে Central Govt. এর Correspondence দু'দিন আগে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে এই house এ আমরা জানতে পেরেছি যে তারা সেটা take up করেছেন। শীঘ্রই সেই পরিকল্পনার কাজ আরম্ভ হবে। তাছাড়া আরও তাড়াতাড়ি বিদ্যুৎ আনার জন্য আমরা আসামের সঙ্গে যোগাযোগ করছি। আমরা আশা করবো যে অদূর ভবিষ্যতে সুদূর গ্রামাঞ্চলেও বিদ্যুৎ পৌছাইয়া দেওয়ার ব্যবস্থা করতে পারবো। সেখানে আমি বলতে চাই কৈলাসহর থেকে একটা বিদ্যুৎ লাইন কুমারঘাট পর্য্যন্ত আসছে। কৈলাশহর থেকে কুমারঘাটে ২৭ মাইল পাকা রাস্তা দিয়ে বিদ্যুৎ লাইন আসছে। কুমারঘাট থেকে দু'মাইল আড়াই মাইল দূরে ফটিকরায় সেখানে Parimary

Health Centre, Higher Secondary School, তহশীল আফিস, থানা, বড় বাজার এ কটা বিজনেস centre সেখানে আছে। তাই Electricityর প্রয়োজন। সেখানকার মানুষ মনে করে তারাও Electricity পাবে। এই নিয়ে আমি একটি প্রস্তাব গত বাজেট session এ রেখেছিলাম যে এই লাইনটা যাতে ফটিকরায় দিয়ে যায়। তখন আমাকে বলা হয়েছিল যে ফটিকরায় দিয়ে আনলে অসুবিধা হবে। পুরাণ রাস্তা দিয়ে আনলে Maintenance এর অসুবিধা হবে। সুতরাং কুমারঘাট পর্য্যন্ত লাইন যাবে এবং সেখান থেকে কয়েকটা পোষ্ট বাড়িয়ে দিয়ে ফটিকরায় পর্য্যন্ত electricity যাবে। আশা করি সেই যে কথা সেই কথা আমরা অদূর ভবিষ্যতে রূপায়িত দেখতে পাব। এবং ফটিকরায়ের মানুষ electricity পেয়েছে এটা আমরা শীঘ্রই দেখতে পাব বলে আশা করি। কাজেই মাননীয় বিরোধী দলের সদস্য বাজেটের বিরুদ্ধে যা বক্তৃতা রেখেছেন তা গতানুগতিক। এবং মামুলী বক্তৃতা। বিরোধিতা করতে হবে বলেই তারা রেখেছেন। এই যে বাজেট আমাদের সামনে রাখা হয়েছে তার দ্বারা ত্রিপুরার মানুষের আশা আকাঙ্খা পূরণ হবে এবং এই বাজেট যুক্তিযুক্ত। এই বলেই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—I would now call on Shri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mag, M. L. A. :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে ১৯৬৬-৬৭ সালের বাজেট মাননীয় অর্থমন্ত্রী House এ উপস্থিত করেছেন তার ব্যয় বরাদ্দ এবং টাকার সংখ্যার দিক দিয়ে দেখতে গেলে এই বাজেটকে আমি বলবো তেলে মাথায় তেল দেওয়া। কারণ একটা দিক দিয়া আমি বলবো এই ১৯ কোটি ৮৮ লক্ষ টাকা যেখানে আছে সেই ক্ষেত্রে Agriculture এর দিক দিয়ে দেখতে গেলে ৪৮ লক্ষ ১৭ হাজার টাকা এখানে রেখেছেন। অল্প সংখ্যক মাত্র টাকা কৃষির উন্নতির জন্য রাখা হয়েছে। এবং সেই সংখ্যাটি আমি House এর সামনে রাখছি Reclamation & Development of water, Construction of Bund etc. cost of equipments, maintenance of water area, maintainance of car ইত্যাদি বাবদ এখানে ` লক্ষ ৭ হাজার টাকা রাখা হয়েছে। তাছাড়া Agriculture এর জন্য যে টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে তা অধিকাংশ ব্যয় হচ্ছে অফিসার, এ্যাসিসটেন্ট, ক্লার্ক ইত্যাদি এইভাবে Agriculture এর যে ১০।১২ পৃষ্ঠা বাজেট তৈরী হয়েছে তার দ্বারা তেলে মাথায় তেল দেওয়া ছাড়া আর কি হতে পারে? কারণ আমি বাজেটের মধ্যে এ রকম একটা আশা করে ছিলাম যে পাকিস্তান যখন কাশ্মীরে হানাদার ঢুকিয়ে আমেরিকার স্যাবর জেট, প্যাটন ট্যাঙ্ক নিয়ে নগ্নভাবে আমাদের দেশ আক্রমণ করলো তখনই চতুর্দিকে কংগ্রেসের একটা হুলুস্থুলু রব শুনতে পাই যে আমরা আমেরিকার থেকে আর গম, চাউল আনবো না। তখন একজন কংগ্রেস মন্ত্রী বললেন যে আমরা পাকিস্তানের সঙ্গে লড়াই করছি না, আমেরিকার সঙ্গে লড়াই করছি। তারপর আমেরিকার কাছে যখন ধর্ণা দিল তখন আমেরিকা বলল যে না আমরা চাউল দিব না, গম দিব না। তোমরা কাশ্মীরকে পাকিস্তানের হাতে দাও তাহলে আমরা গম, চাউল দিব। তখন কংগ্রেসের মধ্যে উপরতলা থেকে নীচতলা পর্য্যন্ত grow more food এর জন্য চেষ্টা চললো।

ভারতবর্ষকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করার জন্য আমরা এই এইভাবে অগ্রসর হচ্ছি। এরকমভাবে চারিদিকে মানুষকে mobilise করতে আরম্ভ করলো যে আমরা মনে করেছিলাম এইবার বাজেটের মধ্যে কিছু একটা মোটা হরফ দেখতে পাব। আশা করেছিলাম যে বিদেশ থেকে গম এবং চাউল না এনে দেশের উৎপাদনের ইঙ্গিত এই বাজেটের মধ্যে পাব। কিন্তু সেই আশা আকাঙ্খা একেবারে ধ্বংস হয়ে গেল। এই বাজেটের মধ্যে কিছুই দেখতে পেলাম না। এখন যুদ্ধ থেমে গেছে, আস্তে আস্তে কংগ্রেস সরকার ভিক্ষার ঝুলি নিয়ে আমেরিকার কাছে ধর্ণা দিয়েছে। তারপর বিদেশীরা কিভাবে ভারতের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে সেটা মন্ত্রী মহোদয়রা হয়তো জানেন। জানলেও সেটা তো ভীষণ খবর না— বিভিন্ন দেশে খৃষ্টান যে মিশন আছে তাতে তারা ভারতবর্ষের কঙ্কালসার মানুষের ফটো ও কঙ্কালসার শিশুর ছবি লাইটপোষ্ট ও রাস্তায় রাস্তায় লাগিয়ে প্রচার করে বেড়াচ্ছে এই দেখ ভারতবর্ষের মানুষ ও শিশুরা না খেতে পেয়ে কিরূপ কঙ্কালসার হয়েছে, তাদের জন্য খাদ্য দাও। সেই ক্ষেত্রে ভারত সরকার এখনও ভিক্ষার ঝুলি নিয়ে সেখানে ধর্ণা দিচ্ছে। তাতে লজ্জা করছে না। লজ্জার ব্যাপার, ১৮ বৎসর স্বাধীনতার পরও এইভাবে আমরা বিদেশীদের নিকট অপমানিত হচ্ছি। আজকে ভারতবর্ষের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষার জন্য যে চেষ্টা চলছে সেভাবে আমি আশা করেছিলাম এই সরকার নূতনভাবে দৃষ্টিভঙ্গি দিয়ে এই বাজেটটা উপস্থিত করবে। সেই আশা ভরসা এখানে একেবারে জলের মধ্যে ভাসিয়ে দিয়েছে। এই বাজেটে লক্ষ্য করিলে দেখা যাবে। আমাদের Dy. Minister যখন শান্তির বাজার ব্লকে যান Grow more food campaign এ আমি তখন বলেছিলাম যে Grow more Food compaign করার জন্য আপনি মিছিল করে বেড়িয়েছেন কিন্তু সেটা কতদূর successful হবে সেটা পরে দেখা যাবে। কিন্তু আপনি যদি দেশের খাদ্য উৎপাদনের দিকে লক্ষ্য রাখেন, দেশের খাদ্যের স্বয়ং সম্পূর্ণতার দিকে যদি লক্ষ্য রাখেন তাহলে এই বৎসর যে দেশের মধ্যে খাদ্যের crisis দেখা দেবে সেদিকে নজর দেওয়া দরকার। ধান আসার সাথে সাথে Procurement করে Govt. Stock করা দরকার এবং টাকার তোড়া নিয়ে এখনই বাজারের মধ্যে বসা দরকার। একথা আমি তখনই তাকে স্মরণ করিয়ে দিয়েছিলাম। কিন্তু সেটা একটা অরণ্যে রোদনের মত হয়েছে। আমি কাকে বললাম এই কথা, মন্ত্রীকে বললাম না অন্য কাউকে ও বললাম। সেই জিনিষটা আমি খুঁজে পেলাম না। আর তারা যে ধান সংগ্রহ করা আরম্ভ করেছেন, সেটা কোন মাসে আরম্ভ হয়েছে। পৌষ মাসের শেষের দিকে সেটা বিভিন্ন জায়গায় সিণ্ডিকেট নিযুক্ত করে তাদের ইচ্ছামত ক্রয় করা হয়। ত্রিপুরা রাজ্যে আজ ১১ লক্ষ লোকের ভবিষ্যৎ অবস্থাটা কোন দিকে ঠেলে দিচ্ছেন তা গভীরভাবে চিন্তা করবেন কিনা? এবং সেই অবস্থাটা lightly চিন্তা করেন বলেই Procurement এর মাধ্যমে আমাদের সমস্ত খাদ্যনীতি Failure হয়ে গেছে।

(Interruption)

একদম Failure হয়ে গেছে। ধান আর পায় নাই। সমস্ত ধান ডিলার এবং hoarderএর কাছে চলে গেছে। এবং দেখা গেল যে যখন কৃষক সিণ্ডিকেটের নিকট

ধান বিক্রি করতে চেষ্টা করলো কিন্তু সিণ্ডিকেট বললো আমার হাতে এখন টাকা নাই। সরকার আমাকে টাকা দিচ্ছে না। সুতরাং এমনও দেখা গেছে যে কলসীতে থৈংগ চৌধুরীর বাড়ীতে প্রায় ৪০০ মণের মত ধানের বস্তা গলার মধ্যে পড়ে থাকতে দেখা গেছে টাকাও আনে না, ধানও সে ছাড়ে না। প্রায় বিশ দিনের মত এই বস্তাগুলি পড়ে আছে। জিজ্ঞাসা করাতে সে বলল যে সিণ্ডিকেট আমাকে টাকা দেয় নাই। তাই আমিও ধান দেই নাই। অনেক কৃষক ধান বিক্রী করতে syndicateএর নিকট যেয়ে ফিরে আসে তারা টাকা দিতে পারেন না বলে। এরকম যদি হয়ে থাকে তাহলে আমরা বলবো, সরকার টাকা বরাদ্দের ব্যাপারে ঢিলামি করেছে, যার ফলে ধান কিনবার জন্য টাকা দিতে পারছে না এবং ধানও সংগ্রহ করতে পারে নাই। সরকারের কাজের মধ্যে যে ত্রুটি হয়েছে তা সরকার স্বীকার করছে না। খাদ্যনীতি কার্য্যকরী করতে গিয়ে ধান সংগ্রহের ব্যাপারে সরকার failure হয়েছে। কাজেই আমি বলবো যে বাজেটে শুধু মোটা মোটা টাকার বরাদ্দই করা হয়,, কাজের কিছুই হয় না এবং ত্রিপুরা রাজ্যের ১১ লক্ষ লোকের খাদ্য সরবরাহের উপর কোন গুরুত্ব দেওয়া হয় না। শুধু বেতন লওয়া হচ্ছে। আর মন্ত্রীরা বিরোধী দলের বক্তব্য শুনার প্রয়োজন মনে করেন না। মন্ত্রীরা নাকে তেল দিয়ে দিব্বি আরামে ঘুমুচ্ছে। মন্ত্রীরা টাকা মেরে তু'প কেট ভরছে আর এখন তাদের মন্ত্রীসভার সংকট দেখা দিয়েছে। (Interruption) হ্যাঁ, আমি মাননীয় উন্নয়ন মন্ত্রীকে এ সভায় দেখছি না। আমাদের মুখ্যমন্ত্রীর এই গুরুত্বপূর্ণ বাজেট discussionএর সময় আমরা উন্নয়ন মন্ত্রীকে দেখছি না। কেবল ডেপুটি মন্ত্রী দিয়েই চালিয়ে যাচ্ছেন। যাদের কোন ক্ষমতাই নেই। (Interruption) হ্যাঁ, ক্ষমতাই নেই। এখানে বসে শুধু হাসাহাসি করছেন। আমি বলবো যে ত্রিপুরা রাজ্যে যে দুইজন মন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং উন্নয়নমন্ত্রী তারাই শুধু ক্ষমতা সম্পন্ন। তারাই আজ সভার মধ্যে অনুপস্থিত। বিভিন্ন পত্র পত্রিকায় উঠেছে যে মন্ত্রী সভায় সংকট দেখা দিয়েছে এবং উন্নয়ন মন্ত্রী পদত্যাগ করেছেন। কিন্তু খাদ্যনীতিতে আজকে যে সংকট দেখা দিয়েছে, (Interruption).

Mr. Speaker (Dy. Speaker) :—I request the Hon'ble member to say on the budget only.

Shri Hlura Aung Mag M. L. A. :—বাজেটে মন্ত্রীদের ব্যাপারও আছে। সুতরাং আমি বলতে চাই যে এই প্রশাসনিক ক্ষেত্রেও আজ গলদ প্রকাশ হয়ে পড়েছে। ফলে মন্ত্রীসভায় সংকট দেখা দিয়েছে। একদিকে খাদ্য সংকট এবং অন্যদিকে মন্ত্রীসভার সংকট। এই দুই সংকটের মধ্যে পরে আমরা ত্রিপুরাবাসী কোন দিকে যাব? আজ ত্রিপুরা রাজ্য বহু সমস্যাপূর্ণ, অথচ এই অপদার্থ সরকার ১৮ বৎসরের মধ্যেও কোন সমস্যার সমাধান করতে পারে নি। খাদ্যের দিক দিয়ে, কর্ম সংস্থানের দিক দিয়ে, কর্ম্মচারীদের বেতনের দিক দিয়ে, কোন দিক দিয়েই আজ তারা কোন সমস্যারই সমাধান করতে পারেন নি। তারজন্য আজ চতুর্দিকে অসন্তোষের বহ্নি জলে উঠেছে। গদি বাঁচিয়ে রাখার জন্য আজকে তারা D. I. R. রুলকে আঁকড়িয়ে ধরে

আছে। ভারতরক্ষা আইনই হলো তার একমাত্র অস্ত্র। কেউ যদি তার প্রশাসনিক অব্যবস্থার বিরুদ্ধে, দুর্নীতির বিরুদ্ধে বলে তাহলে রাত্রি ভোর হতে না হতেই দেখা যাবে তার দরজার সামনে পুলিশ দল। এই হচ্ছে ত্রিপুরা রাজ্যের পুলিশ দল। এই হচ্ছে ত্রিপুরা রাজ্যের জনজীবনের চেহারা। তাদের সংকটের মধ্যে একমাত্র রক্ষক হলো এই পুলিশ দল। এই গণতন্ত্রের রক্ষক হলো পুলিশ। এইজন্য কংগ্রেস বেঞ্চের সদস্যরা পুলিশ বাজেট আলোচনার সময় খুব উৎসাহ এবং উদ্দীপনা দেখিয়েছেন। আমি দেখলাম যে তাদের মন্ত্রীদের আরামের রাজত্ব তারাই রাখছে। তাই আমি বলবো যে যদি তাদের এই রাজত্ব জনজীবনের সমস্যার সমাধান না করতে পারে জনসাধারণ তাদের গদীচ্যুত করবে। (Interruption) আপনারা আমাদের সেই কেরালার দিকে তাকিয়ে দেখুন, পশ্চিমবঙ্গের দিকে তাকিয়ে দেখুন--কি অবস্থাই হচ্ছে সেখানে। তাই ত্রিপুরা রাজ্যেরও এই ১১ লক্ষ লোকের অভিশাপ স্বরূপ তাদের ভিতরও এই সংকট সৃষ্টি হবে, সেই কথা আমি এই Houseএর সামনে জোর গলায় বলতে পারি।

(Interruption)

বাস্তবপক্ষে আজ Scheduled Casteএর কোন সমস্যার সমাধান কি হয়েছে? আজ মেথর মুচির মধ্যে কেউ Matric পাশ করেছে? কতজন হয়েছে মেথর মুচিতে? আজকে এই চার বৎসর যাবৎ Scheduled caste এবং Scheuuled tribesএর লোকদের মন্ত্রীর গদিতে বসিয়েও আজ পর্য্যন্ত তাদের কোন সমস্যার সমাধান করতে পারেননি। আবার এই ত্রিপুরা রাজ্যের জনতাই তাদের recall করে নেবে এবং সেই সমস্যাও দেখা দিবে ত্রিপুরায়। এই আগরতলার বুকেই কোন কোন Dy. Ministerএর বিরুদ্ধে বিক্ষোভ দেখা দিয়েছে এবং Poster ও অনেক বিলি করতে দেখা গেছে। আপনারা হয়তো তার খোঁজ রাখেন। আজকে তাদের সুখের রাজত্ব তাই ভাঙ্গবার মুলে। মানুষকে ঠকিয়ে, প্রবঞ্চনা করে যে রাজত্ব তারা চালিয়ে যাচ্ছেন, সে রাজত্ব জনসাধারণ আর বেশীদিন চলতে দেবেনা। Scheduled caste এবং Scheduled tribesও আজ সজাগ হয়েছে। চতুর্দিকে তাদেরও আজ বিক্ষুব্ধ দেখা যাচ্ছে। যে সমস্ত দাবীদাওয়া নিয়ে 4th. class employeeরা ও কিছুদিন পূর্ব্বে সংগ্রাম করেছে এবং তাদের বহু দাবী দাওয়া সেখানে পেশ করা হয়েছে অথচ আজ পর্য্যন্ত কোনটাই পূরণ করা হয়নি। তাই আজ শিক্ষকদের ধর্ম্মঘট, ছাত্র ধর্ম্মঘট হচ্ছে। চতুর্দিকে আপনাদের এই সুখের ঘর ভাঙ্গবার জন্য তৈরী হচ্ছে। (Interruption) হ্যাঁ, আপনাদের সুখ আর সেইদিন থাকবেনা। আজ আমি বলবো, কংগ্রেসের মধ্যে যদি সৎ কংগ্রেস কর্ম্মী থাকেন, তারা এগিয়ে আসুন দেশের এই সংকট মুহূর্ত্তে দেশকে রক্ষা করার জন্য, মহাত্মা গান্ধীর নীতিতে আস্থা রেখে তারা আসুন। যদি কিঞ্চিতমাত্র নীতি জ্ঞানও আপনাদের থেকে থাকে তা নিয়েই আসুন। একদিন মহাত্মাগান্ধী বলেছিলেন যে, "যদি এইভাবে কাজ তারা না করে তাহলে তাদের পিঠে জনতার কিল পড়বে।" সময় এসেছে। সেই কিল পড়েছে কেরেলায়। সেই কিল পড়ছে পশ্চিম বাংলায়।

(Noise)

আরও আছে শুনুন। তাই আজ বলব যারা কংগ্রেসী মন্ত্রীসভার মধ্যে আছে, তারা শুধু দুই পকেট ভরার জন্য এবং আত্মীয় স্বজন পোষণের জন্য কাজ করছে। এই আমরা

দেখছি। আমরা জানি এই বিধান সভার গন্ধ পেয়ে, অনেকে সাদা টুপি পড়ে বের হয়েছেন। কত বড় তারা দেশ সেবক। আমরা জানি যদি এই কংগ্রেস সংগঠনকে পঙ্কিলতায় দেখি তাহলে আজকে তার অবস্থা এই ছাড়া আর কি হতে পারে। আরও কত কিছু হবে। যারা আজ ঠিক ঠিক ভাবে Constructive wayতে কাজ করতে চায় তারা আজ জেলের মধ্যে। হাজারীবাগ জেলের মধ্যে আজ দুই জন M. P. আজ তারা Parliamentএ যোগদান করতে পারবেনা আর এই সংকটের মধ্যে ত্রিপুরা বিধান সভার বিরোধী পক্ষের নেতা এই বাজেট অধিবেশনে যোগদান করতে পারছেনা। ত্রিপুরার ১১ লক্ষ লোক যাদের লোকসভায় নির্ব্বাচিত করে পাঠিয়েছেন আজ তাদের কণ্ঠস্বর সেখানে শোনা যাচ্ছেনা। তাদের কারারুদ্ধ করে যেভাবে জনসাধারণকে মারতে বসেছেন সরকার, জনসাধারণ সেটা সহ্য করবেনা। সেই ইঙ্গিত তারা আজ পাচ্ছে। তাই আমি বলব যে, আজ মন্ত্রীসভাতেও সেই সংকট পরিলক্ষিত হচ্ছে। ছাড়বেনা কেউ।

এই বাজেটটা জনসাধারণে কোন সমস্যার সমাধান করতে পারবেনা। আরও সমস্যা বাড়বে। হয়ত, বড় বড় অফিসার, জোতদার তার কিছুটা সুবিধা এই বাজেটের দ্বারা হবে। কিন্তু নিম্নস্তরের লোকদের কোন সুবিধা হবেনা এই বাজেটের দ্বারা। বাজেটের মধ্যে কেবল establishment বাবদ, T. A. ও D. A. বাবদ, মন্ত্রীদের জন্য ও Secretaryদের জন্যই এই লক্ষ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। আমি জানিনা।......

সামগ্রিকভাবে এই বাজেটটা আলোচনা করলে দেখা যাবে যে, তেলের মাথায় তেল দেওয়া ছাড়া আর কিছুই নয়। এটাই আমি বলব। গগন রিয়াং চৌধুরী নামে একজন রিয়াং এর একটি কার্টুজ বন্দুক আছে। কিছু দিন আগে তাকে ডেকে এনে আবার একটি বন্দুক দেওয়া হ'ল। যারা কৃষক, যাদের কৃষিক্ষেত্রে শূকর ইত্যাদি বন্যপ্রাণী অত্যাচার করে খাদ্যশস্য নষ্ট করে তাদিগকে বন্দুক না দিয়ে, একজন জোতদারকে একটা বন্দুক থাকা সত্ত্বেও আর একটি বন্দুক দেওয়া হ'ল।

(interruption)

এই সমস্ত কাজের জন্যই এই বাজেট হয়। গত ২৬শে জানুয়ারীতে যে পুরস্কার বিতরণ হয় সেই সময়ে তাকে এই বন্দুকটি দেওয়া হয়।

উপজাতি স্কীমে Tube-well বা Ring-well এই বছরের বাজেটে নেই। বিগত ১৯৬৫ ৬৬ সালের বাজেটে Tube-well, Ring-well, tribal welfareএর underএ নেই। একটা Tube-well বা Ring well সারা ত্রিপুরা রাজ্যে কোন tribal এলাকায় হয়নি। B. D. C. meetingএ এ সম্বন্ধে যখন আলোচনা করি, তখন B. D. O. বললেন যে Tribal welfare schemeএর বাজেটে এ বৎসর নাই। সুতরাং কিভাবে আমরা তা দিতে পারি। যেগুলি দেওয়া হয়েছে সেগুলো general budget থেকে দেওয়া হয়েছে। tribal welfare থেকে একটাও দেওয়া হয়নি সুতরাং তোমরা tribalরা জল না খেয়ে থাক। যদি তোমরা জল না খেয়ে মরেও যাও, তাহলেও এই tribal welfareএর মাথায় তা ঢুকবে না। এই যদি হয়ে থাকে, তাহলে আমি বলব, tribal welfare schemeএ সমস্ত দিক দিয়ে, তাদের জমি দেওয়া, কর্ম্মসংস্থান বা জল দেওয়ার দিকটা

neglected. আমি গত বছরের বাজেটের কথা বলছি। Tribal এলাকায় জলের বিশেষ অভাব। এই সময় ছড়াগুলোও শুকিয়ে যায়। এই বাজেটে tribalদের জন্য যে ব্যয়বরাদ্দ এ বাবতে ধরা হয়েছে, সেই অর্থের কতটুকু তাদের উন্নতির কাজে লাগাবে এ সম্বন্ধে আমি সন্দিহান। এই বাজেট দেখে তাই আমি এ ব্যাপারে কোন আশা বা ভরসা পাচ্ছি না। তাই আমি এই কথা বলব যে, Tribal welfare নীতিটা বদলান প্রয়োজন। কারণ পূর্ব্বে যে সমস্ত Schemeএ কাজ করা হয়েছে তাতে অনেক ভুলভ্রান্তি আছে। ট্রাইবেলদের অর্থনৈতিক মানের কোন পরীক্ষা নিরীক্ষা না করে তাদের একটুখানি জমি বা ৫০০৲ টাকা দেওয়া হলেই তাদের পুনর্বাসন হয়ে যাবে এরকম একটা মনোবৃত্তির মাধ্যমে এই পুনর্বাসন কাজটা আরম্ভ হয়েছে। এই কাজ করতে গিয়ে আমরা যে অভিজ্ঞতা লাভ করেছি তাতে দেখা যায়, এই ৫০০৲ দুইটা instalmentএ দিলেই জুমিয়া পুনর্বাসন হয় না।

ত্রিপুরার আদিবাসীরা economically depressed, তাদের একমাত্র সম্বল টাকান। এসব জুমিয়াদের যাতে ঠিকঠিক ভাবে তাদের আর্থিক ও সামাজিক দিক দিয়ে সমান তালে টেনে তুলতে পারি সেরূপ দৃষ্টিভঙ্গি এবং চিন্তাধারা আমাদের থাকা উচিত। তাদের এই দুর্দিনে এই ৩০০৲ টাকা কিছুই নয়। কারণ একটা জমি পরিষ্কার করে তাতে ফসল উৎপাদন করতে তাকে তার সমস্ত শ্রমটা দিতে হবে এবং শ্রম করতে গেলে পরে তার খাদ্যের প্রয়োজন। কাজেই যতক্ষণ পর্য্যন্ত তার প্রথম ফসলটা ঘরে না আসছে ততদিন পর্য্যন্ত তার খাওয়াপরার ব্যবস্থা আমাদের করতে হবে যাতে সে তার শ্রমটা দিতে পারে। এইভাবে যদি আমরা নীতি নির্দ্ধারণ করি তা'হলে আদীবাসীদের অর্থনৈতিক পুনর্ব্বাসন দিতে পারব বলে আমার বিশ্বাস। দ্বিতীয়তঃ জুমিয়াদের যদি আমরা কৃষিকার্য্যের যন্ত্রপাতি এবং জমি আবাদ করার অন্যান্য যন্ত্রপাতি যাহা তার প্রয়োজন, তার একটা estimate করে তাদের প্রত্যেক পরিবারকে ১৫০০৲ বা ২০০০৲ টাকা করে দিই তাহলে আমার মনে হয় এই grow more food campaign এ আমরা তাদের সঙ্গে পাব। এইসব ব্যবস্থা না করে যদি, খালি বুলি আওড়াই তা'হলে কিছুই হবে না। আমি মন্ত্রী মহোদয়দের অনুরোধ করব, তারা একটু পরীক্ষা করে দেখুন যে, কিভাবে আমরা আদিবাসীদের উন্নতিসাধন করে সমগ্র ত্রিপুরা রাজ্যের শ্রীবৃদ্ধি সাধনে তাদের সঙ্গী পেতে পারি। যদি তাদের উন্নতি আমরা না করতে পারি তাহলে তারা এইরাজ্যে স্থায়ীভাবে বসবাস করার ভরসা পাবেনা। যা কিছু পুনর্ব্বাসন হয়েছে সবই failure হয়েছে। এইজন্য মন্ত্রী মহোদয়দের অনুরোধ করব যে একটা তদন্ত কমিশন গঠন করে তাদের রিপোর্টটি এই Houseএর সামনে রাখা প্রয়োজন। অন্যান্য যেসব tribals আছে তাদের অবস্থা পরীক্ষা নিরীক্ষার জন্যও একটা তদন্ত কমিশন বসান দরকার। পাকিস্তান-হিন্দুস্থান হওয়ার পূর্ব্বে tribalsদের কত পরিমাণ জমি ছিল এবং পরে কত পরিমাণ জমি হস্তান্তর হয়েছে এই বিষয়ে তদন্ত কমিশনের রিপোর্ট এই Houseএ পেশ করা দরকার। এইভাবে constructive wayতে যদি আমরা পরিকল্পনা করি তাহলে আশা করি আমরা সফল হব। তা না হ'ইলে যতই টাকা খরচ করিনা কেন তা tribalদের কাজে পেঁছবে না। যা স্কীম তৈরী হচ্ছে তার সমস্ত টাকাই tribal welfare এর নামে রাস্তার কাজে যাচ্ছে। যত বড় বড় রাস্তা হচ্ছে প্রায় সবটাই tribal

welfare fund থেকে হচ্ছে। যেমন তাকা তুগ্যা থেকে ঋষ্যমুখ রাস্তাটা tribal welfare এর fund এর টাকাতেই হয়েছে। Kakraban-Barapatharia-Belonia এই রাস্তাটাও tribal welfare থেকে করা হয়েছে। কলসী-উদয়পুরের রাস্তাটাও tribal welfare থেকে করা হয়েছে। সুতরাং একটি মাত্র যেটা Dharmanagar to Agartala to Sabroom—সেটাই P. W. D. থেকে করা হয়েছে দেখা যায়। শুধু রাস্তা করলেই হবে না। tribal দের অর্থনৈতিক অগ্রগতি যেভাবে হয় তাই আমাদের করা প্রয়োজন।

মাননীয় স্পীকার মহোদয়, আর দুমিনিট সময় চাই কারণ আমার পরে আর কেউ নেই।

Mr. Speaker :—Another member is waiting to participate in this debate. Alright, I allow 2 minutes.

Shri Hlura Aung Mag :—No Sir, 5 minutes.

Mr. Speaker :—Alright, 5 minutes only.

Shri Hlura Aung Mag :—তারপরে ফরেষ্ট ডিপার্টমেন্ট থেকে Tribal দের বসতি এলাকায় বন বিভাগ সংরক্ষিত এলাকা সম্প্রসারণের যে নীতি গ্রহণ করা হয়েছে তাতে Tribals রা একটা বিপর্য্যয়ের সম্মুখীন হয়েছে। এটা একটি বিরাট সমস্যা হিসাবে দেখা দিয়েছে। এটা লঘু করে দেখলে হবে না। বড় সাফ্ বাড়ী tribal এলাকা, কালাপানি ফুলছড়ি রিজার্ভ ফরেষ্ট, বীরেন্দ্রনগর রিজার্ভ ফরেষ্টগুলোকে সম্প্রসারণ করার পরিকল্পনা আছে। তারমধ্যে tribal পরিবার পড়েছে। সুতরাং এই Reserved forest এ থাকতে গেলে তার আইন কানুন মেনে থাকতে হবে। Tribal রা এত আইন কানুন বোঝে না এবং তারা তাতে অভ্যস্ত নয়। কাজেই যদি আমরা তাদের সুযোগ সুবিধা পূর্ব্বের মত না দেই তাহলে তাদের প্রতি অবিচার করা হবে। ত্রিপুরার আদিবাসীদের কোন সময়েই free permit লাগে না। অথচ এই free permit তাদের উপর চালু করা হয়েছে। এটা বড় অন্যায় কাজ করা হচ্ছে। কাজেই এই free permit তাদের উপর থেকে তুলে নেওয়া হউক।

যত ট্রাইবেল ও জুমিয়া আছে তারা যেন Permit ছাড়াই তাদের ঘরবাড়ী ও অন্যান্য কাজের জন্য বনজ-বস্তু আনতে পারে, তার ব্যবস্থা করা হউক এবং এই permit system তুলে দেওয়া হউক।

আর একটা কথা আমি বলতে চাই, Ruling Party বলেছেন যে রাস্তাঘাট হয়েছে, তা হয়েছে সত্য, সেটা আমরা অস্বীকার করিনা। Tribal Welfare Schemes এর মাধ্যমেই হউক বা Test Relief Work এর মাধ্যমে হউক বা অন্য কোন Plan এর মাধ্যমেই হউক রাস্তা-ঘাট হয়েছে। ১৯৫২-৫৩ ইং সালে Test Relief এর সময় যে রাস্তাঘাট হয়েছে সেই রাস্তাঘাটের দিকে তারপরে আর কেউ ফিরেও তাকায়নি। ঐ রাস্তার জন্য এক সময় যে ১০/২০ হাজার টাকা খরচ করা হল, সে রাস্তা এখন কেমন আছে, সে খোঁজ খবর এখন আর কেউ রাখতে চায়না। উপযুক্ত Maintenance এর অভাবে সেই রাস্তাগুলি সব নষ্ট হয়ে গেছে। তাই আমি অনুরোধ করব সরকার পক্ষ যাতে ঐ দিকে একটু নজর দেন।

আর একটি কথা হল মেডিক্যাল ডিপার্টমেণ্ট সম্বন্ধে। আমাদের এখানে হোমিওপ্যাথিক ডাক্তার আছে, পশ্চিমবঙ্গে হোমিওপ্যাথিকের জন্য আইন প্রনয়ণ করা হইয়াছে, আমাদের এখানে ঐ আইন extend না করা পর্যান্ত এখানে যে সব রেজিষ্টার্ড ডাক্তার আছে তারা যাতে সব রকম সুযোগ সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করা দরকার এবং পশ্চিমবঙ্গে যে সমস্ত সুবিধা practitionerরা পাচ্ছেন সেই রকম সুবিধা যাতে ত্রিপুরাতেও পান, সেইজন্য পশ্চিমবঙ্গের ঐ আইন এখানে extend করা দরকার। আমাদেব এখানে হোমিওপ্যাথিক ডিসপেন্সারী যেগুলি আছে তাতে Grade I ডাক্তার খুব কম। গত ১৯৬৫ সালের ডিসেম্বর মাসে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছিল যে হোমিওপ্যাথিক ডিসপেন্সারীব জন্য ৩ জন ডাক্তার নেওয়া হবে, তাতে ১৫ই জানুয়ারী পর্যান্ত বিজ্ঞাপন দিবার তারিখ ছিল। এখন পর্য্যন্ত সেই ডাক্তার নেওযা হয় নাই এবং তার কি হল তারও কোন খবর নাই। ঐ সব post এ যাতে Grade I ডাক্তার নিয়োগ করা হয় তার জন্য আমি অনুরোধ করব। West Bengal State Faculty of Homoeopathic Medicine Act এর ১৯৪ ধারা মতে যে আইন চালু হয়েছে তারপর হইতে Registered করা কোন ডাক্তার এই dispensaryতে এসেছে কিনা আমার সন্দেহ আছে। এই বলেই আমার বক্তব্য আমি শেষ করলাম।

Mr. Speaker :—I would now call on Shri Nishi Kanta Sarker.

Shri Nishi Kanta Sarker :—মাননায় অধ্যক্ষ মহোদয়, ১৯৬৬-৬৭ সালের যে বাজেট মাননীয় মুখ্যমন্ত্রী এখানে এনেছেন তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। বিরোধীপক্ষ থেকে মাননীয় সদস্যরা কখনো বলছেন এত টাকা রাখার প্রয়োজন ছিল না এবং কখনো বলছেন যে এত কম টাকায় কি করে হবে। এখন কত টাকা রাখলে যে ঠিক হত সে কথা তাঁরা বলছেন না। কৃষি খাতে Grow more food সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় বিরোধীদলের এক সদস্য বলেছেন যে অনেকগুলি টাকা রাখা হয়েছে, পেট্রল, ষ্টাফ, কেরাণী ইত্যাদির জন্য, আর অল্প টাকা রাখা হয়েছে কৃষকের জন্য—কি করে Grow more food scheme এর সাফল্য হবে এবং খাদ্য সমস্যার সমাধান হবে ? আমার মনে হয় তাঁরা জনসাধারণকে বিভ্রান্ত করার জন্যই এই সব কথা বলছেন, নতুবা বাজেটে যে টাকা রাখা হয় এবং কৃষি খাতে যে টাকার অভাব হয় না, তা জেনেও তারা একথা বলবেন। এই যে বিভিন্ন খাতে শিক্ষা, রাস্তাঘাট প্রভৃতির জন্য টাকা রাখা হয়েছে তা তারা বলছেন কিন্তু কাজ হয়েছে বা হচ্ছে একথা তারা বলবেন না। না বলার একটা কারণ আছে। যেমন ভাল কথা ভাল কাজ— বলতে লজ্জা হয়, মুখে প্রকাশ করেন না। একটা গল্প বলছি, এক গ্রামে এক শাশুড়ী ছিল, সে একদিন তার পুত্রবধুকে বলল যে 'আমি কিছুক্ষণের জন্য পাড়া বেড়িয়ে আসছি। এক কবিরাজ আসার কথা যদি ঔষধ দেয় তুমি তা রেখে দিও এবং ঔষধ কি দিয়ে খেতে হবে তাও জেনে রেখ। এদিকে শাশুড়ীও পাড়া বেড়াতে চলে গেল। কবিরাজ এদিকে এলেন এবং বললেন বৌমা তোমার শাশুড়ী কোথায় ? বৌমা বললেন তিনি পাড়া বেড়াতে গেছেন। কবিরাজ বললেন আমি ঔষধ কাকে দেব ? বৌমা বললেন ঔষধ আমার নিকট দিতে বলে গেছেন। কবিরাজ তখন ৩টি বড়ি দিয়ে বললেন, বড়ির নাম লক্ষী বিলাস, একটা বাসক পাতার রস আর মধু দিয়ে খাওয়াইবে।

এদিকে শাশুড়ী বাড়ী এলেন, বললেন বৌমা কি ঔষধ দিয়েছে। বৌমা বললেন, ঔষধ ঠাকুরানী বিলাস। খেতে হবে ভাসুর ঠাকুরের রস আর ঘরের মানুষের ২/১ ফোটা। শাশুড়ীর নাম হল লক্ষ্মী, এর জন্য ঠাকুরানী বিলাস। ভাসুরের নাম হল বাসক, তাই বাসক পাতা আর স্বামীর নাম হল মধু তাই ঘরের মানুষের ২/১ ফোটা। তাই তার মানে হল কি, লজ্জায় শাশুড়ীর নাম বলতে নাই আর স্বামীর নাম বলতে নাই। কাজেই Grow More Food Campaign যেটা আমরা আরম্ভ করেছি সে সম্বন্ধে প্রত্যেকেই জানেন যে কৃষক এবার কিভাবে খাদ্যশস্য বাড়াচ্ছে এবং এই বাড়াবার মূলে যে আমাদের কতকগুলি সরকারী প্রচেষ্টা আছে সেগুলি গ্রামে গ্রামে প্রত্যেক কৃষকদের কাছে তা পৌছাতে হবে। সঙ্গে সঙ্গে তাও অবশ্যই আমাদের দেখতে হবে যে বাজেটে যে টাকা বরাদ্দ আছে সেটা যাতে ঠিক ঠিক ভাবে ব্যয় হয়। এ সম্বন্ধে ২/১টি কথা আমি বলতে চাই যে কৃষি ঋণ, বীজ ইত্যাদি হয়ত আমরা দিচ্ছি কিন্তু তা সময়োপযোগী হচ্ছে না। তাই আমি এখানে একটা প্রস্তাব রাখতে চাই যে কৃষিঋণ আমাদের কোন কোন সমবায় সমিতির মাধ্যমে দেওয়াই ভাল হবে। বিভিন্ন অফিস থেকে কৃষিঋণ আনতে গেলে বহু টাকা ব্যয় হয় ও সময় নষ্ট হয়। কয়েক বৎসর আমরা লক্ষ্য করছি যে টাকাটা কৃষকরা সময়োপযোগী পায়না। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফতে আমি বলব কৃষিঋণ, বীজ, সার ইত্যাদি হয় সমবায়ের মাধ্যমে আর না হয় গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে বিলি ব্যবস্থা করলে ভাল হবে এবং তাতে Grow More Food এর সুবিধা হবে। সরকারী প্রচেষ্টাব টাকা নিতে যে ২/৩ মাস সময় নষ্ট হয় এবং শেষ সময় টাকা নিলে হয়ত উপযুক্ত কাজ হয় না।

আর একটা কথা মাননীয় বিরোধী সদস্যরা বলেছেন যে যদিও মহাজনী আইন এখানে চালু হয়ে থাকুক, তাতে Scheduled caste, Scheduled tribeরা উপকৃত হচ্ছে না। আমি বলব ঠিকই আমাদের আইন চালু আছে কিন্তু তবু মহাজনরা প্রকাশ্যে এই আইনকে ফাঁকি দিচ্ছে। তার জন্য আমি আরো আগেও বলেছি বোম্বে আইনটাকে পরিবর্ত্তন করে এখানে একটা আইন এভাবে করা যায় কি না যাতে গ্রামে Tribalরা বা কৃষকরা মহাজনদের খপ্পরে পড়তে না হয়, না করা হলে তারা বাঁচতে পারবে না। মহাজনরা বিভিন্ন রকম Policyতে টাকা পয়সা দেয়, কোন কাগজে কোন রকম অঙ্গীকার করিয়ে টাকা দেয় না, আর যা দেওয়া হয় তাও সময় অসময়ে দেওয়া হয়। তাদের যদি সত্যি বাঁচাতে হয় তাহলে এই যে Bombay Actটা এটা অন্তত: ত্রিপুরায় ইহার Policy অন্য ভাবে করে যাতে মহাজনদের হাত থেকে তাদের রক্ষা করা যায় তাহা বিবেচনার জন্য আমি এই প্রস্তাব এখানে রাখছি।

তা ছাড়া Tribal welfare Scheme সম্বন্ধে বিরোধীদলের সদস্য অনেক উচ্চ বাক্য বলেছেন। কিন্তু Tribal Advisory Committee করে তাদের জন্য কি Policy করা হয়েছে হয়ত উনি তা জানেন। জেনেও তিনি ঠাট্টা বাজি করেছেন। আমরা জানি জুমিয়াদের ৫০০৲ টাকা করে দেওয়ার একটা Policy আছে। কিন্তু আমরা দেখেছি এই ৫০০ টাকা তাদের যে কাজের জন্য দেওয়া হয় তাতে তাদের সে কাজটা হয়ে উঠে না। তারজন্য এই কমিটি আরো ৫০০ টাকা বাড়াবার জন্য recommend করেছে। Tribal Welfare সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় সদস্য পানীয় জলের অভাবের কথা বলেছেন। তাই আমি তাঁকে অনুরোধ করব যে উনি

বিলোনীয়ায় গিয়ে দেখতে পারেন কত Ring Well, Tube Well, Tripura Tribal Advisory Committeeর তরফ থেকে করা হয়েছে। গত বাবের বাজেট Ring well বা Tube well এর কোন provision ছিলনা বলে তিনি বলেছেন। গত বৎসর পানীয় জলের একটা Crisis সৃষ্টি হয়েছিল যার দরুণ প্রত্যেক এলাকা থেকে Ring well এবং Tube well করার জন্য দাবী Tribal welfare Committeeতে আসল। ইহার কারণ স্বরূপ Ring well, Tube well দেওয়া হল এবং Belonia Sub-Division এ সবচেয়ে বেশী Tube well, Ring well করা হয়। আমির মনে হয় শুনলে পরে দেখা যাবে উনার নির্বাচনী এলাকাতেই সবচেয়ে বেশী Ring well এবং Tube well করা হয়। তাঁদের এই উক্তির দ্বারা বুঝা যায় যেখানে কাজ হবে সেখানে তাঁরা যাবেন না আর যেখানে এখনো করা হয়নি সেখানে গিয়ে বলবেন দেখো সরকার তোমাদের জন্য কিছুই করছে না। এইভাবে প্রচার না করা হলে তাদের দল রাখা অসম্ভব। তবে একটা কথা সুখের বিষয় যে তিনি বলেছেন সব সাদা টুপি হয়ে যাবে, সাদা টুপি মাথায় দিয়ে কংগ্রেসী হয়ে যাবে। এইটাই তাঁদের আতঙ্কের হয়ে দাঁড়িয়েছে। তাই তাঁরা বাজেটের বিরোধ সমালোচনা করছেন এবং Tribalদের বসতি সম্পর্কে উনারা বলেছেন Tribal Advisory Board নাকি এরকম সুপারিশ রেখেছেন যে যেখানে এলোমেলোভাবে Tribalরা বাস করছেন তাদের যদি একত্র বাস করার সুবিধা না করে দেওয়া হয় তবে তাদের শিক্ষা, তাদের চলার, তাদের সামাজিক ইত্যাদি বিভিন্ন দিক দিয়ে তাদের অসুবিধা হয়। কেননা তাদের স্কুলের জন্য একটা ঘর দেওয়া হয় না, Ring well দেওয়া হয় না। এইজন্যই Tribal Advisory Board সুপারিশ করেছে যে তাদের একত্রিত করে গ্রাম সৃষ্টি করার জন্য। গ্রাম সৃষ্টি করলে পরে সেখানে সমবায় সমিতি হতে পারে, ছোটখাটো কুটীর শিল্প হতে পারে। তাদের পানীয় জলের সুব্যবস্থা হতে পারে, রাস্তার ব্যবস্থা হতে পারে এটাও Tribal Advisory Board সুপারিশ করেছে। কোন কিছুই করা হয়নি একথাটাই তাদের মুখ দিয়ে বেড়োচ্ছে।

তা ছাড়া আর একটা কথা বলেছেন যে Tribal Welfare Scheme থেকে যে রাস্তা করা হয় তাতে ব্যয় হয় বেশী এবং এটার সংস্কারও হয় না। এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই বিভিন্ন Tribal এলাকায় যখন অভাব দেখা দেয় তখন সেই সমস্ত এলাকা থেকে একটা চাপ সরকারের উপরে আসে কারণ তারা দাবী করে যে অভাব পড়েছে আমাদের খাবার নাই, কাজ দাও। তখন P. W. D মারফতে রাস্তাঘাট করা সম্ভব হয় না। কারণ P. W. D. মারফতে করতে গেলে পরে বিভিন্ন রকম surveyর দরকার হয়, তার পরীক্ষানিরীক্ষার দরকার হয় এবং অনেক সময়ও লাগে। তাই সেখানে Block এর মাধ্যমে ৫,০০০।১,০০০৲ টাকা করে একটা work এর মাধ্যমে টাকা দেওয়া হয় রাস্তার কাজের জন্য এবং সে কাজটা স্থানীয় লোকদের দিয়ে করানো হয়। এতে তাদেরই সুবিধা হয়। তারা সেই কাজের প্রস্তাব দেয় এবং সেই প্রস্তাব অনুযায়ী এবং তাদের মতামত অনুযায়ী সে সব রাস্তা করা হয়েছে এবং এখন সেসব রাস্তা repair এর দরকার। আমাদের Tribal Advisory Board যে সমস্ত রাস্তা করেছে এখন

সেগুলির একটা চার্ট করে সে রাস্তাগুলি P.W.D.র হাতে দিয়ে দেওয়া দরকার এবং P.W.D.র হাতে যখন রাস্তাটা যাবে তার Maintenance এর জন্য টাকার প্রয়োজন হবে। তখন Tribal Advisory Board এই সিদ্ধান্ত নিবে যে আমাদের fund-এ যে টাকা আছে তার কিছু একটা অংশ repair এর জন্য Maintenanceর জন্য P. W. D.কে দিতে পারি। তাই এই কমিটি এইবার এই decision নিয়েছে যে, Tribal Welfare-এর জন্য যে টাকা রাখা হয়েছে তার থেকে কিছু পরিমাণ টাকা যাতে Relief বা maintenance এর জন্য দিতে পারি। তাই Tribal Advissory Board তাদের উন্নতির জন্য বিভিন্ন ভাবে বিভিন্ন প্রস্তাব রেখেছেন। তাছাড়া তিনি আর একটা কথা বলেছেন, যে, Scheduled Caste এবং Scheduled Tribesদের জন্য Boarding House এ জায়গা নাই। স্কুলে seat দিতে পারছিনা। তাদের লেখাপড়া হচ্ছে না আর একটু পরেই বললেন কি যে, তোমরা মন্ত্রী হওয়ার পরে একটি ছেলেও লেখাপড়া শিখতে পারে নাই। কাজেই তাদের কথায় এবং যুক্তিতে কোন মিল আমি খুঁজে পাই না।

কথা হচ্ছে যে, আলোচনা করা দরকার। বাইরে দিয়ে বলবে যে, তোমাদের জন্য আমরা বলে এসেছি।

শিক্ষার সম্বন্ধে আমি বলব যে, পূর্ব্বে যে শিক্ষার ব্যবস্থা ছিল তার তুলনায় বছরে বছরে শিক্ষার মান বাড়ছে। আমি বলব আরও বাড়া দরকার। আরও বাড়বে। তার কারণ যেভাবে আজ ত্রিপুরার লোক শিক্ষার দিকে ঝুঁকেছে তাতে শিক্ষার মান আরও বাড়া দরকার বলে আমি মনে করি বিরোধী দলের সদস্যরা বলেছেন যে স্কুলগুলি up grade করা হয় নি। হয়নি বলেই তিনি খালাস। আমরা জানি, আমাদের যে একটা Policy আছে সেটা হল ১০ কাণি জায়গা না হলে পরে একটা Senior Basic School গড়ে তোলা চলে না। বরং আরও বেশী জায়গা দরকার। এইটা তিনি ভুলে গেছেন। হয়ত কোন কোন জায়গায় আমার ১০ কাণি বা তার বেশী জায়গাও পেয়েছি। তবে স্কুল করতে গেলে যে আরও কতকগুলি অসুবিধা আছে এক বছরে আমরা কতগুলো স্কুল খুলতে পারি তাও আমাদের চিন্তা করতে হবে। তার কারণ ত্রিপুরা রাজ্যে যে কোন জিনিষ কয়লা থেকে আরম্ভ করে সিমেন্ট পর্য্যন্ত সমস্ত জিনিষের জন্য আমাদিগকে বিদেশের দিকে চেয়ে থাকতে হয়। বৎসরে কয় লাখ ইট কাটা যায়। সেটা আমাদের চিন্তা করতে হবে এবং ইট কাটার মরসুমটা কতদিনের। তিন মাস থেকে চার মাস মাত্র। কিন্তু যেভাবে আমাদের স্কুল গড়ে উঠছে তাতে অসংখ্য ইট ও অন্যান্য জিনিষের প্রয়োজন। আমরা আস্তে আস্তে করছি। সেই ভাবে করার চেষ্টা করছি। তবে একই দিনে সব senior Basic ও Higher Secondary গড়ে উঠবে একথা আমরা আশা করতে পারিনা আমি তাই অধ্যক্ষ মহোদয়ের মারফতে বলব যে, দিন দিনই স্কুলের সংখ্যা বাড়ছে। মাষ্টার বাড়ছে। Senior Basic এর মাষ্টারদের থাকার জায়গা তারা পাচ্ছে না। তাদের অসুবিধা যেমন হচ্ছে তেমনি ছাত্র ভর্ত্তি করতেও আমাদের অসুবিধা হচ্ছে। আশা করব যে, যেখানে যেখানে Senior Basic or Higher Secondary School আছে, সেখানে যাতে এই কাজগুলি তাড়াতাড়ি হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

উদয়পুরে যে ভাবে লোকসংখ্যা বেড়েছে তাতে আরও দুইটি Higher Secondary School এর দরকার এটা আমি অনুভব করি। বিরোধীদলের সদস্য বলেছেন যে উদয়পুরের জন্য একটি College এর নিতান্ত প্রয়োজন। তাতে শুধু উদয়পুর বাসীরই কেবল উপকার হবে না। তাতে সোনামুড়া ও অমরপুর ইত্যাদি sub-division এর ছেলেদের ও উপকার হবে। আমি এই দাবী House এর মধ্যে রাখলাম। Boarding House এর দিক দিয়ে বলতে গেলে আমার areaতে মাত্র ৩০টি ছাত্রের seat আছে। Scheduled caste হয়ত ১০টি, Scheduled tribes বোধহয় ২০টি, এই মোট ৩০টি Seat আছে। কিন্তু আমি ২ বৎসর ধরে আবেদন নিবেদন করছি যে, যেভাবে উদ্বাস্তুর সংখ্যা বাড়ছে এবং Scheduled tribes ও Scheduled casteএর ভাইরা ১০,১২ মাইল দূর থেকে এসে পড়ছে। তারা Higher Secondary Schoolএ পড়ার মত ক্ষমতা রাখে না। অতএব এই বৎসরই যাতে আমার areaতে আরও ৪০টি seat পাওয়া যায় তারজন্য আবেদন করছি। উদয়পুরে মাত্র একটি বালিকা বিদ্যালয় এবং তাতে কোন প্রকার boarding facility নাই। সেইজন্য Scheduled tribes মেয়েরা এবৎসর সেখানে ভর্ত্তী হতে পারেনি। Scheduled caste মেয়েদেরও সেখানে আমি ভর্ত্তি করাতে পারিনি। এই বৎসরই যাতে সেখানে boarding house হয় সেইজন্য আমি অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আবেদন রাখছি।

বিরোধীপক্ষের সদস্যরা আরও যেভাবে পূর্ত্ত বিভাগের সমালোচনা করেছেন এভাবে তারা প্রত্যেক বারই করে থাকেন। তারাও এ রাজ্যবাসী আমিও এ রাজ্যবাসী। সত্যের আলোচনা যে কিভাবে হয় তার দু'একটা দৃষ্টান্ত দিচ্ছি। তারা বলেছেন যে ত্রিপুরা রাজ্যে একটাও রাস্তাঘাট যোগাযোগ ব্যবস্থার কিছুই করতে পারিনি। এভাবে তারা বলবেন এটা আমি ভাবতেও পারিনি।

(interruption)

উদয়পুর থেকে অমরপুর পর্য্যন্ত যে রাস্তা রাইমা সরমা পর্য্যন্ত তাতে কি Taxi চলিবে, Jeep চলবে, Ambassador চলবে? তাও হয়েছে। Teliamura to Amarpur যে রাস্তা দেবতামুড়া ভেদ করে তৈরী করেছে পূর্ত্ত বিভাগ তার নাম পর্য্যন্ত করলে না আবার বলছেন যেগোযোগ স্থাপিতই হয়নি।

(interruption)

Mr. Speaker :—The House is adjourned till 11 a. m. on Thursday the 24th March, 1966. The member speaking will have the floor.

APPENDIX—'A'

PAPERS LAID ON THE TABLE

STARRED QUESTION NO. 382. BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	ANSWER
1. Whether the Post and Telegraph Department has asked for any land for the construction of Post and Telegraph Offices and quarters for the employees of P & T Department.	1. Yes.
2. whether it is a fact that due to non-availability of such land, their constructions have long been held up, causing great inconveniences to the Department.	2. No.
3. if so, what steps will be taken to make land available to P & T Department for their constructions ?	3. Does not arise.

APPENDIX—'B'

UNSTARRED QUESTION NO. 559. BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	ANSWER
1. whether any land has been reserved for grazing purposes and handed over to Panchayats for the purposes ; 2. if so, total land allotted for this purpose to each Panchayat ;	1. & 2. No land has been reserved or allotted for grazing purposes, but management of a piece of land measuring 1 acre has been entrusted to Brigudasnagar Gram Panchayat under Jirania Block in Sadar Sub-Division for the aforesaid purpose.
3. if no grazing land has been allotted to Panchayat, the reasons for not doing so ?	3. Does not arise.

UNSTARRED QUESTION NO. 557. BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	ANSWER
1. Names of the persons or firms to whom exemption has been granted from ceiling under Tripura Land Revenue and Land Reforms Act ;	1. Shri Habul Banerjee.
2. total land in possession of each of them ;	2. 93.90 acres.
3. grounds on which such exemption has been granted ?	3 Shri Banerjee has been possessing the area in a compact block from before 1958 and has developed the same into a good orchard with immense possibilities. He has, therefore, been allowed to retain the area in excess of the ceiling limit as per provision of Section 178(1)(d)(i) of Tripura Land Revenue and Land Reforms Act, 1960.

UNSTARRED QUESTION NO. 558. BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	ANSWER
1. A Sub-division-wise break-up of (a) State land, (b) Land with tenants and (c) Rented land ; 2. whether any tenant's land is within the reserved forests ; 3. if so, reserved forest-wise break-up of that tenants' land ;	Meterials are under collection.

UNSTARRED QUESTION NO. 548.

BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

Question	Answer
1. Name of the contractors who completed (a) Isalicherra M. I. Scheme (B) 10″x6′′ tube-well for Irrigation at Nutannagar (c) Surface painting of K. K. Road (d) Bridge over Manu (e) Kumarghat -Nabihampara road (f) Laying thick carpet over Agartala Bishramganj road M. P. O to 20.	1. Vide col. 1 & 2 of the statement, enclosed.
2. total expenditure incurred against each of this schemes.	2. Vide col. 1 & 3 of the statement enclosed.
3. whether such excess expenditure were permissible under P.W.D. code.	3. Vide col. 4 of the statement enclosed.
4. if not steps taken in the matter.	4. Vide col. 5 of the statement enclosed.

APPENDIX 'A'

1. Shri Mohan Singh	2. Shri P. C. Bhattacharjee
3. ,, Rabindra Sarkar	4, ,, Nripendra Sarkar
5. ,, N. G. Sarkar	6. ,. Mohan Singh
7. ,, Mohan Singh	8. ,, Nripendra Sarkar
9, ,, N. G Sarkar	10. ,, Rabindra Sarkar.
11. ,, Mohan Singh	12. ,, C. L. Barman
13. ,, Mohan Singh	14. ,, Nripendra Ch. Chanda
15. ,, K. K. Majumder	16. ,, Nripendra Sarkar
17. ,, Sarkar	18. ,, Mohan Singh
19. ,, Mohan Singh	20. ,, Prafulla Kr. Sutradhar
21. ,, P. C. Sarkar	22. ,, T. Bhattacharjee
23. ,, N. Sarkar	

Reply to Assembly Unstarred Question No. 548

Name of Scheme & the name of contractor who completed the Scheme.		Total expndr. incurred for each of the scheme (in col. 1.)	Whether such excess expndr. were permissible under PWD code.	If not, steps taken in the matter.
Name of Scheme.	Name of contractor			
1.	2.	3.	4.	5.
a) Isalicherra M. I. Scheme.	Shri Bisweswar Sutradhar.	57,139	Yes, but required to be regularised by obtaining sanction of the competent authority.	Revised estimate is under preparation for obtaining sanction.
b) 10" X 6" Tube-Well for Irrigation at Nutannagar.	i) M/S. Electric House. ii) Shri Kshitish Ch. Bhattacharjec. ili) Sri Tarani Mohon Sinha Roy.	90,974	The expenditure has not exceeded the permissible limit.	Does not arise.
c) Surface painting K. K. Road.	i) Sri J. C. Nath. ii) ,, Sarada Ch. Roy. iii) ,, Monoranjan Chakraborty. iv) ,, P. L. Sarma. v) Late Akhil Ch. Ghose. vi) M/S. Planters Transport Agency. vii) M/S. Tripura Development Corporation.	17,22,127	Yes, but requires to be regularised by obtaining sanction of the competent authority.	The revised estimate is under preparation for obtaining revised sanction.

1	2.	3.	4.	5.
d) Bridge over Manu.	i) M/S. Ganan Dunkerly & Co. ii) Sri Mohan Singh	6,57,327	Yes, but requires to be regularised by obtaining sanction of the competent authority.	Excess occured at on advance stage of the work and as such completion report as per C. P. W. D. code will be submitted after the work is completed in all respects for sanction.
e) Kumarghat-Nabihampara Road.	i) Sri B. K. Chanda. ii) , S. K. Barman. iii) ,, Nepal Ch. Taran. iv) ,, D. C. Roy. v) ,, T. B. Roy. vi) ,, Monoranjan Bhowmick. vii) ,, Hirendra Kr. Paul. viii) ,, Kamala Ch. Nath. ix) ,, D. B. Paul. x) ,, S. N. Bhowmick. xi) ,, H. S. Datta Roy. xii) ,, Sashi Mohan Bhattacharjee.	13, 36, 999.	Yes, but requires to be regularised by obtaining sanction of the competent authority.	Same remark as against item (d) above.
f) Laying thick carpet over Agartala-Bishramganj road M. P. O-20.	i) T. B. Bhattacharjee ii) M/S. Ashoka Constn. Ltd., iii) Other contractors as per appendix 'A'	16,98,989/-	Yes, but requires to be regularised by obtaining sanction of the competent authority.	Revised estimate is under preparation for obtaining revised sanction.

UNSTARRED QUESTION NO. 547 BY
Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	ANSWER
1) Total expenditure incurred for the (a) Reclamation of Khowra beel drainage scheme (K/Saha) and (b) for construction of 4 transit food storage Godowns near Rly. Station, Dharmanagar;	(a) Rs. 1,99,456/72 paise. (b) Rs. 1,01,025/—
2) the names of the constructors who completed these works;	2) As regards (a) Reclamation of Khowra Beel. i) Shri Nepal Ch. Taran. ii) Shri Naresh Ch. Das. iii) Shri Naresh Ch. Bose. As regards (b) construction of 4 Transit Godown, these works are in progress and not yet completed.
3) Whether it is a fact that these works were commenced before the detailed estimates were sanctioned;	3) No.
4) if so, whether it is permissible under P. W. D. Code ;	4) Does not arise.
5) if not, steps taken in the matter.	5) Does not arise.

UNSTARRED QUESTION NO. 508.
Shri Sunil Chandra Datta, M. L. A.

QUESTION	ANSWER
a) Number of Minor Irrigation Schemes started during the 1st, 2nd and 3rd Plan period in Tripura.	(a) Ist Plan ... ... NIL. 2nd Plan ... ... 12 Nos. 3rd Plan ... ... 36 Nos. (upto January/66).
b) area proposed to be irrigated by these Schemes.	(b) An irrigation potential of about 7000 acres is expected to be created by these Schemes after completion.
c) actual area irrigated showing the figures Sub-Division-Wise.	(c) Agartala............1,500 acres Khowai...:......... 690 ,, Kamalpur...:...... 590 ,, Kailashahar...:... 600 ,, Sonamura...-...... 50 ,, Udaipur............ 210 ,, Belonia ..;......... 460 ,, TOTAL : 4,100 Acres
d) number of unsuccessful irrigation Scheme and the reasons thereof ?	(d) NIL.

UNSTARRED QUESTION NO. 730
BY SHRI BULU KUKI, M. L. A.

QUESTION

১। গত ১৯৬৪ ইং সন হইতে ১৯৬৬ ইং সনের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত agricultural loan আদায়ের জন্য কাহারও জমি ক্রোক করা হইয়াছে কি না।

ANSWER

১। হ্যাঁ।
Yes.

QUESTION

২। যদি হইয়া থাকে, কত জনের জমি ক্রোক করা হইয়াছে।

ANSWER

২। ১৯৬৪ ইং সনে ২৭ জনের এবং ১৯৬৫ ইং সন হইতে ১৯৬৬ ইং সনের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ৬৩৪ জনের স্থাবর সম্পত্তি ক্রোক করা হইয়াছে।

27 and 634 persons' immovable properties were attached during the year 1964 and 1965 to February, 1966 respectively.

QUESTION

৩। ১৯৬৫—৬৬ ইং সনের ফেব্রুয়ারী মাস মধ্যে কত জনের নিকট ক্রোক পরোয়ানা জারী এবং কতজনের নিকট জমি ক্রোক করা হইয়াছে। নাম সহ টাকার পরিমান।

ANSWER

৩। ১৯৬৫ ইং সন হইতে ১৯৬৬ ইং সনের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ৯২৯ জনের স্থাবর সম্পত্তির উপর ক্রোক পরোয়ানা জারী হয় এবং ঐ সময় মধ্যে ৬৩৪ জনের স্থাবর সম্পত্তি প্রকৃত পক্ষে ক্রোক করা হয়। প্রত্যেক ব্যক্তির নাম ও টাকার পরিমাণ উল্লেখ অত্যধিক বিস্তার সাপেক্ষ বিধায় এ বিস্তৃত বিবরণ দেওয়া এস্থলে যুক্তিযুক্ত নহে।

During the year 1965-66, 929 persons have been served with notices for attachment of immovable properties and actually immovable properties of 634 persons were attached during the period. The question regarding names of each individual and the amount in each case involves the information in too many details and it may not be conducive to supply the information.

Printed by the Superintendent, Government Printing,
ura Government Press, Agartala, Tripura.